As regards unemployment it is gradually increasing. Cottage industry and small workshops should be developed in cities, towns and villages. Villages are to be supplied with cheap electricity. There is much hardship in villages. Price of paddy has gone down while the prices of other necessities of life have gone up. Small workshops with Government fund and under Government management should be provided and for the present the workers will work there on agreed reduced wages depositing a part of their wages with the Government on the distinct understanding that the workshops will be theirs after Government money is paid up. We suggested this to the Hon'ble Minister for Relief and Rehabilitation long before and she agreed that this was a good proposal. But nothing has been done. The cost of administration has been too much on increase. The President, Dr. Rajendra Prasad, doubted whether this increase in expenditure is commensurate with benefits to the people. Bihar after appointing an Economy Commission is gradually implementing their recommendations, thus saving a good amount of money to be spent in nation-building departments. In the Budget of 1953-54 five heads of departments have been amalgamated with the corresponding heads of departments—Judicial and Legislative into one department "Law", Medical and Health into one "Health". In the Budget of 1954-55 we find these remarks "we have made serious efforts to discover where economies were possible and to follow on their lines". The amalgamation of all departments was completed by January, 1954, but our Government is doing nothing. I understand, Sir, about 24 crores is spent on administration alone. There is one other serious matter. The number of grants have considerably increased and the allotment of 18 days is quite insufficient. I should pray that Government should be prevailed upon to give us 20 days for the discussion on the Budget grants.

Sj. Provash Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, এগ্রিকালচার ডিপার্টমেন্টের টাকা বরাদ্দের জন্য যে বাজেট পেশ করা হয়েছিল সে সম্বন্ধে গিলোটিনএর জন্য আমরা আলোচনা করতে পারি নি। আজকে পশ্চিমবঙ্গে যে কৃষিসঙ্কট এবং তার সঙ্গে সঙ্গে যে ভূমি সঙ্কট জড়িয়ে আছে এ সম্পর্কে জনসাধারণ যে মতামত পোষণ করে সে সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা জানি পশ্চিমবঙ্গে এভারেজ ১৮ কোটি ৩৭ লক্ষ একর জমি আছে, এবং পশ্চিমবঙ্গে ১ কোটি ৬০ লক্ষ লোক কৃষি কাজে নিযুক্ত আছে। তার মধ্যে ১ কোটি ১৬ লক্ষ লোক ক্ষেতমজুর, ভাগচাষী এবং গরীব চাষী আছে। এইভাবে প্রায় শতকরা ৬০ ভাগ জমি ভাগপ্রথায় বা ক্ষেতমজুর দ্বারা বা গরীব চাষী দ্বারা চাষ হয়, এবং আমরা জানি আমাদের যে জমি আছে তার সামান্য অংশই প্রকৃত কৃষকের হাতে আছে, এবং প্রায় বেশীর ভাগ জমি জোতদার ও জমিদারদের হাতে চলে গিয়েছে। আজকে প্রকৃতপক্ষে

সমস্ত জমি কয়েকজন মুষ্টিমেয় লোকের হাতে সঞ্চিত হয়েছে। যার ফলে গরীব জনসাধারণের হাতে খাদ্য থাকছে না, এবং গরীব কৃষকদেরও ধান কিনে খেতে হচ্ছে, এবং সেইজন্যই আজকে কৃষিসঙ্কট জাতীয় সঙ্কটে পরিণত হয়েছে। সেইজন্য আজকে এই সঙ্কটের সমাধান করতে গেলে কৃষির অনুকূলে ভূমি সংস্কার হওয়া উচিত। কিন্তু আমরা জানি পশ্চিমবঙ্গ সরকার যে ভূমি সংস্কার আইন করছেন তাতে প্রকৃতপক্ষে কৃষকদের কোন সমস্যার সমাধান হবে না। সেইজন্য আমার মূল দাবী হচ্ছে যদি সত্যিকারের আমরা কৃষকদের সমস্যার সমাধান করতে চাই তাহলে কৃষকদের জমির মালিক করতে হবে, এবং তারজন্যই আজকে আমাদের ব্যবস্থা করা উচিত।

Mr. Speaker:

যে টাকা চেয়েছেন সেই সম্বন্ধে বলুন।

Sj. Provash Chandra Roy:

এই কৃষির সঙ্গেই সব জড়িয়ে আছে। আজকে যে বর্গাদার আইন পাশ হয়েছে তাতে কোন কৃষকই কোন রকম সুবিধা পাচ্ছে না। যার ফলে কৃষিসঙ্কট আরও গভীর হয়ে উঠেছে।

[4-40—4-50 p.m.]

আমরা দেখতে পাচ্ছি, বর্গাদার আইনটা যা করা হয়েছে সেই আইনের দ্বারা কৃষকদের যে তিন ভাগের দুই ভাগ পাবার ন্যায়তঃ অধিকার আছে সেটা তারা পাচ্ছে না। এমন কি যে ধানের জন্য ডিসেম্বর মাসে বোর্ডের কাছে দরখাস্ত করেছে সেই ধানের ভাগ কৃষকরা আজ পর্য্যন্ত পায়নি। এখন পর্য্যন্ত সেই ধান গাদা দেওয়া রয়েছে। কারণ যখনি জোতদার-জমিদারদের বিপক্ষে রায় দেন তখনি জোতদার-জমিদাররা উপস্থিত হয় না। তার ফলে সেজন্য ১৪ তাদের এগেন্‌স্টএ বোর্ড থেকে করা হয় না। রায় যদি কৃষকদের পক্ষে যায় জোতদাররা জোর করে সেই ধান লুঠ করে নিয়ে যায়। প্রকৃতপক্ষে এই ব্যাপারে ভাগচাষীরা কোন রকম প্রোটেক্সন পাচ্ছে না। সেজন্য সরকারের কাছে দাবী করছি যে সরকারের যদি সত্যই কৃষিসঙ্কট সমাধানের বিন্দুমাত্রও ইচ্ছা থাকে তাহ'লে অবিলম্বে এর প্রতিকার করবেন এবং যাতে তেভাগা পেতে পারে সে ধরণের একটা পাকা ব্যবস্থা আইন করে করা দরকার। এরকম দৃষ্টান্ত আছে যেখানে কৃষকদের পক্ষে হাই কোর্টএ আপীল করেও দু'বছর পর্য্যন্ত ধান পায়নি। সে নমুনাই আমাদের জেলায় দেখতে পাচ্ছি। এ ছাড়া পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে এরূপ হচ্ছে। শুধু তাই নয় আজ এমন ব্যাপক আকারে উচ্ছেদ দেখা দিয়েছে --২৪-পরগণা, বেদিনীপুর প্রভৃতি জেলায় জমিদার ও জোতদাররা এই বোর্ডের কাছে ভাগচাষীদের উচ্ছেদ করবার জন্য ইতিমধ্যেই হাজার হাজার দরখাস্ত দিয়েছে এবং সেই হিসাবে আমরা দেখতে পাচ্ছি দাসপুর থানার চার নম্বর ইউনিয়নএ ভাগচাষ বোর্ডের কাছে ১৫৮ খানি দরখাস্ত পড়েছে তার মধ্যে ১৩৫টি কেসএর বিচার করা হয়েছে এবং ১৩৫টিই উচ্ছেদের জন্য রায় দেওয়া হয়েছে। সুতরাং এই বোর্ডগুলি যে জমিদার ও জোতদারদের দালালী করে, এই রায় থেকেই সেটা প্রমাণিত হয়ে যায়। আজকে সুন্দরবন অঞ্চলে হাজার হাজার দরখাস্ত পড়েছে কৃষকদের উচ্ছেদ করার জন্য তার পরিণতি কি হবে তা আমরা একমাত্র দাসপুরের ইন্‌ষ্ট্যান্স থেকে বুঝতে পাচ্ছি। এজন্য আমরা সরকারের কাছে দাবী করছি যে সত্যই যদি সরকার যদি কৃষিসঙ্কট বিন্দুমাত্র লাঘব করতে চান তাহলে আজ কৃষকদের উচ্ছেদ বন্ধ করবার জন্য এখনি একটা অর্ডিন্যান্স আনুন। এবং সেই অর্ডিন্যান্স পাশ হ'লে, কৃষকদের যে আর্থিক সঙ্কট, যে সঙ্কটের জন্য সমস্ত দেশের অর্থ-নৈতিক বনিয়াদ ভেঙ্গে যাচ্ছে সেটা কিছুটা রক্ষা পেতে পারে। এবং সমস্ত কৃষকসমাজের কল্যাণকল্পে একটা আইন পাশ হতে পারে। সেজন্য সরকারের কাছে অনুরোধ করছি অবিলম্বে উচ্ছেদ বন্ধ করবার জন্য অর্ডিন্যান্স বা কানুন করুন। এই দাবীই সরকারের কাছে রাখছি।

তারপর আমরা জানি এই কৃষিসঙ্কট থেকে বাঁচবার অন্য একটা পথ আছে সেটা হচ্ছে যেসব স্যল ইরিগেশন রয়েছে সেই স্যল ইরিগেশনগুলোকে আরও বেশী চালু করা। এই যে স্যল ইরিগেশন পূর্ব্বে ছিল জনসাধারণকে $\frac{১}{৩}$ টাকা দিতে হ'ত সেই জায়গায় আজকে সরকার দাবী করছেন যে অর্দ্ধেক ভাগ জনসাধারণকে দিতে হবে কিন্তু আজকে জনসাধারণের আর্থিক সঙ্কট অত্যন্ত বেড়েছে তা সরকার জানে এবং জনসাধারণের ক্রয়শক্তি কমে গিয়েছে তাও সরকার জানেন। সেজন্য আজকে জনসাধারণের পক্ষে খাল খননের জন্য অর্দ্ধেক টাকা দেওয়া সম্ভব নয়। সেজন্য কৃষকদের এই অবস্থায় দাবী করছি যে সরকারী তহবিল থেকে সমস্ত টাকা দিয়ে দেশের চাষ ব্যবস্থার উন্নতি করে কৃষকদের সমস্যা সমাধান করুন।

(At this stage the red light was lit.)

Mr. Speaker: How long you will speak?

Sj. Provash Chandra Roy:

আর দু'মিনিট বলবো। আজকে সার সম্পর্কে যে ব্যবস্থা রয়েছে সার বাবদ যে লোন এবং ব্যবস্থা করা হয়েছে সেই লোন আজকে জনসাধারণের অনেকে নিতে পাচ্ছে না কারণ সার্টিফিকেট জারী হতে ব্যাপকভাবে সুরু হয়েছে। সেজন্য অনুরোধ করছি

[Sj. Provash Chandra Roy.]

এই সার্টিফিকেট জারী অবিলম্বে সরকার তরফ থেকে বন্ধ করা হোক। যারা ধান দিচ্ছে এই ম্যানিওর বাবত লোন পরিশোধের জন্য, সেই ধান ১৫।১৬ মাইল দূরে সরকারী গোডাউনএ পৌঁছে দিতে হচ্ছে এতে কৃষকদের অতিরিক্ত খরচা ও কষ্টের সম্মুখীন হচ্ছে। সেজন্য আশা করি সরকার এই ইন কাইণ্ড লোন আদায়ের ব্যবস্থা বন্ধ করবেন।

তারপর যে ক্রপ লোন এগ্রিকালচারাল লোন দিচ্ছেন সেটা বেশী পরিমাণ করা উচিত ছিল। আজ লোন না পেলে কৃষকদের জমি চাষ করা সম্ভবপর নয়। সেজন্য অনুরোধ করছি যেন সরকার ব্যাপকভাবে এগ্রিকালচারাল লোন, ক্রপ লোন প্রভৃতি দিয়ে কৃষকদের অর্থ সঙ্কট থেকে বাঁচাবার চেষ্টা করেন। কিন্তু দেখতে পাচ্ছি এই খাতে বরাদ্দ আরও বাড়ান উচিত ছিল কিন্তু তা করেননি। সেজন্য দাবী করছি—ইম্প্লিমেণ্টস যেমন লাঙ্গল প্রভৃতি কেনবার ও গরু কেনবার ক্ষমতা চাষীর নেই তাদের লাঙ্গল ও সমস্ত ইম্প্লিমেণ্টস বিক্রী হয়ে গেছে, সেজন্য কৃষকদের আরও ব্যাপকভাবে লোন দেওয়া দরকার। আশা করি সেজন্য গ্রামে গ্রামে এগ্রিকালচারাল ব্যাঙ্ক করে কৃষকদের টাকা ধার দেবার ব্যবস্থা করবেন এবং এইভাবে কৃষকদের বাঁচাবার চেষ্টা করবেন।

Dr. Atindra Nah Bose: Mr. Speaker, the absence of the Chief Minister from the House takes so much of the background of my speech. During the debate on the grants on General Administration I had pointed out certain evils and malpractices in the Department of Publicity which evoked a spirited denial from the Chief Minister. The Chief Minister further accused me of mud-throwing and he also said that I had left the House because I was afraid to hear the reply to my charges. Sir, today the Chief Minister is absent from the House, but nobody in his madness will think that the Chief Minister is absent because he is afraid to hear our charges. He might have given me credit for at least enough nerves to stand his reply. When the Chief Minister is absent from the House, we are told that there are his colleagues and deputies to take notes on his behalf. We have our party, Sir, to do the same job and to help each other with notes in similar need.

It is also sad, Sir, that the Ministers find mud in whatever we say.

[4-50—5 p.m.]

If we point out the evils and malpractices in the department, it is to rectify the administration and to help our Ministers in their job. It is very unfortunate that our Ministers should see red rag all around and not have a normal vision. There are scores of high officers in the various departments and we do not speak against all of them. If we select the Secretary of the Department of Education or the Milk Commissioner of Haringhata or the Controller of Publicity, it is only to point out the evils in these departments and to rectify the wrongs in our administration. Sir, I do not want to wash dirty linen in this House, but the Chief Minister's denial to my charges compels me to state further facts before this House about the Department of Publicity and its head.

First of all, about the appointment of the present head in supersession of other men who were in service. The Chief Minister said that the appointment of the present incumbent was made on the recommendation of the Public Service Commission. Sir, this is a half truth which is worse than an untruth. The present incumbent was first appointed temporarily as a Deputy Director. In 1953 he was confirmed as Deputy Director and within a few months he was appointed and confirmed as Director. The approval of the Public Service Commission was obtained only on Government recommendation. The post was not advertised. The incumbent had not to compete with other applicants. He had not to go through the usual probationary period, either as Deputy Director or as Director. Now, in the same year and twice before, the Assistant Director's post was advertised and Shri Kanan Mukherji, who was already eight years in service, had to apply for the job as an outsider depositing fees. The Chief Minister said the other day that his

appointment was temporary. So was the appointment of the Deputy Director in 1944. Now, my question is, did the Public Service Commission reject Kanan Mukherji? Did not Kanan Mukherji stand first in the examination of the Public Service Commission? If Kanan Mukherji was inefficient, why was he kept in service for eight years? Why was he not dropped earlier? Why was he dismissed even after his getting exceptionally high marks in the Public Service Commission's examination? So, the pith of the matter is this: The post of the Director of Publicity was filled up without any reference to the Public Service Commission. It was only confirmed by the Public Service Commission on Government recommendation. On the other hand, a subordinate post—that of Assistant Director—was advertised. A man in service for eight years had to apply for it. He was recommended by the Public Service Commission, but he was dropped, he was dismissed for reasons unknown to us.

Then again, may I ask, is there an Assistant Director in the Department who was rejected earlier by the Public Service Commission? I won't mention his name. Is there another Assistant Director who is not even a graduate but who is highly connected?

Now, about corruption and irregular expenses. I said in my previous speech that the car of the Director was kept in the Government garage. The car was formerly kept in the Government enclosure of Barton's garage and the Director got free service of the Government cleaner and the Government driver. The car was shifted to the private enclosure in Barton's garage only very recently, possibly scenting danger from the cut motion tabled from our party. It was a very common sight during the Kalyani week that the Government driver Shamsul was driving the personal car of the Director with his family to the Kalyani Congress. Now, will the Minister kindly tell me why Shamsul was paid a special allowance in preference to other Government drivers in that department?

Now, about Hiranmoy Bhattacharjee against whom proceedings were drawn up for indiscipline ...

Sj. Debendra Chandra Dey: On a point of order, Sir. Can he raise these matters in an Appropriation Bill?

(Noise and interruptions from the Opposition benches.)

Mr. Speaker: This is very bad. This is absolutely unparliamentary.

Dr. Atindra Nath Bose: I have so far been replying to the points made by Dr. Roy.

Mr. Speaker: But you come down to a driver—that is not fair in an Appropriation Bill.

Dr. Atindra Nath Bose: Every point was replied to by Dr. Roy. Dr. Roy said that he was not using any Government employee for his personal purpose.

Now, the fact about Hiranmoy Bhattacharjee, who, it was alleged, was suspended for indiscipline, the fact is that proceedings were drawn up against him for indiscipline but were dropped when he threatened disclosure.

Mr. Speaker: In an Appropriation Bill you should not refer to that.

Dr. Atindra Nath Bose: Dr. Roy definitely denied my charge that he was using Government vehicle.

Mr. Speaker: In an Appropriation Bill you may raise points of principle, as Sj. Roy Chaudhuri has done, but you cannot reply against a reply. That is not the convention in an Appropriation Bill.

Dr. Atindra Nath Bose: These facts are for helping our Government.

May I ask the Minister whether Hiranmoy Bhattacharjee, in his reply to the proceedings, said that Government cars were being used for private purposes? Will the

[Dr. Atindra Nath Bose.]

Minister concerned place before the House the answer of Mr. Bhattacharjee to the charge against him?

Sj. Debendra Chandra Dey: On a point of order, Sir. When a debate is closed, is it right and proper to make reference to those things in this manner as Mr. Bose is doing?

Mr. Speaker: I have already said, it is a very well-settled parliamentary practice—but I find members do not follow it—that in an Appropriation Bill these details are never gone into. You cannot reply by a debate to a debate. You must raise the whole question of principle. All the grants have been debated upon for 14 days and sanctioned by the House. The total effect of those grants is the question of principle. I never interfered with other speakers, such as Sjkta. Manikuntala Sen or Sj. Sudhir Chandra Ray Chaudhuri—all of them raised that overall question of principle. The debate should be on the general scheme of administration, the effect of the grants—that is the whole object of the Appropriation Bill.

Dr. Atindra Nath Bose: As you observed in your previous ruling, I am only giving replies.

Mr. Speaker: I have allowed you on one point, but that does not mean that you will go into the minutest details.

Dr. Atindra Nath Bose: I am confining myself entirely to those points about which Dr. Roy has spoken.

Mr. Speaker: You better consult parliamentary practice.

Dr. Atindra Nath Bose: I am coming to the budget itself. About the Kalyani expenses, it is shown in the budget that the excess of the revised estimate for 1953-54 over the original estimate under the head of Civil Secretariat.....

Mr. Speaker: That means you are referring to the old debates which were closed during the cut motion and on which the House has given its decision. You are going into details of the specific cut motions which have been discussed, debated and closed and the House has given its verdict. That is not the object of the Appropriation Bill.

Dr. Atindra Nath Bose: The excess under the head of "Civil Secretariat" amounts to Rs. 7,23,000. Now, this expenditure—in a note at page 81 of the Red Book, Explanatory Memorandum on the Budget—is accounted for by the Rural Broadcasting Scheme, the Folk Entertainment Scheme and the Kalyani Exhibition.

[5—5-10 p.m.]

Now, in the Civil Estimate Rural Broadcasting and Folk Entertainment account for Rs. 1,82,000. Nothing is shown on these heads in the Civil Budget Estimate for the year 1953-54. Assuming that the expenditure incurred under these heads, namely, Rural Broadcasting and Folk Entertainment in the current year is of the same order as the next year's estimate, then the balance of about Rs. 5,41,000 is explained mainly by the Kalyani exhibition. I submit, Sir, that the major portion, if not the entire portion, was spent on construction work for exhibition stalls which were never completed.

Then about the remarks from the Accountant-General of Bengal about the drawings which are not yet accounted for. Is it a fact that the Accountant-General, Bengal, is still wanting vouchers for clearing the drawings? May I ask how often the Accountant-General pointed out previously the irregularities of the department? May I ask whether there was any charge of corruption against the Director over the purchase of radio sets for rural broadcasting and whether Government had to suspend the purchase for some time?

Then about the highhandedness of the Director.

Mr. Speaker: Why do you raise this point? You cannot have any reply from the Minister.

Dr. Atindra Nath Bose: Sir, I am not at all eager for any reply. All that I want is to see that a proper enquiry is made.

Mr. Speaker: But that is not the way.

Dr. Atindra Nath Bose: Sir, the other day it was said that Shri Bhupen Mukherji was suspended for indiscipline. If he was so suspended, why did the District Magistrate of Birbhum intervene on his behalf? Why was he reinstated again? Was it not indiscipline on the part of the Director to suspend the man who was under the control of the District Magistrate and without asking for any explanation from the offender? Sir, by a gazette notification of October this very officer was given further powers to impose penalties and to make appointments which were previously with the Public Service Commission.

Then about the distribution of patronage to daily papers and periodicals. In the old British regime there was a fund which was earmarked for secret distribution amongst newspapers and which was not auditable.

(At this stage the blue light was lit.)

Sir, what was my time?

Mr. Speaker: Fifteen minutes.

Dr. Atindra Nath Bose: I thought it was 20 minutes.

Mr. Speaker: Your party leader agreed to this time.

Dr. Atindra Nath Bose: Will you give me another five minutes?

Mr. Speaker: You are talking irrelevant things. Why should I give consideration to anyone who persists in irrelevance? It is clearly stated in a passage in May's Parliamentary Practice that "reference to debates of the current session is discouraged even if such reference is not irrelevant, as it tends to re-open matters already decided". I can give indulgence of time to one who follows the principle of debate. You are persistently speaking on irrelevant matters in spite of my holding it out of order. Why shall I give you time?

Dr. Atindra Nath Bose: Did you rule my point out of order?

Mr. Speaker: I said it was out of order.

Dr. Atindra Nath Bose: Even today some previous speakers have spoken on other grants.

Mr. Speaker: Not on other grants. I allowed them to speak on Agriculture only, because Agriculture was guillotined.

Dr. Atindra Nath Bose: Will you kindly allow me five minutes more?

Mr. Speaker: Finish your speech soon.

Sj. Haripada Chatterjee:

স্যার, আপনি কি 'মে বই' ফলো করে শুনাচ্ছেন। আপনি যেটা শোনালেন ওটা একটা রিসট্রেটরেণ্ট আছে, আপনি ওটা ভাল করে দেখুন। কারণ আমাদের এখানে জবাব দিবার সময় থাকে না। আমি জানি, স্যার, আপনি মের পার্লামেণ্টারী প্র্যাক্টিস অনুযায়ী জবাব দিয়েছেন।

Mr. Speaker:

আপনার কোশ্চেন সর্ট নোটিশের মধ্যে পড়ে মোশন অনুযায়ী দিন।

Dr. Atindra Nath Bose: Sir, I submitted a short-notice question on this matter. I approached you in your own Chamber. You said that this short-notice question cannot be allowed.

Mr. Speaker: You got my reply and you were satisfied. I said because the Chief Minister replied on this point in details, I would not allow that question. That would be simply wasting the time of the House.

Dr. Atindra Nath Bose: I think the same practice of distributing patronage among the newspapers is being persisted now. That day the Chief Minister asked the press.....

Mr. Speaker: That matter has been closed.

Dr. Atindra Nath Bose: All right, Sir, I won't speak on that subject. He asked the press gallery not to publish a portion of my speech. This was backed by a veiled threat presumably, and that worked on a particular paper which *did not publish a single word of my charges*, but published Dr. Roy's refutation in full.

Now, Sir, one may feel curious why this sort of inefficiency is tolerated in the department. The answer is very simple, because the department does at least one job very thoroughly. At least it is giving due publicity to the Ministers, their tours, their lectures, their photographs, etc. I do not object to that. Let it be done, but let it be done efficiently. Let it first white-wash the white-washing department. If sufficient soap and oil are not available for that purpose, let an enquiry be made after suspension of the officer concerned as was done in the cases of Shri S. K. Ghose and Krishnaswamy. Only then depositions may come forward and facts may come out. And I can assure the Hon'ble Minister that I shall make ample amends for my statement, if my allegations are proved untrue. Sir, I shall make a few observations about another subject.

Mr. Speaker: You wanted five minutes more and you have already spoken more than that. Please sit down.

(At this stage the member having reached his time-limit resumed his seat.)

[5-10—5-20 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মাহশয়, বাজেট ডিসকাসানের সময় প্রত্যেকটি গ্রাণ্টের আলোচনার সময় বিরোধী দল থেকে প্রমাণ করা হয়েছে যে গভর্ণমেণ্টএর পরিষ্কার কোন নীতি নাই বা তাঁরা গ্রহণ করেন না। যেসব অভিযোগ, যেসব আপত্তি উত্থাপন করা হয়েছে তার সম্বন্ধে আদৌ কোন উত্তর বা সুস্পষ্ট উত্তর তাঁরা দিতে পারেন নাই। কাজেই এই অর্থ খরচ করবার জন্য যে বিল উপস্থিত করা হচ্ছে আমি তার সম্পূর্ণরূপে প্রতিবাদ করি। তার থেকে এক পয়সাও গভর্ণমেণ্টকে খরচ করতে দেওয়া উচিত নয়। আমি জানতে চাই এই গভর্ণমেণ্টের কাছ থেকে যাঁরা খাদ্যের ব্যাপারে, জনসাধারণ খাদ্যের দাবীতে গভর্ণমেণ্টের কাছে যেসব অভিযোগ, যে সমস্ত দাবী উপস্থিত করেছিলেন তাদের পেটের জ্বালার জবাব বুলেটের দ্বারা মিটিয়েছেন কিনা? সুতরাং এই গভর্ণমেণ্টের হাতে আর একটি পয়সা মাত্র খরচ করতে দেওয়া কোন মতেই উচিত নয়।

(Interruption.)

Mr. Speaker: Order, order.

Dr. Krishna Chandra Satpathi:

আমি খাদ্যনীতির কথা বল্লাম। গভর্ণমেণ্টের শিক্ষা বিভাগের নীতিও ঠিক এইভাবে পরিচালিত হচ্ছে। প্রাথমিক শিক্ষা ব্যাপারে তাঁরা একটা অটোনমাস বডি তৈরী করে দিয়েছেন স্কুল বোর্ড। সেই স্কুল বোর্ড পরিচালিত হয় ১৯৩০ সালের কানুন হিসাবে। ১৯৪৭ সাল ও ১৯৫২ সাল অনেক তফাৎ বলে মন্ত্রীদের বেতন ও ভাতা আদি যাঁরা বাড়িয়ে নিতে দ্বিধা বোধ করেননি কিন্তু ১৯৩০ সালের আইন ১৯৫২ সালে জনসাধারণের আকাঙখা উপেক্ষা করে ও তাঁরা চালাবেন। আপনাদের একটু কাণ্ডজ্ঞান থাকা উচিত ছিল। আপনাদের লজ্জাবোধ করে না? এখানে এই বিষয়ে সত্য মন্তব্য করতে গেলে একটু কটু উক্তিই করতে হয়। (এ ভয়েস: গলায় দড়ি দিয়ে মরা উচিত।) আমাদের শিক্ষা বিভাগের স্কুল বোর্ডের যা কীর্ত্তিকলাপ দেখেছি তাতে সকলকে একেবারে স্তম্ভিত করে তুলেছে। সেইজন্য আমি গভর্ণমেণ্টকে আহ্বান করে জানতে চেয়েছিলাম যে তাঁদের কী নীতি এই

Board of Secondary Education

সম্বন্ধে, কিন্তু তার জবাব তাঁরা দিতে পারেন নি।

(Interruption and noise.)

আজ সেইজন্য আমি বলবো শিক্ষা বিস্তারের নামে যারা শিক্ষক এবং ছাত্রদের সংহার করতে পারে, সেই গভর্ণমেণ্টের হাতে এক পয়সাও খরচ করতে দেওয়া যায় না....

(Continued interruption and noise.)

Mr. Speaker: Order, order.

Sj. Rakhahari Chatterjee: On a point of order, Sir. Very often objection is raised and exception is taken when we speak, by our friends on the Government benches As soon as Dr. Satpathi started his

speech there were interruptions and noise. I would request you, Sir, to take proper action.

Mr. Speaker: Draw my attention to any unparliamentary expression and I will stop it.

Sj. Rakhahari Chatterjee: Sir, there were joint uproar, disturbances and interruptions during the speech. If these are allowed, we shall be prepared for it in future and apply these methods ourselves.

Mr. Speaker: I am trying to keep order.

Sj. Rakhahari Chatterjee: Sir, on our side we are calm whenever they speak.

Mr. Speaker: Yes, Dr. Satpathi.

Dr. Krishna Chandra Satpathi:

স্যার, আমি অটোনমাস বডি সম্বন্ধে যে কথা বলছিলাম, যদি গভর্ণমেণ্ট তাই মনে করেন, যে অটোনমাস বডি তৈরী করে দিয়েই তাঁদের দায়িত্ব শেষ করবেন তাহ'লে আর কতকগুলি অটোনমাস বডি তৈরী করে তাঁদের সমস্ত দায়িত্ব তাদের উপর তুলে দিন। এবং তা যদি করেন তাহ'লে এই অটোনমাস বডি সম্পর্কে আর কোন কথা উঠবে না। আমি জিজ্ঞাসা করি অটোনমাস বডি ষ্টেট গভর্ণমেণ্টএর কণ্ট্রোলএর বাইরে কি? এ সম্বন্ধে তাঁরা কেন জবাব দেন না, তার কারণ, হয় তার জবাব দেবার কিছু নেই, আর নয়, তাঁদের ভিতর যে সমস্ত গলদ আছে, সেগুলি সংশোধন করবার ইচ্ছা নাই, বা এমন কোন গলদ যা প্রতিকার করতে গেলে গুপ্তথ্য প্রকাশ হয়ে পড়বে। কাজেই যে গভর্ণমেণ্ট এই রকমভাবে পরিচালিত হয় সেই গভর্ণমেণ্টের হাতে জনসাধারণের অর্থের একটি পয়সাও খরচ করতে দেওয়া কোন মতেই উচিত নয়। যদিও তাঁরা সংখ্যাগরিষ্ঠতার জোরে এটা পাশ করিয়ে নিতে পারেন জানি কিন্তু আমরা কোন মতেই এর অনুমতি দিতে পারি না। সুতরাং এর বিপক্ষে কথা বলবার, সমালোচনা করবার আমাদের অধিকার আছে। এর বিরুদ্ধে যা বলবার কর্ত্তব্য হিসাবে তা আমরা জোর গলায় বলে যাবো, তাতে সরকার পক্ষ হয়ত নানা রকম মত প্রকাশ করতে পারেন, কিন্তু তার জন্য আমরা কিছু মনে করি না। আমরা দেখেছি বিরোধী দলের বন্ধুরা যখনই কথা বলেন তখন তার উপর নানাবিধ কটুবাক্য উৎথাপিত হয়। আজ যে গভর্ণমেণ্ট গণতন্ত্রের নামে স্বৈরতন্ত্র চালাচ্ছেন তার হাত দিয়ে একটি পয়সাও খরচ করবার জন্য সম্মতি আমরা অন্ততঃ দিতে পারি না। আজ বিশেষ করে পুলিশ বিভাগে যে অপরিণামদর্শিতা দেখা যাচ্ছে, বিশেষ করে পাড়াগাঁয়ে পুলিশ যেভাবে অত্যাচার, জুলুম, নির্য্যাতন সুরু করেছে তাতে গভর্ণমেণ্টের লজ্জিত হওয়া উচিত। আমার এলাকায় নারায়ণগড় থানায় ৮নং ইউনিয়নে কুঁড়িনির গ্রামে ধরণী দোলাইর বাড়ীতে চুরির একটা ব্যাপারে ১১দিন ধরে পুলিশের বিস্ময়কর জুলুম চলেছিল। সেখানে অন্যান্যের মধ্যে ভারতী ভূষণ দে বলে একজন ভদ্রলোকের পেটে লাথি মারা হয় এবং নাভির উপর জুতা দিয়ে ডলে দেয় থানায় ধরে নিয়ে এসে, ফলে সে ভীষণভাবে আহত হয়। এই ঘটনার আবার সার্টিফিকেট দেবেন এই গভর্ণমেণ্টেরই সিভিল সার্জন, মেদিনীপুরের। পুলিশ নানাভাবে অমানুষিক অত্যাচার সেখানে চালিয়েছিল। এস, ডি, ওর দেওয়া জি, আর, ও, সার্টিফিকেট দেখালে পুলিশ ছিঁড়ে পুড়িয়ে ফেলে দেন।

(At this stage the blue light was lit.)

এবং পুলিশ অফিসার, যাঁরা আইন ও শৃঙ্খলা ভঙ্গ করেছেন তাঁরাই আবার উল্টে কণ্টেম্পট অব কোর্ট এর চার্জে পড়েন ঔদ্ধত্যের জন্য ঐ এস, ডি, ওর কোর্টে। ঐ থানার দারোগা নিশি মিত্র ও শান্তি ভূষণ পাল প্রভৃতি পলিশ কর্ত্তারা কীভাবে অভিযুক্ত হয়েছিল তা অনেকেই জানেন। শেষ পর্য্যন্ত তাদের মামলা তুলে নিতে বাধ্য হয়েছিলেন, সেইটা এস, ডি, ওর কোর্টই সাক্ষী দেবে।

(At this stage the red light was lit.)

তারপর সেখানে....

Mr. Speaker: Please resume your seat, Dr. Satpathi.

Dr. Krishna Chandra Satpathi:

স্পীকার মহাশয়, আমি আর একটু সময় নেব।

Mr. Speaker: Please do not ignore the red light. If you wanted time you should have asked for it when the blue light was lit.

Dr. Krishna Chandra Satpathi: This matter is so very important that I cannot but put it on record.

Mr. Speaker: Why then did you not ask for time when the blue light was lit?

Sj. Basanta Kumar Panigrahi:

মাননীয় স্পীকারমহাশয়, আমি এগ্রিকালচার সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ সরকার চাষীদের কিছু, কিছু সার বিতরণ করেছেন। সার ব্যবহার না করার জন্য চাষের উন্নতি হয় না, কিন্তু এই সার দিয়েও উন্নতি খুব বেশী পরিলক্ষিত হয়নি। এবং এই সার যা বিতরণ করা হয়েছে, তা যথাসময় না পাওয়ার জন্য এখানে আশানুরূপ ফল পাওয়া যায়নি। সেইজন্য আমার সরকারের কাছে অনুরোধ তাঁরা এই সার বিতরণের সময় পরিবর্তন করুন।

তারপর সরকারের এগ্রিকালচারাল লোন সম্বন্ধে কিছু বলতে চাই। এই এগ্রিকালচার লোনএ যে পরিমাণ টাকা দেওয়া হয় সেটা অত্যন্ত কম। আমরা পূর্ব্বে বলেছিলাম যে যেসব চাষীদের দশ একরএর নীচে জমি আছে তাদের একর প্রতি অন্ততঃ ২৫৲ টাকা করে এগ্রিকালচার লোন যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করা হোক। তারপর গ্রামের ভিতর এগ্রিকালচার লোন দেবার জন্য একটা কো-অপারেটিভ সোসাইটীর মারফৎ যাতে হয়, তার জন্য যত শীঘ্র সম্ভব ব্যবস্থা করা দরকার।

তারপর রেজিষ্ট্রেসন সম্বন্ধে কিছু বলতে চাই।

[5-20—5-30 p.m.]

এবার আমি কটেজ ইণ্ডাষ্ট্রি সম্বন্ধে বলবো। এ সম্বন্ধে বলতে গিয়ে অনেকে হাস্কিং মেসিন সম্বন্ধে বলেছেন। এখানে আমি একটা কথা বলতে চাই যে একবার যখন লাইসেন্স দেওয়া হয়ে গিয়েছে তখন আর কোন উপায় নাই। এখন যদি সরকার ঢেঁকি ছাঁটা চাল রেশনে দেওয়ার ব্যবস্থা করেন তাহ'লে মণপিছু ২৲ ২৷৷০ টাকা দিয়ে সরকার কেনেন তাহলে হাস্কিং মেসিনগুলি অচল হয়ে যাবে। যদি আজকে সরকার এই সমস্ত কুটীরশিল্পগুলিকে সাবসিডি দিয়ে বাঁচাবার চেষ্টা না করেন তাহ'লে এগুলো কিছুতেই বাঁচতে পারে না।

মেডিকেল সম্বন্ধে যা আলোচনা হয়েছে সে সম্বন্ধে আমি বলবো সরকার ২০ হাজার বেডএর ব্যবস্থা করেছেন তার মধ্যে ১৮ হাজার বেডই সহর অঞ্চলে, আর দুই হাজার বেড গ্রামাঞ্চলের জন্য। এখানে আমি বলতে চাই আজকে সবচেয়ে বেশী গ্রামাঞ্চলেই প্রয়োজন। আজকে যে হেল্থ সেণ্টার খোলা হচ্ছে তার কাজ দ্রুত এগুচ্ছে না। আমি মোটামুটি একটা হিসাব করে দেখেছি, যেভাবে কাজ হচ্ছে তাতে সমস্ত হেল্থ সেণ্টার করতে ৭৫ বৎসর লেগে যাবে। আট কোটি টাকা হ'লে সমস্ত হেল্থ সেণ্টারগুলি হতে পারে। সেখানে আমি বলবো আমাদের বাজেটএ যে টাকা আছে তাতে এই বিষয়ে ৮ কোটি টাকা দিতে কারো আপত্তি থাকা উচিত নয়।

তারপর ওয়াটার সাপ্লাই সম্বন্ধে আমি বলবো আরও টিউবওয়েলএর ব্যবস্থা করা উচিত। আর যা আছে তার মধ্যে শতকরা ৫০টি অচল হয়ে পড়ে আছে। যদিও এ বৎসর ধান খুব বেশী হয়েছে এবং সেই ধানের দর কম হওয়ায় চাষীরা যে তিমিরে সেই তিমিরেই আছে। গভর্ণমেণ্ট ৭৷৷০ টাকা করে কিনছে; আমি সেখানে দাবী করছি যে ৮ টাকা ৮৷৷০ টাকা করে গভর্ণমেণ্ট কেনেন। গভর্ণমেণ্ট যেন ৮৷৷০ করে ধানের দর ধার্য্য করে দেন।

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় সভাপালমহাশয়, আজকে ১৪ দিন ধরে বাজেট আলোচনা করে এই পশ্চিম বাংলার কাছ থেকে যে কোটি কোটি টাকা ব্যয়বরাদ্দ তারা পাশ করিয়ে নিচ্ছেন এবং আজ যে বিল এখানে এনেছেন আমি তার তীব্র প্রতিবাদ করি। আমি মনে করি এই সরকারের কোনো সুষ্ঠ নীতি নেই. জনসাধারণের জীবনের প্রতি তার কোনো দরদ নেই। এই সরকারকে তাই টাকা দেওয়া কোনমতে সমর্থনযোগ্য নয়। কি শ্রমশিল্পে, কি কৃষিখাতে, কি স্বাস্থ্যখাতে কি সিভিল ওয়ার্কসএ, কি শিক্ষাখাতে—সমস্ত খাতে যে সমস্ত ব্যয়বরাদ্দ হয়েছে, জনসাধারণ মনে করে তা দিয়ে শুধু মন্ত্রীপরিষদ এবং তাদের সাঙ্গপাঙ্গদের পোষণ করা ছাড়া আর কিছু হবে না। আমি সেদিন সিভিল ওয়ার্কস খাতে বলতে গিয়ে একটি কথা বারবার মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিয়েছিলাম যার ফলে মন্ত্রীমহাশয় শ্রীযুত খগেন বাবু যার কাছ থেকে আমি কোন রকম অসত্য অসম্পূর্ণ কথা আশা করিনি তিনি সেদিন তাই বল্লেন। তিনি বলেছিলেন যে তাঁর পরিকল্পনা কার্য্যকরী করার ব্যাপারে আমি হঠাৎ একটা রাজনৈতিক ইউনিয়ন তৈরী করে বাধা সৃষ্টি করলাম। এটা অত্যন্ত অসত্য কথা এবং অভিসন্ধিমূলক। আমি দেখিয়ে দিচ্ছি সেই ইউনিয়ন ১৯৪৫ সালে রেজিষ্ট্রার্ড হয়েছিল, যখন খগেনবাবুর আমার ঐ ডানদিকে বসবার সৌভাগ্য হয়নি। আজকে কেন্দ্রীয় সরকারের যিনি স্বরাষ্ট্রমন্ত্রী তার সেক্রেটারী মারফতে এটা রেজিষ্টার্ড করা হয়েছিল। এঁর পূর্ব্ববর্ত্তী মন্ত্রী শ্রীযুত বিমল সিংহ মহাশয় তিনি এটাকে এ্যাক্সেপ্ট করেন, তাঁর চিঠিপত্র আমাদের কাছে আছে। আমরা মনে করব না খগেনবাবু এত সব করেছেন, তার যে সেক্রেটারী যাঁর কুকচিসম্পন্ন রিপোর্ট বা সার্কুলার যেটা দেওয়া হয়েছিল, সেটা যে জনসাধারণের টাকায় তিনি মাইনে পান তাদেরই রাজনৈতিক কার্য্যকে সন্দেহ প্রকাশ করে দেওয়া হয়েছিল। আমার

মনে হয় যা ঘটেছিল তা মন্ত্রীমহাশয়ের অগোচরে হয়েছিল কারণ আমি মনে করি না যে খগেন বাবু এরই মধ্যে লঙ্কায় এসে রাবণ হয়েছেন, তাঁর কিছু সৎবুদ্ধি এখনও আছে বলে মনে করি। শ্রমশিল্পে যে অবস্থা তা সম্বন্ধে বলতে গিয়ে আমি বিশেষ করে চট্‌কলের কথা বলছি। আজকে সেখানে মালিকেরা এই সরকারের সঙ্গে যোগ দিয়ে যেরকমভাবে জোর-জুলুম তাদের উপর চালাচ্ছে তাতে এই চট্‌কল শ্রমশিল্পে একটা বিরাট সঙ্কটাবস্থার সৃষ্টি হবে। আমি তাই সাবধান করে দিচ্ছি মন্ত্রীমহাশয়কে এই বলে যে এই তিন লক্ষ মানুষের জীবনপণ যে সংগ্রাম তা বুলেট দিয়ে দমন করা সহজ হবে না। মালিকেরা ইচ্ছা করে যদি উৎপাদন কমিয়ে দেয় তার বিরুদ্ধে কি করছেন? চল্লিশাপঞ্চাশ বৎসর ধরে যে মেসিন রিপেয়ার করা হয়নি, ক্ষতবিক্ষত যার অবস্থা তার উপরে শ্রমিকদের কাজ করতে হবে, আবার বলা হচ্ছে ৪।৫ মাস করলে হবে। আমাদের শ্রমমন্ত্রীমহাশয় এখানে নেই, তাঁর কাছে সব বলবার চেষ্টা করেছি।

[5-30—5-40 p.m.]

আমার দুর্ভাগ্য যে শ্রমমন্ত্রী কালীপদবাবু এখানে নেই। তার গোচরে সমস্ত জিনিষ নিয়ে আসবার চেষ্টা করছি। আজকে যদি চটকলের শ্রমিকরা তাদের মালিকদের দ্বারা নির্য্যাতিত ও নিষ্পেষিত হয়ে নিজেদের পথ নিজেরা বেছে নেয় তাহ'লে আইন ও শৃঙ্খলার নামে দাঙ্গাবাজী করে পুলিশ তাদের ঠিক রাখতে পারবেনা।

(At this stage the red light was lit.)

Mr. Speaker:

আর কতক্ষণ?

Sj. Bibhuti Bhushon Chose:

একটু সময় আমার লাগবে, স্যার, দু'মিনিট চাই। বাউরিয়া, চেঙ্গাইল, বজবজ, বিড়লা যেখানেই যান সে একই ভাব—তাদের মধ্যে শ্রমিকদের মধ্যে একটা অন্তর্দ্বন্দ্ব জাগিয়ে পুলিশের যোগসাজসে মালিকরা তাদের রাজনৈতিক ও অর্থনৈতিক উদ্দেশ্য সফল করবার চেষ্টা করছে। কিন্তু আমি বলি যে আগুণ তারা আজ সৃষ্টি করছেন সেই রাজনৈতিক আগুণেই তারা পুড়ে ছারখার হবে, ছাই হয়ে যাবে।

তারপর কৃষিখাতে আমি ডাঃ রায়কেও বলেছিলাম আমি এমন জেলায় আছি যে সেখানে মাত্র তিন মাসের খাবার আছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আগেই উত্তর দিয়েছি।

Sj. Bibhuti Bhushon Chose:

আমি তারই প্রতিবাদ করছি। আমি যেখান থেকে আসছি, সেই হাওড়া জেলায়, একটা খানারও কোন উন্নতি করা হয়নি। হাওড়া এলেকার প্রতি সতীন ছেলের ন্যায় ব্যবহার করা হচ্ছে যেহেতু তারা কংগ্রেসকে গত নির্ব্বাচনে ভোট দেয়নি। (এ ভয়েস: সেজন্যইতো কোন কাজ পান না।) আচ্ছা পাই কি না পাই সেটা দেখা যাবে, কাজ জনসাধারণ আদায় করে নিতে জানে। আরাম কেদারায় বসে এসব বুলি কপচান খুব সোজা।

তারপর স্বাস্থ্যখাতে—আমি যেখান থেকে এসেছি সেই বহুলোকঅধ্যুষিত উলবেড়িয়া সাবডিভিসনএর হাসপাতালের কথা বলেছিলাম। (এ ভয়েস: স্বাস্থ্যখাত তো হয়ে গেছে, আবার কেন?) হাঁ স্বাস্থ্যত শেষ করে এনেছেন। সেখানে একটাও নলকূপ বা টিউবওয়েল নেই, সেখানে পানীয় জলের ব্যবস্থা নাই সেজন্য বলছি যে যে টাকা বরাদ্দ করা হয়েছে তা খরচ করতে দেব না। জলের এত অভাব যে সেখানে মানুষ জল খেতে পায় না, ম্যালেরিয়া ও অন্যান্য রোগে ভুগছে সুতরাং এই উলুবেড়িয়ায় একটা হাসপাতালের প্রতি বরাবর সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি এবং আবার স্মরণ করিয়ে দিতে চাই। যে হাওড়া শ্রমিকঅধ্যুষিত অঞ্চল সেখানে মানুষ যে কি দুর্গতিতে আছে সেটা আপনারা সকলেই জানেন। তাই এই স্বাস্থ্যখাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে তাদ্বারা আশা করি স্বাস্থ্যক্ষেত্রে এমন নীতি গ্রহণ করবেন, যার ফলে মানুষের জীবন সর্বাঙ্গসুন্দর হয়, যে নীতি মানুষের কল্যাণ করবে, যে নীতির দ্বারা মানুষ সুখস্বাচ্ছন্দ্য পাবে, যে সমাজব্যবস্থার ফলে মানুষ সুখে শান্তিতে বাস করবে সেই সমাজব্যবস্থা আপনারা যেন গড়ে তোলেন। যেভাবে পুঁজিবাদী ব্যবস্থা নিয়ে আপনারা রাজত্ব করছেন তা অতি মারাত্মক, এই রাজত্ব কিছুতেই চলবে না সেজন্য আমি এই আমলাতান্ত্রিক রাজ্য সরকারকে কোন টাকা ব্যয় বরাদ্দ করতে বাধা দিচ্ছি। এটাই জনসাধারণের ইচ্ছা।

Sj. Rameswar Panda: Mr. Speaker, Sir, I rise to say a few words about education in our country. Sir, the University of Calcutta is at the helm of affairs. It is making the syllabus of college studies, holding examinations and granting diplomas to successful candidates. But I regret to say that our graduates are making very poor results in all-India competitive examinations and are making

[Sj. Rameswar Panda.]

results which are not up to the mark. I beg to state in this connection that our students are not lacking in industry or intelligence. They are making very brilliant results in the University examinations. Why should they make such poor results in competitive examinations? There must be some defect somewhere in our system of education for which our students are not doing such good results as students from other States. I, therefore, suggest that a training class for getting students coached for different competitive examinations should be started by the University. The colleges should be asked to send students to such training classes and the students should get themselves coached there so that they may do fairly well in competitive examinations that are held.

Now, Sir, I would say something about the study of Sanskrit in our schools. It is now relegated to a very neglected corner and it is now being treated as an optional subject, but I will say, Sir, the usefulness of such study cannot be overestimated. It is only by a study of Sanskrit that we can have an insight into our glorious past and may derive inspiration for the future. It is in this language that we can read our scriptures and also we can learn the origin of our culture and our civilisation. So in order to make us united and inspired with the idea of a glorious India the study of Sanskrit is essentially necessary and cannot be lightly done away with. It should, therefore, be made a compulsory subject in our system of education in schools.

Mr. Speaker: That was discussed during the budget. That is not a principle of the Appropriation Bill.

Sj. Rameswar Panda: With regard to the study of Hindi, it has now been introduced as a subject in classes V and VI of our schools. They are first to study their mother-tongue Bengali and then they are to study English which still sits very heavy on their shoulders as they will have to pass through the ordeal of examination in that language. And then they are to read Hindi in the same class. Sir, is it possible for a young boy of eight or ten to study all the three languages simultaneously? It would, therefore, go beyond the capacity of our young learners and it can better be encouraged by introducing the same in higher classes.

As regards Basic Training Schools, there are two in Midnapore district—one in Tamluk and the other in Midnapore town. We are alarmed to hear that this training school in Midnapore is going to be abolished. Every year about 300 or more applications are filed for the training school and 40 candidates are allowed to enter into that school. If that school be abolised the appropriate number of teachers will not be trained. So the schools in Midnapore may not be abolished.

5-40—6-5 p.m.]

Dr. Radhakrishna Pal:

মাননীয় স্পীকার মহাশয়। নীতির কথা বলতে গেলে নীতির বালাই যাদের নাই তাদের কাছে নীতির কথা বলার মূল্য আছে কিনা তা জানিনা। তথাপি আপনার আদেশ মেনে আমি এডুকেশন ডিপার্টমেণ্ট সম্বন্ধে ২।১টি কথা বলব, এবং এডুকেশন কিভাবে হওয়া দরকার সে সম্বন্ধেও বলব। কারণ, এডুকেশনের মধ্য থেকে আমার নিজের কর্মজীবনকে আমি চালিয়েছি।

মিঃ স্পীকার, স্যার। এখানে শিক্ষামন্ত্রী মহাশয় আছেন, তিনি যদি আমার এই কন্‌ষ্ট্রাক্টিভ সাজেশান দয়া কোরে নেন তাহ'লে সুখী হব। কারণ, আমার ১০২।১০৩টা ইউ, পি, এম, ই, এইচ, ই, স্কুল ও কলেজের সঙ্গে সম্পর্ক আছে। আমি দেখেছি তাতে কোন শিক্ষাই হয় না। সেই জন্য আপনার কাছে আবেদন জানাই যে ভোকেশন্যাল এডুকেশন ফর গার্লস এণ্ড বয়েজ এণ্ড উইমেন দরকার।

"Improving the quality of education both in schools and colleges, cut down ineffective education, changing the mould of education, to promote the spirit of self-help and engendering the new sense of dignity of labour."

এইটা হ'ল আমার সাজেসসন। মিঃ স্পীকার, স্যার, বাজেট আলোচনার সময় আমাকে সময় দেন নি। তথাপি যতগুলি আমাদের দাবী দাওয়া সেগুলি আপনার

সম্মুখে আমি উপস্থিত করেছি। যখন বাজেট আলোচনা হয়েছিল আপনার মাধ্যমে তখন জানিয়েছিলাম যে আরামবাগ মহকুমায় প্রায় ৪ লক্ষ লোক বাস করে। সেখানে একটি মাত্র কলেজ। ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয়কে সাহায্যের কথা বলায় তিনি বলেছিলেন যে তোমার কলেজে ছেলে কম রেজাল্ট ভাল হয় না ইত্যাদি। আমি জানাই এবার নেতাজী কলেজ ইউনিভার্সিটিতে ফোর্থ হয়েছে পাশের পারসেন্টেজএ এবং ছেলেও ডবল হয়েছে তাছাড়া পড়ার যা কিছু ইকুইপমেণ্ট আমরা সংগ্রহ করেছি। সেই জন্য আপনার মাধ্যমে এডুকেশন মিনিষ্টার মহাশয়কে জানাচ্ছি যে তিনি এসম্বন্ধে যেন কিছু করেন।

আর একটা জিনিস এডুকেশনের গলদের কথা বলতে চাই। বীরভূম এবং বহরমপুরে ডেফ এণ্ড ডাম স্কুলে মাত্র ১০ হাজার টাকা দেওয়া হয়, যাদের দুনিয়ায় কেউ নাই তাদের জন্য এত অল্প অথচ সোস্যাল এডুকেশনের জন্য, নাচগানের জন্য খরচ ১১ লক্ষ টাকা স্যাংশন করেছেন। আমার মনে হয় অনাথ নিঃসম্বলদের জন্য বেশী টাকা দেওয়া দরকার। আর একটা কথা বলতে চাই, তা বলতে গেলে হয় ত বলবেন আমি নীতি থেকে দূরে যাচ্ছি। প্রতিবৎসর ১৩ হাজার টাকা স্টাইপেণ্ড দিয়ে বিদেশে ছেলেমেয়েদের এডুকেশন দিতে পাঠান হয়। এর মধ্যে একটা নূতন কথা শুনুন। যেটা সত্যিকারের দোষ সেইটাই আপনার সামনে বলি।

চারটী ছেলেমেয়েকে ওঁরা বিদেশে পাঠিয়েছেন। তার দুটী মেয়েছেলে কেম্ব্রিজে পড়ে এবং সেই মেয়েছেলে দুটী কেম্ব্রিজ ষ্টুডেণ্টস্ হোষ্টেলে থাকে--এটাচড্ হোষ্টেলে। রাত্রি ১২ টার সময় লেডি সুপারিণ্টেণ্ডেণ্ট দু'টো ছেলের যেন কথা ঘরের মধ্যে শুনতে পেলেন। তিনি নক্ করলেন; কেউ সাড়া দিলে না; তখন সারভ্যাণ্টদের ডাকবার সময় তাড়াতাড়ি দুটো ছেলে জানালার কাঁচ ভেঙ্গে লাফিয়ে পালিয়ে গেল।

Mr. Speaker: It reflects upon the whole Nation.

Dr. Radhakrishna Pal:

আমি তাই বলছি স্যার এডুকেশনের জন্য টাকা খরচ করচেন, কিন্তু ভাল জায়গায় করেন না। ভাল জায়গায় খরচ না কোরে অপাত্রে খরচ করা হয় এইটাই দেখছি। তার পরদিন বিলেতের বড় বড় কাগজে বড় বড় ছবি বের হ'ল এবং মেয়েদু'টীকে ডিবচারীর জন্য রাস্টিকেট করা হ'ল। এটা বলতে যাওয়া লজ্জার বিষয়। তবে জিজ্ঞাসা করতে ইচ্ছা হয় আমাদের মন্ত্রীদের ভিতর, কারও রিলেটিভ এদের মধ্যে আছে কি না।

(Sj. Sambhu Charan Mukherjee: এটা এক্সপাঞ্জ করা হউক।) এ যা করুন বা না করুন, এ ঠিক এডুকেশন হচ্ছে না। এ ভাগীরথীর তীরে কোটি কোটি টাকা খরচ কোরে নিজেদের টুম্ তৈরী হচ্ছে, এ টাকা কেবল অপাত্রে খরচ করা হচ্ছে।

তারপরে বলব এই সবের মূলে রয়েছেন এডুকেশন সেক্রেটারী মিঃ ডি, এম, সেন, একজন অযোগ্য ব্যক্তিকে সেই পদ দেওয়া হয়েছে। অনেকে এখানে জানেন, গতবারে তার প্রতিবাদ করেছিলাম এখন আর বলব না। গুরুদেবের কাছ থেকে এই ডি, এম, সেনকে এনেছেন--ভাল লোকই নিয়ে এসেছেন। ইনি সব বিল্ডিং স্কীমের কর্ত্তা। ইনি চাইল্ড সাইকলজির পি, এইচ, ডি। ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এঁর নিয়োগে আপত্তি দেন, পাবলিক সার্ভিস কমিশনও অবজেকশন দেন। ঐ সব আপত্তি সত্ত্বেও কেন তাঁকে রাখা হয়? তাঁর কণ্ট্রাক্ট সিষ্টেমে চাকরী। সেই টাইম শেষ হলে তাঁকে সরিয়ে মিঃ কে, কে, হাজারা বা কে, কে, সেনের মত ভাল একজন লোককে দেওয়া উচিত।

আর একটা কথা মেডিকেল ব্যাপার নিয়ে বলব। শিক্ষক আন্দোলনকালে গুলীতে মৃত শক্তি মজুমদারকে যে ডাক্তার ময়না কোর্টে তাকে মসলমান ব'লে সাব্যস্ত করলে তার শাস্তির ব্যবস্থা করেছেন কিনা। করা না হ'লে জানিয়ে দিন যে কি শাস্তির ব্যবস্থা করা হল।

(Sj. Bankim Chandra Kar: This matter is *sub-judice*, I understand)

আর ডাঃ কে, কে, ঘোষ মেডিকেল কলেজে অপারেশন কোরে তার পেটের তোয়ালে বার করলেন না, তাতে তার মৃত্যু হ'ল আর সেজন্য সিটি করোনার তাঁর বিরুদ্ধে খুব খারাপ রিমার্ক করলেন অথচ তাঁকেই পারমানেণ্ট প্রফেসর অব সার্জারী করা হল; আর যে অনেক ভাল ছিল ডাঃ সুবোধ গুপ্ত, তাঁকে তাড়িয়ে দেওয়া হ'ল আর বেচারা হার্ট ফেল কোরে মারা গেল।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(*After Adjournment.*)

[6-5—6-15 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকারমহাশয়, আমি সরকারী অব্যবস্থার কতকগুলি দৃষ্টান্ত আপনার সামনে তুলে ধরতে চাই এবং পুলিশ সম্বন্ধে আমি বলতে চাই যে এই যে, পুলিশ আমাদের দেশে রয়েছে, তারা বাজেটের মোটা

[Sj. Suhrid Kumar Mullick Chowdhury.]

অংশ মাইনে হিসাবে নিচ্ছে; অথচ দেশের জনসাধারণের প্রতি তাদের যে ব্যবহার সেগুলি রাষ্ট্রের গঠনের কাজে সহায়তা করা দূরে থাকুক সেগুলি রাষ্ট্রের যারা আজকে অন্যায় কাজ করে চলেছে তাদের প্রতি সহায়তা করে থাকে। দৃষ্টান্তস্বরূপ বলতে চাই ১৯৫৪ সালে কয়েকদিন আগে মাটি কাটা নিয়ে এই কলকাতার কাছে একটি ঘটনা ঘটে। যেখানে দেখা যাবে একজন লরীওনার একদল শ্রমিক যারা মাটি কাটছিল মেটিয়াবুরুজের কাছে, তাদের উপর লরী চালিয়ে দিল এবং তাতে একদল শ্রমিক সাংঘাতিকভাবে আহত হলো। পুলিশকে জানান হ'লো কিন্তু পুলিশকে জানান সত্ত্বেও দেখা গেল সেখানে একজন বিশিষ্ট ব্যক্তি শ্রী কে, কে, রাম যিনি ওখানকার একটা বিরাট ইউনিয়নের প্রেসিডেণ্ট এবং টেড ইউনিয়ন নেতা এর প্রতিবাদ করাতে তাকে সিকিউরিটি এ্যাক্টে গ্রেপ্তার করা হলো।

Mr. Speaker:

আজকে এই নিয়ে অনেক আলোচনা হয়েছে।

Sj. Suhrid K. Mullick Chowdhury:

আমি ২।১টি কথা শুধু উল্লেখ করব। আমি চাই জিনিষটা আপনার সামনে উপস্থিত হোক। তারপরে, ঘটনা হ'ল এই, আজও এই সকল আহত শ্রমিক হাসপাতালে রয়েছে। এই সম্বন্ধে যাঁরা কর্তৃপক্ষ রয়েছেন তারা যদি মনে করে থাকেন আইনের মর্যাদা তারা রাখতে চান ও সুবিচার করতে চান, তাহলে তাদের পক্ষে উচিত হবে এই ঘটনার আশু তদন্ত করা। যে পুলিশ অফিসার এই ব্যবস্থা করেছে তাকে সাজা দেওয়া উচিত। তারপর আর একটা ঘটনা আনছি, সেটা হচ্ছে মহামায়া সাহিত্য মন্দির সম্বন্ধে। মহামায়া সাহিত্য মন্দির সম্বন্ধে বলতে গিয়ে আমি কয়েকটি বিষয় আপনার সামনে উপস্থিত করব।

Mr. Speaker:

কোন রিপ্লাই পাবেন না।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আমি শুধু জানাতে চাই।

Mr. Speaker:

কোনও লাভ হবে না।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

যাহোক সেওড়াফুলিতে এই মহামায়া সাহিত্য মন্দির প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের দেশের একটি বিখ্যাত পত্রিকা "দেশ", তাতে এই মহামায়া সাহিত্য মন্দির সম্বন্ধে অনেক কিছু ঘটনা প্রকাশ হয়েছে। সেখানে সংস্কৃত শিক্ষা দেওয়া হয়; তা ছাড়া সেখানে গ্রন্থশালা, মিউজিয়াম, চিকিৎসা বিভাগ, প্রচার বিভাগ, গবেষণাগার প্রভৃতি নানা রকম বিভাগ আছে। গ্রন্থশালায় বাংলা, হিন্দী, ইংরাজী প্রভৃতি ভাষায় শ্রেষ্ঠ পুস্তক সকল রক্ষিত আছে। গ্রন্থশালার শিশুবিভাগ অধিকতর উন্নত। এই ধরণের মন্তব্য আমাদের দেশের বড় বড় পত্রিকা যেসব কয়েকটি আছে, তার মধ্যে "বসুমতী", "যুগান্তর", "আনন্দবাজার" প্রভৃতি পত্রিকাগুলি প্রত্যেকে এই সম্বন্ধে তাদের পত্রিকায় কিছু কিছু জানিয়েছেন। তারপর এই সাহিত্য মন্দিরের কর্তৃপক্ষেরা গভর্ণমেণ্টের কাছে সাহায্যের জন্য প্রার্থনা করেন। এমন কি সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছেও সাহায্য চান। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট আমাদের এই রাজ্য গভর্ণমেণ্টকে জানান, তারপরে তারা ৩০০৲ টাকা গ্রাণ্ট পান। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেই ৩০০৲ টাকা গ্রাণ্ট যদিও '৫১ সালে মঞ্জুর হয়েছে, কিন্তু আজও তাঁরা সেই টাকা পান নি। তাঁদের কাছে বলা হ'ল কতকগুলি টেকনিক্যাল ডিফেক্ট আছে, সে সমস্ত সংশোধন করতে হবে। ডিফেক্ট হ'ল সরকারী কর্তৃপক্ষ লাইব্রেরীতে রাখবার জন্যে বইয়ের যে লিষ্ট দিয়েছেন, সেই বইগুলোর ভিতরে সাহিত্যিক যারা, বড় বড় সাহিত্যিক বলে নাম আছে এমন কোন সাহিত্যিকের নাম এর ভিতরে নেই, যা অনামী অজানা সাহিত্যিক তাদের বইগুলোকে কিনতে হবে, এই কম্পালসন তাদের উপরে করা হয়। লাইব্রেরী কর্তৃপক্ষ তা করেন নি সুতরাং তাদের এই ছোট একটা কারণে তাদের গ্রাণ্ট আটকে রাখা হল। তারা বছরের পর বছর চেষ্টা করেন, অথচ কোন ব্যবস্থা এখনও হয়নি। এই সব কাজ একটা এডাল্ট এডুকেশন ডিপার্টমেণ্টের মাধ্যমে হয়। সুশিক্ষার নামে ভুল শিক্ষা দেওয়াই তাদের কাজ। তাদের ভুলের কতকগুলি ঘটনা আপনার কাছে দেখাব। তারা যেসব চিঠি দেন, সেসব চিঠির ভিতরে এমন সব জিনিষ উল্লেখ থাকে যে তা ক্ষমার অযোগ্য। একটা চিঠির এক জায়গায় আছে,

"confirmation of the proceedings of the last meeting held on 6th June 1952,"

তিনি বলেছেন,

"Adhikari, Secretary, Advisory Council, Adult Education, Hooghly."

তিনি চিঠি লিখেছেন।

"Dated 20th March,"

সেখানে দেখাচ্ছেন

অথচ মার্চ মাসের ১৯৫২ সালে এই চিঠি তিনি লিখেছেন, শুধু তাই নয়, আর একটা জায়গায় দেখা যাবে যে, যিনি সেক্রেটারী ছিলেন তিনি একটা চিঠি দিচ্ছেন, সেই চিঠিতে

"J. N. Roy, Personal Assistant to the Director of Public Instruction"

একখানি চিঠি লিখেছেন। আমার কাছেই আছে সেটা। সেখান দেখতে পাওয়া যাবে যে, সিন্সিয়ারলী কথাটার উপরে তিনি তাঁর নাম লিখেছেন।

"yours sincerely"

কথার নীচে যে নাম লিখে দিতে হয় তাও তিনি জানেন না। আর যেসব চিঠি এখানে লিখেছেন তার ভিতরে এত ভুল রয়েছে যে এগুলি প্রকাশ করলে তার মানে হবে যে, আমরা যে এদের বেশী মাইনে দিয়ে রেখেছি তার সব গৌরী সেনের টাকা নিয়ে ছিনি মিনি খেলা। সবই পণ্ডশ্রম। এই ধরণের যাদের আমরা বেশী মাইনে দিয়ে রেখেছি তাদের শিক্ষাই যদি এই হয়, তাহ'লে এই দেশের শিক্ষা ব্যবস্থা কি হবে? এই জন্য আমাদের আবেদন যে বর্তমান সরকার এই সম্বন্ধে একটা ব্যবস্থা করুন। অনেক কাল মিছিমিছি দলগত কারণে এই মন্দিরের কর্তৃপক্ষের উপর অবিচার করা হচ্ছে। এই দলাদলির উর্দ্ধে উঠে যারা সত্যিকারের জাতির গঠনমূলক কাজেতে নিজেদের নিয়োগ করছেন, তাদের তারা সাহায্য করুন। এই হচ্ছে আমার তাদের কাছে দাবী।

[6-15—6-25 p.m.]

Sj. Bankim Mukherji:

সভাপতিমহাশয়, এই বাজেট ডিস্কাসান, প্রত্যেক বৎসরের পরেই আমার মনে হয় এটা নিরর্থক ও ফিউটাইল। কেন না যে সমস্ত পয়েণ্ট বা অভাব-অভিযোগ, গ্রীভান্সেস আমরা এখানে উৎথাপন করি বৎসরের মধ্যে দেখি না যে সে সম্বন্ধে কোন প্রতিকার কোন ডিপার্টমেণ্ট করেছে। এখানে যে তৃণসম আপত্তিও যদি করা হয়ে থাকে তাতেও তারা মনোযোগ দেয় না বা তাদের দৃষ্টি আকর্ষণ করা যায় না। আমি জানি না এসেম্‌ব্লি প্রোসিডিংস গভর্ণমেণ্ট গ্রহণ করে সংশ্লিষ্ট ডিপার্টমেণ্টএর কাছে পাঠান কিনা। এখানে যে সমস্ত জিনিষ করা হচ্ছে সে সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। একটা জিনিষ লক্ষ্য করছি যে গভর্ণমেণ্ট পার্টির এমন একটা অবজ্ঞাসূচক মনোভাব আছে যার জন্য তাঁরা মনে করেন এই পাপ এসেম্‌ব্লি কন্‌ষ্টিটিউসন অনুসারে তারা ডাকতে বাধ্য এবং এই পাপ কোনমতে পার করে দিতে পারলেই সব চেয়ে ভাল হয়। তার ফলে আমরা দেখতে পাচ্ছি এই বাজেটের আলোচনার সময় বহু কন্‌ষ্ট্রাক্টিভ সাজেস্‌সান দিলেও কোন লাভ হয় না। তাছাড়া কতকগুলি জিনিষ আমি এসেম্‌ব্লিতে বলেছিলাম যেমন

"Agricultural Income-Tax, Sales Tax, Betting Tax"

প্রভৃতি ব্যাপারে প্রত্যেক সময়েই চীফ মিনিষ্টার বলেছেন যে তিনি আমার কিছু কিছু পয়েণ্টএ এগ্রি করেন এবং তিনি তা কন্‌সিডার করবেন। কিন্তু বৎসরের মধ্যে কোন সময়েই আমাদের আহ্বান করে, নিমন্ত্রণ করে, পরামর্শ করবার অবসর হয় না। এমনি-ভাবে আমরা দেখতে পাচ্ছি যে, যে সমস্ত গ্রীভান্সেস জানান হয় এবং এই এসেম্‌ব্লিতে যা প্রমিজ করা হয় সেই সম্বন্ধে আলাপ-আলোচনা করার জন্য বৎসর কেটে গেলেও তাদের সময় হয় না। সেই জন্য আমরা দেখতে পাচ্ছি যে এসেম্‌ব্লিকে এ্যভয়েড করবার জন্য যে প্রাণপণ চেষ্টা, সেই চেষ্টার জন্য আইনে, কন্‌ষ্টিটিউসনএ যেটুকু আছে যে ছয় মাসের মধ্যে একবার ডাকতে হবে, সেটুকুই ডাকেন তার বেশী আর ডাকেন না। এর ফলে হচ্ছে কি যে বাজেট সেসনএর মধ্যেই টু ডজন বিলস আনা হচ্ছে। বাজেট সম্বন্ধে চিন্তা করুন আবার এই টু ডজন বিলএর জন্য ৩।৪ দিনের মধ্যেই এমেণ্ডমেণ্ট দিতে হবে। এতে কি করে তারা এক্সপেক্ট করেন যে একটা ভাল ডিবেট হবে? চব্বিশটি বিলের সম্বন্ধে জন-সাধারণের ওপিনিয়ন নিয়ে এই অল্প সময়ের মধ্যে এমেণ্ডমেণ্ট দেওয়া কি সম্ভব? এরজন্য প্রয়োজন হচ্ছে আর একটি সেসন ডাকা যাতে এই বিলের আলোচনা ভালভাবে হতে পারে, কিন্তু সেটা তারা এ্যাভয়েড করছেন। তার রেজাল্ট হচ্ছে কি দেখুন, ষ্ট্যাটুটরী বাজেটে মাত্র ২০ দিন বলবার সময় দেওয়া হয়েছে এই বলবার সময় কিছুতেই বাড়িয়ে দেবেন না নির্দ্ধারিত সময়ের পর গিলোটিন করে শেষ করে দিচ্ছেন, সেখানেও আলোচনা করবার কোন স্কোপ দেখতে পাই না। ফলে মারাত্মক জিনিষ ঘটছে যে বাজেট সেসনএ নন-অফিসিয়ল ডে পাবার উপায় নেই, বাজেটের পরেই তাড়াতাড়ি এসেম্‌ব্লি শেষ করা হয়। পার্লামেণ্টএ সপ্তাহে দুই দিন করে নন-অফিসিয়াল ডে দেওয়া হয়। হাউস অব পিপ্‌লএও কয়েকটি দিন আছে যা,

"fixed for non-official day"

অথচ বাংলার এসেম্‌ব্লিতে দেখতে পাচ্ছি যে নন-অফিসিয়াল রেজলিউসনএর জন্য কোন সুযোগই দেওয়া হয় না।

Sj. Debendra Chandra Dey: Mr. Speaker, has Mr. Mukherji's lecture got to do anything with the Appropriation Bill?

Mr. Speaker: He is speaking on General Administration. It is a policy statement.

Sj. Bankim Mukherji: I think I am making the most appropriate speech on the Appropriation Bill. Up to this time people have spoken on grievances which they should have done during discussion on grants. But I am speaking on

[Sj. Bankim Mukherji.]

subjects which cannot be discussed even during the budget discussion. So, I am making the most appropriate speech which the Chief Whip of the Government should know.

হ'ত। এবং ট্যাক্স ইভেসনএর পথও রুদ্ধ হত। কিন্তু আজকের এই নূতন বিলে দেখা যাচ্ছে সিগারেট-এর উপর ট্যাক্স ধরা হয়েছে—এই সিগারেট ধনী ও উচ্চ মধ্যবিত্তেরা ব্যবহার করে থাকেন। কিন্তু অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিষ, যেসব জিনিষের জন্য জনসাধারণকে সেলস ট্যাক্স দিতে হয়, সেই সমস্ত জিনিষ এই বিলের আওতায় আসেনি। দেখছি সেই সব জিনিষের উপর টাকায় ৩ পয়সা হারে ট্যাক্স ধরেছে। কিন্তু সিগারেটের বেলায় এই বিল দ্বারা ট্যাক্সএর হার কমিয়ে দেওয়া হচ্ছে। এটা বাঞ্ছনীয় নয়। তারপর যে কথা আগেই বলেছিলাম যে অরিজিন্যাল এ্যাক্টটাকে রিপ্রেস করার মনোভাব যদি এ বিলটাতে থাকে সেটা কিভাবে করা হবে বুঝতে পাচ্ছিনা।

Original 1941 Act—Bengal Finance (Sales Tax) Act

সেখানে ট্যাক্সেবল কোয়ান্টাম একটা ফিক্স করা ছিল—ম্যানুফ্যাকচারার বা ইম্পোর্টার হ'লে একটা নির্দ্দিষ্ট টার্নওভার পর্য্যন্ত সেলস ট্যাক্স দিতে হ'ত না। তা দ্বারা ছোটখাট ম্যানুফ্যাকচারার বা প্রোডিউসার প্রোটেক্সান পেত। কিন্তু এই বিল সর্বক্ষেত্রে প্রযুক্ত হ'লে তারা সে প্রোটেক্সান পাবেনা। ছোট ছোট শিল্প বিশেষ আঘাত পাবে। সিগারেটের উপর ট্যাক্স বসালে আমাদের আপত্তির কিছু নাই কিন্তু এখন বহু জিনিষ আছে যা দরিদ্র সাধারণের দৈনন্দিন ব্যবহারের জিনিষ, যেগুলি তাদের না হ'লে চলবেনা তার জন্য যদি ট্যাক্স দিতে হয় তাহ'লে বড়ই দুঃখের কথা এবং সেই খানেই আমাদের আপত্তি। আমরা চাই সেলস ট্যাক্স সম্বন্ধে পরিবর্ত্তিত একটি ভাল আইন। জনসাধারণের অবস্থা ও তাদের প্রয়োজনের দিকে দৃষ্টি রেখে কতকগুলি জিনিষের সেলস ট্যাক্স থেকে অব্যাহতি দেওয়া হবে এই আমরা চাই। এবিলে সেরকম কিছু নেই। সব চাইতে আপত্তিকর হচ্ছে এই ক্লজ ২৫ যার দ্বারা অনেক ক্ষতির আশঙ্কা করছি। কারণ তাতে ওমনিবাস পাওয়ার দেওয়া আছে সরকারের হাতে যার অপব্যবহারের আশঙ্কা আছে। তারপর এই বিলে সরকারী কর্ম্মচারীদের ডিসক্রিসনারী পাওয়ার অনেক দেওয়া রয়েছে, তাতে ঘুষ এবং নানা রকম অনাচারের সৃষ্টি হতে পারে। আমাদের বিবেচনায় বিলের ঐ অংশগুলি অত্যন্ত আপত্তিকর। এই সব বিবেচনা করে, আমার মনে হয় ভাল করে বিবেচনা করে সেলস ট্যাক্স সম্বন্ধে অন্য আকারে একটা বিল আনা উচিত ছিল। কাজেই মূলনীতির দিক দিয়ে বিলটি সমর্থনযোগ্য হ'লেও যে ফরমে এই বিল আনা হয়েছে সেটাতে আমি প্রবল আপত্তি জানাই।

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকারমহাশয়, আমি বিশ্বাস করি, জাতিয় সরকার যখনই কোন বিল আনেন, তখন সেটা দেশের কল্যাণের জন্যই আনেন। সুতরাং এই যে সেলস ট্যাক্স বিলটা এনেছেন এর মধ্যেও যে দেশের কল্যাণ নিহিত আছে সে ধারণা আমার আছে। কিন্তু এ সম্বন্ধে বলতে গিয়ে আমি একটা কথা বলতে চাই—সিগারেটের উপর ট্যাক্স করছেন করুন। কিন্তু আমার কথা হচ্ছে এই সিগারেট দ্বারা আমাদের কি উপকার হয় না অপকার হয়; যদি বুঝতাম যে না খেলে বাঁচব না, তাহ'লে কথা ছিল না কিন্তু আমাদের বাড়ীর মেয়েরা কোন দিন বিড়ি বা সিগারেট খায় না তাদের কি কোন দিন বাঁচবার অসুবিধা হচ্ছে। আর আমরা পুরুষরাই বা সেগুলি না খেলে বাঁচতে পারব না কেন? চীন দেশের লোকেরা এককালে আফিং খেয়ে মশগুল হয়ে থাকত কিন্তু আজ তাদের সরকার আফিং খাওয়া বন্ধ করে দিয়েছে——

Mr. Speaker:

এ বিলে এটা আসেনা—যা বলছেন তা প্রহিবিসনের ব্যাপার।

Sj. Janardan Sahu:

যাই হোক আমি আর একটু বলব। গ্রামে যখন একটা বাচ্চা ছেলেকে দেখি যে বিড়ি খাচ্ছে, ধূমা টানছে, কিছুদিন কাশতে থাকে—এতে দেশের অপকার ছাড়া কি উন্নতি হয়। বিড়িতে আগুন লাগিয়ে দুই-এক টান দিয়ে হয়ত রাস্তায় ফেলে দিল তাতে কি লাভ হল? কাজেই আমি মনে করি বিড়ি সিগারেট একেবারে বন্ধ করে দেওয়া উচিত। তাতে অনেক টাকাও বেঁচে যাবে, আর জাতিরও উন্নতি হবে।

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, all sections of the House desired that some ways and means should be devised to collect sales tax at the source. This Bill is just a beginning towards that end. Everybody excepting those who want to evade payment of sales tax will be happy over this Bill and all patriotic consumers and all honest dealers will get some relief out of this Bill.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the West Bengal Sales Tax Bill, 1954, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I beg to introduce the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954.

(Secretary then read the short title of the Bill.)

[4-30—4-40 p.m.]

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be taken into consideration.

Sir, the provisions in these amendments are very simple. We experienced working difficulties in suppressing immoral traffic through the agency of these massage homes which abound in this city. We want to stop this immoral practice, and that is why we have provided in the amendment that the offences under the Act be made cognizable. We have also provided for a thorough inspection of the institutions which are masquerading as health clinics and misleading people in various ways. We have also provided for punishment, for those who offer themselves for service in these institutions knowing that they are not licensed. Thus they will also come under the penalty clause. We have provided for exemption of registered medical practitioners who run their clinical laboratories and X'ray units from the operations of this Act.

With these words, Sir, I commend this Bill for the acceptance of the House.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1954.

Sj. Rakhahari Chatterjee: Sir, I move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1954.

Sir, I also move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1954.

Sj. Madan Mohon Khan: Sir, I move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th April, 1954.

Sir, I also move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting the opinion of the All-India Medical Council (Bengal), by the 14th April, 1954.

Sjkta. Manikuntala Sen:

স্পীকার, স্যার! এই বিল আমরা সমর্থন করি। বহুদিন বিষয় এতদিন পরে এই বিল আনা হয়েছে। কলিকাতার উপরে ম্যাসাজ ক্লিনিক নামে যে ভয়ানক অপরাধ সংঘটিত প্রকাশ্য দিবালোকে অত্যন্ত দুঃখের বিষয় ছিল যে প্রয়োজনীয় আইনের অভাবে এতদিন পর্যন্ত সরকার কোন প্রতিকার করতে পারেন নি। এখন যদি এই আইনের সাহায্য নিয়ে এই অপরাধ দূর করা যায়, যদি কলিকাতা থেকে নির্মূল করা যায়, তাহলে সত্য সত্যই জনকল্যাণ হবে। কিন্তু এই বিল সমর্থন করার সঙ্গে সঙ্গে দুটো কথা বলতে চাই। প্রথম হচ্ছে বিলে যে শাস্তির ব্যবস্থা আছে সেই শাস্তির ব্যবস্থা প্রধানতঃ হওয়া উচিত যারা ইন্সটিটিউশন চালায় তাদের বিরুদ্ধে। এখানে যে আছে এমপ্লয়ীজ সম্পর্কে। এমপ্লয়ীজ সম্পর্কে ব্যবস্থা নেবার আগে যারা এই প্রতিষ্ঠান, এই ধরণের ব্যবসা চালায় তাদের সম্পর্কে ব্যবস্থা থাকা উচিত, এবং শাস্তির ব্যবস্থা অত্যন্ত কঠোর হওয়া উচিত। একজেম্পলারী পানিসমেন্ট হওয়া উচিত; মাত্র ৫০০ টাকা শাস্তির ব্যবস্থা করা হয়েছে তা নয়। এত বড় জঘন্য অপরাধ প্রকাশ্য দিবালোকে ম্যাসাজ ক্লিনিক নাম দিয়ে যে পাপ ব্যবসা হয়েছে তার উপযুক্ত শাস্তি দেওয়া উচিত। আমি বলব যে যথেষ্ট বেশী—রিগোরাস ইমপ্রিজনমেন্ট হওয়া উচিত। এমপ্লয়ীজ যারা থাকে তাদের শাস্তি দিলে অপরাধ নিবারণ হবে না। যারা ব্যবসা করবার জন্য মানুষকে এই রকমভাবে আহুতি দেয় সেই সমস্ত অপরাধীদের, সমাজবিরোধী অপরাধীদের দমন করা দরকার।

[Sjkta. Manikuntala Sen.]

দ্বিতীয় কথা বলতে চাই যে এই আইনটা পাশ হবে এবং আমরা তা সমর্থন করছি; কিন্তু একজিকিউশন সম্পর্কে সন্দেহ হয়। কারণ যাঁরা এটাকে কার্য্যকরী করবেন তাঁরাত পুলিশ। সেই পুলিশের হাতে যে কোন জনকল্যাণকর আইন দিয়ে দিলে তার জনকল্যাণ ভাব থাকে না, কেন না সেই পুলিশ এই আইন প্রয়োগ করার সময় মালিকদের সঙ্গে যে যোগ দেবে না, তার কি গ্যারান্টি আছে? এবং সেই জন্য যেসব অপরাধজনক ব্যবসা আছে তাদের সংগে পুলিশের সম্পর্ক থাকবে না? এখানে আলোচনার সময় পুলিশ সম্পর্কে এই রকম সব গুরুতর অভিযোগ উপস্থিত করা হয়েছে। আমি নিজেও দিতে পারি। অনেক অভিযোগ উপস্থিত করতে চাই, এবং করতে ইচ্ছাও আছে। আমি জানি যে পুলিশ সম্পর্কে পাড়ায় পাড়ায় মানুষের অভিযোগ আছে এমন কি থানার ও, সি, ডি, সি, পর্য্যন্ত তার সংগে জড়িত থাকেন। কোন অপরাধের প্রতিকার চেয়েও তা পান না। বারে বারে পুলিশের কাছে আবেদন-নিবেদন কোরেও কোন রকম ব্যবস্থা হয় নি। যখন একটা গুণ্ডা দমন করা দরকার তখন এরা সাহায্য দিতে পারেন না। কেন পারেন না? সে কি পুলিশ খোঁজ পায় না বোলে? কেন পাবেন না সে কি পুলিশের শক্তির অভাব বা আইনের অভাব? তা নয়। যেভাবে পুলিশ এখানে সংগঠিত, তার ফলে যে কোন জনকল্যাণমূলক আইন তাদের হাতে যদি ছেড়ে দেওয়া যায় তাহ'লে সেই আইনের পরিনতি কি হয় তা জানি। সেই জন্য সতর্ক কোরে দিতে চাই ঠিক যে পুলিশ দিয়ে এটা দমন করতে চাই, আশঙ্কা হয়, সেই পুলিশের হাতে সেই পাপ দমন হবে না। বরং পাপ আরও আণ্ডার গ্রাউণ্ড পথে, গোপন পথে, প্রবেশ করবে। সুতরাং আগে থেকে একটু সাবধান কোরে দেওয়া দরকার যদি সত্য সত্যই সরকার চান এবং চেষ্টা করেন যে যেন এই আইনটা কাজে লাগান যায়।

তৃতীয়তঃ আমি যা বলতে চাই সে হচ্ছে যে শুধু আইন দিয়ে অপরাধ দমন করার চেষ্টা করলে হবে না। যে কথাটা প্রসঙ্গতঃ কালকে একটু বলেছিলাম সেটা হচ্ছে এই—যার সুযোগ নিয়ে এই পাপ ব্যবসা চলতে পারে সে হচ্ছে চরম দারিদ্র্য। যে দারিদ্র্যে আমাদের এদেশের মেয়েরা বাস করে—বিশেষতঃ নিম্নমধ্যবিত্ত ঘরের মেয়েরা যে চরম দারিদ্রের মধ্যে থাকে—তাদের কোন জীবিকার পথ নাই, এর সুযোগ নিয়েই এই ব্যবসা চালান সম্ভব হচ্ছে। বহু উদাহরন দেখা গেছে, এমন কি আদালতেও এ রকম ঘটনা প্রকাশ হয়েছে, সেই রকম মর্ম্মন্তুদ করুণ কাহিনী সমস্ত মানুষের সামনে যখন উপস্থিত হয় তখন সহ্যের সীমা পর্য্যন্ত অতিক্রম করে। এই সমস্ত ঘটনা ঘটবার একটি কারণ, সে হচ্ছে এই সব মেয়েদের জীবিকার অভাব। খোঁজ নিলে জানা যাবে যে অনেক বাস্তহারা মেয়ে এই সমস্ত ক্ষেত্রে কাজ করতে যায়, এবং তাদের নানাভাবে রিক্রুট কোরে নেওয়া হয়। চাকরীর সংস্থান তাদের আর কোথাও হয় না। শেষ পর্য্যন্ত শুধুমাত্র অনুসংস্থানের জন্য তারা এই পথ নিয়ে নেয়। কাজেই তাদের শাস্তির ব্যবস্থা করলে অপরাধ দূর হবে না। বরং আরও আণ্ডার গ্রাউণ্ড পথে এই অপরাধ চলতে থাকবে। এই রকম চেষ্টার একটা উদাহরণ দিতে পারি। ১৯৪৫ সালে একবার চেষ্টা হয়েছিল ইম্মরাল ট্রাফিক বন্ধ করবার জন্য। গভর্ণমেন্টের সেই একট কার্য্যকরী করবার জন্য কতকগুলি এ, আই, ডব্লিউ, সি'র মহিলাকর্মী সাহায্য করেছিলেন, তার মধ্যে আমিও একজন কর্মী ছিলাম। সেই সময় জানি অনেকগুলি রাস্তাকে থরোফেয়ার ডিক্লেয়ার করা হ'ল, কিন্তু সেই রাস্তায় প্রকাশ্য পাপ বন্ধ হ'ল বটে কিন্তু সেটা আণ্ডার গ্রাউণ্ড থেকে গেল। সেটা আমরাও উদ্ধার করতে পারলাম না, পুলিশও পারলে না। তার এক কারণ যে সমস্ত মেয়েকে আমরা উদ্ধার ক'রব তাদের জীবিকার পথ দেওয়া হয়নি; তাদেরত জীবিকা অর্জন করতে হবে; কাজেই তারা প্রকাশ্যে না পারুক গোপন ক্ষেত্রের দিকে যাবে।

সুতরাং এই বিষয়টি সহানুভূতি নিয়ে দেখার প্রয়োজন আছে। যেমন যারা ব্যবসা খুলে বসে, যারা কারবার করে তাদের চরম শাস্তি দেওয়া দরকার, ঠিক তেমনি কোরে যারা ভিক্টিম হয়, যারা নিতান্ত পেটের দায়ে এই পথে বাধ্য হয়ে যায়, তাদের ব্যাপার অত্যন্ত সহানুভূতির সঙ্গে দেখা দরকার। তার জন্য একটিমাত্র পথ হচ্ছে তাদের জীবিকার সংস্থান কোরে দেওয়া। আমি অনুরোধ করব সরকার আইন করবেন করুন; তার সঙ্গে সঙ্গে খোঁজ নিন কত মেয়ে ওখানে এনগেজ্‌ড্‌ আছে; শুনলাম কত মেয়ের বেজিষ্টার পর্য্যন্ত রাখে না। রাখে না এই জন্য যে ধরা পড়ে যাবে। ওদের শাস্তির ভয় আছে। সেই জন্য আনরেজিষ্টার্ড অনেক মেয়ে কাজ করে। সরকার ইচ্ছা করলে পুলিশ বা স্পাই দ্বারা খোঁজ পেতে পারেন যে কেন মেয়েরা কাজ করে এবং কেন মেয়েরা যাচ্ছে। সে খোঁজ নিয়ে তাঁরা সম্মানজনক জীবিকার পথ কোরে দিতে পারেন। তাহ'লে এটা নিশ্চিত যে কোন মেয়ে অসম্মানের পথে পা বাড়াবে না। সুতরাং এ ব্যবস্থা যদি না করা হয় তাহ'লে এই আইন পাশ কোরে লাভ হবে

না। সাইন বোর্ড উল্টে দেওয়া হবে, পাপ ঠিক চলতে থাকবে।

তাই এই বিল সমর্থন করবার সঙ্গে সঙ্গে এই তিনটা সতর্কবাণী সরকারের সামনে রাখছি যেন এটা কার্য্যকরী করবার জন্য তাঁরা এই পথ অবলম্বন করেন।

4-40—4-50 p.m.]

Sj. Rakhahari Chatterjee:

মিঃ স্পীকার, স্যার, শ্রদ্ধেয় সেনমহাশয় তাঁর ভাষনে যে কথা বলেছেন আমি তা সমর্থন করছি। আজ অত্যন্ত দুঃখের কথা সামাজিক যে কোন কারণেই হোক সহর অঞ্চলে, বিশেষ করে কলিকাতায়, বিবিধ প্রকার পাপের খবর সংবাদপত্রে কিছু কিছু পেয়ে থাকি। তার থেকে প্রমাণ হচ্ছে যে আমাদের এই সমাজ দিন দিন কি পথে চলছে।

Mr. Speaker: Are you opposing the circulation motion?

Sj. Rakhahari Chatterjee: I give certain materials which will make the case for circulation of the Bill much stronger.

আমি এই কথা বলতে চেয়েছিলাম এই জন্য যে শুধু এই আইনটা সংশোধন করলে হবে না। মাননীয় মন্ত্রীমহাশয় এই রকম স্বীকার করেছেন যে এই সব ক্লিনিক বিশেষ করে ম্যাসাজ হোমে অসম্ভব রকমের ইম্মরাল কাজ চলে। এই সমস্ত পাপ কাজের আগে চেকের কোন ব্যবস্থা ছিল না। যা ছাড়া এদের মধ্যে বেশীরভাগ ক্লিনিক রেজিষ্টার্ড নয়। আমি শুধু জিজ্ঞাসা করতে চাই যে এই সমস্ত আনলাইসেন্সড্ ক্লিনিক রেজিষ্ট্রেশান করলেই কি ঐ সমস্ত অন্যায় বা পাপ বন্ধ হবে? আমার অভিমত হচ্ছে যে কোন কারণেই এই সমস্ত ম্যাসাজ হোম চালানো উচিত নয়, বিশেষ করে যে সমস্ত খবর জনসাধারণের মারফৎ আসছে, সেই সমস্ত জিনিষ আইন করে তুলে দেওয়া হোক। একমাত্র রেজিষ্ট্রার্ড মেডিক্যাল প্র্যাকটিসনারস্রাই যাঁরা এক্স'রে ক্লিনিক করে থাকেন, সেগুলিই এক-মাত্র চালাতে পারে। অতএব ব্যাপার হচ্ছে এই আইনের ক্লজ টুতে যা আছে আমি নিজে সেটা উপলব্ধি করেছি।

"physical therapy establishment" means an establishment where massaging, electrotherapy, hydrotherapy, remedial gymnastics or similar work is usually carried on, for the purpose of treatment of diseases or of infirmity or for improvement of health, or for the purpose of relaxation or for any other purpose whatsoever, whether or not analogous to the purposes hereinbefore mentioned in this clause."

সুতরাং সেটা বন্ধ করবার জন্য যাঁরা বলছেন, আমি এই কিন্তু আইনের সংশোধন করছি। এই আইনের ক্লজ টুতে ভুল রয়ে গেল।

Mr. Speaker: When we shall consider the Bill clause by clause you can speak about it. Now, please confine yourself to the circulation motion.

Sj. Rakhahari Chatterjee:

আমি সেই পয়েণ্টই বলছি, স্যার। ফর এনি আদার পারপাস এই আইন যা আপনারা এনেছেন তার অনেক জায়গায় আনডিফাইনড্ রয়ে গেছে, অর্থাৎ আইনের যা আসল গলদ সেটা আর দূর করা যাবে না। তা ছাড়া যে দণ্ড বিধানের ব্যবস্থা সেটা হচ্ছে যারা চালাবেন তাঁদের দণ্ড বিধানের ব্যবস্থা আগেকার সেক্সনএ আছে। আমি মনে করি এই সব ইম্মরাল কাজের জন্য শুধু মালিক আর এমপ্লইকে দায়ী করলে চলবে না, যে সমস্ত ভিজিটার যায় তারাও ঐসব পাপ কাজের জন্য রেস্পন্সিবল্, সুতরাং ফর দ্যাট্ পারপাস্ সেই সমস্ত লোকের মধ্যে দণ্ড বিধানের ব্যবস্থা থাকা দরকার। আমার মনে হয়, স্যার, এই আইনের দ্বারা যে উদ্দেশ্য সাধন করতে যাচ্ছেন তা হবে না, কারণ একটা পার্টিকে চেক করলেই হবে না, তার কাউনটার পার্টিকেও চেক করা দরকার। আর একটা কথা হচ্ছে, সমস্ত ম্যাসাজ ক্লিনিক বা ম্যাসাজ হোম বন্ধ করা হক, এদের রেজিষ্ট্রেশান বন্ধ না হলে পাপের স্রোত বন্ধ হবে না। ইন্সপেক্সন সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, এ সম্বন্ধে তারা যে ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থা আগে ছিল, কিন্তু তাতে কোনও ফল হয়নি। ইন্সপেক্সনে যে সমস্ত অফিসাররা যাবেন তাঁরা যদি তাঁদের ইউনিফরম পরে যান তাহ'লে আইনের আসল উদ্দেশ্য সফল হওয়া সম্ভব হবে না। তাঁদের উচিত সেই সমস্ত জায়গায় প্লেন ক্লোথ্সে যাওয়া, তাহ'লে এই সমস্ত পাপ কাজের যদি কিছু চেকের সম্ভাবনা থাকে। তা ছাড়া আমি আর একটা কথা বলতে চাই যে যাঁদের পারপাস্ হবে টু প্রিভেণ্ট ইম্মরাল তাঁরা যদি অপরাধীকে না ধরে নিজেরাই ঐ সমস্ত পাপ কাজে লিপ্ত হয়ে পড়েন, তাদের জন্য এই বিলটাতে যদি কোন শাস্তির ব্যবস্থা না থাকে,

[Sj. Rakhahari Chatterjee.]

তাহ'লে এই আইনের আসল উদ্দেশ্য সাধিত হবে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Nepal Chandra Roy:

মিঃ স্পীকার, স্যার; আপনি হয়ত জানেন যে আমাদের এই বিলটা হয়ত আনা হ'তনা যদি না আমাদের দেশে দ্বিতীয় মহাযুদ্ধ আসত। গত মহাযুদ্ধের আগে দেশের বড় বড় লোকেরাই জানত কোথায় ম্যাসাজ ক্লিনিক আছে, কিন্তু সাধারণ লোকেরা জানত না কলিকাতায় কোন জায়গায় এই সমস্ত আছে। কিন্তু বর্ত্তমানে কলকাতার অলিতে গলিতে এইরূপ প্রতিষ্ঠান দেখতে পাওয়া যায়। এটা ওয়েষ্টার্ণ কান্ট্রিকে নকল করে আমাদের দেশে হয়েছে। মিলিটারী ডিমাণ্ডের জন্য এই সব ম্যাসাজ ক্লিনিক হয়েছিল। তখন বিশেষ করে দেখা গেছে যে এংলো-ইণ্ডিয়ান মেয়েরা এই সব জায়গায় থাকত। খাঁটি ইউরোপিয়ান যারা ছিল তারা কিন্তু এই সব জায়গাকে একেবারে বয়কট করত। আমরা বিশেষ করে বাঙ্গালীরা এটাকে অত্যন্ত ঘৃণার বস্তু বলে মনে করতাম। কিন্তু আস্তে আস্তে দেখতে পাচ্ছি ১৯৪৬-৪৭ সাল থেকে এটা একেবারে দেশের মধ্যে ব্যাপকভাবে দেখা যাচ্ছে। কলিকাতা পুলিশের খতিয়ান দেখলে দেখা যাবে যে ২০০—৩০০ পর্য্যন্ত ম্যাসেজ ক্লিনিক কলিকাতার অলিতে গলিতে ছড়িয়ে আছে। বর্ত্তমানে মাননীয় রায় বিচু সাইন বোর্ড পালটে দিয়েছে বটে কিন্তু সেখানে ম্যাসেজ ক্লিনিকের কাজ রীতিমত ঠিকই হচ্ছে। এই সব জায়গায় রেটে এ্যাপয়েনমেণ্ট ঠিকই করছে, কেবল সাইন বোর্ড ভুলে দিলেই যে ডিফেক্ট বা ঐসব সার্কেল দল চলে যাবে না। সন্ধ্যার পর প্রত্যহ ঐসব জায়গায় রীতিমত পাপ ব্যবসা চলিতেছে। মাননীয় মন্ত্রী-মহাশয় যে বিলটা এনেছেন আমাদের প্রত্যেকের সমর্থন করা উচিত, আমিও এটাকে সমর্থন করব। আমার মনে হয় এই হাউসের মধ্যে একজনও নেই যিনি ঐ বিলটাকে সমর্থন করবেন না। নার্সের কাজ শিক্ষা দেওয়ার লোভ দেখিয়ে তারা মেয়েদের নিয়ে আসে। এখানে যেসব মেয়েরা আছে তাদের পারসেণ্টেজ নিয়ে দেখা যাবে যে এদের মধ্যে ভাল চেহারার মেয়েরাই বেশী, কারণ চেহারা ভাল না হ'লে তারা নেয়না। শুধু তাই নয়, স্যার; এইসব ম্যাসাজ ক্লিনিকের মালিকদের সঙ্গে রেগুলার কাষ্টমারদের এক রকম ব্যবস্থা আছে। সোসার পারসেণ্টেজ হচ্ছে ৫০ পারসেণ্ট। যে গেষ্ট যাবে তাকে আধ ঘণ্টায় পাঁচ টাকা মোট দিতে হবে। আর তা ছাড়া গেষ্টদের কাছ থেকে মেয়েদের এক্সট্রা রেমুনারেশান হিসাবে ৫০ পারসেণ্ট আদায় করতে হয়। যদি কোন মেয়ে সেই এক্সট্রা রেমুনারেশান না আদায় করতে পারে, তাহ'লে সেই মেয়েকে ২।১ মাস পরে বরখাস্ত করা হয়। এর জন্য দায়ী হচ্ছে কীপার অফ দি ম্যাসাজ ক্লিনিক।

[4-50—5 p.m.]

এইগুলিতে ভালভাবে কার্য্যক্রম যে চলে সে সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। কারণ আমরা দেখছি যে সেগুলির মধ্যে আস্তে আস্তে দু'একটা করে লাইসেন্স ক্যানসেল হচ্ছে। আমার মনে হয় যেভাবে ক্যাটাগেরী ভাগ করে দিয়েছেন যে পাসড নার্স হওয়া দরকার এবং আরো কতকগুলি ব্যবস্থা আছে যেগুলির আমি এখন অবতারণা কর্‌তে চাই না। এখানে দেখা যায় লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করেছেন কিন্তু এই লাইসেন্সওয়ালা ক্লিনিকগুলিকেও আমি সমর্থন করতে পারি না।

অতএব মেন কীপারকে বেশী করে শাস্তি দেওয়া উচিত।

আপনি হয়ত, স্যার, ভুলে যান নি খবরের কাগজে বেরিয়েছিল যে ম্যাসাজ ক্লিনিক্ হোমে যারা ধরা পড়েছিল তার মধ্যে বহু বড় বড় ও বিখ্যাত লোক ছিল। আমাদের রাখহরি বাবু যে কথা বললেন যে যারা সেখানে যায় এবং যারা এই সমস্ত ক্লিনিকের কীপার তাদের দু'জনকেই আইনত দণ্ড দেওয়া দরকার। বিশেষ করে যারা কীপার তাদের মাত্র পাঁচশো, সাতশো টাকা ফাইন করলে কিছুই হবে না, কারণ তারা দৈনিক দু'তিনশো টাকা করে কামায়। অতএব তাদের জেল দিতে হবে, এবং জেল দু'বছরের কম হ'লে চলবে না। দুই বৎসর জেলের যদি কম হয় তাহ'লে এই আইনকে কিছুতেই বলবৎ করতে পারবেন না। আপনারা নিশ্চয়ই ভুলে যাননি যে এই পুলিশ নিজেই Visitor of the massage clinic home. অতএব আমি বলবো কঙ্কালের লোভ বাচতে গেলে কিছুই থাকবে না।

দ্বিতীয় কথা বলবো, যে কথা রাখহরি বাবু বলেছেন যে পুলিশ প্লেন ড্রেসে এ ওর মধ্যে গেলে ভালও হ'তে পারে আবার মন্দও হতে পারে। যে কোন পুলিশ প্লেন ড্রেসে সেখানে গিয়ে ভিজিট করে টাকা নিতে পারে ও আমোদ প্রমোদ করতে পারে, তখন আমি তাকে বলবো সে পুলিশ নয়, ভিজিটার। অতএব পুলিশ যখন সেখানে যাবে তখন তাকে তার সাথে করে ইউনিফর্মড কনষ্টেবলকে নিয়ে যেতে হবে। অর্থাৎ সেখানে ইউনিফর্মড পুলিশ

যাওয়া উচিত, তা নাহ'লে সেখানে যাওয়ার পারপাস সার্ভড করবে না। তাদের ধরাও সম্ভব হবে না। কেউ কেউ এক দিকে বলছেন ম্যাসাজ হোম একেবারে তুলে দিলে ভাল হয়, আবার আর এক দিকে বলছেন এই সমস্ত ম্যাসাজ হোম থাকার ফলে বহু মেয়ে আজ তাদের খাওয়া পরার একটা সংস্থান করতে পারছে। কিন্তু আমার মতে এইভাবে যদি ম্যাসাজ ক্লিনিক হোম বাড়তে দেওয়া হয় তাহ'লে সমস্ত দেশের সর্বনাশ হবে। দেশের দরিদ্র নিরীহ মেয়েরা দারিদ্র্যের তাড়নায় কুপথে যাবে এবং আস্তে আস্তে সমস্ত দেশটা খারাপের দিকে এগিয়ে যাবে। বিশেষ করে, আপনারা জানেন এই কলিকাতার বুকের উপর যে রকমভাবে মহিলারা অসামাজিক কাজ করে জীবনযাত্রা নির্বাহ করেন, তা কম নয়। এ ছাড়াও বহু ভদ্রবেশী মহিলারা খারাপের দিকে যাচ্ছে। এটা শুধু আমার কথা নয়, বহু লোকই এটা জানেন।

ডাঃ অমূল্যধন বাবুরও এ সম্বন্ধে যথেষ্ট অভিজ্ঞতা আছে কারণ স্বাস্থ্যের উন্নতির জন্য, ভি, ভি, ক্লিনিক উনি করেছেন। গত যুদ্ধের পর থেকেই এটা যেন ব্যাপকভাবে দেখা যাচ্ছে। তাই ভি, ভি, যদি বন্ধ করতে হয় তাহ'লে সকলের এতে মত দেওয়া দরকার যাতে ম্যাসাজ ক্লিনিক্ না চলে। আমার বক্তব্য শেষ করবার আগে, আমি গভর্ণমেণ্টের স্বাস্থ্য বিভাগকে হুসিয়ার করে দিতে চাই—তাঁরা যদি এইগুলি কঠোরভাবে দমন না করেন; শুধু পুলিশের উপর ছেড়ে দিতে চান, তাহ'লে কিছুই হবে না। স্বাস্থ্য বিভাগকে অগ্রণী হয়ে ভার নিতে হবে; যাতে করে তাঁরাই ঐ সমস্ত চরিত্রহীন লোকগুলিকে স্যায়েস্তা করতে পারেন এবং তারজন্য ডাঃ অমূল্য বাবুকে বিশেষ ক্ষমতা দেবার ব্যবস্থা করি উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, we lend our support to this Bill, but, while doing so, we also remark, as has been very rightly remarked by Sjkta. Manikuntala Sen that the provisions for punishment for this offence are very inadequate. Sir, in the original Act the punishment has been given as "on conviction for a first offence, punishable with imprisonment for a term which may extend to one year or with fine which may extend to Rs. 500 or with both". In case there was repetition of this offence, the punishment was three years' imprisonment or fine which may extend to Rs. 1,000 or both. Sir, the alternative punishment of levying fines is also, in my opinion, inadequate. Sir, it should be rigorous imprisonment of not less than two years so far as the first offence is concerned and with regard to subsequent offences it should be rigorous imprisonment for three years with a fine of Rs. 2,000 and, so far as the first offence is concerned, a fine of Rs. 1,000. There is no such amendment and I would request you to kindly permit me to give a short-notice amendment—a verbal amendment—that may be moved by the Government Whip, as is usually done, I want to add the word "rigorous" before the word "imprisonment"—rigorous imprisonment for a term of two years.

Mr. Speaker: Draft the amendment and send it to me.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: That is all that I want. There should be heavy punishment and it should be rigidly enforced.

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I have moved that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st July, 1954. Of course, it is admitted on all hands that massage clinics have become a veritable nuisance in the city of Calcutta and certain other places. It is a great menace to the health and order of society and, therefore, these massage clinics should be checked by all means. Of course, it has been admitted by the Minister himself that the original Act is not sufficient for the purpose of adequately dealing with this social evil. Therefore, he has asked for certain other powers in the shape of some amendments, but I submit, Sir, that reading these amendments, I am still of opinion that these amendments also would not make the Act sufficiently drastic and potent. The law should be made much more drastic and much more fundamental.

[Sj. Tarapada Bandopadhyay.]

Sir, playing upon the ignorance and distress of unsophisticated women, some designing and dishonest people are making them live lives of shame. It is a very bad thing. We have in this country specially an exalted sense of the honour of women and, therefore, we cannot tolerate such things going on in any shape or form. By these amendments—it may be said that these amendments are rather curative than preventive—some additional powers have been given to policemen to pay surprise visits to the clinics and to see what is happening there for themselves and to take some measures under the provisions of this amending Bill. But I should say that the law should aim at making the very starting of such clinics almost impossible. We must be very strict in allowing anybody to start clinics like these. Only eminent doctors and physicians who have a good deal of reputation about honesty—they and they alone should, in exceptional circumstances be allowed to start clinics like these. Their aim should primarily and for all practical purposes be to cure diseases by massaging, if there be a science like this; but I see, Sir, there has not been made any provision like that. My friends have already submitted that the punishment that has been proposed in this amending Bill is very inadequate and is not sufficiently deterrent. Therefore, the punishment also should be made sufficiently drastic.

[5—5-10 p.m.]

Therefore this Bill should be circulated for public opinion. Well, Sir, it was said that most of us are ignorant of the inside story of the massage clinics. I do not know whether any friend of mine on the other side has any knowledge of the inside story of these clinics, but we may say that we have no knowledge of these clinics. There may be many men round about us who may have knowledge of the inside story of these clinics, who may know perfectly well what nuisance is happening there. We have just now no sufficient data before us to deal with these clinics. In order to collect sufficient data which may be taken into consideration by us at the time of framing a full-fledged, sufficiently drastic, strict and deterrent Bill, Sir, it should be circulated for public opinion. We should wait for sometime. Of course we should wait only for a short time. I have said that it may be circulated till 31st July. If the Government so want it, the time may be minimised, and it may be 30th June or 31st May. But let us find out and collect data, so that once for all we may adequately and sufficiently deal with this social evil and cut at the root of this social evil.

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্বন্ধে অনেক বক্তা অনেক কিছুই বলেছেন, আমি বিশেষ কিছুই বলবো না——,—একটা কথা বলবো যে এই বিলটা অল-ইণ্ডিয়া ইনষ্টিটিউট অফ মেডিক্যাল কাউনসিলএ পাঠান উচিত, এবং তাদের ওপিনিয়ন নেওয়া উচিত। কারণ আমাদের এ সম্বন্ধে বিশেষ জ্ঞান নাই। তবে আর একটা কথা আমি বলতে চাই যে এই সমস্ত ম্যাসেজ ক্লিনিকে যদি আমরা আইন করে দিই যে কোন মেয়েছেলে কাজ করতে পারবে না তাহ'লে আর কোন গোলমাল হবে না। কারণ মেয়েরা এর ভিতরে আছে বলেই যত গণ্ডগোল এবং কেলেঙ্কারি। তা যদি আপনারা না করেন তাহ'লে এটা অল-ইণ্ডিয়া ইনষ্টিটিউট অফ মেডিক্যাল কাউনসিলএর কাছে পাঠান এবং তাদের মতামত গ্রহণ করুন এই আমার বক্তব্য।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I am glad that almost every section of the House is behind this Bill in its passage.

The main points that have been raised are about punishment. Of course there are provisions for punishment. If you look into the genesis why this Bill was originally passed, you will find that there were number of places in the city of Calcutta, which were running as massage or bath clinics. The Government were alert that this should stop; and in order to eradicate this

anti-social evil the police were let loose. Several houses were searched, and several persons were hauled up and placed before the Court of law. Unfortunately, there was no provision in the existing law to convict them, and they all escaped. After that in 1950 this Act was passed. It was the belief of the Government that possibly with the passage of the Bill the public opinion will centre round the obnoxious features of the operation of these clinics, and it will be a question of time when it will be stopped, but unfortunately the experience of Government has been otherwise. Since I have taken over, I have deputed officers of the Health Directorate on specific days with the help of the police to visit these places, and whenever there had been any breach of the provisions of the law licences were cancelled. Even then the same persons whose licences were cancelled took another address and carried on the business, and they were prosecuted. So far 152 prosecutions have been launched against individuals who were running these so-called clinics. Of them, 75 have been convicted, and the other cases are still pending. You must have seen, and those who are familiar with the conditions of life know, that formerly only a fine was imposed ranging between Rs. 50 and 250 to 300. Subsequently, the Magistrates took rather serious notice of these social evils, and they are inflicting imprisonments on the persons who are found guilty of violating the rules. We have provided that in addition to the owners the workers should be apprehended, because our experience was that there were a number of persons who, when prosecuted, pleaded that they were not the owners but were mere employees. In the original Act there was no provision to apprehend the employees. That is why to do away with that loophole in the Act to prosecute the employees new provision has been made.

Another very important feature—probably that has not escaped the notice of you, Sir, is that those who will go to work in these clinics knowing that the institution is not licenced will also come under the operation of the Act. I am positive that this will scare away the unfortunate victims who fall easy prey to the pests of the society who lure these girls and they should be brought to book. After the Clinical Establishments Act was passed, we received 80 applications for licence, and you will be glad to know, Sir, that 77 applications have been rejected, because they did not fulfil some of the conditions, and only three cases are there with proper license. In five other cases licences were allowed. But on subsequent surprise visits not only by the police but with officers of the Medical Directorate breaches of the rules were observed, and their licences have been cancelled.

Sir, some remarks have been made against the police. Whenever the police went to see whether the licensed clinics were carrying on normal duties or not, officers of the Medical Department accompanied them, because they were the persons who could find out whether the provisions provided in the law were being rigidly followed. But unfortunately, at the present moment, under the law as it stands, any officer, however highly placed, either in the Medical Department or any other department, has no power to apprehend the law breaker. They have to take the aid of the police. It may be that there may be some members who have grievances against the police, but I do not think that all police officers come under the same category. There are honest officers; there are diligent officers, and there are trustworthy and reliable officers, and I think that so long as law and order has got to be maintained the police force will be there, and their aid will have to be invoked. Therefore, I feel, Sir, that this Bill should be accepted by the House without much of opposition.

With these words, Sir, I commend my motion.

Sj. Tarapada Bandopadhyay: Sir, in view of the Hon'ble Minister's assurance I beg to withdraw my motion.

Sj. Rakhahari Chatterjee: Sir, I too want to withdraw my motions.

Sj. Madan Mohon Khan: Sir, I also want to withdraw my motions.

The motion of Sj. Tarapada Bandopadhyay that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1954, was then by leave of the House withdrawn.

The motions of Sj. Rakhahari Chatterjee that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon (i) by the 20th June, 1954 and (ii) by the 30th April, 1954, were then by leave of the House withdrawn.

The motion of Sj. Madan Mohon Khan that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th April, 1954, was then by leave of the House withdrawn.

The motion of Sj. Madan Mohon Khan that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting the opinion of the All-Indian Medical Council (Bengal) by the 14th April, 1954, was then by leave of the House withdrawn.

The motion of the Hon'ble Dr. Amulyadhan Mukharji that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 2, in the proposed clause (*e*), lines 3 and 4, the words "or similar work" be omitted.

Sir, the words "or similar work" are very vague. During the trial it will create complications. I think, Sir, the language should be as clear as possible, and therefore I think these words should be omitted.

Sj. Kripa Sindhu Shaw: Sir, I move that in clause 2, in the proposed clause (*e*), in lines 4-9, the words beginning with "for the purpose" and ending with "in this clause" be omitted.

[5-10—5-20 p.m.]

Mr. Speaker, Sir, in the Statement of Objects and Reasons it is stated that the Bill seeks to prevent the clinical establishments from being used for immoral purposes, and so there is no justification for adding the words "or for the purpose of treatment of diseases or of infirmity or for improvement of health, or for the purpose of relaxation or for any other purpose whatsoever, whether or not analogous to the purposes hereinbefore mentioned in the clause". I would request the Hon'ble Minister to accept my amendment and to delete this portion.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I have heard the amendments. I do not think there is any reason for accepting them. I have explained that while proceeding with legislation and carrying out the provisions of the law, difficulties have been experienced. Some other institution in some other form might crop up to escape the penalties of the law. That is why we have made it very wide. We wanted to have wide powers so that no one under any shape or form can escape the provisions of the law.

Therefore, I oppose the amendments.

The motion of Sj. Probodh Dutt that in clause 2, in the proposed clause (*e*), lines 3 and 4, the words "or similar work" be omitted, was then put and lost.

The motion of Sj. Kripa Sindhu Shaw that in clause 2, in the proposed clause (*e*), in lines 4-9, the words beginning with "for the purpose" and ending with "in this clause" be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 3, in proviso to section 4(3) of the Act, in line 3, after the words "showing cause" the words "and of adducing evidence, if necessary" be inserted.

এ ব্যাপারে যে সমস্ত এপ্লিকেশন আসবে রেজিষ্ট্রেসনএর জন্য তাদের সামারিলি রিজেক্ট না করে অপরচুনিটি দেওয়া উচিত কারণ দর্শাবার জন্য। সে জন্য আমি

after the words "showing cause", "and of adducing evidence, if necessary".

এটা ইনসার্ট করতে বলছি।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I do not think, Sir, that it is at all necessary. There will be ample opportunity for one whose application will be rejected to substantiate his case before the Licensing Authority. Therefore, I do not think there is any reason why I should accept this amendment. I oppose it.

The motion of Sj. Probodh Dutt that in clause 3, in the proposed proviso to section 4(3) of the Act, in line 3, after the words "showing cause" the words "and of adducing evidence, if necessary" be inserted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 4, in line 5, after the words "showing cause" the words "within seven days of the notice served to the effect", be inserted.

স্যার, আমার এ্যামণ্ডমেণ্ট যা দেওয়া আছে তাতে বলা আছে

after the words "showing cause", the words "within seven days of the notice served to the effect" এটা ইনসার্ট করা হোক। এই শোইং কজ লেখার মধ্যে কোন টাইম লিমিট দিয়া করা হয়নি, কত দিনে কারণ দর্শাতে হবে। সে ব্যবস্থা নাই। এজন্য আমি বলেছি ৭ দিনের মধ্যে। কারণ এভাবে তাদের তাড়াতাড়ি কৈফিয়ৎ দিতে বাধ্য করা হবে এবং এত কম সময় পাবে যে তাতে কোন ষড়যন্ত্র আবিষ্কার করতে পারবে না বা আইনের কোন সুযোগে ফাঁকি দিয়ার চেষ্টা করতে পারবে না। সুতরাং যাতে এটা তাড়াতাড়ি কৈফিয়ৎ দেওয়া হয় সেজন্য ৭ দিনের মধ্যে করতে বলেছি। একটা কথা বলবার আছে—এটা এমন একটা সামাজিক কলঙ্ক স্বরূপে দাঁড়িয়েছে—এ ডিসিজিজ একেবারে বাদ দিলে ভাল হ'ত।

Mr. Speaker:

খার্ড রীডিংএ বলবেন।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I do not think, Sir, that such short notices will suffice because the notices have got to be served and I do not think such rigid rules should be allowed. It might be questioned by one who is going to be affected. Therefore, I do not agree to accept the amendment.

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 4, in line 5, after the words "showing cause" the words "within seven days of the notice served to the effect", be inserted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 5, in the proposed section 6-(*1*), in line 3, after the words "State Government" the words "not below the rank of a Gazetted Officer and" be inserted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 5, in the proposed section 6(*1*)(*a*), in line 1, for the words "or by" the word "and" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 5, in the proposed section 6(*1*)(*b*), in lines 7-8, for the words "as long as he thinks it necessary to do so" the words "two months" be substituted.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 5, after the proposed clause 6(*1*)(*c*), the following be added, namely:—

"(*d*) the officer referred to in clause 5 should do his functions referred to in clause 1(*a*), (*b*), (*c*) in the presence of at least two reliable local men."

Dr. Atindra Nath Bose: Sir, I beg to move that in clause 5, in the proposed section 6(*2*), in line 4, the words "or reckless" be omitted.

Sj. Jnanendra Kumar Chaudhury:

স্যার, আমার যে এ্যামেণ্ডমেণ্ট সেখানে আমি বলছি এই অফিসার হবে

not below the rank of a gazetted officer.

কেন না আমরা দেখতে পাচ্ছি যদিও মন্ত্রীমহাশয় বলেছেন যে পুলিশের মধ্যে সৎ কর্মচারীও আছে কিন্তু আমরা জানি তাদের অসৎ কর্মচারীর সংখ্যাই বেশী—উপরেও বেশী, নীচেও বেশী—সর্বত্রই বেশী—এই পুলিশ কর্মচারীর উপর যদি চার্জ করবার ভার দেওয়া হয় তাহ'লে ঘুষ নিয়ে হয়ত তাদের ছেড়ে দেবে। সুতরাং বাই এনি অফিসার কথাটি ডেগ থেকে যাচ্ছে। সেজন্য অনেক সময় যেমন ঘুষ ট্রাপ করে ধরা হয়--একজন ডেপুটি ম্যাজিষ্ট্রেটের বা ম্যাজিষ্ট্রেটএর সই করা নোট দ্বারা লুক্কায়িতভাবে থেকে তারা ধরেন তেমনি এখানে বলছি একজন গেজেটেড অফিসার হলেই ভাল হয়, তাহলে ঘুষ খেয়ে ছেড়ে দেবে না। এবং এ সম্বন্ধে বাইরের লোকেরও কোন আপত্তি থাকতে পারবে না যে অযথা ধরা হয়েছে।

সম্প্রতি সংবাদ পত্রে দেখেছি খড়গপুরে আর্মড পুলিসএর কোয়ার্টার্সএ একটা চোলাই মদের কারখানা বেরিয়েছে এবং সেই কারখানা থেকে বহু চোলাই মদের যন্ত্রপাতি ও ইন্ট্রিগ্যাল মদ বেরিয়েছে। যেখান থেকে চোলাই মদ বেরিয়েছে সেটা হচ্ছে—

Armed Police quarters, Kharagpur.

তাই দেখুন এদের হাতে ছেড়ে দিলে কি দুর্গতি হয়? সেজন্য আমি একজন গেজেটেড অফিসার-এর কথাই বলেছি।

(A voice from the Congress Bench: আপনিতো সবাইকে ঘুষখোর বলছেন।)

No, no, I did not say that.

(এ ভয়েস : না, আপনি বলেছেন—উপরেও বেশী এবং নীচেও বেশী।)

Mr. Speaker: Please do not argue.

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমার অন্য এ্যামেণ্ডমেণ্টের উদ্দেশ্য যে কাগজপত্র নিয়ে যাবেন যখন সার্চ করবার জন্য তখন তিনি রাখতে পারবেন ম্যাক্সিমাম দু'মাস পর্য্যন্ত। যত দিন ইচ্ছা রাখতে দেয়াটা যুক্তিযুক্ত হবে না। এই হচ্ছে আমার এই এমণ্ডমেণ্টের উদ্দেশ্য।

Dr. Krishna Chandra Satpathi:

এখানে বলা হয়েছে বাই নাইট্ অব বাই ডে। তার বাংলা মানে হচ্ছে দিনে অথবা রাত্রে। আমি বলতে চাচ্ছি দিন রাত্রে এবং যে কোন সময় যাবার দরকার হবে তখনই ইন্সপেক্সন করতে পারবেন। কারণ যদি এটা থেকে যায় রাত্রে অথবা দিনে তাহ'লে দিনে বা রাত্রে একবার যদি ইন্সপেক্সন হয়, হয়ত দ্বিতীয় বার ইন্সপেকশন করতে পারবেন না। এইরকম একটা আইনের সুযোগ সুবিধা নেবার চেষ্টা হতে পারে। সেইজন্য আমি বলছি "অর" তুলে দিয়ে "এণ্ড" যোগ করে দেয়া হোক।

[5-20—5-30 p.m.]

Sj. Probodh Dutt:

আমি জানছি যদিও এটা অরণ্যে রোদন হবে তবু "ফর ডিউটিস সেক" আমি এটা মুভ করছি। বিশ্বাসযোগ্য স্থানীয় লোকের দ্বারা হ'লে ভাল হয়। ফাণ্ডামেণ্টাল প্রিন্সিপাল্ অফ্ ল হচ্ছে, কেস কণ্ডাক্টেড্ হবার বেলায় ইণ্ডিপেণ্ডেণ্ট উইট্নেস হওয়া চাই, ভাল দু'জন রিলায়েবল্ ইণ্ডিপেণ্ডেণ্ট উইট্নেস হলে পুলিসেরও হেল্প হবে। তাছাড়া অনেক সময় দেখা যায় অফিসাররা নানা কারণে কেস্ হাস্ আপ

করে দেন। কিন্তু যদি স্থানীয় ভাল লোক সাক্ষী থাকেন তাহ'লে তা করা সহজ হবে না। সেই জন্য ফর্ম দি সেক অব বেটার জাষ্টিস্

in the presence of 2 reliable witnesses

কথাগুলি ইন্সার্ট করলে ভাল হয় এবং তাহ'লেই better justice will be done.

Dr. Atindra Nath Bose: My case is for the omission of the words "or reckless" in sub-clause (*2*) of clause 5. It is quite intelligible and also proper that one making a false statement or trying to suppress truth should be prosecuted, but I do not understand why the word "reckless" also has been put here as an alternative. According to the Oxford Dictionary "reckless" means "regardless of consequences, heedless of danger". Suppose for instance, a man is guilty; a confession of guilt will obviously lead him to danger. If he makes a confession it becomes a reckless statement. So, does it mean one who will confess a guilt and invite prosecution—does this mean to cover that exigency? I think these two words instead of being rather complementary may become contradictory and the word "false" is good enough to cover the purpose for which the sub-clause is meant. So, I shall request the Hon'ble Minister to accept this amendment and drop the words "or reckless".

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I have listened to the speeches. I do not think that there will be any occasion for regret if we allow the offences to come under the cognisable provisions of the Criminal Procedure Code. There is ample provision for safeguarding public interest when the police officers take cognisance of any provision of the Act under clause 6 of the Bill. Before undertaking search or inspection of the premises, as a rule they will have to call upon two or more respectable inhabitants of the locality to be present at the time in accordance with provisions of 103 read with Article 105 of the Criminal Procedure Code, 1898. I do not, therefore, think there is any necessity for omitting the clause because police officers will go and not apprehend the persons as not tenable. Sir, Dr. Bose has said that "reckless" should be omitted. To make a false statement and to make a statement which is of a reckless character cannot be branded together under the same category. Therefore, it has deliberately been introduced so that one might not escape the provision of the law by making a reckless statement.

Dr. Atindra Nath Bose: What is meant by this word?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: He may implicate somebody else and try to escape. He may say, "I was not here, I came in as a casual visitor". That is the kind of statement we do not want to have.

Dr. Atindra Nath Bose: Is that meant by the word "reckless"?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Well, you have said irresponsible statements implicating others and other factors. So far as we can ascertain, that will meet the ends of justice.

With these words, Sir, I oppose the amendments.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 5, in the proposed section 6(*1*), in line 3, after the words "State Government" the words "not below the rank of a Gazetted Officer and" be inserted was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 5, in the proposed section 6(*1*)(*a*), in line 1, for the words "or by" the word "and" be substituted was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 5, in the proposed section 6(*1*)(*b*), in lines 7-8, for the words "as long as he thinks it necessary to do so" the words "two months" be substituted was then put and lost.

[Dr. Amulyadhan Mukharji.]

The motion of Sj. Probodh Dutt that in clause 5, after the proposed clause 6(1)(c), the following be added, namely:—

"(d) the officer referred to in clause 5 should do his functions referred to in clause 1(a), (b), (c) in the presence of at least two reliable local men."

was then put and lost.

The motion of Dr. Atindra Nath Bose that in clause 5, in the proposed section 6(2), in line 4, the words "or reckless" be omitted was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 6 in the proposed section 7A, lines 1 to 6, for the words "who knowingly serves in a clinical establishment which is not duly registered and licensed under this Act or which is used for immoral purposes" the words "who serves in a clinical establishment fully knowing or having reason to believe that it is not duly registered and licensed under this Act, or it is used for immoral purposes" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 6 in the proposed section 7A, in line 8, for the words "five hundred" the words "one thousand" be substituted.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 6, in the proposed section 7A, in line 8 after the words "five hundred rupees" the words "or with simple imprisonment extending up to three months or both" be inserted.

Sj. Jatish Ghosh: Sir, I beg to move that in clause 6 in the proposed section 7A, in line 8, after the words "hundred rupees" the words "or rigorous imprisonment not exceeding six months or both" be inserted.

Sj. Rakhahari Chatterjee: Sir, I beg to move that in clause 6, in the proposed section 7B, in line 2, after figure and letter "7A" the figure and letters "7AA" be inserted.

Sj. Probodh Dutt:

আমার এ্যামেণ্ডমেণ্টের উদ্দেশ্য হচ্ছে, অনেক সময় নলেজ প্রমাণ করার অসুবিধা হয় এবং রিয়াল্ কালপ্রিট্ যারা তারা এস্কেপ্ করে যায়, আমার এইটে যদি থাকে তাহ'লে রিয়াল কালপ্রিট্ এস্কেপ্ করতে পারবে না, সেইজন্য ইন্ দি ইণ্টারয়েষ্ট অফ্ জাষ্টিস্ এটা থাকা দরকার।

Dr. Krishna Chandra Satpathi:

যা আছে তাতে প্রাথমিকরূপ অপরাধীর মাত্র ৫০৲ টাকা ফাইন করা হবে—এই পর্য্যন্ত বিলে উল্লেখ করা হয়েছে। এটা অপরাধের তুলনায় অত্যন্ত লঘু দণ্ড। বিশেষতঃ কলকাতার মত সহরে এই রকম অপরাধকারীর যেখানে সংখ্যা অধিক, এবং যেখানে ধনী ব্যক্তির অভাব নাই, সেখানে ৫০৲ টাকা একটা দণ্ডই নয়। সেই জন্য আমি বলছি ৫০৲ টাকার জায়গায় ১০০০৲ টাকা করা হোক।

Sj. Tarapada Bandopadhyay: Section 7A provides "Any person who knowingly serves in a clinical establishment which is not duly registered and licensed under this Act or which is used for immoral purposes shall be guilty of an offence and shall be punishable with fine which may extend to five hundred rupees." I think, Sir, that it is inadequate, specially, money fine may not be sufficiently deterrent. Therefore I have proposed that it should lie in the discretion of the Trying Magistrate either to punish him with simple fine or with simple imprisonment extending up to three months or with both. I should say if a punishment like this is also provided for, if imprisonment is provided for—imprisonment is certainly more deterrent than simple fine—then, Sir, persons will be prevented from getting themselves employed in such nasty things or nasty places, namely, the massage clinics.

[5-30—5-40 p.m.]

Sj. Jatish Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন এতে সমাজের কোন উপকার হবে না, কারণ আসল উদ্দেশ্য দুর্নীতি ও পাপ ব্যবসা বন্ধ হবে না। বরং লাইসেন্স দিয়ে পাপ ব্যবসা চালানর সুযোগই দেওয়া হয়েছে। অধিকন্তু ৫০০ শত টাকা জরিমানা দিয়ে অনেক বিত্তশালী আইনকে ফাঁকি দিবে কিন্তু যদি সেখানে অন্ততঃ ৬ মাস সশ্রম কারাবাস।

(rigorous imprisonment)

ব্যবস্থা থাকে তাহলে অনেক লোকের সম্মানে আঘাত লাগার ভয় থাকবে।

স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী-মহাশয়কে আবেদন করছি, ঐ পাপ ব্যবসা বন্ধ করে বিলে ৫০০ শত টাকা জরিমানা এবং ৬ মাস সশ্রম কারাবাস—দুইয়ের ব্যবস্থা রাখুন।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফৎ আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে, ফাইনটা খুব কম করা হয়েছে ৫০০ টাকা। এই ৫০০ টাকা না করে, ৫,০০০ টাকা করা হ'ক। যারা এই সমস্ত খারাপ কাজ করতে পারে তাদের কাছে ৫০০ টাকা খুব অল্প। তাতে তাদের কিছু হবে না। ৫০০ টাকা কেন, ৫,০০০ টাকা করা উচিত। একথা বলে আমি আমার এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করতে বলছি।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I think that if my lawyer friends do not come to the rescue of the offenders who violate the provisions of the Act and are likely to come before the Courts of law to infuse wisdom in them to take recourse to this or that privilege—I am sure we will be able to convict the persons who are hauled up before the courts of law. I am only afraid of the intricacies of legal acumen that are displaced inside this House and also outside not in the interest of law and order but in the interest of disorder. I do not think that a mere enhancement of the punishment, be it rigorous or thousands and thousands of rupees' fine will improve the situation. If the attitude that has been taken by the members present here is reflected on the public outside, I am sure we will be able to stamp out this menace from this land of ours.

With these words, Sir, I oppose all the amendments.

The motion of Sj. Probodh Dutt that in clause 6, in the proposed section 7A, lines 1 to 6, for the words "who knowingly serves in a clinical establishment which is not duly registered and licensed under this Act or which is used for immoral purposes" the words "who serves in a clinical establishment fully knowing or having reason to believe that it is not duly registered and licensed under this Act, or it is used for immoral purposes" be substituted, was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 6 in the proposed section 7A, in line 8, for the words "five hundred" the words "one thousand" be substituted, was then put and lost.

The motion of Sj. Tarapada Bandopadhyay that in clause 6, in the proposed section 7A, in line 8 after the words "five hundred rupees" the words "or with simple imprisonment extending up to three months or both" be inserted, was then put and lost.

The motion of Sj. Jatish Ghosh that in clause 6 in the proposed section 7A, in line 8, after the words "hundred rupees" the words "or rigorous imprisonment not exceeding six months or both" be inserted, was then put and lost.

The motion of Sj. Rakhahari Chatterjee that in clause 6, in the proposed section 7B, in line 2, after figure and letter "7A" the figure and letters "7AA" be inserted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that after clause 7 the following be added, namely:—

> "no female nurse or female registered medical practitioner or any female be appointed or owner."

[Sj. Madan Mohon Khan.]

Sir, I also move that after clause 7, the following be added, namely:—

"(f) no female should be allowed to work, to manage any clinic."

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফৎ আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই আমাদের ম্যাসাজ ক্লিনিকের এই যে বিলটা আনা হয়েছে, তাতে দেখতে হবে যে ব্যবসায়ীগণ যাতে চরিত্রবান হ'ন এবং তাদের ব্যবসাতে যাতে আমাদের দেশের মেয়েরা যেতে না পারে। সেজন্য বলছি ডাক্তার হ'ন বা যেই হ'ন সেখানে লাইসেন্স থাক বা না থাক কোন মেয়েকে ম্যাসেজ ক্লিনিকে ব্যবসা বা চাকুরী করতে দেওয়া হবে না, এটাই এই আইনে রাখা হক।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I am opposed to this on a matter of principle. If we have qualified ladies I do not want to preclude them from coming to the nursing homes or clinics to exercise their knowledge on needy patients. By that means I do not want to exclude a particular section of the community, and probably the Constitution might be affected by way of encroaching upon the fundamental rights of the womanhood of this country of ours if we want to shut them out from authorised and legal institutions.

The motion of Sj. Madan Mohan Khan that after clause 7 the following be added, namely:—

"no female nurse or female registered medical practitioner or any female be appointed or owner."

was then put and lost.

The motion of Sj. Madan Mohon Khan that after clause 7, the following be added, namely:—

"(f) no female should be allowed to work, to manage any clinic."

was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 8.

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 9.

The question that clause 9 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, what happened to my amendment?

Mr. Speaker: I have ruled that out of order when you were not here. You want to amend section 7 of the original Act. But this is an amending Bill, and section 7 of the original Act is not open to amendment.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, as settled in the Assembly, be passed.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, all sections of this House welcomed this Bill little knowing the loopholes that were left out. Only by a deterrent punishment a massage clinic could be stopped. Had the Government really been serious about it, I cannot follow how could they overlook the loopholes when they brought forward so many amendments. The real amendment is as to the punishment. The previous punishment has been kept intact, where there is alternative punishment which may extend to one year or fine which may extend to Rs. 500. So, Sir, in spite of advocating great measures and telling us that by these measures we would be able to wipe out this vice from this country we find that it will not really serve the purpose for which it is being introduced into this House. There has been a suggestion, Sir, about Rs. 500 fine for

those who may be misled into the clinics for immoral purposes. They are not the real offenders; we cannot call them offenders. Any heavier punishment on them we do not approve. But the persons who are actually leading these innocent girls to the massage clinics for immoral purposes have been left with practically the same punishment as has been introduced for innocent girls, i.e, fine of Rs. 500. Sir, I think that the Government will come forward with another amending Bill, as you say that my amendment is out of order, just to show that they are really serious about it.

[5-40—6-5 p.m]

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার নিজের অজ্ঞতা স্বীকার করছি। কলিকাতাতে আসা-যাওয়া করছি অনেক বছর হ'ল, কিন্তু, এই রকম যে একটা ঘটনা কলিকাতার বুকের উপর চলেছে, সেটা আজকে জানলাম, এর পূর্ব মুহূর্তেও আমার ধারনা ছিল না। (হাস্য রোল) এখন যদি আমাদের রাষ্ট্রকে কল্যাণময় করতে হয় তাহ'লে আমাদের সকলের সমবেত চেষ্টায় এর মূলচ্ছেদ করা উচিত, এবং তা করতে না পারলে আমাদের যে স্বাধীন রাষ্ট্র তাকে রক্ষা করা যাবে না ও এই রাষ্ট্র অত্যন্ত বিপন্ন হয়ে পড়বে। এ সম্বন্ধে আমার অজ্ঞতা স্বীকার করছি এবং সকলকে অনুরোধ করছি যেকোনরকম ভাবেই হোক একে একেবারে বন্ধ করবার জন্য ব্যবস্থা করা হোক। এটাকে বন্ধ করতেই হবে এবং যে সমস্ত মেয়েরা এখানে কাজ করছিল তাদের একটা তালিকা তৈরী করা উচিত। কতগুলি মেয়ে এইভাবে বিপথে গিয়েছে এবং কতগুলিকে বাধ্য করে বিপথে নিয়ে যাওয়া হয়েছে, এবং তাদের কি করে রক্ষা করা যায় তা দেখা দরকার। হয়ত প্রশ্ন উঠবে এদের ব্যবসা বন্ধ করে দিলে এরা খাবে কি? সুতরাং কিভাবে তাদের খাবারের বন্দোবস্ত করা যায় সেটা দেখতে হবে। আমাদের দেশের কি অবস্থা, আজ আমরা কোথায় গিয়ে দাঁড়িয়েছি, সকল বিষয় চিন্তা করে, যাতে ভাল করতে পারি তার চেষ্টা করতে হবে। সমস্ত দেশের সেন্সাস নিয়ে ঠিক করতে হবে, কি করে এটাকে ভাল করা যায়।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই আইনটি অত্যন্ত জনকল্যাণমূলক বলে আমি মনে করি, এবং এর প্রথম আলোচনাকালে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় খুব দরদ সহকারে আলোচনা করলেন কিন্তু শেষকালে আমাদের সংশোধনী প্রস্তাব যা ছিল তার উত্তরে মন্ত্রীমহাশয় মৌলিক অধিকার নিয়ে যা বলেছেন তাতে আমি অত্যন্ত ব্যথিত হলাম। কারণ, এই মৌলিক অধিকারের কথা যদি ওঠে তাহ'লে এই আইন করবার কোন প্রয়োজনই ছিল না, এবং তার বিধান রয়েছে। মেয়েদের জন্য এ কথা চলে না, যেখানে এই

fundamental rights guaranteed

এর কথা আছে সেখানে সেই বেঠ্রাঞ্জন ইমপোজ হচ্ছে। কিন্তু এই কথা বলার জন্য আমি দুঃখিত হলাম। এছাড়া আর বাকী যে সমস্ত প্রোভিসন করেছেন তা খুব ভালই হয়েছে। একে ওয়ার্ক আউট যেন করা হয়। তাঁরা একটা বিষয় বলেছেন যে শুধু পুলিশের উপর নির্ভর করবেন না, তাদের সঙ্গে হেলথ ডিপার্টমেণ্টএর লোক যাবে, এটা খুব ভাল কথা।

আমি এ কথা বলছি না যে, সে সমস্ত শিক্ষিতা মহিলা, যাঁরা নার্সিং ট্রেনিং নিয়েছেন তাদের এখানে কোন কাজ করতে বারন করছি। যেখানে সত্যিকারের নার্সিং হোম রয়েছে উপযুক্ত ডাক্তারের অধীনে মেটার্নিটি কিম্বা এক্স'রে ক্লিনিক সেখানে তাঁরা কাজ করুন, তাতে বলবার কিছু নেই। কিন্তু সত্যিকারের আপত্তি হচ্ছে সেখানে, যেখানে ম্যাসাজ হোমএর ভিতর দিয়ে নানারকম অনন্যাচারাল কাজ চলে, এবং যে জন্য এটাকে আইন করে সংশোধন করবার প্রয়োজন হয়েছে। এবং এইটার মূলে আঘাত দেওয়া উচিত, যাতে কোন ম্যাসাজ হোম-এ আর নারী নিয়োগ করা না চলতে পারে। আজ যদি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় একটু দরদ দিয়ে চিন্তা করে দেখেন তাহ'লে নিশ্চয়ই সব ভাল হবে।

তারপর আর একটা কথা বলতে চাই, আমাদের ভারতবর্ষটাকে পৃথিবীর অন্যান্য দেশ বা ইংলণ্ডের সঙ্গে তুলনা করবেন না, কারণ সেখানকার সামাজিক ব্যবস্থা, রীতিনীতি অন্য রকম, যাকে আজকাল প্রগতি বলা চলে। কিন্তু সেই প্রগতি মানে এ নয়, যে যা ইচ্ছা তাই করবেন। সুতরাং এই রকম কাণ্ডারমেণ্টাল রাইটএর কথা না তুলে, যাতে আমাদের দেশের মেয়েরা এই সমস্ত ম্যাসাজ হোমএ নিযুক্ত না হতে পারে তার ব্যবস্থা করুন।

Sj. Dasarathi Tah:

অধ্যক্ষ মহোদয়, আজকে এই যে বহু আলোচনা হ'ল, কিন্তু দেখছি এর মধ্যে আবার এ্যামাণ্ডমেণ্ট আনা হ'ল কেন তা আমি বুঝতে পারছি না।

[Sj. Dasarathi Tah.]

আমাদের সামনে এই যে বিল উপস্থিত করা হয়েছে মন্ত্রীমহোদয় এটার কেন বীজ আবার রাখছেন তা বুঝতে পারছি না। এটাকে একেবারে তুলে দিলে আপদ চুকে যেত, কারণ সত্যিসত্যিই যদি এটা তুলে দেবার উদ্দেশ্য থাকে। এবিষয় নানান রকম আলোচনা হচ্ছে। মেয়েদের ব্যক্তিস্বাধীনতার অভাব এই কথা নিয়ে আলোচনা হয়েছে। আবার বলা হচ্ছে যে সেখানে যদি মেয়েদের রাখা না হয় তাহ'লে মেয়ে রুগীদের কে দেখবে। পুরুষদের অংগসংবাহন পুরুষরা করুক, আর যদি কোন মেয়ে অংগসংবাহন করতে চান তবে সে কাজটা মেয়েদের দেওয়া হোক। (হাস্য) সেইজন্য আমার মনে হয়, এই জিনিষটা একেবারে বাদ দিয়ে দেওয়া হোক। ম্যাসাজ ক্লিনিক বন্ধ করে দেবেন; পুনরায় সাইন বোর্ড বদলে তার অন্য নাম দেবে। দেখছি চুল কাটার জায়গায় সেলুন হয়ে গেল, ধোপার জায়গায় ডাইং ক্লিনিং হয়ে গেল। অতএব সাইন বোর্ড আইন করলে অন্য রকম হয়ে যাবে। জনার্দন বাবু এখানে বলেছেন আমরা পাড়াগাঁয়ের লোক, কলিকাতার গলিতে-গলিতে আমাদের যাওয়া আসা নেই তাই আমি এটা বুঝতে পারিনি। যেমন ডি, ভি, সি, কি জানতাম না, সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় আমাদের সঙ্গে নিয়ে ডি, ভি, সি, দেখিয়ে নিয়ে এলেন তাই জানলাম। কিন্তু ম্যাসাজ ক্লিনিকতো আমাদিগকে পরিদর্শন করানো হয়নি, তাই আমরা তার বিস্তৃত আলোচনা আমরা কেমন করে করি? (হাস্য)

অতএব আমার মতে এটা একেবারে তুলে দিলে ঠিক হবে। সুতরাং কিছু না রেখে যাতে এটাকে একেবারে তলে দেওয়া যায় তার ব্যবস্থা করুন।

Sj. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, এখনও যে ঘরগুলি ম্যাসাজ ক্লিনিক-এর মালিকরা দখল করে বসে আছে ভবিষ্যতের আশায় যে হয়ত এমন একটা আইন প্রবর্ত্তন হবে যার ফাঁক থাকবে, এবং তার সুযোগ নিয়ে পুনরায় কাজ চালাতে পারবে। তাই এখন থেকেই এমনভাবে আইন করুন যাতে তারা আর সহজে ম্যাসাজ ক্লিনিক খুলতে না পারে। অন্ততঃ এইটা করুন যে ম্যাসাজ ক্লিনিক খোলবার আগে সংশ্লিষ্ট পুলিশ কর্ত্তৃপক্ষ এবং হেলথ অর্গানাইজেসন-এ যাঁরা আছেন তাঁদের পারমিশন ছাড়া যেন কোন বাড়ীওয়ালা তাদের বাড়ী ভাড়া না দেয়। এই রকম একটা ব্যবস্থা করুন এবং যতগুলি এই রকম বাড়ী এখনও অকুপাই করে আছে, সেই বাড়ীগুলি তাদের হাত থেকে নিয়ে বাড়ীওয়ালাকে ফেরৎ দেওয়া হোক, বা অন্য কাউকে ভাড়া দেওয়া হোক। অর্থাৎ সেই পারপাস-এ যেন এই বাড়ীগুলি না রাখতে পারে এইটা আপনারা ইনকুড করুন।

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I do not think I can add much to what I have already said during the various stages while this Bill was under consideration clause by clause and in my opening speech. I am grateful to the members for the very many helpful suggestions, when practical unanimity was displayed to stamp out this menace from this country. I am cognizant of the responsibilities of the State and, so far as my department is concerned I can assure you and the House, through you, Sir, that no stone will be left unturned to eradicate this menace from this city. About loopholes, I do not think there have been any. The punishments are there. Let us proceed with these punishments and their legitimate implications. If difficulty arises in future, I shall again come forward before you for further amendment of the Act so that more rigorous measures might be taken against the individuals who are playing with the lives of our young girls who are the future hopes of our nation.

With these words, Sir, I move that the Bill, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Dr. Amulyadhan Mukharji that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1954, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(*After adjournment.*)

[6-5—6-15 p.m.]

Insufficient time for submission of amendments to Government Bills.

Sj. Jyoti Basu: Mr. Speaker, I wish to draw your attention to

another serious fact before you enter upon the next business and that is, I suddenly found amongst the papers a Bill called the Bengal Medical (Amendment) Bill circulated to us. It has been circulated today.

Mr. Speaker: What is the date for submitting amendments?

Sj. Jyoti Basu: The date is, not later than 3 p.m. on the 29th March by which the amendments should be given. That means, today is the 24th, so in five days we have to give amendments——

Mr. Speaker: I do not think it will be taken up on the 29th.

Sj. Jyoti Basu: Let there be some rules and regulations. I know that short-notice amendments you are allowing on the floor of the House, but this manner of passing legislation is extremely dangerous also because ultimately something may be declared *ultra vires* by the courts and we will be ridiculed as legislators here. Therefore, yesterday I asked you to tell us in consultation with the Government about the remaining business—Government by now should know their mind as to what Bills they are going to bring in and how many days this House is going to sit. But unfortunately when I raised this point yesterday, from Government side nobody got up to explain what was their position. We cannot give our amendments by the 29th and I would again request you to ask the Government to make up their mind as to which Bills are coming and which are not coming so that we can make a proper study of them. It is not only a question of giving amendments, but we have to consult outside experts and know their opinion and then come prepared to discuss this Bill.

Mr. Speaker: I can assure you that I shall extend the time of amendments by a further period of time.

Sj. Haripada Chatterjee: মাননীয় অধ্যক্ষমহোদয়, ওঁরা বিলটা এখানে ইন্ট্রোডিউস করেছেন কি না জানি না, করলে সঙ্গে সঙ্গে বাধা দেব, এত তাড়াতাড়ি কাজ করা অসম্ভব। আমার অনুরোধ এই হাউস-এ আপনি ডিমোক্রাসী তৈরী করুন, ওঁরা যখন সেটা স্মাউট করেন আপনি তা বন্ধ করুন।

Sj. Hemanta Kumar Basu: মাননীয় সভাপালমহাশয়, বেঙ্গল মিউনিসিপ্যাল বিল একটা বড় বিল, তাঁর পাঁচ দিন মাত্র সময়। এটা একটা বড় বিল, এবং আরও কতকগুলি ছোট ছোট বিল রয়েছে। এতগুলি সমস্ত দেখে মিলিয়ে এত তাড়াতাড়ি এ্যামেণ্ডমেণ্ট দেওয়া অসম্ভব। কাজেই এ বিষয়ে এখানে আপনার একটা রুলিং দেওয়া দরকার।

Sj. Bankim Mukherji: I drew your attention, while discussing the Appropriation Bill, to this that Government want to avoid the Assembly as much as possible and they want only to transact their own business. Only when they think that it has become very, very necessary and immediate that the Assembly is called only to suit their purpose. Sir, I draw your attention to the fact that the non-officials have not got any day. Next Friday happens to be a non-official day. So, non-official day should be fixed at least this Friday.

Mr. Speaker: Not this Friday. Government will fix non-official days.

Sj. Bankim Mukherji: But last session we had a very sad experience. Last session we were told that we would be given three or four days, but ultimately we got only two days.

Mr. Speaker: Three days.

Sj. Bankim Mukherji: At least one day shorter than what was promised—this much I remember. So, this session at least, when Government fix up their programme, they should take this also into consideration. Moreover, I again add my voice to this protest that it has become really impossible for us to go through all these Bills and

[Sj. Bankim Mukherji.]

prepare ourselves and move amendments as also to prepare about the subject which we are going to consider. If they rush these Bills in this manner, it becomes impossible, particularly in a Budget Session. In the Budget Session, it is expected that the Opposition will concentrate all their minds on the various grievances and other things which accumulate throughout the whole year and we have to pay fuller attention to those things in the Budget Session. So, in the Budget Session if the Government bring in these sorts of Bills and bombard us, as some member said yesterday, it becomes very difficult for us

Again Sir, today I may mention —should we raise it as a point of privilege or should we bring a non-official resolution, I shall consult you about this—that from this side of the House we want that henceforth during the Budget we must have at least the statutory 20 days which we are allowed to have for discussing the Budget. That should, I think, be raised in the Privileges Committee or it may be raised by way of resolution.

Mr. Speaker: This is not a matter of privilege, but you can certainly raise it by way of a non-official resolution.

Sj. Tarapada Bandopadhyay: Sir, we are getting very much perplexed at what they are doing, and what they mean to do we do not know. We should know what is in their mind as regards the present session—what more Bills they are to place and how long we are to sit. If we can get an idea of that, we can adjust ourselves accordingly.

Sj. Jyoti Basu: Mr. Speaker, it has almost become a joke. The Minister who was acting for Dr. Roy yesterday is not here—Dr. Roy is unfortunately ill. Then who is to take notes I do not know.

Mr. Speaker: Nobody needs any reply now.

Sj. Jyoti Basu: Are we to understand that Mr. Panja is taking notes?

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1954.

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to introduce the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1954.

(Secretary then read the short title of the Bill.)

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1954, be taken into consideration.

Sir, the Act was passed in 1951 providing for the rehabilitation of displaced persons and eviction of persons in unauthorised occupation of land and other incidental matters. The Act will cease to be in force after the 14th June, 1954. There is still a large number of cases pending before the competent authority for disposal. Orders which have been made by the competent authority have not all been implemented for want of alternative accommodation. Efforts are being made to rehabilitate these persons. It is necessary to extend the life of the Act (which will expire on the 14th June, 1954) up to 31st March, 1957. It is also essential to introduce another amendment in the Bill, viz., to make alternative provision for advancing house-building loan to such persons, instead of a house before executing an order for his conviction.

[6-15—6-25 p.m.]

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of

Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1954.

Mr. Speaker: Yes, Mr. Chakrabarty.

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটিকে আজকে এ্যামেণ্ড করার জন্য উপস্থিত করা হয়েছে, ১৯৫১ সালে সেই বিলটিকেই উপস্থিত করা হয়েছিল মাত্র ৩ বছরের জন্য। তখন ডাঃ রায় বলেছিলেন যে তিন বৎসরের জন্য এই বিলটি আনা হচ্ছে, কেন না তাড়াতাড়ি বাস্তহারাদের রিহ্যাবিলিটেসন-এর ব্যবস্থা করতেই হবে। আর অথাবাইজড ল্যাণ্ডএ যে সমস্ত স্কুয়াটার্স আছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবার জন্য। এবং তিনি সেইসব জমিদারদের প্রতি দরদ দেখিয়ে বলেছিলেন জমিদারদের জমি এইভাবে দখল করতে থাকলে কোন গভর্ণমেণ্ট তার একটা প্রতিবিধানের ব্যবস্থা না করে নিশ্চিন্ত মনে থাকতে পারে না। তাই তিনি এই উদ্দেশ্য নিয়ে সেইদিন বিলটা নিয়ে এসেছিলেন। তার একটা উদ্দেশ্য ছিল যে স্কোয়াটার্স কলোনীতে যেসমস্ত বাস্তহারা আছে এবং যে সমস্ত মুসলিম পরিত্যক্ত গৃহে ডিসপ্লেসড পারসন্‌স্ আছে তাদের শুদ্ধু পুনর্বাসনের ব্যবস্থা যাতে হবান্বিত হয়। কিন্তু গত ৩ বছরের মধ্যে বিল দ্বারা কি হয়েছে না হয়েছে সে সমস্ত কথা আপনার মাধ্যমে সংক্ষেপে উপস্থিত করবো। আমি বলেছি বিলের প্রথম উদ্দেশ্য ছিল ডাঃ রায় যা বলেছিলেন, জমিদারদের রিলিফ দেওয়া। দ্বিতীয় উদ্দেশ্য এই যে হতভাগ্য যে সমস্ত বাস্তহারা রয়েছে তাদের সেই সমস্ত কলোনিতে থাকবার ব্যবস্থা করা এবং কলোনিগুলিকে রেগুলারাইজ করবার ব্যবস্থা করা, অথবা অলটার্নেটিভ রিহ্যাবিলিটেশন-এর ব্যবস্থা করা। চতুর্থ উদ্দেশ্য ছিল প্রকৃত জমির মালিককে কম্পেনসেসন দেওয়া। সবশেষ কম্পেনসেসন কি পরিমান হ'তে পারে এবং কিভাবে এই স্কুয়াটার্সরা জমি ন্যায্যমূল্যে পাবার ব্যবস্থা হ'তে পারে তাহাও বিবেচনা করা এবং সেই সমস্ত কলোনির মধ্যে যারা আছে তারা প্রকৃত রিফিউজী কিনা তারও অনুসন্ধান করা, কাজেই কম্পিটেণ্ট অথারিটি বলে একটা কোর্ট এর ব্যবস্থা বিলে করা হ'ল। এই ছিল বিলের মোটামুটি উদ্দেশ্য। তারপর যারা বাস্তহারা তারা যাতে অর্থনৈতিক ও সামাজিক জীবনে প্রতিষ্ঠিত হতে পারে তারও ব্যবস্থা করবার প্রতিশ্রুতি ডাঃ রায় বিলে দিয়েছিলেন। সেখানে যেসব রিফিউজী ছিল স্কুয়াটার্স কলোনিতে অথবা মুসলিম পরিত্যক্ত হাউসএ তাদের সম্বন্ধে কথা ছিল এই যে তাদের অলটার্নেটিভ এ্যাকোমোডেশন দিতে হ'লে তাদের এমন কোন জায়গায় দেওয়া যাবে না, যাতে তাদের জীবিকা-অর্জনের, শিক্ষার, ব্যবসায়ের বা চাকুরির কোন রকমে ব্যাহত হয়।

তারপর গৃহপরিত্যক্ত মুসলমানদের সম্বন্ধে বলতে গিয়ে অত্যন্ত দরদ দেখিয়ে বলেছিলেন যে মুসলমানরা ঘরবাড়ী ছেড়ে অনির্দিষ্ট কালের জন্য এইভাবে বাইরে পড়ে থাকতে পারে না। যাতে তারা গৃহে ফিরে আসতে পারে তার একটা ব্যবস্থা করবেন। সেই জন্যই এই এ্যাক্ট প্রণয়ণ করা হচ্ছে এবং যত তাড়াতাড়ি পারা যায় এই এ্যাক্টটাকে কার্য্যকরী করতে হবে। সেজন্যই কম্পিটেণ্ট অথবিটি কোর্ট করেছিলেন যাতে কোন ভুলত্রুটি হ'লে সংশোধন হয়। তাছাড়া ট্রাইবুনালএরও ব্যবস্থা করেছিলেন এবং সেখানে ডাঃ রায় বিশেষভাবে বলেছিলেন—

"There is another point I want to make perfectly clear. That is, that the decision of this Tribunal would be final according to the Constitution for the simple reason that we do not want to harass either the owner or the squatters for any length of time."

"This is a summary procedure under a summary method, summary approach and summary enquiry. Therefore, we have put down the provision that the decision of this competent authority or of the Tribunal, as the case may be, will be final."

এমন দরদী ডাঃ রায় তিনি বলেছেন যে সামারী এনকোয়ারী হবে—সমস্ত কিছু সামারিলী হবে—এনকোয়ারী ও এ্যাপ্রোচটাও সামারিলী হবে এবং এই সামারী ও এ্যাপ্রোচ মেথড-এ বাস্তহারাদের রিহ্যাবিলিটেশনও করা হবে। কেন না অনির্দ্দিষ্ট কালের জন্য এদের ফেলে রাখা যায়না—তিনি একথাই বারবার বলেছিলেন। এবং তিনি আরও বলেছিলেন যে তিন বছরের বেশী সময় তিনি কিছুতেই নেবেন না। এবং সেখানে ডাঃ রায় বলেছেন—

"Sir, it will be seen that we have put down the Bill and it would be operating for only three years. The reason is that I want him to go as quickly as possible, because it is a very dangerous thing to let

[Sj. Ambica Chakrabarty.]

those who have come over from East Bengal and have spent everything that they possessed for the purpose of constructing a house for their stay here."

এমন দরদী ডাঃ রায় এইরকম দরদ দিয়ে বলেছিলেন। তখন অপোজিসন থেকে এই বিল কার্যকরী হবে না বলা হয়েছিল এবং এই বিলের দ্বারা বাস্তহারারা কোন প্রতিকার পেতে পারে না, তাদের রিহ্যাবিলিটেসন এরও কোন ব্যবস্থা হবে না। তখন দিনের পর দিন ৪।৫ দিন ধরে অনেক তর্কবিতর্ক ও আলোচনা হয়েছিল—হাজার হাজার বাস্তহারারা প্রতিবাদ করতে এসেমব্লির সামনে এসেছিল, বিরোধীপক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানিয়েছিল—তখন ডাঃ রায় বলেছিলেন ৩ বছরের জন্য বিলটা পাশ করা হচ্ছে। এই তিন বছরের মধ্যে জমির পুনর্বণ্টন করে দেবেন এবং বাস্তহারাদের স্বর্গরাজ্যে বাস করবার ব্যবস্থা করে দেবেন। কিন্তু এই তিন বৎসরের মধ্যে ডাঃ রায়ের সরকার কি ব্যবস্থা করেছেন আমি তা একের পর এক আপনার সম্মুখে উপস্থিত করছি। এটা আমার মনগড়া কথা নয় আমি ডকুমেণ্ট উপস্থিত করে দেখাবো যে বিলে তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং তিনি যে উদ্দেশ্যের কথা বলেছিলেন তার একটা উদ্দেশ্যও এই তিন বছরের মধ্যে তিনি পূর্ণ করতে পারেন নি। তবে আজকে মন্ত্রীমহাশয় সেই অকেজো বিলটাকে নিয়ে আবার উপস্থিত হয়েছেন তার আয়ুষ্কাল বাড়াতে। যে ছেলে, পঙ্গু কিংবা অন্য কোন দুরারোগ্য রোগগ্রস্ত হয়ে মারা গেছে, সেই ছেলেকে বাঁচাবার জন্য আগ্রহ যেমন বাতুলতা তেমন আজ সরকারের এ্যাক্ট বা আইনের গলদের জন্য বা সরকারের দুর্নীতির জন্য যে এ্যাক্টটা সম্পূর্ণ অকেজো হয়ে গেছে, মৃত হয়ে গেছে তাকে বাচাবার চেষ্টাও তেমনি বাতুলতা! তিন বৎসর গত হয়ে গেল আবার তিন বছরের জন্য মেয়াদ বাড়ান বাতুলতা ছাড়া আর কি হতে পারে? হয়ত এটা হতে পারে যে তাঁর ক্যাবিনেট-এর মধ্যে অনেক ডাক্তার আছেন তাঁরা চেষ্টা করেও এই রোগীকে বাঁচাতে পারেন নি যদিও বিষধর সর্পদষ্ট ব্যক্তিকে প্রাণ দিতে বহু চেষ্টা করেছেন। আর আমাদের বর্ত্তমান আইন বা রেভেনিউ মন্ত্রী ও পুনর্বাসন মন্ত্রী শুধু মন্ত্র পড়ে বা ওঝাগিরী করে এই সর্পদষ্ট ব্যক্তিদের মৃত্যুর হাত হতে বাঁচাতে এসেছেন।

[6-25—6-35 p.m.]

তারপরে যিনি এই বিল আনয়ন করেন, তখনকার মন্ত্রী, শ্রীযুক্ত হরেন্দ্রনাথ রায় চৌধুরী মহাশয়, বলেছিলেন—

"There is an unauthorised occupation of other people's land, so that they may be rescued from their present precarious position and may be rehabilitated on a stable basis. Really displaced persons are assured so far as this Bill is concerned of rehabilitation on a sound basis."

আর এক জায়গায় বলেছেন,

"Really displaced persons are assured so far as this Bill is concerned of rehabilitation on a sound basis."

এই ডাঃ রায়ের তিন বৎসরের কথা এবং তখনকার মন্ত্রী রায়চৌধুরী মহাশয়ের সাউণ্ড বেসিসে রিহ্যাবিলিটেশনের কথা। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি জিজ্ঞাসা করছি এই সমস্ত বড় বড় কথা কতটুকু কাজে পরিণত হয়েছে? সরকারের মতে বিভিন্ন স্কোয়াটার্স কলোনী শুনতে পাই ১০৩টা। আমি জিজ্ঞাসা করি এই তিন বছরের মধ্যে ১০৩টার মধ্যে কয়টা স্কোয়াটার কলোনীকে রেগুলারাইজ করা হয়েছে, বিভিন্ন জেলায় এই আইন পাশ হবার পরে? সেদিন একটা কলোনীকে রেগুলারাইজড করবেন বলে বলেছিলেন সেটা যে কি ধাপ্পাবাজী আপনাদের সামনে আমি তা উপস্থিত করবো। এই তিন বছরের মধ্যে কোন রিফিউজিকে রিহ্যাবিলিটেট করা হয় নাই। কোন স্কোয়াটার্স কলোনী রেগুলারাইজ করাও হয় নাই। বরং শুধু জরিপ কার্য্যাদির জন্য বছরে একলক্ষ কুড়ি হাজার টাকা খরচ করা হয়েছে। এবং বাস্তহারাদের ব্যতিব্যস্ত করবার জন্য কম্পিটেণ্ট কোর্টের নোটিশের পর নোটিশ জারি করা হয়েছে। আইনে আছে—বাস্তহারারা এফিডেভিট দিয়ে যদি বলে যে তারা পূর্ববাংলায় আর যাবে না, এবং পশ্চিমবাংলায় তাদের কোন জায়গা জমি নাই তাহলে তারাই বাস্তহারা বলে গণ্য হবে। কিন্তু কম্পিটেণ্ট অথরিটি ও রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট থেকে কি বলেছে তা আপনারা শুনুন—এ্যাক্টে ক্লজটাতে রয়েছে যদি কোন বাস্তহারা

"has affirmed in an affidavit filed in the office of the Competent Authority that he does not intend to return to East Bengal."

এই যদি এফিডেভিট করে সে বলে তাহ'লেই তাকে বাস্তহারা বলে গণ্য করা হবে। কিন্তু কম্পিটেণ্ট অথারিটি কি বলছেন? বলছেন,

"affidavit is not sufficient to prove their displaced character."

যে সমস্ত বাস্তহারাদের কতকগুলি স্কুটিনি করা হচ্ছে এই কারণে অনেকে বাস্তহারা বলে গণ্য হন নাই। স্ত্রী বাস্তহারা হয়েছেন কিন্তু স্বামী বাস্তহারা হন নাই। ১৯৫০ সালের আগে স্বামী এখানে চাকুরী করত। স্বামী যখন আগে এসেছেন চাকুরী করতে তার বর্ডার স্লিপ নাই সুতরাং তিনি বাস্তহারা হবেন কি করে? তারপর ধরুণ একটী পরিবারের ২৫টী লোক আছে। স্ত্রী, স্বামী, ৪ ছেলে ও নাতি, প্রভৃতিকে নিয়ে। তিন ছেলে পিতা হতে পৃথক। সেখানে বলেছেন প্রত্যেকের পৃথক পৃথক বর্ডার স্লিপ থাকলেও....(জনৈক কংগ্রেসী সদস্য—মহাশয় আপনি কি সব বলছেন?) মহাশয় আপনিও বোধ হয় এ ব্যাপারের কিছুই জানেন না, শুনে নিন। বলার সময় ডিসটার্ব করবেন না।

Mr. Speaker: বলুন, বলুন।

Sj. Ambica Chakrabarty:

যখন পিতা জীবিত আছেন তখন ছেলে পৃথক থাকলেও তাকে বাস্তহারা বলা চলবে না। হেড অফ দি ফ্যামিলিকেই একমাত্র বাস্তহারা ধরে নিতে হবে—এখানে পিতা হতে পুত্র পৃথক হলেও সরকারের সুবিধামত পিতাকে পরিবারের কর্তা ধরে নেওয়া হয়েছে।

Mr. Speaker: What is your point? Is it your point that you do not want this Bill at all?

Sj. Ambica Chakrabarty:

হাঁ, স্যার, আমি তাই সার্কুলেশন চাইছি।

Mr. Speaker: If you say that you are criticising the parent Act, that is out of order. This Bill merely seeks to extend the life of the Act. You can say that this should be scrapped. But if you go to the original Act and say that you do not want that Act, it is not relevant.

Sj. Ambica Chakrabarty:

এ্যাক্টের আয়ু শেষ হয়ে গিয়েছে জানুয়ারী মাসে। এই এ্যাক্ট অনুসারে কোন কাজ হয় নাই। কাজেই সার্কুলেশনে দেবার উদ্দেশ্য হচ্ছে এই এ্যাক্টের আবার তিন বছরের আয়ু বাড়াবার প্রয়োজন আছে কি না দেখবার জন্যে, এ বিষয়ে পাব্লিকের মত নেওয়া প্রয়োজন। যাক এখন ২৫ জনের পরিবারে পিতার সঙ্গে যদি পুত্রদের এবং নাতিদের পৃথকান্নতা থাকে তাদের প্রত্যেকটী পরিবারকে বাস্তহারা বলে স্বীকার করতে পারেন না, অথচ এরা একিডেবিট দিয়ে বলেছে যে তারা পৃথক পরিবার এবং পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে এসেছে—তারা পৃথকভাবে বসবাস করছে, পশ্চিমবঙ্গে তাদের কোন জমি জমা নাই।

Mr. Speaker: Is it that you do not want the Act?

Sj. Ambica Chakrabarty:

আমি একটু আগে বলে নিই, স্যার ঐ একিডেবিট দেবার পর সরকার পক্ষ বলেন—

"On scrutiny of the application submitted by the refugee living in Lake Tent No. 3, it appears that 13 of the applicants produced affidavit in support of their claim as refugees at the time of interview. As mere affidavit is not sufficient to prove their displaced character, the undersigned is directed to request him to ask those 13 families to produce additional evidence to prove their *bona fides*."

আর আইন হচ্ছে, এভিডেন্স দিলেই হয়ে যাবে, অথচ আবার বলে দিয়েছেন এভিডেন্স দিলেও তারা হবে না। তারপরে এক বিধান বার করলেন কোন গেজেটেড অফিসারের কাছ থেকে অথবা কোন এম, এল, এ,র কাছ থেকে সার্টিফিকেট আনতে হবে। কি সার্টিফিকেট দিতে হবে—দিতে হবে, এ হচ্ছে বোনাফাইডি রেফিউজি, পূর্ববঙ্গে যাবার আর সম্ভাবনা নাই, পশ্চিমবঙ্গে তার জমিজমা নাই, পশ্চিমবঙ্গ সরকার থেকে কোনরূপ সাহায্য নেয় নাই এবং সার্টিফিকেটে আরো বলতে হবে পূর্বথেকেই তাকে জানতাম। শুনেছি কোন কোন এম, এল, এ,—সমস্ত দায়িত্ব নিয়ে বলছি—কংগ্রেস পক্ষের এম, এল, এ, দের কেহ কেহ রেফিউজিদের কাছ থেকে টাকা নিয়ে এরূপ সার্টিফিকেট দিয়েছেন (কোশ্চেন, কোশ্চেন, কংগ্রেস আসন হইতে।)।

I will produce evidence.

Sj. Debendra Chandra Dey: On a point of order, Sir. Should he have said it? What is this?

Mr. Speaker: What did you say?

Sj. Ambica Chakrabarty: I did not mention anyone's name.

Mr. Speaker: You said that "some of the Congress M.L.As., I can prove, have taken bribe money"—did you?

Sj. Ambica Chakrabarty: Yes.

Mr. Speaker: That is a statement which you must withdraw.

Sj. Ambica Chakrabarty: If I have said——

এটা কি আনপার্লিয়ামেণ্টারী ?

Mr. Speaker: You must withdraw the unparliamentary expression.

Sj. Ambica Chakrabarty: If you object to this term——

Mr. Speaker: No question of objecting to it. You have to withdraw it. (CONGRESS MEMBERS: "Must withdraw, must withdraw".)

Sj. Kali Mukherjee: You are accusing your colleague without any evidence.

Sj. Ambica Chakrabarty:

স্যার, আমি আপনার কথা মানতে রাজী কিন্তু— I feel it is beneath my dignity to call him my colleague.

এইভাবে রিফিউজি সংক্রান্ত এই একটা ডকুমেণ্ট (একটা কাগজ দেখাইয়া) আপনার কাছে উপস্থিত করছি—

(Voices: Has he withdrawn?)

Mr. Speaker: He has withdrawn the unpaliamentary expression.

[6-35—6-45 p.m.]

Sj. Ambica Chakrabarty:

তারপরে আপনাকে আরেকটা জিনিস বলছি। আইনের সার্থকতা দিতে হ'লে তাদের কোন্ জায়গায় দিতে হবে ?—যে জায়গায় তারা থাকতে পারে ব্যবসা-বাণিজ্যের ক্ষতি না হয়। এ সমস্ত দেখে তাদের অলটার্নেটিভ রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা করতে হবে। বান্ধবনগর কলোনীর কথা আপনারা শুনেছেন। ২ বছর পরে তাদের অলটার্নেটিভ রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা হয়েছে, খড়দহ থেকে সাড়ে চার মাইল দূরে তাদের পুনর্বাসনের কথা সরকার দিয়েছেন। অথচ বান্ধবনগর কলোনীতে যাঁরা আছেন তাঁদের মধ্যে উকিল আছেন ৬ জন, শিক্ষক আছেন ১৮ জন, চিকিৎসক আছেন ৮ জন, কেরানী এবং চাকুরে আছেন ১৩৩ জন, কারখানায় চাকরি করেন ১৭ জন——

Mr. Speaker: How is that relevant to this Bill. It is a roving speech. That part of the budget is over.

Sj. Ambica Chakrabarty:

গভর্ণমেণ্টের এ্যাক্টে যে সমস্ত প্রভিশন আছে সে অনুসারে যে সরকার কাজ করেন নি সেটা আমি দেখাচ্ছি।

Sj. Bankim Mukherji: What is the good of the extension of this Bill when for three years they have failed to do any good? Let him develop his argument.

Mr. Speaker: But he wants to scrap the whole Bill.

Sj. Ambica Chakrabarty:

মিলের মালিক আছেন ৬ জন, কাঁচা মালের ব্যবসা করেন ৩৬ জন, কনট্রাক্টর আছেন ৭ জন, কুটীরশিল্পে নিযুক্ত পরিবার আছে ১৬টা, পশুপালনের ডেয়ারী আছে ১৬টা, ছাত্রছাত্রীরা হাইস্কুলে পড়ে ৬ জন, মিডল স্কুলে ২১৫ জন, কলকাতায় পড়ে ১৪ জন——

Sj. Debendra Chandra Dey: How is it relevant to the present Bill?

Mr. Speaker: Mr. Chakrabarty, they are only extending the life of the Bill by a short amendment. How can you say all these things?

Sj. Ambica Chakrabarty: What is the necessity to extend the Bill for another three years? It is no use.

Mr. Speaker: Try to be relevant now.

Sj. Ambica Chakrabarty:

আমার কাছে ১,০৫৬টা দলিল আছে গভর্ণমেণ্টের কর্ম্মচারীদের দস্তখতযুক্ত। গভর্ণমেণ্ট ডিপার্টমেণ্টে যেসব দুর্নীতি, এই রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্টএর মধ্যেই আছে, সেসব দুর্নীতির কথা এতে আছে এবং যে অপদার্থ মন্ত্রী—এই ডিপার্টমেণ্টের ভারপ্রাপ্ত —তাঁর অপদার্থতার কথাও আছে।

Mr. Speaker: Again you are talking irrelevantly. It is not a Rehabilitation Bill. Large number of cases are pending before courts. Therefore Government want to extend the life of the Bill. You are talking all beside the point.

Sj. Ambica Chakrabarty:

তারপর শুনুন, স্যার, আর একটা কথা আপনার কাছে উপস্থিত করতে চাই। গভর্ণমেণ্ট যে আশ্বাস

দিয়েছিলেন এই আইনে অল্টার্নেটিভ রিহ্যাবিলিটেশন না দিলে কোন বাস্তহারাকে সেখান থেকে স্থানান্তরিত করা হবে না, কিন্তু কোর্টের অর্ডারে তাদের রিমুভ করবার অর্ডার হয়েছে। এই দলিলেই আছে দমদমে ৫৩৯টি পরিবারকে রাস্তা থেকে উৎখাত করা হ'য়েছে।

Mr. Speaker: That is not the object of the Bill.

Sj. Ambica Chakrabarty: Please hear me and you will understand what I am going to say.

সেখানে উচ্ছেদের নোটিশ দিয়েছে—তাদের অল্টার্নেটিভ রিহ্যাবিলিটেশন না দিয়েই তাদের নোটিশ দেওয়া হয়েছে এনক্রোচমেণ্টএর অজুহাতে

under Bengal Highway Act, 1953.

অনুসারে। রাস্তা থেকে ৫০-১০০ হাত দূরে যে সমস্ত বাস্তহারা স্কোয়াট করে ছিল হাইওয়েজ এ্যাক্ট দ্বারা তাদের উৎখাত করা হয়েছে। আপনাকে দেখাচ্ছি কিভাবে দিনের পর দিন এনক্রোচমেণ্টএর অজুহাতে হাইওয়েজ এ্যাক্টএর নামে তাদের ওপর নোটিশ দিয়ে কারো কারো ৫০৲ টাকা ডরিমানা পর্য্যন্ত করা হয়েছে।

Mr. Speaker: Punishment under the Highways Act—how is that relevant to this Bill?

Sj. Ambica Chakrabarty: Without giving alternative accommodation how they are evicted under the Highways Act?

আমি বলছি সেই ১,০৫৬টী দলিল আমার কাছে আছে এই ডিপার্টমেণ্টের বিরুদ্ধে। তাদের কোন অল্টার্নেটিভ রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা না করে এই বাস্তহারাদের উচ্ছেদ করা হ'য়েছে, ধাপ্পাবাজি দিয়ে তাদের উৎখাত করা হয়েছে, কোর্ট থেকে হাইওয়েজ এ্যাক্ট অনুসারে তাদের ওপর নোটিশ দেওয়া হয়েছে। আমি এ্যাসুরেন্স চাই যে, যে সমস্ত বাস্তহারাকে উৎখাত করা হয়েছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা না হওয়া পর্য্যন্ত তাদের উৎখাত করা হবে না। এই সমস্ত ষড়যন্ত্রের ভেতরে সরকারী অফিসাররা রয়েছে এবং সরকারের সমর্থন রয়েছে।

Mr. Speaker: Highways Act is not under consideration now.

আপনার ওই সব ব্যাপার

"non-official resolution"

এর সময় তুলতে পারবেন।

Sj. Ambica Chakrabarty: Why we should give resolution? We are getting an opportunity to say all these things now.

Mr. Speaker: This is not an appropriate opportunity.

Sj. Ambica Chakrabarty:

তারপর, স্যার, আরেকটা কথা হাইওয়েজ এ্যাক্ট অনুসারে অনেক বাস্তহারাকে উৎখাৎ করা হয়েছে অথচ সেদিন একজন মন্ত্রী বলেছেন ঐ এ্যাক্ট অনুসারে কাহাকেও উৎখাৎ করা হয় নাই এইকথা মিথ্যা। দুঃখের বিষয় আপনি এখনি ব'লে উঠবেন এটা আনপার্লামেণ্টারি তাই আমি বলছি এ কথা সত্য নয়, এটা মিথ্যা; কিন্তু কেন সত্যের অপলাপ করা হ'য়েছে মন্ত্রীমহাশয় বলবেন কি?

Mr. Speaker: You have delivered the longest speech—45 minutes—on an absolutely irrelevant matter. If you do not stop I will stop you.

(জনৈক সদস্য—আরো অনেক আছে, স্যার।)

Sj. Ambica Chakrabarti:

হ্যাঁ আরো অনেক আছে, আপনি শুনুন। আমি বলছি আপনাদের অপকীর্ত্তির কথা। অপোজিশনের সমালোচনায় ধৈর্য্য হারালে চলবে না।

Mr. Speaker: You cannot go on speaking indefinitely. I pointed out you were irrelevant. I have allowed you to go on irrelevantly continuously for 45 minutes. Your speech is entirely irrelevant but you would not listen to me.

Sj. Ambica Chakrabarty:

আপনি আমাকে বলতে দেবেন না? এখন ত কোন বাজেট সেশন নেই, এত তাড়াহুড়া কেন, স্যার?

[6-45—6-55 p.m.]

Sj. Bankim Mukherji: Mr. Speaker, Sir, we want to know how is he irrelevant, because he is the only spokesman from our side, from our party.

Mr. Speaker: That is why Mr. Chakrabarty was allowed to speak for 45 minutes.

Sj. Bankim Mukherji: I am speaking on the question of relevancy. The point is——

Mr. Speaker: What is your point?

Sj. Bankim Mukherji: You have said that his speech is irrelevant. I want to know how is he irrelevant?

Mr. Speaker: I have held that irrelevant.

Sj. Bankim Mukherji: Sir, this Act has come to us for extension. There may be cases pending——

Mr. Speaker: That is no point of order. Mr. Mukherji, I shall allow you to speak later. Let Mr. Chakrabarty finish his speech first.

Sj. Jyoti Basu: Sir, I have heard you and some members of the other side say that the speech he is making is absolutely irrelevant.

Mr. Speaker: It is not a question of other side. It is my ruling.

Sj. Jyoti Basu: As far as the statement of Objects and Reasons is concerned, there it is clearly stated that as there is still a large number of cases pending before the Competent Authorities—that is competent authorities provided in this particular Act which was passed three years back by the old Assembly and at that time it was made clear by the then Chief Minister——

Mr. Speaker: What is your point?

Sj. Jyoti Basu: I am rising on a point of order on this. It was stated that this would go on for three years, that this Act would be needed for the previous three years. Now the Government comes and tells us it would have to go on for another three years. One reason given is that a large number of cases are pending. Our point of view is that these cases are pending, because the Act itself is defective and the Opposition at that time had opposed on this particular ground this particular Act. Therefore, what we are trying to make out is—it is no use just saying that this Act is defective, we are showing you by giving examples how this Act has been in operation for the last three years. Therefore, he has given you a little detail, some concrete examples to show you why this Act has been inoperative as far as the refugees are concerned. He said that the refugees do not get relief under this Act. If you want to give relief to these refugees, then some other measures are necessary, and not this particular Act.

Mr. Speaker: I have listened to Mr. Chakrabarty's speech perhaps with more attention than Mr. Basu did. I have allowed him to cite instances for about 45 minutes—instances which are relevant, which are mentioned in connection with the cases of eviction, but the cases which he is citing now are about documents and not about eviction. They are absolutely irrelevant.

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকারমহাশয়, মুসলমানরা ফিরে এসেছে বলে মুরারীপুকুর বোডে ২০ হাজার মুসলমান পরিত্যক্ত গৃহে হিন্দুরা আছে তাদের উপর নোটিশ দেওয়া হয়েছে। তারা মাননীয় রিহ্যাবিলিটেশন মন্ত্রী মহোদয়ার কাছে এই এ্যাক্ট অনুসারে কতকগুলি পিটিশন করেছিল। ৩ তারিখে ১৪৪ পরিবারের উপর নোটিশ দেওয়ায় তারা এ্যাফেক্টেড হয়েছে বলে তারা পিটিশন করেছিল এবং তাদের গভর্ণমেণ্ট থেকে জানিয়ে দেওয়া হয়েছে অল্টার্নেটিভ রিহ্যাবিলিটেশন দেওয়া হবে না। এবং বলেছেন যে

"the policy of the Government is to examine the cases of each individual party and when it feels that all legal provisions have been completed and the party is literally driven out to the streets, the Government will give priority to such cases for rehabilitation."

কিন্তু, স্যার, এ্যাক্টএ রয়েছে যে অল্টার্নেটিভ রিহ্যাবিলিটশনে না দেবার আগে তাদের সেখান থেকে তাড়িয়ে দিতে পারবেন না। এখানে ১৪৪টি পরিবার দরখাস্ত করেছে, কারণ তারা কম্পিটেণ্ট অথরিটি কোর্টে যেতে পাবে না এই এ্যাক্ট অনুসারে, জমিদার বা জমির মালিক যদি কম্পিটেণ্ট অথরিটির কাছে না যায়। সরকারের কাছে দরখাস্ত করা ছাড়া তাদের আর কোন উপায় নেই। কাজেই এই এ্যাক্টএর উদ্দেশ্য হ'ল তাদের রাস্তার উপরে রেখে পুলিশ দ্বারা পেটাই করা। এখানে মুসলমানরা তিন বৎসরের মধ্যেও তাদের পরিত্যক্ত ঘরবাড়ী ফেরৎ পেল না, জমিদাররা বাকী খাজনার

জন্য মাথাপিছু থেকে বাড়ীঘর বিক্রয় করে নিচ্ছে। এই রকম হাজার হাজার কেস রয়ে গিয়েছে কোর্টে ও বহু মুসলমান আতঙ্কিত হয়ে রয়েছে। তারপর আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো কারণ এ দীর্ঘ বক্তৃতায় হয়ত আপনি বিরক্ত হয়ে উঠেছেন।

Mr. Speaker:

না, আমি বিরক্ত হয়নি।

The last portion of your speech is quite relevant.

Sj. Ambica Chakrabarty:

দয়া করে একটু শুনুন, আমি মাত্র কয়েকটি কথাই বলবো। মন্ত্রীমহোদয়ার সম্বন্ধে কিছু না বললে আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে।

(Interruptions.)

আমি আগেই বলেছি ২৩৩টি স্কোয়াটার কলোনীজের মধ্যে—তিনি বলেছেন যে মাত্র একটিকে রেগুলারাইজ করেছেন এবং ৩৮টি রিফিউজি পরিবারকে কতকগুলি প্লটএ রাখবার ব্যবস্থা করেছেন। সর্ববশেষে তিনি বলেছেন যে মহাজাতি কলোনীতে থাকবার জন্য বহু প্লট করেছেন। এটা নামেই মহাজাতি হয়েছে কাজে তা হয়নি। মহাজাতিতে নাকি ৫শত রিফিউজী পরিবার আছে, ৪টি প্লটএ এ, বি, সি, ডি, ব্লক করে। তার মধ্যে ৩৮টি রিফিউজী পরিবারকে রেগুলারাইজ করে নেওয়া হয়েছে আর বাদ বাকীগুলিকে রেগুলারাইজ করা হয়নি। কি ভাবে করা হয়েছে? এ্যাক্টএ প্রভিসন রয়েছে যে কলোনীকে রেগুলারাইজ করতে গেলে নির্দ্দিষ্ট পরিমাণ জমি দিতে হবে কিন্তু তা এখানে দেওয়া হয়নি। তাদের অর্পণ-পত্র দেওয়া হয়েছে তাতে লেখা আছে—পশ্চিমবঙ্গ সরকার কলোনীতে রাস্তাঘাট, খোলা জায়গা ইত্যাদির ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় জমির মূল্যসমেত সরকার কর্ত্তৃক আপনাকে দেয় জমির মূল্য বাবদ নির্দ্ধারিত পরিমাণ অর্থ আপনাকে দিতে হলে এবং উক্ত অর্থ আপনাকে ২০ বৎসরের অধিক সময় কিস্তিতে শোধ করিতে হইবে। যে ২।০ কাঠা পরিমাণ জমি উহার কিয়দংশ আপনার ও আপনার পরিবার-ভুক্ত ব্যক্তিদের বসবাসের জন্য গৃহনির্ম্মাণের উদ্দেশ্যে আপনাকে অর্পিত হইবে। আপনি মাত্র সে জমির খণ্ডটুকুই অধিকার করিবেন। যদি আপনি ২।০ কাঠার অতিরিক্ত অথচ সর্ববসাকুল্যে তিন কাঠার অনধিক জমি অধিকার করিতে চাহেন বা অধিকার করিয়া রহিয়াছেন বলিয়া দেখা যায় তাহা হইলে সেই অতিরিক্ত জমি বাবদ সরকার যে পরিমাণ অতিরিক্ত অর্থ দেয় বলিয়া সাব্যস্ত করিবেন তাহা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপনাকে সরকারকে প্রদান করিতে হইবে। অর্পণ-পত্রের অর্পিত জমি ব্যতিরেকে অন্য কোন জমি কোন অবস্থাতেই অধিকার করিতে পারিবেন না এবং অধিকৃত জমির অধিকার পরিত্যাগ করিতে বলামাত্র আপনি তাহা পরিত্যাগ করিবেন। এই যে ২।০ কাঠা জমি দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে যে কোন কোন পরিবারে প্রায় ২৫ জন করে লোক রয়েছে, এই ২।০ কাঠা জমিতে ও ৫ শত টাকা ঋণ নিয়ে তারা কি করে ঘরবাড়ী করবেন এবং প্রতিষ্ঠিত হবেন তা বুঝা যায় না। তারা এ, বি, সি, ডি, ব্লকএর মধ্যে মাত্র ৩৮টি পরিবারকে এখানে রেগুলারাইজ করা হয়েছে। যেখানে সেই ২৬ বিঘা জমির জন্য মিলটন সাহেব ২০ হাজার টাকা চেয়েছিল

[6-55—7-5 p.m.]

মাননীয় মন্ত্রীমহাশয় সেখানে গিয়ে বলেছেন তোমাদের প্রত্যেক কাঠাতে ১০০৲ টাকা করে দিতে হবে, অর্থাৎ ৫২ হাজার টাকা এই জমির মূল্য বাবদ রিফিউজীদের দিতে হবে। ২০ হাজার টাকার স্থলে ৫২ হাজার টাকা দিতে হবে এবং পাবেন ২।০ কাঠা করে এবং যে সর্ত্ত দেওয়া হয়েছে তাও মেনে নিতে হবে। এতে বাস্তুহারারা যথেষ্ট আশীর্ব্বাদ এই মন্ত্রীদের করেছেন, অভিশাপ বলবো না, তাঁরা অভিনন্দনপত্র দিয়েছিলেন, মন্ত্রীমহাশয়রা তা গ্রহণ না করে চলে এসেছেন। তারা অভিনন্দনে বলেছিলেন মন্ত্রীমহাশয় আপনি আপনার প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন সুতরাং যে অর্পণ-পত্র দিয়েছেন তার মালা দিয়েই আপনাকে অভিনন্দন জানাব। অভিনন্দন পত্রটা পড়ে দি।

Mr. Speaker:

না, পত্রটা পড়তে পাবেন না।

Sj. Ambica Chakrabarty:

বেশ, যা ছিল তাই বলি। তাতে তারা বলেছিলেন আপনি আশ্বাস দিয়েছিলেন কিন্তু কিছুই করেন নি। আপনার এটা ধাপ্পাবাজী। আপনার দেওয়া অর্পণ-পত্র দিয়ে মালা করে আপনাকে অভিনন্দন জানাতে চাই। আপনার জায়গা আমরা চাইনে। তিনি এতে রেগে অপমানিত হয়ে চলে এসেছেন। কথা হচ্ছে, সমালোচনার জন্যে—গভর্ণমেণ্টের সমালোচনা আমরা করতে চাইনে। ওরা সত্যিকারের কো-অপারেশন চান না, যদি চাইতেন তিন বৎসরের মধ্যে কলোনীগুলি রেগুলারাইজ করতে পারতেন। আমি পূর্ব্বেও বলেছি এবং আবার বলছি এই অপদার্থ মন্ত্রীরা কোন দিন

[Sj. Ambica Chakrabarty.]

কিছু করতে পারবেন না। আমাদের হাতে যদি ক্ষমতা থাকতো তাহ'লে ৬ মাসের মধ্যে সমস্ত কলোনী রেগুলারাইজ করে দিতে পারতাম। আমি চ্যালেঞ্জ করে একথা বলছি, যদি না করতে পারি তাহ'লে এই এসেমব্লিতে আমি আর মুখ দেখাতে আসব না। আমি সাজেসন দিচ্ছি, পুনর্বাসন ক্ষেত্রে সরকারী নীতির পরিবর্ত্তণ করা হোক। সুষ্ঠু পুনর্বাসনের জন্যে সমস্ত দলের সহযোগিতা গ্রহণ করা হউক।

স্যার, এই ডকুমেণ্টগুলি আপনার কাছে তাহ'লে উপস্থিত করে দেব। আমি এই এ্যাক্টএর আয়ুষ্কাল বৃদ্ধির সম্পূর্ণ বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, আইন যেভাবে আনা হয়েছে এইভাবে এ্যামেণ্ডমেণ্ট আইন আনার বিরুদ্ধে প্রতিবাদ করছি। গত তিন বৎসর এই আইনটি কিভাবে কার্যকরী হয়েছে এবং যে সমস্ত ত্রুটি এবং গলদ আছে সে সমস্ত বিবেচনা করে তবে আইন আনা উচিত ছিল। তা না করে এর পরমায়ু আবার তিন বৎসরের জন্য বাড়িয়ে দেওয়ার ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ না করে পারি না। তিন বৎসর পরে এই আইনের দোষত্রুটি বিশেষ করে বিবেচনা করা উচিত ছিল এবং সেই ভিত্তিতে নোতুন করে পুনর্বাসনের চেষ্টা করা উচিত ছিল। যেভাবে রিহ্যাবিলিটেসন হয়েছে তা সুষ্টুভাবে হয়েছে বলা চলে না। হাজার হাজার লোক স্কোয়াটার্স কলোনীতে এবং মুসলমানদের পরিত্যক্ত বাড়ীতে রয়েছে এবং অনেক সময় তাদের বিরুদ্ধে মামলা কম্পিটেণ্ট অথরিটির কাছে যদি জমিদার প্রভৃতি নিয়ে যান এবং সিভিল কোর্টএর আওতায় এই আইন পড়ে না, এই রকমভাবে হাজার হাজার উচ্ছেদ হয়েছে। সেইজন্য আমি বলছি পুনর্বাসনের যে উদ্দেশ্য সে দিক থেকে এই আইনটা কোন কার্যকরী হয় নি। সেইজন্যই এই আইনের জীবন বাড়িয়ে কোন লাভ নাই। যাতে এই সমস্ত বাস্তুহারাদের সত্যিকারের পুনর্বাসন হয় এবং তারা যাতে সিভিল কোর্টএর আওতায় উচ্ছেদ না হয় সে দিক দিয়ে দৃষ্টি রেখে এই আইনটা সম্পূর্ণ পরিবর্তন করে আনা উচিত। যখন রেণ্ট এ্যাক্ট এসেছিল তখন মন্ত্রীমহাশয় বলেছিলেন যে তারা শীঘ্র একটা কন্সট্রাক্সেনসিভ বিল আনবেন কিন্তু তাও আজ পর্য্যন্ত কার্যকরী হোল না। সেইজন্য আমি বিশেষভাবে অনুরোধ করছি যে একটা কন্সট্রাক্সেনসিভ বিল এনে বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যবস্থা করুন। একশত তেত্রিশ কলোনীর মধ্যে মাত্র ৩৮টা পরিবারকে রেগুলারাইজ করা হয়েছে। এই তিন বৎসরের মধ্যে আর কিছু করেন নি। স্কোয়াটার্স কলোনীগুলিও স্বীকার করে নেওয়া হোল না। মুসলমানরা তাদের জমি বাড়ী ফেরৎ পেল না। জমিদারদের জমি দখল কোরে নিয়ে এই সমস্ত বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যবস্থা হতে পারতো। এইজন্য আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। যত শীঘ্র সম্ভব এই সমস্ত দোষত্রুটি দূর করে একটি কন্সট্রাক্সেনসিভ বিল এনে এদের পুনর্বাসনের ব্যবস্থা করুন। তা না হ'লে চিরকালই কেস পড়ে থাকবে।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৩ বৎসর আগের রচিত এই আইন উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য হয়েছিল কিন্তু কার্যকালে দেখা গেল এই আইনটা একেবারে পণ্ড। এই আইনকে একেবারেই শেষ করে দেওয়া উচিত ছিল কিন্তু তা না করে এখন আবার মেয়াদ বৃদ্ধি করা হচ্ছে। বর্তমানে যা কারণ দেখান হয়েছে তাতে এক জায়গায় এই কথা আছে এবং এ্যামেণ্ডমেণ্ট যা করা হয়েছে, যে কুজ বি অফ সাব-সেকসন ১ অফ সেক্সন ৪এ, তাতে মূল যা উদ্দেশ্য ছিল আর এখন যেভাবে সংশোধন করছেন তাতে উদ্বাস্তুদের উৎখাতেরই ব্যবস্থা হচ্ছে পুনর্বাসন না করে।

[7-5—7-15 p.m.]

Mr. Speaker: It is not a Bill for rehabilitation

ডিসপ্লেসড পারসনসকে রিহ্যাবিলিটেট করার জন্য বিল ত নয়—

Sj. Dasarathi Tah:

আমি বলছি যা হতে যাচ্ছে জমিদারদের হাতে পয়সা দেবার ব্যবস্থা হতে যাচ্ছে এবং আরও কিছু পয়সা লুটপাট হতে যাচ্ছে। সে ক্ষেত্রে আমরা বলি এটা ঠিক নয়। পুনর্বাসনের ব্যবস্থা করা হ'ল না এবং অতি কষ্টে যে আশ্রয় ব্যবস্থা তাদের নিজেদের চেষ্টায় করতে পেরেছিল তা থেকে তাদের জবরদস্ত দখল বলে উৎখাত করা হচ্ছে। সরকার ত এ যাবৎ তাদের পুনর্বাসন করতে পারল না। সরকার যা করেছেন তাতে কিছু নগদ হাতে দিয়ে দেবেন এবং বলবেন এখন চরে খাও—এই মনোভাব প্রকাশ পাচ্ছে। কাজেই বলি সরকার সুবিবেচনা করে একটা বিল আনুন যাতে সম্পূর্ণভাবে তাদের বাড়ীঘর তৈরি করে দিয়ে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন। তা না করলে আরও কিছু পয়সার অপব্যয় হবে মাত্র। এই সব ছিন্নমূল উদ্বাস্তুরা এই অবস্থা বিপর্য্যয়ের মধ্যে দিয়ে এসে যখন নিজেদের ধৈর্য্য ও সহিষ্ণুতার দ্বারা কোন রকম একটু দাঁড়াবার ব্যবস্থা

করছেন—সেই সময়ে হঠাৎ যদি তাদের সেই মাটি থেকে সরিয়ে এ রকম করে রাস্তায় ছেড়ে দেওয়া হয় তাহ'লে সেই ছিন্নমূল উদ্বাস্তুরূপ বৃক্ষ আর কোন দিনই মাটিতে শিকড় গাড়তে পারবে না। হাউস-বিল্ডিং লোন যা দেওয়া হচ্ছে তাতে যে ব্যবস্থা চালু আছে তাতে দেখতে পাচ্ছি যে পারমিট বা লাইসেন্স পেতে গেলে যে কমিশনএর ব্যবস্থা আছে এতেও সে ধরণের কমিশন দিতে হচ্ছে। কাজেই যাতে টাকার এই রকম অপচয় না হতে পারে সেই জন্য এই পঙ্গু বিলটাকে এখানেই শেষ করে দিন এবং একটা সুষ্ঠু বিল করুন যা দ্বারা হাতে কিছু নগদ পয়সা দিয়ে বিদায় না করে সত্যিকারের পনর্বাসনের ব্যবস্থা হয়।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি মূল আইনে রাজী হয়েছিলাম কারণ তার উদ্দেশ্য ছিল ট্রুফোল্ড—প্রথম আনঅথারাইজড্ ল্যাণ্ড যেখানে রিফিউজী বসেছে সেটা বিয়েল ওনারদের ফিরিয়ে দেওয়া এবং সেই রিফিউজীদের পুনর্বাসনের ব্যবস্থা করা। আইনের যে উদ্দেশ্য ছিল সেটা নিশ্চয়ই খুব ভাল ছিল কিন্তু বর্তমানে যে আকারে আইনটা পুনর্জীবিত করা যেত কিন্তু তার সঙ্গে যে মারাত্মক এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে, তাতে পুনর্বাসন না হয়ে তাদের পুনরুদ্বাস্ত করার ব্যবস্থা হচ্ছে। যেমন এ্যাক্টএ ছিল—

"and also a house and such other land suitable for him in the opinion of the competent authority if immediately before the competent authority makes the order that he had a house on the land."

মূল আইনে ঘরবাড়ী দেবার ব্যবস্থা ছিল। এখন দেখছি তার মূলে কুঠারাঘাত করা হয়েছে।

Clause 3, B(I), "or a house-building loan".

এর পরে একটা অর যোগ করা হয়েছে এটা মারাত্মক কথা। এতে সর্বনাশ হবে। বাড়ী তারা পাবে না।

"and such other land"

বলা হয়েছে যে হাউস-বিল্ডিং লোন দেওয়া হবে এটা খুবই সঙ্গত হ'ত কিন্তু অর দেওয়া থাকায় সেটাও হবে না। মাননীয় মন্ত্রীমহোদয়া দরদের কথা বলেছেন এবং বলেছেন রিফিউজীর জন্য অনেক কিছু করেছেন তা ভালই করেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি যেটুকু করার প্রয়োজন তা করা হচ্ছে কৈ? এটা ঠিক যে রিফিউজীর পুর্নবাসন প্রশ্ন মানবতার প্রশ্ন। আজকে যারা ছিন্নমূল হয়ে এখানে এসেছে—একদিন তাদের স্যাক্রিফাইস এবং সাপোর্ট না পেলে আজকে আমরা এই হাউসএ এসেমব্লি মেম্বার হয়ে আসতে পারতাম না। এটা অস্বীকার করবার উপায় নেই। এরা বাংলাদেশেরই মানুষ—আমাদেরই মা বোন—যাতে এদের প্রত্যেককে পুনর্বাসন করা যায় তার জন্য একটা স্পেশাল আইন করা উচিত ছিল। তা হয় নি। নিজেদের কায়িক পরিশ্রমে যে ঘরবাড়ী তৈয়ার করেছে তাদিগকে অলটার্নেটিভ এ্যাকোমোডেশনের নামে যেন তাদের সর্বনাশ করা না হয়। দরদ দিয়ে যেন তাদের এই অবস্থা বিবেচনা করা হয় এবং আইনের পবিত্রতা বলে যদি কিছু জিনিষ থাকে, তবে এই পুনর্বাসনের মধ্য দিয়ে সেটা প্রমান করুন। যে সমস্ত জায়গায় ঘরবাড়ী তারা তৈয়ার করেছে—ঠিক যেটা পতিত জায়গা—এককালে যেখানে বাঘ প্রভৃতি থাকত, সেই সমস্ত ফাঁকা জায়গায় গরীব রিফিউজীরা যে ঘরবাড়ী তৈরী করেছে—সেস্থানটা তাদের দিয়ে দেওয়া উচিত। এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে—রিকুইজিসন করেই হোক বা এ্যাকুইজিসন করেই হোক—তাদের পুনর্বাসনের ব্যবস্থা অবিলম্বে করা হোক।

তারপর এই ব্যাপারে জমি হস্তান্তর ব্যাপারে যে ডিফেক্ট রয়েছে সেই জিনিষটা রেক্টিফাই করে এই আইনের মধ্যে ইনকুড করলে ভাল হয়। এমন অনেক এক্সচেঞ্জ বা ট্রান্সফার হয়েছে সেগুলি মিউচুয়াল ট্রান্সফারই বলুন বা ভার্বাল ট্রান্সফারই বলুন—সেগুলি রেগুলারাইজ না করার জন্য অনেককে অনেক ট্রাবল পেতে হয়েছে—কোন মুসলমান হয়ত তখন ট্রান্সফার করে পাকিস্থানে চলে গিয়েছিল কিন্তু পরে এসে এখন রিকুেম করছে। এসব কেসএতে অনেক সময় দলিলপত্র বা ডকুমেণ্টস্ না থাকায় বহু লোককে নাজেহাল হ'তে হয়েছে। হাওড়া জেলার একটা দৃষ্টান্ত দিচ্ছি। সেখানে একজন মুসলমান উকিল একজন বিশিষ্ট গভর্ণমেণ্ট অফিসারকে একটা বাড়ী দিয়ে যান এক্সচেঞ্জএ। তার কোন রেজিষ্ট্রেসন হয় নি কারণ তখন নানারকম অসুবিধা ছিল। সেই উকিল ঢাকায় প্রাকটিস করতে চলে যান এবং ৩ বৎসর বাদে এসে সেটা দাবী করেন। তারপর সিভিল সুট চলে—কোন দলিল পত্র নাই—বহু খরচপত্র হয়—যাহোক তিনি একজন কানোনগো অফিসার—একটা কাগজে একটু লিখে রেখেছিলেন। তাই রক্ষে। কাজেই স্পেসিফিক পারফর্মান্স এ্যাক্ট বা স্পেসিফিক রিলিফ পারফর্মান্স এ্যাক্ট ব্যাপারে আইনগত যেসব প্রোসিডিওর মানা হয় নি সেই সব ক্ষেত্রে এ ধরণের

[Sj. Rakhahari Chatterjee.]

ট্রান্সফার যাতে আইনসঙ্গত বলে ধরে নেওয়া হয়—সেই রকম একটা প্রভিসন এই আইনে এ্যাড় করে নেওয়া হোক। তা না হ'লে সাধারণ লোকের ভয়ানক অসুবিধায় পড়তে হবে এবং খরচাও হতে থাকবে।

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, যখন এই বিল প্রথম আনা হয়েছিল তখন এর তীব্র প্রতিবাদ আমরা করেছিলাম—আমি এবং চারুবাবু। তখন আপনি ছিলেন না। জালান সাহেব সভাপাল ছিলেন। তখন পার্টি লীডারএর কাছ থেকে মাইক কেড়ে নিয়ে আমি বলেছিলাম। কারণ এই বাস্তহারা—যারা জমিদারের জমির বনজঙ্গল কেটে নিজেদের কোন রকমে বসবাসের ব্যবস্থা করেছিল—তাদের সমস্যা অতি জটিল।

কলকাতার সন্নিকটে জমিদারের জায়গায় বন-জঙ্গল কেটে যাঁরা বসতি স্থাপন করেছিলেন তাঁদের যেমন সেই জায়গায় অধিকার দেবার পক্ষপাতী ছিলাম, তেমনি তাঁরা এই দেশেরই মুসলমান ভাইদের জায়গা, জমি, বাড়ীঘর যাঁরা দখল করেছিলেন, তাঁদের সেখান থেকে উঠিয়ে, প্রকৃত মালিকদের ওগুলি দখল দিয়ে, অন্যত্র ভাল বন্দোবস্ত করে, তাঁদের আমরা বসাবার পক্ষপাতী ছিলাম। মুসলমানদের কথা কেউ ভয়েও বলেন না। তাঁদের পক্ষে সত্য-কথা প্রকাশ করার কেউ নেই তাই আমি ও চারুবাবু সেদিন ওদের পক্ষে দু'একটী সত্য কথা প্রকাশ করেছিলাম।

[7-15—7-25 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen: We will be able to fix the non-official day tomorrow.

Sj. Ganesh Ghosh: According to the programme the session will continue up to 29th.

Mr. Speaker: No, no. It will continue longer.

GOVERNMENT BILLS.

The Bengal State-Aid to Industries (Amendment) Bill, 1954.

The Hon'ble Jadabendra Nath Panja: Sir, I beg to introduce the Bengal State-Aid to Industries (Amendment) Bill, 1954.

(Secretary then read the short title of the Bill.)

The Hon'ble Jadabendra Nath Panja: Sir, I beg to move that the Bengal State-Aid to Industries (Amendment) Bill, 1954, be taken into consideration. The reasons are stated in the Statement of Objects and Reasons appended to the Bill, and there is no need to make a speech.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1954.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 14th April, 1954.

Sj. Tarapada Bandopadhyay: I think Sir, as in the original Act so also in the present amendment there is no programme, plan or purpose. You know, Sir, that the original Act has remained in force for several years since 1931. But still, Sir, the condition of big and small industries including cottage industries has remained as bad as ever. The original Act has not been able to do any appreciable good to the industries. It has not been able to give any fillip to industries in Bengal. Now the ostensible purpose of the Bill is to improve the provisions of the original Act so that this Act as amended may be of greater service to the industries of Bengal. But the provisions that are sought to be made in the amendments have certainly disappointed us. The only renovation or innovation that has been sought to be made through these amendments is to enlarge the Board, to appoint certain more members on the Board

which is to be constituted. This is in clause 3. "The State Government shall establish a board to be called the Board of Industries for carrying out the purposes of this Act consisting of the following members." The persons who are to be appointed according to those amended provisions are the same officers of the Government—they are the same yesmen and henchmen of the Government—they are the same *khoirkhans* of the vested interests. Therefore, Sir, how would the Board, as proposed to be constituted under the amended provision, be any improvement upon the previous Board? There is no provision for electing the members of the Board except on one or two stray occasions. Two members of this Assembly will be elected and one will be from the Legislative Council. The Legislative Council is a body which is, in itself an essence of certain others and from that essence some further essence has got to be extracted. It was not at all necessary. You will be pleased to see that two members have got to be elected from the Legislative Assembly. It has not been stated that one of the members must be from the Opposition. So, as the House is at present constituted, certainly both the members will be from the Congress side. Therefore, I should say that this Board would be in the same manner subservient to the ruling party, the ruling clique, the Congress Party, as the former Board has been. Therefore, Sir, it will sing hallelujah always to the Congress Ministry, it will give ditto to the mandates of the Congress Ministers and this Board also will play a second fiddle to the Congress. Then what is the necessity of entering into a sham transaction like this? I should say, Sir, this would be sheer waste of money. The little thing that you propose to do may be done, Sir, by the Department of Industry—by the officers of the Department of Industry. Why should it be that we should take recourse to the luxury of a Board like this and all the paraphernalia of a Board in the shape of establishments, in the shape of officers and so on and so forth? This would be a heavy drainage, Sir, upon the public exchequer which would not certainly yield any corresponding result. Therefore, I should say, Sir, instead of bringing an amending Bill like this the Ministry should have been well-advised to bring a Bill to repeal the original Act. Now, Sir, I should say that some vested interests would come, some capitalists would come and they would shape a policy which may not be beneficial to the country or which would go to serve their own interests. Therefore, the policy of this Board would be carried out not with an eye to the good of the country or good of the industry but with an eye to the good of the Congress Party, this ruling party. Therefore, I apprehend, Sir, that this Board will be a hot-bed of Congress politics.

[3-40—3-50 p.m.]

Therefore I say, Sir, that this Board should not be constituted and as I have already told it can be done with as minimum a cost as possible by the officers of the Department of Industry. Again, you would be pleased to see the body of the provisions. What would be the duties and the rights of this Board? They are simply to recommend something to receive applications for State aid; to make such inquiries regarding applications as the Board deems necessary or as may be required by his Act; to report to the State Government upon applications for State aid; to frame schemes and programmes for such State action as the Board considers necessary for the steady and progressive development of industries in West Bengal for consideration of the State Government; and to advise the State Government on any other industrial matter that may be referred to it for opinion. Therefore, Sir, this would be only an advisory body. Mark, Sir, that the opinion or the recommendation or the advice of

[Sj. Tarapada Bandopadhyay.]

this body would not be binding upon the Government. The Government will be able to go in the fashion of the Czar of Russia. Why should there be a farce of a Board like this? For these reasons I should say, Sir, that this Bill should not be accepted or should not be passed by the Assembly, nor should it be pressed by the Government.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I expected a speech in support of this amending Bill but the Minister has referred us to the Statement of Objects and Reasons. We find here, Sir, a statement that in view of the recent policy adopted by the Government for intensive and extensive development of cottage and small-scale industries, these amendments have become necessary. So far as we could know from the budget discussion, only 18 lakhs have been provided for cottage industries and the Minister himself on the floor of the House admitted that it was insufficient and meagre in view of the problems before him. Still I cannot follow how could he say that the Government has adopted an extensive and intensive development of cottage industries.

Now, Sir, this amending Bill is not an improvement on the original Bill. I do not find any improvement or any utility except that there has been provision for more expenditure and for keeping the entire aid within the control of a particular party. You will find, as has already been pointed out, that out of these members, all of them will be appointed by the Government excepting, of course, the two members from the Legislative Assembly and one from the Council knowing full well that they will be also recruited from the Congress Party. Whatever aid is to be given would be given to the nominees of a particular party irrespective of the merits of the case. That is our suspicion.

Sir, one thing that I cannot follow is hitherto in the previous Act the Secretary of this Board was the Director of Industries himself, but now we find in this amendment "An officer of the Directorate of Industries, West Bengal, to be appointed in this behalf by the Director, shall be the Secretary to the Board". Why cannot the Director himself be the Secretary to the Board? There is another thing. Now, the Director of Industries certainly controls the entire show. He will guide the members of the Board. He wants to take the power of granting this aid from the Government. Why? What would the Minister be doing? That is clause 9; that should be omitted altogether. Here it is written "The State Government may delegate to the Director of Industries". He is a member of this Board; he will be sanctioning and he will be paying with certain outsiders as a show. So the entire money would be spent through one man. Why should that be, and we want to know what the Minister-in-charge would be doing. Recommendations would be placed before him by a Board. He was very elaborate about the Board. You have the Director of Industries in the Board and again you delegate to him the powers of granting aid. In my view that would not at all be in the interest of the State. This is how clause 9 reads. "The State Government may delegate to the Director of Industries its power to grant State aid under section 19 on such terms and conditions and subject to such limitations or restrictions as it thinks fit."

We find that the amount of loan will not exceed Rs. 3,000 and then to get it one has got to have 50 per cent. of that amount in the industry and he has to encumber all his landed property and everything. What an aid! You call it an aid? I do not think, Sir, that any proper businessman would come forward to have such an aid. This aid will go, as it is desired from the scheme of this particular Bill, to certain undesirables and not in the interest of the people or the State.

Further, Sir, why don't you give a schedule of the cottage industries

whom you mean to give this aid? There is no schedule. What kind of cottage industry would be entitled to the aid you should set out in the schedule; then people would know who are getting the aid; we will also know to whom, after you amend the Bill, you would give as otherwise we do not think it would be conducive to the interest of this State. What deters you, I cannot follow, to put out a schedule and state there that these are the cottage industries to whom you mean to give the aid. I think this amending Bill is absolutely defective and should be withdrawn.

Sj. Biren Banerjee:

মাননীয় সভাপাল মহাশয়, একদিক থেকে দেখতে গেলে এই ছোটখাট ইণ্ডাষ্ট্রী সম্পর্কে এখানে যে আলোচনা হয়েছে কিম্বা আজকে তাদের বাস্তব অবস্থা যা, সে সমস্যা বিবেচনা করলে এই "ষ্টেট এড্ টু ইণ্ডাষ্ট্রী"র মত একটা বিল আসা যে অতীব প্রয়োজনীয় এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যে ধরণে এই এ্যামেণ্ডমেণ্ট বিলটা আনা হয়েছে এবং যে যে ক্লজ ওলো এখানে সন্নিবিষ্ট করা হয়েছে তাতে মনে হয় যে মিনিষ্টারবা গত বাজেট সেসানে এই ছোটখাট ইণ্ডাষ্ট্রীর সম্বন্ধে যে উক্তি করেছেন সে উক্তির কোন অর্থ হয় না। এজন্য আমি বলব, যে ধরণে এই 'ষ্টেট এড্ টু ইণ্ডাষ্ট্রী" এ্যাক্ট এ্যামেণ্ড করবার জন্য বিলটা এসেছে--এই এ্যাক্ট হচ্ছে '৩১ সালের এ্যাক্ট এবং '৩১ সালে যে সমস্যা ছিল আজকের দিনে সে সমস্যা নেই, তার চেয়ে সমস্যা অতীব ঘোরতর হয়েছে; অতীব বৃহদাকার ধারণ করেছে এবং অন্যান্য ছোটখাট ইণ্ডাষ্ট্রীর ব্যাপারেও তাই হয়েছে। বিদেশী সরকারের তদানীন্তন গভর্ণর কেন '৩১ সালে এই এ্যাক্টটা পাশ করিয়েছিলেন, তার যদি উত্তর দিতে হয় তাহ'লে বলতে হয় যেমন লোককে শান্ত রাখবার জন্য, যাতে হৈ-চৈ না হয় সেজন্য যেমন কিছু কিছু লোককে পজিশানে রাখা চাই, তাতে দেখান যায় যে তাঁরা সাহায্য করছেন। এজন্যই এই এ্যাক্টটা পাশ করান হয়েছিল। তা না হ'লে কোন ইম্পিরিয়্যালিষ্ট ষ্টেটের কোন দিন এমন পলিসি হ'তে পারে না যে তাঁরা ছোটখাট ইণ্ডাষ্ট্রীকে পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করবেন বা বিশেষ কোন সাহায্য করবেন; কোন ইম্পিরিয়্যালিষ্ট গভর্ণমেণ্টের কাছ থেকে, বিশেষ করে বিদেশী সরকারের কাছ থেকে, কোন দিন এমন আশা করা যায় না।

[3-50—4 p.m.]

আজকে সেইজন্য এই ছোটখাট ইণ্ডাষ্ট্রী সম্বন্ধে বলতে গেলে দরদ দিয়ে দেখা চাই, বাস্তব ঘটনা দিয়ে বিবেচনা করা উচিত, সেখানে পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করা উচিত। সেগুলি দেখে তারপর সেখানে কি অসুবিধা আছে তার ব্যবস্থা করা উচিত। কিন্তু এই গভর্ণমেণ্ট কি করছেন? সেই ১৯৩১ সালের যে বিল তার কাঠাম ঠিক বজায় রেখে, এখানে সেখানে একটু আধটু বদল করছেন। অনেকে বলেছেন যে বদলটা করা হয়েছে সেটা এতই অকিঞ্চিৎকর এবং অপরিণামদর্শিতা যে সেই বদলের কোন মানেই হয় না। সুতরাং এই বিলের স্পীরিটটাকে সমর্থন করতে গেলে এই বিলের সমস্তটাই বদল করা উচিত। আমার মতে এই বিলটাকে ঢেলে সাজান উচিত। যাতে বাস্তবিক উপকার হয় সেইরকম করা উচিত। বিলের মধ্যে যদি দেখি, তাহ'লে দেখতে পাবো--এটা যেরকমভাবে বদল করা হয়েছে, ঠিক যেন আগের যে মতলব ছিল সেই মতলবই এখানেও বজায় আছে। মাননীয় সুধীর রায় চৌধুরী মহাশয় পূর্ব্বে বলে গিয়েছেন যে সরকার তাঁর কিছু দলের লোককে সন্তুষ্ট রাখবার জন্যই এই ধরণের বিলটি এনেছেন। অথবা কাউকে একটু পোজিসন করে দেওয়া হ'ল, এইরকমভাবে এই বিল তৈরী করা হয়েছে। যেমন আমরা দেখতে পাই বাজারে বেবী ট্যাক্সি হ'ল। তখন বাজারের লোকেরা যা বলাবলি করেছে সেটা আমি এখন আর হাউসের সামনে বলতে চাই না। আপনারা গদিতে যাঁরা বসে আছেন সকলেই একথা জানেন। এই বেবী ট্যাক্সি গোড়ায় যাঁরা পেয়েছিলেন, তাঁরা কেমন করে পেয়েছিলেন, সে সম্বন্ধে বাজারে একটা ভীষণ স্ক্যাণ্ডাল আছে এবং তার অধিকাংশই সত্য। (এ ভয়েস--স্ক্যাণ্ডাল আবার কি?) সেই স্ক্যাণ্ডাল সম্বন্ধে যদি বলতে হয় তাহ'লে দেখতে পাবেন তার মধ্যে অনেক কিছু আছে। আমি সে বিষয় এখানে আলোচনা করতে চাই না, অবস্থা অত্যন্ত সঙ্কটপূর্ণ হয়ে আছে; আবার এটা নিয়ে সেইভাবে কেন করতে যাচ্ছেন? আপনারা এই বিলের কোথায়, কি পরিবর্ত্তন করছেন? প্রথম কথা হচ্ছে এই বিলের কোথাও কোন ডেফিনিসন বলতে কিছু হয়নি। কটেজ ইণ্ডাষ্ট্রী, মিডিয়াম ইণ্ডাষ্ট্রী বলতে কি মিন্ করছেন? অবজেক্টস এণ্ড রিজনস্ এর মধ্যে যা আছে সেইটাই আমার বক্তব্য এই কথা মন্ত্রীমহাশয় বলেছেন। তাহ'লে সুধীর রায় চৌধুরী মহাশয়ের কথায় বলতে হয় যে কটেজ ইণ্ডাষ্ট্রী এবং ছোটখাট ইণ্ডাষ্ট্রীকে সম্পূর্ণ সাহায্য দেবো এবং তার জন্য আমরা বলিষ্ঠ পদক্ষেপ করবো—

[Sj. Biren Banerjee.]

এইরকম কথা আছে কিন্তু তাঁরা দেবেন ত মাত্র তিন হাজার টাকা, তাতে কি করে কটেজ ইণ্ডাষ্ট্রীজএর প্রকৃত উন্নতি হবে? সেদিন যা বলেছিলাম এই তিন হাজার টাকায় আচার বা বড়ি তৈরী ছাড়া আর কিছু করা সম্ভব হবে না। ডাঃ রায়ের মাথায় স্কীম আছে, তিনি হয়ত বিধবাদের দিয়ে বড়ি, চাট্‌নী প্রভৃতি তৈরী করবেন। কিন্তু আমার মনে হয় সেই রকম কটেজ ইণ্ডাষ্ট্রী করতে গেলেও এই তিন হাজার টাকায় হবে না। সুতরাং এই তিন হাজার টাকা দেবার এত আড়ম্বর কেন? এখানে আপনাদের

Report of the State Industrial Committee

আছে। তাতে ১৯৫১ সালে যে রিপোর্ট বেরিয়েছিল তাতে বলা হচ্ছে ২০ হাজার টাকা পর্য্যন্ত যার ক্যাপিটাল তাকে কটেজ ইণ্ডাষ্ট্রী বলা হবে এবং এক লাখ যার ক্যাপিটাল তাকে লার্জ স্কেল ইণ্ডাষ্ট্রী বলা হবে। শ্রদ্ধেয় ডাঃ রায়ও একদিন বলেছিলেন যাদের ২০ হাজার টাকা পর্য্যন্ত ক্যাপিটাল তাদের কটেজ ইণ্ডাষ্ট্রীজ-এর পর্য্যায়ে ফেলা যায়। অতএব এইরকম ইণ্ডাষ্ট্রীকে যদি সাহায্য করতে হয়, তাহ'লে মাত্র এই ৩ হাজার টাকায় কি হবে?

তারপর যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট এখানে প্রস্তাবিত হয়েছে, সেই এ্যামেণ্ডমেণ্টগুলি একটু দেখুন। সেক্সন থ্রি, ক্লজ (২)তে বলা হচ্ছে--৮ জন মেম্বর আগের এ্যাক্টে ছিল, সেখানে ২৪ জন মেম্বর করা হচ্ছে, এবং এর মধ্যে ১০ জন গভর্ণমেণ্ট নমিনেটেড মেম্বর। আর ১১ জন ডাইরেক্টর অফ ইণ্ডাষ্ট্রীজ-এর লোক। এটা ত সম্পূর্ণ একটা গভর্ণমেণ্ট বডি হচ্ছে। তাহ'লে বলুন এইরকম একটা পাব্লিক বডিকে গভর্ণমেণ্ট বডিতে পরিণত করে দিচ্ছেন। সত্যি সত্যিই যদি এটা পাব্লিক বডি করবার উদ্দেশ্য হয় তাহ'লে বাইরে থেকে আরও লোক আনুন, এ্যাসেম্‌ব্লি থেকে লোক নিন। দ্বিতীয়তঃ আগে ছিল চেম্বার অফ কমার্সের রিপ্রেজেণ্টেটিভ থাকবে কিন্তু এখন তা নাই। কেন চেম্বার অফ কমার্সের রিপ্রেজেণ্টেটিভ থাকবে না যখন আপনাদের গভর্ণমেণ্ট কমিশনই রেকমেণ্ড করেছেন যে চেম্বার অফ কমার্সের রিপ্রেজেণ্টেটিভ থাকা উচিত।

Mr. Speaker:

ঐগুলি আপনি আপনার ক্লজ যখন মুভ করবেন তখন বলবেন, এখন এ সম্বন্ধে বলছেন কেন?

Sj. Biren Banerjee:

অর্থাৎ আগে ছিল গভর্ণমেণ্টই পাওয়ার ডেলিগেট করবেন, আর এখন বলছেন গভর্ণমেণ্ট পাওয়ার ডেলিগেট করতেও পারেন, কিন্তু ডাইরেক্টর অফ ইণ্ডাষ্ট্রীজ এখন ডেলিগেট করবেন। অর্থাৎ বোর্ডের হাতে আর কোন পাওয়ার থাকবে না। তাহ'লে বোর্ডকে খালি ঠুঁটো জগন্নাথ করে বসিয়ে রাখছেন কেন? তাকেও ডেলিগেট করবার অধিকার দিন। সে যদি মনে করে কাউকে টাকা দিতে হবে, তার ব্যবস্থা সেইরকমভাবে যাতে হয়, তা করুন। সেইজন্যই আমি বলি বোর্ডকে সত্যি সত্যিই পাওয়ার দিন; একে ঢেলে সাজান।

তারপর সুবোধ বাবু যে কথা বলেছেন সেটা আমি বলছি না। অর্থাৎ ডাইরেক্টর অফ ইণ্ডাষ্ট্রীজ, তাঁরাই টাকা স্যাংসন করবেন, আবার তাঁদেরই লোক থাকবে সেখানে। তাহ'লে অবস্থা কি দাঁড়াচ্ছে--গভর্ণমেণ্ট তার নিজের কতকগুলি লোককে সেখানে রেখে দেবেন এবং তাঁরা যা খুশী তাই করবেন, কারো কিছু বলবার থাকবে না।

সভাপাল মহাশয়, যদি এইরকমভাবে দেখা যায়, তাহ'লে দেখা যাবে আমাদের একমাত্র ইণ্ডাষ্ট্রীজ-এর জন্য, এখানে কি আছে,--না ঐ তিন হাজার টাকা। আগে কোন পরিমাণ ছিল না, এখন বলা হচ্ছে ৭৫ পার্সেণ্ট অফ দি য়্যাসেট্‌স্ থাকলে তাঁরা টাকা দেবেন, কিন্তু এই তিন হাজার টাকার বেশী দেবেন না। সুতরাং এতে কি হবে তা বোঝাই যাচ্ছে। একে যদি সত্যি সত্যিই টাকা দিতে হয় তাহ'লে কেন আপনাদের কমিটির যে রিপোর্ট রয়েছে, যাতে বলা হয়েছে যে ১০ হাজার টাকা পর্য্যন্ত য়্যামাউণ্ট অফ মানি দেওয়া হোক, সেই প্রভিসন কেন এখানে থাকবে না। এ-ছাড়া আর একটা রেকমেণ্ডেসন আপনার নজরে আনতে চাই সেটা হচ্ছে ৫০ লাখ টাকা পর্য্যন্ত যদি এই বোর্ডের হাতে না থাকে তাহ'লে সেই টাকাটা তাঁরা ধার দেবেন কোথা থেকে। সুতরাং এই য়্যামাউণ্ট অফ মনি বোর্ডের হাতে থাকা দরকার এবং এই অনুসারে যদি কাজ হয়, তবেই সত্যিকারের কাজ হবে।

আজকে আমাদের দেশের ছোট ছোট কটেজ ইণ্ডাষ্ট্রীর অবস্থা কি? এখানে দেখতে পাচ্ছি কটেজ ইণ্ডাষ্ট্রীর মধ্যে আমাদের দেশে সব চেয়ে বড় ইণ্ডাষ্ট্রী হচ্ছে হ্যাণ্ডলুম ইণ্ডাষ্ট্রী। সভাপতি মহাশয়, বর্ত্তমানে গভর্ণমেণ্টের একটা পাব্লিকেশন পড়ে দেখেছি যেটা তাঁদের "ওয়েষ্ট বেঙ্গল টুডে"তে বেরিয়েছে। এতে দেখান হয়েছে যে বাংলাদেশের হ্যাণ্ডলুম

ইণ্ডাষ্ট্রীজতে সাড়ে তিন লাখ লোক কাজ করছে এবং সাড়ে বারো কোটী টাকার কাপড় তারা তৈরী করে। এবং অন্য ধরণের ছোট-খাটো ইণ্ডাষ্ট্রীজ যেমন হোসিয়ারী ইণ্ডাষ্ট্রী তাতে দশ হাজার লোক কাজ করে এবং পঞ্চাশ হাজার টাকার জিনিষ তৈরী করছে, এবং ব্রাস এণ্ড মেটাল ইণ্ডাষ্ট্রীতে কুড়ি হাজার লোক কাজ করছে ও ৮ কোটী ৬৬ লক্ষ টাকার জিনিষ তৈরী হয়। তারপর সোপ ইণ্ডাষ্ট্রীতে তিন হাজার লোক কাজ করে এবং সেখান থেকে ৫৪ লক্ষ টাকার জিনিষ উৎপন্ন হয়। এইরকম ভাবে হ্যাণ্ড-মেড পেপার, আইভরি ওয়ার্ক প্রভৃতি জিনিষের লিষ্ট আছে।

এই কটেজ ইণ্ডাষ্ট্রীর মধ্যে ১ লাখ ২০ হাজার রেজিষ্টার্ড হ্যাণ্ডলুম আছে, এবং সেখান থেকে ১২ কোটী গজ কাপড় তৈরী হতে পারে। আমাদের প্রয়োজন হচ্ছে সবশুদ্ধ ২৩ কোটী গজ, সেখানে আমাদের মিলে যা কাপড় তৈরী হয় তার চেয়ে মাত্র ৪ কোটী গজ কাপড় কম তৈরী হয়। কিন্তু এই হ্যাণ্ডলুম ইণ্ডাষ্ট্রীগুলি বসে আছে। ডাইরেক্টর অফ ইণ্ডাষ্ট্রীজ এই সমস্ত হ্যাণ্ডলুম ইণ্ডাষ্ট্রীজতে যে পরিমাণ সূতা দেন তার চেয়েও আরও ৭৫ ভাগ সূতার প্রয়োজন। হ্যাণ্ডলুম ইণ্ডাষ্ট্রীজকে বর্তমানে যে সূতা দেওয়া হয় তাতে সিকি হ্যাণ্ডলুম ইণ্ডাষ্ট্রীও সারা বৎসরে চলতে পারে না।

[4—4-10 p.m.]

ফরেন মনোপলির হাত থেকে এই ইণ্ডাষ্ট্রীকে বাঁচান যাবে না। সিলাণ্ডার্স আর্থনাট এণ্ড কোং এটা সম্পূর্ণ কণ্ট্রোল করে, কেউ কিছু করবার উপায় নেই। এর জন্যে আমাদের বেলমেটাল ইণ্ডাষ্ট্রী ধ্বংস হতে বসেছে। ঠিক সেইরকমভাবে কঞ্চসেল, স্মিথি, পটারি, ট্যানারি, স্ব-মেকিং ইণ্ডাষ্ট্রী, সব শোচনীয় অবস্থায় রয়েছে। স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীগুলি ওইভাবে দেখলে দেখা যাবে ১০ হাজার থেকে ১ লক্ষ টাকা ক্যাপিটাল যাদের, তাদের দেখলে বুঝা যায় সেই সমস্ত ইণ্ডাষ্ট্রী আমাদের দেশে বহু আছে এবং সেন্সাস ফিগার থেকে দেখাচ্ছি, সেখানে বলা হয়েছে ৭৫·২ পার্সেণ্ট আছে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রী এবং মিডিয়াম ইণ্ডাষ্ট্রী ২২·৬ পার্সেণ্ট। আর

heavy industry only 2·2 per cent. Industrial population, 1951.

১৯৫১ সালের সেন্সাস ফিগার হিসাবে ১৮ লক্ষ ১১ হাজার ৩ শত। তার মধ্যে ১১ লক্ষ ৫০ হাজার অর্গানাইজড ইণ্ডাষ্ট্রীতে, আর ৫ লক্ষ ৬১ হাজার স্মল এণ্ড মিডিয়াম ইণ্ডাষ্ট্রীর মধ্যে আছে।" এ-থেকে বুঝা যায় স্মল এণ্ড মিডিয়াম ইণ্ডাষ্ট্রীকে বাঁচিয়ে রাখবার কত দরকার। সভাপাল মহাশয়, এই কল্যাণী কংগ্রেস যখন হয়ে গেল সে সময়

Federation of Association of small and medium industries

একটা ব্রোচার দিয়েছিলেন, তার মধ্যে বলেছিলেন যে আমাদের যে কেপাসিটি তার ৩০ টু ৪০ পার্সেণ্ট ওয়ার্ক করতে পারছি আর পারছি না, তারা রিপ্রেজেণ্ট করেন ১,৫৫০টি ফ্যাক্টরি, তাদের ইনভেষ্টেড ক্যাপিটাল হচ্ছে ২ কোটী ৫ লক্ষ টাকা এবং এ-সম্পর্কে মুডালিয়র কমিটি তাদের যে রিপোর্ট ছিল স্মল ইঞ্জিনিয়ারিং ফার্ম সম্পর্কে—তাতে তারা বলেছিলেন যে ২০ টু ৫০ পার্সেণ্ট আইড্‌ল হয়ে বসে আছে, কাজ নেই। এরা কি জিনিষ তৈরী করেন? ইলেকট্রিক পাটস, ল্যাম্প-হোল্ডার্স, ছোট ছোট যন্ত্রপাতি,—সব কিছুই তৈরী করে, অর্থাৎ বোল্ট-নাট থেকে রোলিং ষ্টক পর্য্যন্ত আমাদের দেশে তৈরী করে। গভর্ণমেণ্ট রিপোর্টে রেকমেণ্ডেসন্স আছে যে আমাদের দেশে রোলিং ষ্টক-এর জন্যে ফরেনার্সদের কাছে যাবার দরকার হয় না, এখানেই তৈরী করিয়ে নেওয়া যায়। এই হচ্ছে আমাদের দেশে ইণ্ডাষ্ট্রীয়াল কেপাসিটি, একে যদি কাজে না লাগাই তাহ'লে অবস্থা আরও খারাপ হয়ে পড়বে। তারা কাজ করতে না পারলে আনএমপ্লয়মেণ্ট ফ্যাক্টরি থেকে ফ্যাক্টরি আরও ছড়িয়ে পড়বে। সভাপাল মহাশয়, আমি শুধু একটি কথা আপনার সামনে রাখছি, তাহ'লে বুঝবেন ফরেন ক্যাপিটালের দৌরাত্ম্য এই সব ইণ্ডাষ্ট্রীতে কতখানি। আমাদের এখানে বেলিং ইণ্ডাষ্ট্রী আছে। বছরে বেলিং তৈরী হয় ২,৩০০ টন আর আমাদের প্রয়োজন ১,২০০ টন। বেলিং ইণ্ডাষ্ট্রী আজ মরে যাচ্ছে কেন? সেখানে দুইটি বৃটিশ মনোপলিষ্ট ক্যাপিটালিষ্ট ফার্ম তৈরী করছে।

"Dunlop Rubber Co. (India) Ltd., Good-Year Rubber Tyre Co. (India), Ltd.",

তাদের জিনিষ গভর্ণমেণ্ট ষ্টোর পার্চেজ করছেন। যদিও এক্সপার্টসরা, সায়েণ্টিষ্টরা বলেছেন যে ইণ্ডিয়ান বেলিং বৃটিশ বেলিংয়ের চেয়ে কোনো অংশে খারাপ নয়, তবুও ইণ্ডিয়ান বেলিং গভর্ণমেণ্ট থেকে পার্চেজ করা হয় না। সোপ ইণ্ডাষ্ট্রী দেখুন, সেখানে লিভার ব্রসের জ্বালায় আমাদের দেশী সোপ ফ্যাক্টরিগুলি বন্ধ হয়ে যাচ্ছে। লিভার ব্রসের সোপ প্রডিউসিং কেপাসিটি ১ লক্ষ ১০ হাজার টন, আমাদের দরকার ২ লক্ষ ১০ হাজার টন, অর্থাৎ

[Sj. Biren Banerjee.]

তারা ৫০ পার্সেণ্ট কণ্ট্রোল করে। স্মল ইন্ডি-নিয়ারিংয়ে আসুন, সেখানে বোল্ট-নাট থেকে আরম্ভ করে রোলিং ষ্টক পর্য্যন্ত তৈরী হয়, এখানে

automobile spare parts, technical industrial equipments, structural steel

তৈরী হয়, কিন্তু সে জায়গায়

Jessop, Martin Burns and recently Guest Keen Williams Screw

তৈরী করবার যন্ত্র এনেছেন।

স্যার, আমার বক্তব্য হচ্ছে এরকম যেখানে ফরেন কম্পিটিশন সেখানে ছোট ইণ্ডাষ্ট্রীকে যদি সাহায্য করতে চাই, যদি গভর্ণমেণ্টের সিন্সিয়ারিটি থাকে, তাহ'লে বিল করে এ-অবস্থার পরিবর্ত্তন করা দরকার। এই হ'ল আমার বক্তব্য এবং তা ইলাষ্ট্রেশন দিয়ে বুঝাতে চাই। বড় বড় ফ্যাক্টরিগুলির কম্পিটিশনের ফলেতে আমাদের দেশে ঠিক ওরকম বোল্ট-নাট তৈরী যা হ'ত তা বন্ধ হয়ে গেল; শ্যামনগরের টিন ফ্যাক্টরি বন্ধ হয়ে গেল; মেটাল ফ্যাক্টরি বন্ধ হয়ে গেল। এর ফলে দেশের অর্থ-নৈতিক অবস্থা আজ নিদারুণ সঙ্কটের মুখে এসে দাঁড়িয়েছে। এই সব ছোট ছোট এবং মিডিয়াম স্কেল ইণ্ডাষ্ট্রীর দিকে নজর দেওয়া দরকার, কিন্তু এই বিল দিয়ে সেই কাজ হবে না। তাই আমি বলব—বিলকে অপোজ করি না, স্পিরিটকে সাপোর্ট করি, কিন্তু প্রত্যেকটি দফা যদি এর পরিবর্ত্তন করা না হয় তাহ'লে যে জন্যে এই বিলটি পাইলট করেছেন সে উদ্দেশ্য সফল হবে না। এই আমার শেষ কথা।

[4-10—4-20 p.m.]

Sj. Subodh Banerjee: Mr. Speaker, Sir,

যে বিলটা আনা হয়েছে সেটা ভালভাবে পড়বার সুযোগ সরকারবাহাদুরের কৃপায় আমার হয়নি কারণ দমদমের জেলে আমাকে আটক থাকতে হয়েছিল। তবুও যতটা দেখতে পেরেছি এবং বাজেট সেসনের আগে একটু আধটু যা শুনেছিলাম তা ভিত্তি করেই আমি এই বিলের সমালোচনা করবো। যে আইনটিকে সংশোধন করার উদ্দেশ্যে এই

Bengal State Industrial Amendment

বিলটি আনা হয়েছে সেই আইনে ইণ্ডাষ্ট্রীর সংজ্ঞা লক্ষ্য করলে দেখতে পাবেন যে, ইণ্ডাষ্ট্রীর সত্যকার কোন সংজ্ঞা তাতে নাই।

Industry means any industrial business.

Mr. Speaker: The main Bill is not open to amendment.

Sj. Subodh Banerjee: I am not bringing any amendment. I will speak something on the basis of this definition. "Industry" means any industrial business or enterprise including agriculture undertaken or conducted by any person.

এটা যে কি সংজ্ঞা হ'ল তা যে কোন বুদ্ধিমান লোকের বোধের অতীত। এটাকে কোন সংজ্ঞা বলে মনেই হয় না। এবং এই সংজ্ঞার ফাঁকের আশ্রয় গ্রহণ করে এমন কতকগুলি তথাকথিত শিল্পকে সাহায্য করা হচ্ছে যাতে পরিষ্কার বুঝা যায় যে, কংগ্রেসী সরকার তাদের দল উপদলকে সাহায্য করবার জন্যই, নিজেদের উপদলীয় ও ব্যক্তিগত স্বার্থ রক্ষা করবার জন্যই সরকারী টাকা শিল্পগুলিকে দিচ্ছেন। এর উদাহরণ দিচ্ছি। কোন একটা সংবাদসরবরাহ প্রতিষ্ঠানকে, যেটা কোন ইণ্ডাষ্ট্রীর সংজ্ঞায় পড়ে না—তাকে কয়েক লক্ষ টাকা সাহায্য দেওয়া হচ্ছে। যদি মন্ত্রীদের বক্তব্য হয় যে এই রকম অসম্পূর্ণ সংজ্ঞা থাকার জন্যই দেওয়া হয়েছে তাহ'লে আমি বলবো—সেই সংজ্ঞা সংশোধন করবার জন্য একটা ধারা এই বিলে সংযোজিত হওয়া উচিত ছিল। তা করা হয়নি। একদিকে এই সব পেটোয়া কোম্পানীগুলিকে টাকা দেওয়া হচ্ছে অন্যদিকে সত্যকার ছোট ছোট ইণ্ডাষ্ট্রী তাদের কাছে দরখাস্ত করে একটার পর একটা ফিবিস্তি দিয়ে এবং সরকারকে সন্তুষ্ট করবার পরেও আড়াই বছর অপেক্ষা করার পর সরকার নূতন ফাঁকতা বের করে তাদের সাহায্যের দরখাস্ত নামঞ্জুর করেছেন।

(এ ভয়েস: তারা কি কংগ্রেসী লোক নয়?)

না, তারা কংগ্রেসী দলের নয়। যিনি এ শিল্প বোর্ডের চেয়ারম্যান তিনি গত বিধানসভায় কংগ্রেস দলের কর্ত্তা হুইপ ছিলেন। তিনি বলেছেন যে, এই বোর্ড কিভাবে ফাংসন করে তা তিনি জানেন না। বোর্ডে একটি সাহায্যের আবেদন আলোচনা করা হ'ল, সাহায্য দেওয়া হবে বলে ঠিক হ'ল, তারপর মিটিংয়ের মিনিট লেখার সময় তার কথা বাদ পড়ে গেল। অথচ এজেণ্ডায় না থাকা সত্ত্বেও খাতিরের লোকের আবেদনপত্র আলোচিত না হয়েও গৃহীত হ'ল এবং সেই কোম্পানীকে টাকা দেওয়া হ'ল। এইরকম নিন্দাজনক হালচাল হ'ল এই বোর্ডটির। বড়বাজারের মাড়োয়ারীর চোরা-কারবারীরা এই বোর্ডের কল্যাণে টাকা পাচ্ছে কিন্তু

ছোট ছোট বাঙ্গালী প্রতিষ্ঠানকে সাহায্য করা হচ্ছে না। এদের সাহায্য করলে আমাদের দেশের বেকার সমস্যার তীব্রতা অনেকখানি কমে যেতে পারতো। আমি এখানে প্রাদেশিকতা প্রচার করছি না, করতে চাইও না, কিন্তু যে সমস্ত ছোট-খাট বাঙ্গালী শিল্প প্রতিষ্ঠান নিজেদের চেষ্টায় গড়ে উঠেছে তাদের সাহায্য দেওয়া হয়নি। কেননা তারা কংগ্রেসী দলের লোক নন বা তাদের নীতির সঙ্গে সব সময় একমত নয়। আসল আইনের যে ধারাগুলির জোরে এই অনাচার চালান হচ্ছিল সেই ধারাগুলিকে সম্পূর্ণরূপ রেখেই একটা

State Aid to Industries (Amendment) Bill

আনা হচ্ছে—সেই ফাঁকগুলি দূর করবার কোন চেষ্টা হয়নি। এই কাজ হতেই বুঝা যায় যে, যদিও মন্ত্রীরা মুখে ইণ্ডাষ্ট্রীর উন্নতির কথা বলেন কিন্তু অন্তরে তাঁরা তা চান না। জানি না ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় এর কি উত্তর দেবেন। আশা করেছিলাম তিনি বক্তৃতা দিয়ে এই বিল আনার উদ্দেশ্য পরিষ্কার করবেন কিন্তু তিনি বক্তৃতা দিলেন না।

Silence is golden, eloquence is silvery.

এই নীতি তিনি গ্রহণ করে চুপ করে আছেন মনে হয়। তবে এক জাতের লোককে উদ্দেশ্য করে বলা হয় "তাবৎ শোভতে যাবৎ কিঞ্চিৎ ন ভাষতে"। ইনি সেই জাতের কিনা কে জানে?

Intensive and extensive development of

ইণ্ডাষ্ট্রীর কথা বলা হয়েছে। তা করতে হলে ছোট ইণ্ডাষ্ট্রী বড় করে তুলতে আর নূতন নূতন ইণ্ডাষ্ট্রী গড়ে তুলতে হয়। অন্যান্য ইণ্ডাষ্ট্রী গড়ার কথা তাই উঠেছে। আর একটা বিল—ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিল—আনা হচ্ছে। তাতেও এসব বিষয় চিন্তা করা হয়নি। গতবারে

Industrial State Corporation Bill

আলোচনার সময় বলেছিলাম নূতন ইণ্ডাষ্ট্রী গড়ে তুলতে গেলে যে রিস্ক ক্যাপিটালের দরকার তা কে দেবে? সরকারকে এই রিস্ক ক্যাপিটাল যোগান দেওয়ার দায়িত্ব নিতে হবে। অথচ নূতন কোন কোম্পানী খুলবার সময় সরকারের কোন সাহায্যই মেলার ব্যবস্থা নেই এই ষ্টেট এড টু ইণ্ডাষ্ট্রীজ কিম্বা ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিলে। যেসব ইণ্ডাষ্ট্রীর ভবিষ্যৎ আছে যেখানে দেশের শিক্ষিত বেকারদের নিযুক্ত করা যায় সেই সমস্ত ইণ্ডাষ্ট্রী দেশের স্বার্থে খোলা দরকার কিন্তু তা করার কোন ইঙ্গিত কোথাও নাই। এই বিলে এবং ডেভেলপমেণ্ট কর্পোরেশন বিলে তা দেখি না। অধিক সাহায্য করে শিল্পকে সংগঠিত করা এবং তাতে দেশের জনশক্তিকে উপযুক্তভাবে কাজে লাগান যার মাধ্যমে

maximum production and maximum welfare to the State

হয়, সেই রকম দৃষ্টিভঙ্গী এ বিলে নেই। পুঁজিবাদী অর্থনীতিতেও এ কাজ কিছুটা করতে পারা যায় তবুও সে দৃষ্টিভঙ্গী ডাঃ রায়ের মন্ত্রীদের মধ্যে নাই। তার বদলে যা করা হচ্ছে তার একমাত্র লক্ষ্য হ'ল কেমন করে নিজেদের উপদলীয় স্বার্থ রক্ষিত হয়, নিজেদের আত্মীয়ের সুবিধা হয়। এইভাবে এই সরকার জাতির বৃহত্তর স্বার্থের বিরোধিতা করছেন। এই আত্মীয় ও উপদল পোষণের লক্ষ্যেই এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি। (নয়েজ) নিজেদের টাকা যা ইচ্ছা যেভাবে ইচ্ছা খরচ করুন আমাদের তাতে কিছু বলার ছিল না কিন্তু এ টাকা সরকারের টাকা, জনতার দেওয়ার রক্ত জল করা টাকা। এর অপচয় বন্ধ করতেই হবে।

তারপর আর একটা জিনিষ যা চোখে পড়ে সেটা হচ্ছে বোর্ডের গঠন। বোর্ডকে যেভাবে গঠন করা হচ্ছে তাতে তার পরিচালনা সম্পূর্ণভাবে সরকারের হাতে জীইয়ে রাখা হচ্ছে। বোর্ডকে কে সাহায্য করবে কি সাহায্য করবে কিছুই বুঝি না। সরকারের হুকুম তামিল করাই যখন বোর্ডের একমাত্র কাজ তখন হাজার হাজার টাকা খরচ করে বোর্ড পোষার কি দরকার আছে—সরকার সব কাজ করলেই পারেন। সরকারের যে ইণ্ডাষ্ট্রী মিনিষ্ট্রী আছে, তাঁরা সব কাজ করুন না কেন। কোম্পানীগুলি সোজাসুজি সরকারের কাছে ধার চাইবে, তাদের সঙ্গে সরকারের সহজ সম্পর্ক প্রতিষ্ঠিত হবে। টাকা দেবার হলে তাঁরাই তা দিয়ে দেবেন। বোর্ডের কাজ যখন শুধু দরখাস্ত গ্রহণ ও তা বিচার করা, সাহায্য করার সরাসরি ক্ষমতা যখন তার নেই তখন বোর্ড গঠন করে অহেতুক খরচ করবার, কাজ অহেতুক দুরিয়ে করবার কি দরকার? ৭ নম্বর ধারায় দেখতে পাচ্ছি যে, এতে বড় বড় অফিসার থাকবে। তাই যদি হয় তাহ'লে কটেজ ইণ্ডাষ্ট্রী খাতে বাজেটে যে সামান্য টাকা দিয়েছেন তা ঐ হাফ প্যাণ্ট পুষতেই খরচ হয়ে যাবে। এর কি দরকার ছিল? সেদিক থেকে এই বিলের যুক্তিযুক্ততা চোখে পড়ছে না। আর একটা জিনিষ যা এই বিলের মধ্যে থাকা উচিত ছিল তার প্রতি

[Sj. Subodh Banerjee.]

মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই যে সাহায্য তা আদৌ ব্যাপক নয়। টাকা দিয়ে শুধু করা যায় না, অন্যভাবেও করা যায়। কটেজ ইণ্ডাষ্ট্রী ও ছোট ও মাঝারি ধরণের শিল্পপ্রতিষ্ঠান যেগুলি বিদেশী ও দেশী একচেটে পুঁজির আক্রমণে এ দেশ থেকে উঠে যাচ্ছে, সেগুলিকে এই একচেটে পুঁজির আক্রমণ থেকে বাঁচাতে হ'লে তাদের দ্বারা তৈরী জিনিষের লাভজনক বাজার সৃষ্টির করতে হবে। এই বাজার সৃষ্টির কাজ সরকারকেই করতে হবে; ছোট ও মাঝারি ধরণের শিল্পগুলি হতে উৎপন্ন দ্রব্যের একটা মোটা অংশ সরকারকে কিনতে হবে। শুধু টাকায় সাহায্য দিলে হবে না, উৎপন্ন দ্রব্য বিক্রীর ব্যাপারে সাহায্য দিতে হবে। এইভাবে সরকারী সাহায্য দিয়ে ছোট ছোট এবং মাঝারি ধরণের শিল্পগুলিকে বাঁচাতে হবে। তাহলেই কেবলমাত্র যেসব শিল্পকে বাংলা সরকার সাহায্য করার কথা বলেছেন সেগুলি টিকে থাকবে। তার সাথে সাথে আমাদের এই ছোট-খাট শিল্পগুলি যা যাবার মত হয়েছে তাকে বাঁচাতে পেলে বিদেশী বড় বড় বাক্কুসে শিল্প প্রতিষ্ঠানগুলির সঙ্গে যাতে মুখোমুখি প্রতিযোগিতায় দাঁড়াতে না হয় সেদিকেও সরকারকে দেখতে হবে। যদি ছোট শিল্পগুলিকে বাঁচাবার চেষ্টা না করেন, যদি তাদের বাজারের সুবিধা না করেন, তাহ'লে এই বিল এনে কি হবে? বিল বহু এনেছেন—ইংরেজ আমলে যত বিল এসেছে তার ২০ গুণ বেশী বিল আপনারা এনেছেন। কিন্তু আগে যা শিল্পের অবস্থা ছিল তাই আছে। যাতে শিল্প গড়ে উঠে—জাতির স্বার্থ রক্ষিত হয়—সেই রকম একটা বিল আনুন। আর তা না করে একটা আধা-খেঁচড়াভাবে এরকম একটা বিল আনলে বিল আনা হবে মাত্র কোন কাজ হবে না। এ বিল দ্বারা ছোট ও মাঝারি শিল্পের কোন উপকার হবে না, সেজন্য এর বিরোধিতা করছি।

[4-20—4-30 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

মিঃ স্পিকার, স্যার, আমি বলতে চাই যে—

"In view of the recent policy adopted by this Government and the Government of India for intensive and extensive development of cottage and small-scale industries, it is felt that some of the stringent provisions in the Act should be liberalised, so that the aforementioned types of industries may be eligible for loan on easier terms and conditions."

এতে যেভাবে লোন দেয়া হয়েছে তাতে করে ছোট ছোট কটেজ ইণ্ডাষ্ট্রী শত চেষ্টা করেও ঠিক টাকা পায় নাই। গভর্ণমেণ্ট অফ্ ইণ্ডিয়া এবং গভর্ণমেণ্টের এই পলিসি যে কটেজ ইণ্ডাষ্ট্রীকে উন্নত করতে হবে, সেটা করতে হলে টাকা দিয়ে সাহায্য করে তাকে বাঁচাতে হবে। যারা নাকি ছোট ছোট ইণ্ডাষ্ট্রী করে তাদের আইনের মধ্যে কড়াকড়ি যে কতকগুলি নিয়ম ছিল সেই নিয়মকে সম্পূর্ণ মেনে গভর্ণমেণ্টের কাছে টাকা ধার নেয়া সম্ভব ছিল, সেইজন্য আমার মনে হয়েছিল এই নূতন বিলটা যখন আনা হচ্ছে তখন এই বিলের ধারাগুলি এমন করা হবে, যে ধারাদ্বারা কটেজ ইণ্ডাষ্ট্রী যাঁরা করেন তাঁরা সাহায্য পাবেন, টাকা পাবেন; কিন্তু এখানে যা করা হয়েছে তাতে এই আইনটা সম্পূর্ণ বিপরীত চিন্তাতেই তৈরী করা হয়েছে। এই আইনটার প্রভিসন যেভাবে তৈরী করা হয়েছে, যেভাবে বোর্ড গঠন করা হবে, তাতে কটেজ ইণ্ডাষ্ট্রীকে সাহায্য করার জন্য এত বড় বোর্ডের মিটিং। কারণ সেই সমস্ত মেম্বারদের আলাদা আলাদা কাজ থাকবে, অথচ কটেজ ইণ্ডাষ্ট্রীকে টাকা দেবার ব্যবস্থা করা বা টাকা মঞ্জুর করার জন্য এতবড় একটা বোর্ডের মিটিং করাটা শক্ত ব্যাপার হবে। তারপরে গভর্ণমেণ্ট সেই বোর্ড যেভাবে গঠন করেছেন তাতে গভর্ণমেণ্ট যেভাবে যা মনে করবেন, যে কটেজ ইণ্ডাষ্ট্রীকে সাহায্য করতে ইচ্ছা করবেন বোর্ডও তাকেই মাত্র সাহায্য করবেন। যদি সমস্ত ইণ্ডাষ্ট্রী থেকে লোক নির্ব্বাচিত হয়ে একটা বোর্ড গঠিত হ'ত তাহ'লে জনসাধারণের প্রতি সুবিচার হবার একটু আশা থাকত। কিন্তু এই বোর্ডে প্রত্যেক জায়গা থেকে যে সমস্ত প্রতিনিধি নেবেন, সেই প্রতিনিধিদের গভর্ণমেণ্টই মনোনয়ন করবেন। তার জায়গায় যদি গভর্ণমেণ্ট এই করতেন যে দেশের সমস্ত ইণ্ডাষ্ট্রী থেকে নির্ব্বাচিত হয়ে মেম্বাররা আসবেন, যেমন নাকি এসেম্বলি থেকে করা হবে, তাহ'লে বোর্ডটা যথার্থই একটা গণ-তান্ত্রিক প্রতিষ্ঠান হ'ত এবং সাধারণের তাদের দাবী পাবার একটু আশা থাকত। কিন্তু যেভাবে বোর্ড তৈরী হতে চলেছে তাতে সে ধরণের আশা এই বোর্ডের কাছ থেকে লোকে পাবে না। সরকার যেভাবে বলবেন বোর্ডের মেম্বাররা সেইভাবে নির্ব্বাচিত হবেন। সে বোর্ডেরও আবার টাকা সুপারিশ করা ছাড়া মঞ্জুর করার কোন অধিকার থাকবে না। আমি জানি না কোন ভদ্রলোক এইরকম বোর্ডের মেম্বার হবেন কিনা, এবং হবার জন্য প্রার্থী হবেন কিনা। অন্যান্য বক্তারা যে ইতিহাস দিলেন,

তাতে করে দেখা যায় টাকা বিতরণের ব্যাপারে বিভিন্ন জায়গা থেকে বিশেষ প্রতিনিধি নিয়ে যে বোর্ড হবে, তাঁরা মাত্র রেকমেণ্ড করতে পারবেন। ডিরেক্টর অফ ইণ্ডাষ্ট্রী নিজের ইচ্ছা মতন টাকা দিতে পারবেন। তাহ'লে বোর্ড গঠনের আবশ্যকতা কি? সেদিক থেকে এই বোর্ড করা অনাবশ্যক মনে করি।

অনেকে বলেছেন--তিন হাজার টাকা অতি সামান্য টাকা। ১০।১২ বছর আগে হলে তিন হাজার টাকার একটা দাম ছিল। আজকে সামান্য একটা ব্যবসায় যে কেউ করতে যায়, তিন হাজার বা পাঁচ হাজার কেন, ১০ হাজার টাকাতেও সে একটা শিল্প গড়ে তোলবার চেষ্টা করতে পারে না। সুতরাং তিন হাজার টাকাত কিছুই নয়। কাজেই বিলের ঐ সমস্ত ধারাগুলির বিষয় চিন্তা করে আমি এ-বিলের বিরোধিতা করছি।

Sj. Saroj Roy:

স্পীকার স্যার, এই বিলটা ভালভাবে দেখবার আগে এর ষ্টেটমেণ্ট অফ্ অবজেক্ট এণ্ড রিজনস পড়লে দেখা যায় যে একটা জায়গায় বলা হয়েছে পার্টিকুলারলী কটেজ ইণ্ডাষ্ট্রী যেগুলি, সেগুলিকে ডেভেলপ করার জন্যই এই বিল আনা হয়েছে, অর্থাৎ যাতে করে সত্যিকারের কটেজ ইণ্ডাষ্ট্রী বাংলাদেশে ডেভেলপ করে, সেইজন্যই এই বিল। কিন্তু এই বিল যেভাবে আনা হয়েছে তাতে একটা জিনিষ ফুটে উঠেছে যে, কোন রকম প্র্যাকটিক্যাল এক্সপিরিয়েন্স সরকার পক্ষ অর্জন করেন নাই। বাংলাদেশে কটেজ ইণ্ডাষ্ট্রী যেভাবে ভেঙে গিয়েছে সেজন্য ক্ষতি যে শুধু কটেজ ইণ্ডাষ্ট্রীর ক্ষেত্রেই হয়েছে তা নয়। সেটা ভেঙে যাবার ফলে বাংলা দেশের সারা সমাজের উপর কতবড় একটা আঘাত যে এসেছে, সেটা যদি ওঁরা বুঝতেন তাহ'লে বিলটা এভাবে আনতেন না। এখানে আমি কতকগুলি কথা বলছি আপনারা শুনুন, তাহ'লে বুঝতে পারবেন ও কটেজ ইণ্ডাষ্ট্রীকে সত্যিকারের সাহায্য দিতে পারবেন। আমি সরকারপক্ষ থেকেই যে সমস্ত পুস্তক পুস্তিকা পেয়েছি তাতে দেখেছি বাংলা দেশে কতকগুলি ছোট ছোট সহরে যে জনসংখ্যা আগে দেখা গিয়েছে, সেখানকার জনসংখ্যা কমতে কমতে সহরগুলি লুপ্তপ্রায় হয়েছে এমন কি কোন কোন জায়গা জঙ্গলে পরিণত হয়েছে। এই সব সহরগুলি সম্পর্কে আপনারা অনেকেই জানেন যে এগুলি এদেশের এই বাংলাদেশের বিভিন্ন ধরণের কুটীর শিল্পের মূল কর্মকেন্দ্র ছিল। যেমন চন্দ্রকোনা, ঝিরপাই, খড়ার, শান্তিপুর, বিষ্ণুপুর ইত্যাদি। সেই সব সহরের লোকগুলি বিভিন্ন জায়গায় চলে গিয়েছে এবং বেশীরভাগ ক্ষেত্রে তারা কোন উপায় না পেয়ে জমির উপরই চেপে বসেছে। বাংলাদেশের জমির উপর চাপ ক্রমশঃ বেড়েছে। যারা কোন কালে জমি চাষ করত না যারা কৃষিজমির মালিক ছিল না, যারা প্রকৃতপক্ষে অকৃষক ছিল, তারা কৃষিজমির মালিক হতে বাধ্য হয়েছে। সেসব সহরের অবস্থা ক্রমশঃ এত খারাপ হয়েছে যে মন্ত্রী-সভারও অজানা নেই যে মেদিনীপুর জেলায় খড়ার বলে একটা জায়গা যেখানে ভাল মুনিসিপ্যালিটি ছিল, সেখানে আয় না থাকার ফলে গত বৎসর মুনিসিপ্যালিটি উঠে গিয়েছে।

[4-30—4-40 p.m.]

১৯০৮ সালে একটি সরকারী রিপোর্টে বলা হয়েছে যে খড়ারে ৯ হাজার লোক যে বাস করত তার মধ্যে ৪ হাজার নির্ভর করে থাকত পেতল, কাঁসার বাসনপত্র তৈরী করার উপর। কিন্তু সে সমস্ত লোক আজ গেল কোথায়? জমির উপরই চাপ বাড়ছে এবং এরই সঙ্গে বেকারের সংখ্যা বাড়ছে। সমগ্রভাবে একটা হিসাব আপনাদের সামনে দেখাচ্ছি। হিসাবে দেখা যায় মোট লোকসংখ্যার প্রতি দশ হাজার লোক যারা কৃষি কাজ করে না, যারা ছোট ছোট কটেজ ইণ্ডাষ্ট্রীতে আছে, তাদের ভিতর হিসাব করে দেখা গেছে যে প্রতি দশ হাজারে উপার্জনকারীর সংখ্যা--১৯০১ সালে ৭৭০ জন, ১৯১১ সালে ৮০৪ জন, ১৯২১ সালে ৭২৯ জন, ১৯৩১ সালে ৫৫১ জন, ১৯৫১ সালে ৬৭১ জন, ১৯৫৩ সালে আরোও কমে গেছে। তাহলে গত ৫০ বছরে দেখা গেল যে ক্রমশঃ এ ষ্টেডি ফল। ফলে স্মল ইণ্ডাষ্ট্রী, কটেজ ইণ্ডাষ্ট্রী যারা করত তারা ক্রমশঃ কৃষির উপর নির্ভরশীল হয়ে পড়ছে। এতে শুধু যে কটেজ ইণ্ডাষ্ট্রী এবং স্মল ইণ্ডাষ্ট্রীর ক্ষেত্রে সঙ্কট সৃষ্টি হয়েছে তা নয়, বাংলার সাধারণ অর্থনৈতিক ক্ষেত্রেও সর্বাঙ্গীন সঙ্কটের সৃষ্টি হয়েছে এবং ১৯৫১ সালের সেন্সাস রিপোর্টে

"unemployment in rural areas."

সম্পর্কে বলতে গিয়ে বলেছে যে কটেজ ইণ্ডাষ্ট্রী ধ্বংস হয়ে যাবার ফলেই এই অবস্থার সৃষ্টি হয়েছে। যদি ষ্টাটিষ্টিকসের কথা তুলেন তাহলে

The statistics indicate that the aggregate livelihood of the people has certainly not kept pace with the population and is lagging far behind. The gap is widening more in the rural than in the urban areas,

[Sj. Saroj Roy.]

proving that greater and greater proportion of the rural population is being compelled to fall back upon the land. The crisis in employment is gradually intensifying both in the agricultural and non-agricultural sectors and an increasing population is being thrown upon the earning of a decreasing number of earners. It is, therefore, no wonder that there is regression towards agriculture.

১৯৫১ সালের পর ৩ বছরেও এ অবস্থার কোনও উন্নতি হয়নি। অথচ সরকারপক্ষ থেকে বলা হয় এবং গত বছরেও এসেমব্লিতে বলা হয়েছে যে ওয়েষ্ট বেঙ্গলে ইণ্ডাষ্ট্রীয়াল প্রস্পারিটি ও ইকনমিক প্রগ্রেস হচ্ছে। তারা বলেন আজকে ওয়েষ্ট বেঙ্গলে নেটাল পপুলেশনের ১৫.৩৬ স্মল ইণ্ডাষ্ট্রীর উপর নির্ভর করে আছে। এই সংখ্যা অন্যান্য প্রদেশের চেয়ে বেশী। তাতেই বলা হয় যে বাংলাদেশে ইণ্ডাষ্ট্রীয়াল প্রস্পারিটি ও ইকনমিক প্রগ্রেস হচ্ছে। কিন্তু আসল অবস্থা অন্য রকম।

(At this stage red light was lit.)

স্যার, আমাকে আরো ৫ মিনিট সময় দিন।

Mr. Speaker: You cannot take so much time.

Sj. Jyoti Basu: I do not know why this hurry. The budget——

Mr. Speaker: There is no question of hurry. You gave me a list in which four members were allotted for the first reading of the Bill. This gentleman's name was allotted for discussion on amendment, but still I have allowed him to speak on the first reading because he wanted to speak.

Sj. Jyoti Basu: Let him sit down if you don't want him to speak. Bu we are discussing Bills and Bills have been brought in a hurry by Government. We are unable to hurry with the Bills. We want full discussion on them. If necessary some of the Bills should be held over till the next session which should be called in between.

Mr. Speaker: There is a principle. There is no question of hurry. Every member can speak.

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে গত বছরে ওয়েষ্ট বেঙ্গলের ইণ্ডাষ্ট্রীয়াল প্রস্পারিটি এবং ইকনমিক প্রগ্রেসের ছবি তুলে ধরা হয়েছিল এবং সরকারপক্ষে আলোচনাও হয়েছিল; কিন্তু সেটা বড় বড় ইণ্ডাষ্ট্রীর পক্ষেই প্রযোজ্য। বড় বড় ইণ্ডাষ্ট্রীতে অন্য প্রদেশের তুলনায় খুব বেশী লোক ছাঁটাই না হতে পারে, সেগুলো চালু অবস্থায় থাকতে পারে, কিন্তু যে সমস্ত স্মল ইণ্ডাষ্ট্রী ছিল কটেজ ইণ্ডাষ্ট্রী ছিল সে সম্বন্ধে ষ্টাটিষ্টিকসে পাওয়া যায়—

"The cottage industries however continued to decline. So long as population pressure was relatively less heavy the industries continued to absorb more and more number. At the present moment when the population pressure has been high and there has been extreme overcrowding in agriculture, industries are not only not able to expand proportionately but, what is worse, they are actually shrinking That is in essence the situation in industrial sector in West Bengal"

এটাই হলো আজকের সত্যিকারের ইণ্ডাষ্ট্রীয়াল সেক্টরের অবস্থা—সে স্মল ইণ্ডাষ্ট্রী-ই বলুন আর কটেজ ইণ্ডাষ্ট্রীই বলুন। অনেক জায়গায় সরকারপক্ষ থেকে বলা হয়েছে যে কতকগুলি বিশেষ অবস্থা বিপাকে কটেজ ইণ্ডাষ্ট্রী ডেভেলপের পথে বাধা সৃষ্টি হয়েছে। ল্যাক অফ্ ফাইনান্স—টাকা কড়ি নেই সেটা একটা বাধা; ল্যাক অফ্ এ্যাডিকোয়েট মার্কেটিং—বাজারের কোন ভাল য়্যারেঞ্জমেণ্ট নেই সেটা একটা বাধা; এবং টেক্নিক্যাল ইম্প্রুভমেণ্টস করে ইণ্ডাষ্ট্রীকে ডেভেলপ করার জন্য কোনরকম ভাল ব্যবস্থা নেই—এগুলি যে বাধা সে তো সত্যি কথা। মূলে একটা বাধা রয়ে গিয়েছে, সেটা হচ্ছে কাঁচামালের দর ও সাধারণের ক্রয় ক্ষমতা সম্পর্কে যদি সরকারপক্ষ থেকে সামগ্রিকভাবে না দেখেন তাহ'লে আজ কটেজ ইণ্ডাষ্ট্রীকে, স্মল ইণ্ডাষ্ট্রীকে ডেভেলপ করার জন্য টাকা দিলে তাতে সাময়িকভাবে লাভ হতে পারে, কিন্তু বাংলাদেশকে সামগ্রিকভাবে ডেভেলপ করতে গেলে তার কটেজ ইণ্ডাষ্ট্রীর উপর আরও জোর দেওয়া প্রয়োজন এবং যাতে আরও উন্নতির দিকে যায় সেদিকেও জোর দেওয়া দরকার। সেজন্য আমি এই প্রসঙ্গে বলতে চাই যে বাংলাদেশের বেশীর ভাগ লোক কৃষিজীবী এবং তারা বাংলাদেশের কটেজ

ইণ্ডাষ্ট্রীর জিনিষ কেনে। আজকে যদি বাংলাদেশের কৃষকদের অবস্থা ভাল না হয়, বাংলাদেশের গ্রামাঞ্চলের মানুষের অবস্থা ভাল না হয়, তাহ'লে এটা খুবই সত্যি কথা যে কটেজ ইণ্ডাষ্ট্রী ডেভেলপ করতে পারে না। সেজন্য আজকে কটেজ ইণ্ডাষ্ট্রীর কথা ভাবতে গেলে সরকারের একটা কথা জোর দিয়ে বলতে হবে যে বাংলাদেশের কৃষকদের অবস্থা তাঁরা ভাল করবেন। তাদের অবস্থা যদি ভাল না করতে পারেন, জমি দিয়ে তাদের অবস্থার উন্নতি না করতে পারেন, তাহ'লে বাংলাদেশের কটেজ ইণ্ডাষ্ট্রীর উন্নতির পথে যে বাধা, সে বাধাগুলি রয়েই যাবে।

তাছাড়া আরও একটা কথা রয়েছে। আপনারা জানেন এখানে কটেজ ইণ্ডাষ্ট্রী থেকে যে সমস্ত ছোট-খাট জিনিষ তৈরী হয় সে সমস্ত জিনিষই আবার হাইলি ইণ্ডাষ্ট্রীয়ালাইজড কাণ্ট্রি থেকে এখানে আসে। যেমন একটা তুলনা আপনাদের সামনে দিচ্ছি--আজকে আমাদের বাংলাদেশে শিংয়ের চিরুণী যেভাবে তৈরী হয়, তাতে মার্কেটে বিক্রী করতে গেলে তার একটার ১৫ পয়সা ৩ আনা করে দাম হয়। কিন্তু আজকে ক্যানাডা আমেরিকা থেকে যে সমস্ত চিরুণী আসে সেগুলি ৪ পয়সা করে বিক্রয় করছে। এসমস্ত জিনিসের দাম কম বলে মানুষ কিনছে। আজকে নিজের দেশের কটেজ ইণ্ডাষ্ট্রীকে যদি ডেভেলপ করতে হয় তাহ'লে বিদেশ থেকে যেসব জিনিষ আসে তাদের উপর হেভি ডিউটি চাপানো দরকার। কিন্তু——

Mr. Speaker: You are discussing industrial policy. That is irrelevant.

Sj. Saroj Roy:

গভর্ণমেণ্টের এরকম পলিসি হওয়া দরকার যাতে করে নিজের দেশের ইকনমি ও কটেজ ইণ্ডাষ্ট্রী ডেভেলপ করার জন্য বাইরে থেকে জিনিষ আমদানী বন্ধ হয়। সেজন্য আমার অনুরোধ যে কটেজ ইণ্ডাষ্ট্রী, স্মল ইণ্ডাষ্ট্রী ডেভেলপ করতে গেলে এটাকে সমাজের সামগ্রিক অবস্থা থেকে বিচ্ছিন্নভাবে দেখলে হবে না। এটাকে বাংলাদেশের সামগ্রিক যে সঙ্কট আছে, তার সঙ্গে মিলিয়ে দেখুন তাহলেই বাংলাদেশের কুটীরশিল্পের ডেভেলপ করার পথ খুঁজে বার করতে পারবেন।

[4-40—4-50 p.m.]

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কুটীরশিল্প মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে, এই বিল এখানে উপস্থাপিত করে বলেছেন যে এই বিলের উদ্দেশ্য হচ্ছে কুটীরশিল্পকে সাহায্য করা এবং উন্নতি করা, কিন্তু আমি বলতে চাই এর দ্বারা কুটীরশিল্পের কোন উন্নতি হবে না, বা হচ্ছে না।

একটা উদাহরণ স্বরূপ বলছি--আমাদের মেদিনীপুরে মাদুর শিল্পের জন্য ১২ হাজার টাকা দেবার ব্যবস্থা হয়েছে। কিন্তু তাতে কি সাহায্য করা হবে? এই মাদুর শিল্পে প্রায় ১২।১৩টি কর্ম্মচারী রয়েছে, যাদের বেতন দিতেই এই টাকা সমস্ত খরচ হয়ে যাবে এবং যারা মাদুর নিজ হাতে তৈরী করে তারা একটা পয়সাও পাবে না। তারপর মন্ত্রী মহাশয় বলেছেন যে কো-অপারেটিভের মারফৎ সমস্ত তৈরী মাদুর তাঁরা কিনবেন। কিন্তু যে সমস্ত কো-অপারেটিভ আগে হয়েছিল বা এখনও আছে, তারা আজ পর্য্যন্ত এই মাদুর শিল্পকে বাঁচাবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন তার কোন নজীর মন্ত্রীমহাশয় দিতে পারেন কি?

তারপর আরও দেখুন--আমাদের দেশে কাঁসার বাসন সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন, আমিও এসম্পর্কে দু-একটা কথা বলতে চাই।

ঝাড়গ্রাম মহকুমায় চুঁচড়া বলে একটা জায়গা আছে যেখানে চার হাজার লোকের বাস এবং এখানকার অধিবাসীরা সাধারণতঃ কাঁসার বাসন প্রস্তুত ক'রে জীবিকা নির্ব্বাহ ক'রে থাকে। সেই ঝাড়গ্রামে একটা কো-অপারেটিভ সোসাইটি প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু সে নামেই কো-অপারেটিভ, আজ পর্য্যন্ত একটি পয়সারও বাসন এই কো-অপারেটিভের মারফৎ কেনাবেচা হয়নি এবং যারা বাসন তৈরী করে তাদের একটি পয়সাও সাহায্য করা হয়নি। পয়সার অভাবে তারা বৎসরের মধ্যে প্রায় চার পাঁচ মাস খেতে পায় না, এবং কোনরকম কাজও তাদের থাকে না।

অতএব এই যে বিল এখানে আনা হয়েছে, এই বিলেতে আমরা দেখতে পাচ্ছি আমাদের কুটীরশিল্পকে কোনরকম, কোন বিষয় সাহায্য করতে পারবেন না। তাই আমার অনুরোধ এই ধরণের বিল না এনে, এর জায়গায় আর একটা উন্নত ধরণের এমন একটা বিল আনুন যার দ্বারা আমাদের দেশের কুটীরশিল্পের প্রকৃত উন্নতি হতে পারে; এবং তাহ'লে সেটা আমরা সকলে সমর্থন করতে পারি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Rakhahari Chaterjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই আইনের মধ্যে দেখতে পাচ্ছি যে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীজ, মাঝারি ইণ্ডাষ্ট্রীজ ও কুটীরশিল্পকে সাহায্য করার ব্যবস্থা হচ্ছে। আমাদের দেশের কুটীরশিল্প ও ছোট শিল্পের কি অসহায় অবস্থা তা আমাদের এর সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে দেখলেই বুঝতে পারা যায়। ওঁর এমন অসহায় অবস্থা আর কখনও দেখিনি। এই অসহায় অবস্থা হওয়া সত্ত্বেও তিনি এড় দেবার জন্য Bengal State Aid to Industries বিল এনেছেন, এর দ্বারা তিনি দেন বা না দেন, করুন বা না করুন করবার যে সাধারণ প্রচেষ্টা আছে সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। সর্ব্ব-প্রথম এই আইনে কতকগুলি গলদ আছে সেগুলিই আপনার চোখের সামনে আনবো। আমাদের যথেষ্ট অভিজ্ঞতা আছে যে যখন কিছু কাজ করবার ইচ্ছা না থাকে তখনই একটা বোর্ড বা কমিটি কিম্বা কমিশন তৈরী করে দেওয়া হয় যাতে কারো দায়িত্বই না থাকে, কারণ

Joint responsibility means no body's responsibility.

এঁদের যখন কিছু করবার ইচ্ছা না থাকে তখন এঁদের কর্ত্তব্য হচ্ছে একটা বোর্ড তৈরী করে দেওয়া। বোর্ডের ফিরিস্তি যদি দেখা যায় তবে দেখা যাবে যে পূর্ব্বে যা ছিল তাতে কিছু হয়নি বর্ত্তমানেও কিছুই হবে না; প্রমাণস্বরূপ বলছি যে ১০ মাস আগে আমাদেরই বাঁকুড়া জেলায় একজন কটেজ ইণ্ডাষ্ট্রী করতে চেয়েছিল ফিডার বোডে কিন্তু আজ পর্য্যন্ত তাকে কোন ষ্টেট এড্ দেওয়া হ'ল না, তারপর বোর্ড হ'লে যে কি হবে তা বুঝতেই পারা যাচ্ছে অর্থাৎ এরা আরো মারা পড়বে। এখানে যে অবস্থা হয়েছে তাতে মনে হয় যে গ্রামের নাম একপার তার আবার এপার আর ওপার। এখানে সার্কুলার্স, রুলস্ এণ্ড রেগুলেসন্স যা তৈরী হচ্ছে তার সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। এই সমস্ত বোর্ডের মেম্বারদের অনরেরিয়াম, ডি,এ, টি,এ, প্রভৃতি দেবার ব্যবস্থা করা হয়েছে, এর দ্বারা কুটীরশিল্পের উন্নতি হ'ক্ বা না হ'ক্, কতকগুলি লোক উপকৃত হবে এবং এইজন্য এইদিকে মাননীয় মন্ত্রীমহাশয়কে বিশেষ লক্ষ্য রাখতে বলছি। তাছাড়া যে টাকা ধার্য্য করা হবে সে সম্বন্ধে বীরেন বাবু বলেছেন আমি আর তার পুনরুক্তি করতে চাই না। এখানে আছে যে তার এ্যাসেটের উপর ৭৫ পার্সেণ্ট পর্য্যন্ত ঋণ দেওয়া হবে কিন্তু ম্যাক্সিমাম তিন হাজার টাকা। এই তিন হাজার টাকা দিয়ে কি ইণ্ডাষ্ট্রীজ ডেভেলপ করবেন তা আমাদের কল্পনার অতীত। এই টাকা দিয়ে কুটীরশিল্প বা ইণ্ডাষ্ট্রীজ ডেভেলপ করা যাবে না কারণ ভাদ্র-আশ্বিন মাসে যদি তাদের ৩০।৪০ টাকা করে ঋণ দেওয়া হয় তাহ'লে তাতে কুটীরশিল্পের উন্নতি হবে না বরং তারা আরো ঋণস্থ হয়ে পড়বে—এর দ্বারা কোন কাজ হবে না। সেইজন্য আমার মনে হয় নগদ টাকার পরিবর্ত্তে 'র' মেটিরিয়ালস্ গভর্ণমেণ্ট থেকে সাপ্লাই করা উচিত। এ যদি না করেন তাহ'লে কুটীরশিল্পকে বাঁচান যাবে না। আর একাজে বিলম্ব করা উচিত নয়, সেদিকেও গভর্ণমেণ্টের লক্ষ্য করা দরকার কারণ আমাদের গভর্ণমেণ্টের ১২ মাসে বৎসর হয় না, ৩০ দিনে মাস হয় না, ফলে লোকের ধৈর্য্য নষ্ট হয়ে যায়। তাঁরা গ্রামে গিয়ে এনকোয়ারি আফটার এনকোয়ারি করতে থাকেন ফলে লোকের ধৈর্য্য নষ্ট হয়ে যায়। লোকদের নিজেদের যে টাকা কড়ি থাকে তাও স্পেকুলেশন করে নষ্ট হয়ে যায়। আর একটা কথা হচ্ছে যে, এই বোর্ড তৈরী করছেন এতে যারা কটেজ ইণ্ডাষ্ট্রীজের লোক যাদের এই সম্বন্ধে জ্ঞান আছে তাদের সকলের মত নিয়ে যদি করা হয় তাহলেই এটা সম্ভব হবে আর তা নাহলে কলিকাতায় রাইটার্স বিল্ডিংসে নূতন নাড়ী করে গবেষণা করলে এই সমস্যার সমাধান হবে না। এখানে যে সমস্ত লোকের কটেজ ইণ্ডাষ্ট্রীর সম্বন্ধে জ্ঞান আছে এবং ইণ্ডাষ্ট্রীজ ডিপার্টমেণ্টে যে সমস্ত অভিজ্ঞ লোক নিযুক্ত আছে তাদের প্রত্যেকেরই কর্ত্তব্য হবে সমগ্র বাংলার বিভিন্ন অঞ্চলে, পল্লীতে পল্লীতে গিয়ে সেখানকার কি অবস্থা, কি কি 'র' মেটিরিয়েল্স পাওয়া যায়, কোন শ্রেণীর শিল্পী বাস করে এর সম্পূর্ণ তথ্য সংগ্রহ করা উচিত। এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে নূতন জিনিষ করা উচিত, তা না হলে যদি ওভারল্যাপিং হয় তাহ'লে যে শিল্প আছে সেটা মারা যাবে এবং নূতনটাও খারাপ হয়ে যাবে। এই জিনিষ কার্য্যকরী করে তুলতে হলে চিন্তা ও ধৈর্য্যের প্রয়োজন আছে। কুটীরশিল্প হলেও মেকানাইজড্ যুগ বলে এদিকেও মন্ত্রীমহাশয়ের দৃষ্টি দেওয়া উচিত। সেইজন্য এই লোন তিন হাজার টাকায় সীমাবদ্ধ না রেখে ১০ হাজার টাকা পর্য্যন্ত ম্যাক্সিমাম করা উচিত। এখানে বিল্ডিংস, ম্যাসেটস এমন কি এগ্রিকাল্চারাল ল্যাণ্ডের উপর ১০ হাজার টাকা পর্য্যন্ত লোন দেওয়া অসুবিধা জনক এবং তা দেওয়াও উচিত। কুটীরশিল্পের অবস্থা যুদ্ধের পূর্ব্বের চেয়ে যুদ্ধের পরে আরো খারাপ হয়েছে। কারণ যুদ্ধের সময় বিভিন্নভাবে ব্যবসা বাণিজ্য চলছিল। মাঝারি শিল্পগুলি ব্যাঙ্কের কাছ থেকে কিছু কিছু সাহায্য পাচ্ছিল

কিন্তু যুদ্ধ শেষ হবার সঙ্গে সঙ্গেই ছোট ছোট ব্যাঙ্কগুলি সব নষ্ট হয়ে গিয়েছে ফলে টাকা পাওয়া সম্ভব হচ্ছে না। এছাড়া বহু ছোট ছোট শিল্পের যন্ত্রপাতিগুলি নষ্ট হয়ে যাওয়ার জন্যও বহু শিল্প বন্ধ হয়ে আছে। সুতরাং এই দায়িত্ব সরকারের গ্রহণ করতে হবে। তারপর এখানে যে টাকাটা দেওয়া হচ্ছে তারজন্য ষ্টাফ কিছু বাড়াবার দরকার আছে বটে কিন্তু আমাদের দেখতে হবে যেন খাদ্যের চেয়ে নিমন্ত্রিতের সংখ্যা বেশী না হয় এবং নিমন্ত্রিতের চেয়ে যেন পরিবেশকের সংখ্যা বেশী না হয়। সুতরাং ষ্টাফের জন্য যেন সব টাকা খরচ না হয়ে যায়। তাই আমার মনে হয় যে নূতন ষ্টাফ না নিয়ে যে ডিপার্টমেণ্ট আছে তাতেই কিছু এক্সপার্ট নিয়ে এই কাজ সম্পন্ন করা উচিত। আমি আবার অনুরোধ করবো এবং আমি আশা করি যে আমাদের এই ১০ হাজার টাকার প্রস্তাবটি উনি গ্রহণ করবেন।

[4-50—5 p.m.]

Sj. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহোদয়, আপনি জানেন কিছুদিন আগে অন্যান্য মন্ত্রীমহাশয়েরা নিজেদের খাতে কোটি কোটি টাকা নিয়েছেন। কিন্তু আমাদের এই নিরীহ মন্ত্রীমহাশয় সামান্য ১৮ লক্ষ টাকা পেলেন। আমাদের বাংলাদেশে কটেজ ইণ্ডাষ্ট্রীতে বহু টাকা খরচ করা উচিত ছিল। অন্ততঃ এক কোটি টাকা খরচ করবার প্রয়োজন আছে। বাংলাদেশে আগে কটেজ ইণ্ডাষ্ট্রীর যে প্রাচুর্য্য ছিল আজকে তা নেই, আজকে ছোট ইণ্ডাষ্ট্রী যারা করতে চায় তার ভাবনা আমার মাল কোথায় চলবে, কোথায় মার্কেট পাবো? অবিভক্ত বাংলায় ঝিনুকের বোতাম, বিশেষ করে ঢাকায় তৈরী হ'ত। প্রতি সপ্তাহে সারা পৃথিবীতে প্রায় ৪ লক্ষ টাকার বোতাম এক্সপোর্টেড হ'ত। এক ঢাকার বাজারেই প্রতি মাসে ১৬ লক্ষ টাকার বোতাম বিক্রী হ'ত। বাংলা ভাগের পরে সেই শিল্পীরা রেফিউজি হয়ে এখানে এল। এরকম পাঁচ হাজার পরিবার আজ পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় স্ক্যাটার্ড হয়ে পড়ে আছে। পাকিস্তানে ঝিনুক তৈরী হয়ে আজ এখানে আসছে। ঝিনুক তৈরীর জন্যে যে সেল সেটা পাওয়া যায় হিন্দুস্থানে। তাই র মেটিরিয়ালস পাকিস্তানে স্মাগলড্ হচ্ছে, আবার ঝিনুক হয়ে এখানে আসছে। মাঝখানে প্রফিট ওখানকার লোক নিয়ে যাচ্ছে। এখানকার লোকেরা মার্কেট পাচ্ছে না, বিক্রী করতে পারছে না। সেইজন্যে বলছি যাতে ওই বোতাম বর্ডার দিয়ে স্মাগলড্ হয়ে এখানে না আসে, তার ব্যবস্থা করুন। এখানকার শিল্পীদের প্রোটেকশন দিন। আমি নিজে দেখেছি অফিসারদের সঙ্গে যোগাযোগ করে কয়েক লক্ষ টাকার মাল প্রতি সপ্তাহে যাতায়াত করছে। ওখানকার চেয়ে এখানকার লেবারের দাম বেশী, তাই এখানকার জিনিষ মার্কেট পাচ্ছে না। স্যার, আপনি হয়ত ইউরোপে গিয়েছেন, ঢাকার শঙ্খশিল্প যে কত মূল্যবান বলে বাইরে স্বীকৃত তা জানেন। নানা কারুকার্য্যখচিত এই শাঁখা বিয়ের পরে মেয়েরা পরে, সৌখিন জিনিষ হিসাবেও এটা অনেকে ব্যবহার করেন। পাকিস্থান ছিল এই ব্যবসায়ের কেন্দ্র। পাকিস্থান হবার পরে যেসব শিল্পীরা এখানে এসেছেন তাদের দিকে একবার দৃষ্টি দিতে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি। তাঁর কাছে এই শাঁখাশিল্পীরা বহু ডেপুটেশন নিয়ে গিয়েছিল, কিন্তু কোনো কিছুই করা হয়নি। রেফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট থেকে কোনো রিলিফ এদের দেওয়া হয়নি। এরা যদি মরে যায় ওই জিনিষ অন্য কেউ তৈরী করতে পারবে না। এদেরকে তাই বাঁচিয়ে রাখা উচিত। তারা আজ কয়েকজন ক্যাপিটালিষ্টের হাতে পড়ে নিষ্পিষ্ট হচ্ছে। ডাঃ রায় বলেছিলেন যে সিলোন থেকে বা কোচিন থেকে তিনি শঙ্খ এনে দেবেন। সিলোনের স্পীকার এখানে কাল এসেছিলেন। আমার মনে হয় এটা তাঁর সঙ্গে আলোচনা করে আনবার ব্যবস্থা করা হবে। একজন মন্ত্রী গেলে অনেক মন্ত্রী আবার পাওয়া যাবে, কিন্তু ওই দুর্লভ জাতি যদি ধ্বংস হয়ে যায়, কোটি টাকা খরচ করেও পাওয়া যাবে না। আজকে আপনি সত্যিকারের কুটিরশিল্পকে বাঁচাতে চান কিনা, আমাদের পুরান ইতিহাসকে বাঁচাতে চান কিনা তা পরিষ্কার করে বলুন। আপনি ১৮ লক্ষ টাকা নিচ্ছেন, আপনার প্রথম কর্ত্তব্য হবে আজ এঁদের বাচানো। এর সঙ্গে আর একটি জিনিষ আসছে সেটা হ'ল এই যে আমাদের দেশে কয়েক লক্ষ টাকা বড়লোকদের বাড়ীতে মোজেক ফ্লোরের জন্যে প্রয়োজন হয়, সেটা হয় ওই ঝিনুক থেকে। এরা মরে গেলে বড়লোকদের ঘরের চাকচিক্য নষ্ট হয়ে যাবে। তাই অন্ততঃ বড়লোকদের মনস্তুষ্টির জন্যে এদের বাঁচান আজ প্রয়োজন। স্যার, প্লাইউড ফ্যাক্টরির কথা আপনারা জানেন। যুদ্ধের সময় আমরা দেখেছি, চতুর্দ্দিকে সারা ভারতবর্ষ প্লাইউডের ছড়াছড়ি। তখন আমাদের দেশের কত শিমুল গাছ নষ্ট হয়ে গেছে। যুদ্ধ থেমে গেছে, ফ্যাক্টরিগুলি বন্ধ হয়ে গেছে, ফলে সেখানে যারা কাজ করত তারা কর্ম্মচ্যুত হয়েছে। আজ বিদেশী শিল্পপতিদের দেখি—বিশেষ করে চা বাগানের ইংরেজ মালিকেরা বিদেশ থেকে অর্ডার দিয়ে প্লাইউড আনান। আমাদের

[Sj. Nepal Chandra Roy.]

দেশে এত শিমুল গাছ থাকতে তারা কেন বাইরে থেকে আনবেন? শুনি বিলাতী প্যাকিং বক্স ছাড়া বিদেশীরা তা কিনবেন না। এরকম ঔদ্ধত্য কেন সহ্য করা হয়? এদিকে কি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি পড়েছে? আপনি কি বলতে পারেন না যে বিলাতী উডের প্যাকিং বক্সে এখানে চা নেওয়া হবে না। তাহলে অন্ততঃ ৫০ হাজার শ্রমিকের কর্মসংস্থান এখানে হ'ত। এইভাবে যদি সব দিকে নজর দেন তবে আপনি আজ যে লক্ষপতি হয়েছেন কাল কোটিপতি হবেন--আপনার হাতে কোটি কোটি টাকা পাবেন এবং আমাদের তরফ থেকে আপনাকে পূর্ণ সমর্থন দেওয়া হবে।

স্যার, আমি এজন্য মন্ত্রীমহাশয়ের এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। অন্যান্য বন্ধুরা অনেক কথাই বলেছেন। আমি অন্ততঃ দুর্লভ কারিগর সংঘ ও বোতাম কারিগর এদের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। এদের বাঁচাবার জন্য আপ্রাণ চেষ্টা করবেন। আমাদের তরফ থেকে সম্পূর্ণ সমর্থন জানাবো।

[5—5-10 p.m.]

Sj. Ajit Kumar Basu:

মাননীয় স্পীকার স্যার, এটা সকলেই জানেন--কুটীরশিল্পের দারুণ দুরবস্থা হয়েছে। এই ছোট কুটীরশিল্পগুলি গ্রামবাসীদের জীবিকার প্রধান উপায় এটা সকলেই স্বীকার করবেন। এই সমস্ত ছোট ছোট স্মল ইণ্ডাষ্ট্রীগুলিকে বাঁচাবার সরকার তরফ থেকে বিশেষ কিছুই এযাবৎ হয়নি। আজ এ সম্বন্ধে একটা বিল এসেছে। আজ আমরা এটা সকলেই আলোচনা করেছি যে জাতির অর্থনৈতিক ক্ষেত্রে এই ছোট ছোট শিল্পের একটা গুরুত্বপূর্ণ জায়গা রয়েছে--সরকারও এটা স্বীকার করেছে। কাজেই বিশেষভাবে চেষ্টা করে যদি এই শিল্পকে বাঁচাবার চেষ্টা না করা হয়, তাহ'লে সমগ্রভাবে আমাদের অর্থনৈতিক অবস্থার বিপর্যয় হতে বাধ্য। সেন্সাস রিপোর্টে পশ্চিমবাংলার এই সমস্ত শিল্পে প্রায় ২০ লক্ষ লোক কাজ করছে একথা বলা হয়েছে। ভাল করে দেখতে গেলে এই সংখ্যা ৩০ লক্ষের কম নয়। আমাদের দেশে এই যে ৩০ লক্ষ লোক ছোট ছোট শিল্পে কাজ করছে, তাতে কাজ যদি বন্ধ হয়ে যায়, এবং তারা যে জিনিষ উৎপন্ন করছে তা যদি বাজারে বিক্রী না হয়, ফলে তারা যে কাজ করছে তার মূল্য যদি তারা না পায়, এবং সেই কাজ করবার জন্য প্রয়োজনীয় মোটা টাকা যদি সরকার থেকে সাহায্য না পায়, তাহ'লে কি অবস্থা দাঁড়াবে? এই অবস্থা মোটামুটি দাঁড়ায় পশ্চিমবাংলার ৩০ লক্ষ ভাগচাষী এবং ৩০ লক্ষ ক্ষেতমজুর এবং তাদের সঙ্গে সঙ্গে আরও ৩০ লক্ষ কুটীরশিল্পী সকলেই একসঙ্গে ধ্বংস হবে এবং ফলে সমস্ত জাতিকে বিপর্য্যয়ের পথে নিয়ে যাবে। সুতরাং যাতে কুটীরশিল্প রক্ষা পায়, যাতে উৎপাদন করতে পারে সেজন্য সাহায্য করা দরকার। তাই আজ সমগ্রভাবে দেশের সামনে এটাকে সঙ্কট হিসাবে দেখতে হবে এবং সেইভাবে ভাবতে হবে ও পরিকল্পনা তৈরী করতে হবে। যে বিল আমাদের কাছে এসেছে সেই বিলের কিছু টাকা কুটীরশিল্প ও ছোট ছোট শিল্প যাতে পেতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। মোটামুটি সঙ্কটের একটা দিক টাকার অভাব এবং সে টাকার অভাব মেটাবার জন্য এই বিলে কিছু ব্যবস্থা হয়েছে। একটু আগে মাননীয় বীরেন বাবু যে রিপোর্টের বিষয় বলেছেন সেখানে

lack of finance, lack of marketing, lack of technical knowledge

এই সমস্ত অভাবের কথা উল্লেখ করা হয়েছে। সেই রিপোর্টে দেখা যায় লোকের ক্রয় ক্ষমতা ক্রমাগত নষ্ট হয়ে যাচ্ছে যার ফলে কুটীরশিল্প, ছোট ছোট শিল্প দাঁড়াতে পাচ্ছে না। আমাদের কুটীরশিল্পের মন্ত্রীমহাশয় এই সমস্ত সমস্যাগুলির সমাধানের জন্য একটা বিল নিয়ে আসতে পারেন তাহ'লে ভাল হবে, তাঁকে অভিনন্দন জানাবো। তিনি কিছু কিছু সাহায্য করবার জন্য একটা বিল এনেছেন সেজন্য মন খুলে সমর্থন করতে পাচ্ছি না কারণ এই সমস্ত সমস্যা সমাধানের জন্য যে যে জিনিষ এই বলে আনা উচিত ছিল সেগুলি আনলে আমরা খুসী হতাম এবং সমর্থন করতে পারতাম।

এখন টাকার কথা ধরা যাক। ১৯৩১ সালে যে এ্যাক্ট তা পরিবর্ত্তন করা হয়েছে, যাতে ছোট ছোট শিল্প, কুটীরশিল্প ভালভাবে সাহায্য পেতে পারে। কারণ ভাল সাহায্য না পেলে ভাল কাজ হবে না। ১৯৩১ সালের এ্যাক্টে অর্থ সাহায্যের যে বন্দোবস্ত ছিল তার চেয়ে এবিলে যে খুব বেশী ভাল ব্যবস্থা করা হয়েছে তা নয়। তারা কুটীর-শিল্পের এ্যাসেটের কথা বলেছেন। এ্যাসেটের যে দাম সেই দামের ৫০ পার্সেণ্ট তারা দেবেন সাধারণ নিয়মানুসারে। কোন্যাটারাল সিকিউরিটি থাকলে ৭৫ পার্সেণ্ট তারা দেবেন বলছেন। এখন আগেকার এ্যাক্টে ৫০ পার্সেণ্ট দেবার কথা ছিল। নূতন এ্যাক্ট হচ্ছে ৭৫ পার্সেণ্ট দেবেন সিকিউরিটি দিলে। এখন একটা হিসাব করে দেখা যাক।

মাননীয় মন্ত্রীমহাশয় দেখবেন তার লিকুইড এ্যাসেট কিরকম—সেটা বলব না। ধরুন ফিক্সড এ্যাসেট হচ্ছে ১২৫ টাকা। ১৯৩১ সালের এ্যাক্ট অনুসারে সেখানে সাহায্য পায় ৬২৷৷০ টাকা। আজকের এই এ্যামেণ্ডমেণ্ট পাশ করলে তাতে কুটিরশিল্পে ৯৩ টাকা কয়েক আনা পেতে পারে। মোটামুটি যেখানে প্রচুর সাহায্য দরকার--ছোট ছোট ব্যাঙ্কগুলি গ্রামে যেখানে টাকা দিতে পাচ্ছে না, সেখানে সরকার পরিপূর্ণ সাহায্য করছেন না--পূর্বেকার ৬২৷৷০ টাকার জায়গায় ৯৩৸০ আনার ব্যবস্থা করছেন--এতে আমরা মনে করি বাস্তব অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে এ পরিকল্পিত বিল আনা হয়নি। কাজেই এ বিল সম্পর্কে যে কথা প্রিয়েমবলে বলা হয়েছে--কুটীরশিল্পের উন্নয়নের কথা ভেবেই তারা এই বিল আনছেন--কিন্তু এই বিল তার কাছ দিয়েও যেতে পাচ্ছে না। কারণ এই বিলের মধ্যে তারা কোন উন্নয়নের ব্যবস্থা করতে পাচ্ছেন না।

আর একটা জিনিষ, স্পীকার মহাশয়, দেখতে হবে সেটা হচ্ছে--বহু কুটীরশিল্প উঠে যাচ্ছে। বহু কুটীরশিল্প একেবারে উঠে গেছে এবং কিছু কিছু এখন কোন রকমে টিকে আছে। উদাহরণ-স্বরূপ বেল মেটাল শিল্পের কথা বলছি--কলকাতায় ৭০টির মধ্যে ৪২টি উঠে গিয়েছে। যেগুলি টিকে আছে সেগুলির অত্যন্ত দুরবস্থা। চোরবাগানে এবং বারানসী ঘোষ ষ্ট্রীট এই বেল মেটালের কারখানায় বহু লোক কাজ করত, এখন তার প্রায় $\frac{১}{৪}$ অংশে দাঁড়িয়েছে। আগে সেখানে এসমস্ত কারখানায় সপ্তাহে শ্রমিকরা পেয়েছে ২০৷২৫ টাকা এখন সেখানে ৭৷১০৷১২৷৷. টাকায় দাঁড়িয়েছে।

[5-10—5-20 p.m.]

শিল্পগুলি উঠে যাবার উপক্রম হওয়ার সঙ্গে সেগুলিকে টিকিয়ে রাখবার জন্য যদি অর্থ সাহায্য করতে হয় তাহ'লে সে সাহায্য ছোট-খাটো অর্থ সাহায্যের দ্বারা কিছুই হয় না। বেলমেটাল শিল্পের কথাই ধরুন। যে কারখানার ফিক্সড এ্যাসেট ৫০০৲ তাকে এই আইন অনুযায়ী ৩৭৫৲ টাকা সাহায্য করবেন। অথচ তাকে বছরে দশ হাজার টাকার কাঁচা মাল কিনতে হবে। অতএব সে কারখানাকে ৩৭৫৲ টাকা ধার দিয়ে কোন সাহায্যই করতে পারছেন না। সুতরাং সমস্ত দিক থেকে হিসেব করে দেখলে সর্বাঙ্গীণ যে দুরবস্থা আজ ছোট ছোট শিল্প ও কুটীরশিল্পের মধ্যে এসে পড়েছে, সেই দুরবস্থা দুর করবার জন্য এই এ্যাক্টে ব্যবস্থা নাই। যে অবস্থা আছে, যে নষ্ট হয়ে যাবার অবস্থা, ধ্বংস হয়ে যাবার অবস্থা—সেটা থেকেই যাচ্ছে; মাঝখান থেকে একটা গোরগোল দেশের মধ্যে তুলে দেয়া হচ্ছে যে আমরা কুটীর-শিল্পকে সাহায্য করছি। কিন্তু প্রকৃত প্রস্তাবে কোন সাহায্যই করা হচ্ছে না।

আর একটা কথা উনি বলেছেন, যেগুলি টিকে আছে,--যদি ষ্টেট এইড তাদের দিতে হয় তবে পরিপূর্ণ ষ্টেট এইডের কথাই ভাবতে হবে। ফরেন কম্পিটিশনের মধ্যে যদি টিকে না থাকতে পারে তাহ'লে তাদের সাহায্যের কথাই উঠতে পারে না। এতদিন পর্য্যন্ত ষ্টেটের সাহায্য না পেয়েও আমাদের দেশের শিল্পীরা যে পিত্তলের কলসী তৈরী করে তার ফিনিশ খুব ভাল। তার সঙ্গে কম্পিটিশনে আমেরিকান ও বৃটিশ কোম্পানী টিকতে পারছিল না, কিন্তু কিছুদিন হ'ল সস্তায় জাপানী মাল এসে বাজার ভরে ফেলেছে। আজকে দরকার নানাভাবে সাহায্য দিয়ে বিদেশী কম্পিটিশনের হাত থেকে রক্ষা করে তাকে বাঁচানো। যা দেখছি তাতে এই শিল্পটির আজ উঠে যাবার মতন অবস্থা, সুতরাং ষ্টেট এইডের কথা যখন বলছেন, ছোট-খাটো ২।৪ টাকা দেবার কথা ভাবছেন, ষ্টেট এইড এতে হয় না। ষ্টেট এইড মানে--সামগ্রিক সাহায্য। মার্কেটিংয়ের ভাল বন্দোবস্তের দ্বারা যাতে কাঁচা মাল কিনতে পারে তার ভাল ব্যবস্থা দ্বারা দেশের লোক অর্থাৎ সাধারণ লোকদের যাতে কেনবার মতন অবস্থা হয়, সেইদিকে বিশেষ দৃষ্টি দেয়া দরকার।

আজকে এই বিলের মারফৎ যে চেষ্টা চলছে সেটা আবশ্যকের তুলনায় অতি সামান্য, তাতে কিছুই হবে না। সমস্ত সমস্যার কিছুটাও এতে দূর হতে পারবে কিনা সন্দেহ। এইরকম বিল আনয়নের কোন অর্থ হয় না।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যেরূপে এই বিল আনা হয়েছে তার সমর্থন জানাতে পারি না। তবে পাঁজা মহাশয় তাঁর অসহায় অবস্থা যে আছে এবং একটু সদিচ্ছা নিয়ে এই বিল যে এনেছেন এজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আমি অসহায় অবস্থা এই জন্য বললাম যে এই বাজেটে দেখলাম এক এক জন মন্ত্রী কেউ ২ কোটি, কেউ ৫ কোটি, কেউ ১৫ কোটি টাকা খরচের সুবিধা নিয়েছেন, কিন্তু পাঁজা মহাশয়কে যেন তাঁর মুখরক্ষার জন্য ২১ লক্ষ টাকা দেওয়া হয়েছে এই বাংলাদেশের ৩৪ হাজার গ্রামের কুটীরশিল্প উন্নয়নের জন্য।

[Sj. Balailal Das Mahapatra.]

কাজেই সরকারের কুটীরশিল্প উন্নয়নে যে বিন্দুমাত্র আগ্রহ নাই তা বাজেটের বরাদ্দ থেকেই বোঝা যায়। তিনি ধার কর্জ করে কুটীরশিল্পের উন্নয়ন করতে চান। কাজেই একটা সদিচ্ছা যে আছে এজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

স্পীকার মহাশয়, বাংলাদেশের বেকার সমস্যার সমাধানের জন্য, কিম্বা আর্থিক অবস্থার উন্নতির জন্য কেবলমাত্র যে একটি শিল্পের দ্বারা বা বড় বড় শিল্পের দ্বারা সম্ভবপর নয়, তা সকলেই স্বীকার করেন। কৃষি এবং বড় বড় শিল্প-প্রতিষ্ঠানের সঙ্গে সঙ্গে যতক্ষণ পর্য্যন্ত বাংলাদেশের প্রতি পল্লীতে কুটীরশিল্পগুলির উন্নয়ন করতে না পারি, আমরা ছোট বড় যে সহর রয়েছে সেখানে তার পুনঃ প্রতিষ্ঠার ব্যবস্থা করতে না পারি, ততক্ষণ পর্য্যন্ত বাংলাদেশের সমস্যা সমাধান যে কত দুরূহ তা অর্থনীতিবিদেরাও স্বীকার করেন, এবং আমি মনে করি গভর্ণমেণ্টও স্বীকার করেন। কিন্তু এঁরা কার্য্যক্ষেত্রে কিছুই যে করেন না তা আমরা প্রতি ক্ষেত্রেই দেখছি। যাই হোক, সরকার যে অবস্থায় বিলাটা এনেছেন এবং নানাভাবে তাঁরা যে কুটীরশিল্পকে সমর্থন করেন তার বেশ প্রমাণ পাচ্ছি। তবে এইটুকু বলতে পারি যে যদি ওঁরা সত্যিকারের কুটীর শিল্পের উন্নয়ন চান, ছোট বড় শিল্পকে প্রতিষ্ঠিত করতে চান এবং তার মাধ্যমে বাংলাদেশের বেকার সমস্যার সমাধানের জন্য অন্য সংস্থানের ব্যবস্থা করতে চান, তাহ'লে আমি সর্ব্বাগ্রে তাঁদের কাছে এই শিল্পগুলির সম্মুখে যে প্রধান প্রধান বাধাগুলি রয়েছে তার উল্লেখ করতে চাই। কুটীরশিল্প ও ছোট-খাট শিল্পের সামনে রাজনৈতিক সমস্যা নয়, তাদের সামনে আছে প্রধান প্রধান ৩টি সমস্যা—(১) মূলধন সমস্যা, (২) তীব্র প্রতিযোগিতার সমস্যা (বিদেশ থেকে যে সকল জিনিষ আমদানী হয়, সেই সকল দ্রব্যের তীব্র প্রতিযোগিতা), আর তার সঙ্গে সঙ্গে (৩) বাজারের অভাব। কাজেই যাঁরা কুটীরশিল্পকে সাহায্য করতে চান তাঁরা যদি কেবল রাজনীতির মধ্যেই তাকে সীমাবদ্ধ করেন তবে আমি মনে করব তাঁর উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হবে। কাজেই সব কিছু ব্যাপক আকারে নিয়ে আসা দরকার। কম্পিটিশনের হাত থেকে বাঁচাতে হবে—এইটিই সর্ব্বপ্রথম ব্যবস্থা এই বিলের মধ্যে থাকা দরকার। এজন্য অবশ্য বোর্ড অব ইণ্ডাষ্ট্রী গঠনের ব্যবস্থা করা হয়েছে, এই বিলের মধ্যে; কিন্তু বোর্ড অব ইণ্ডাষ্ট্রীকে ক্ষমতা দেওয়া দরকার, যেন স্বয়ং-সম্পূর্ণ প্রতিষ্ঠান হিসাবে এই বোর্ড কুটীর-শিল্পকে বা ছোটখাট শিল্পকে রক্ষা করতে পারে—এরকম ক্ষমতা তাদের দেওয়া দরকার।

তারপরে বোর্ড গঠন সম্পর্কে বিরোধীপক্ষ থেকে অনেকেই আলোচনা করেছেন, হয়ত সেকথা বলতে গেলে পুনরুক্তি হবে। তবু আমি বলতে চাই বোর্ড গঠন সম্পর্কে অপোজিশন পার্টি যে আলোচনা করেছেন সেটা সরকারপক্ষের বিশেষভাবে গ্রহণ করা উচিত। আমি আবার তাঁদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলতে চাই যে ১৪ জন সভ্যের যে বোর্ড গঠন করা হচ্ছে তার মধ্যে ১১ জন কংগ্রেস মনোনীত, বাকী ৩ জন নির্ব্বাচিত হবেন—দু' জন বিধানসভার পক্ষ থেকে, আর একজন বিধান পরিষদের পক্ষ থেকে। বলা বাহুল্য সংখ্যা গরিষ্ঠতার জোরে সরকারী দলই যে তাতে নির্ব্বাচিত হবে তাতে সন্দেহ নাই। কাজেই সম্পূর্ণভাবে সেটা হবে সরকারের মনোনীত দল বা সরকারের তাঁবেদার দল। কাজেই এ ব্যাপারে তাঁরা কখন স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারবেন না। তাঁরা ব্যক্তিত্ব বজায় রেখে কাজ করতে পারবেন না। সেইজন্য আমার সাজেসন হচ্ছে সরকারের যদি সদিচ্ছা থাকে, আন্তরিকতা থাকে এই কুটীরশিল্প গড়ে তোলার জন্য, তাহ'লে আমার প্রস্তাব হচ্ছে এই যে, যে বোর্ড গঠিত হবে তার শতকরা ৭৫ ভাগ অংশ সদস্য যেন নির্ব্বাচিত হয়ে আসেন। বাংলা দেশে যে সকল কুটীরশিল্প সংঘ আছে—ছোট ছোট কুটীরশিল্প সংঘ—সেই সংঘের পক্ষ থেকে যাতে নির্ব্বাচিত হয়ে আসতে পারেন তার ব্যবস্থা থাকা দরকার, তা ছাড়া যেসব ব্যবসায় প্রতিষ্ঠান বা বাণিজ্যিক প্রতিষ্ঠান আছে সেই প্রতিষ্ঠানের ভিতর থেকেও যাতে এই বোর্ডে প্রতিনিধি আসতে পারেন তার ব্যবস্থা থাকা দরকার। বিধানসভার পক্ষ থেকে নির্ব্বাচিত সদস্যের কথা বলা হয়েছে,—তাতে আমার সাজেসান হচ্ছে—বিধানসভার প্রত্যেক দল থেকে অন্ততঃ এক এক জন সদস্য সেই বোর্ডের মধ্যে যদি স্থান পেতে পারেন তাহ'লে তাঁরা মত প্রকাশ করতে পারেন। তারপরে বিধান পরিষদের পক্ষ থেকে বক্তব্য এই যে এখানে যে একজন সদস্যের কথা বলা হয়েছে সেখানে যেন ২ জন সদস্য হয়, একজন সরকার পক্ষ থেকে, আর একজন বিরোধীদলের পক্ষ থেকে নির্ব্বাচিত হয়ে আসেন।

(At this stage the blue light was lit.)

আরও পাঁচ মিনিট চাই, স্যার।

Mr. Speaker:

সংক্ষেপে বলুন, আরও অনেকে বলবেন।

Sj. Balailal Das Mahapatra:

কাজেই এইভাবে যদি বোর্ড গঠিত হয় আর সেই বোর্ডে ষ্টেট ফাইন্যান্স কর্পোরেশনের প্রতিনিধিও যে আসবেন তার উল্লেখ আছে। আমি বলেছি বিড়লার মত বড় বড় পুঁজিপতি সেই বোর্ডের মেম্বর হ'ল পুঁজিপতির দল সেই ফাইন্যান্স কর্পোরেশন থেকে টাকা দেবেন এ আমি বিশ্বাস করতে পারি না। যদি বা দেন তাহ'লেও কুটীরশিল্পের যে স্বার্থ রক্ষা হবে সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। কাজেই আমি ফাইন্যান্স কর্পোরেশন সম্পর্কে সেদিন প্রতিবাদ করেছিলাম, এবং একে পুনর্গঠিত করার জন্য আজকে আবার সরকারকে অনুরোধ করছি এবং বিশেষ জোরে বলছি যে এই যে ফাইন্যান্স কর্পোরেশনের দ্বারা কুটীরশিল্প ও ছোটখাট শিল্পের কখন উন্নতি হতে পারে না, তাদের স্বার্থরক্ষাও হতে পারে না। স্বার্থের সংঘাতই যেখানে সম্পর্ক সেখানে স্বার্থ রক্ষা হওয়া অসম্ভব। তারপরে এই বিলে বলা হয়েছে এ্যাসেটের ৭৫ ভাগ—নেট ভ্যালুর ৭৫ ভাগ ওঁরা ঋণ দেবেন। সেখানেও আমার বক্তব্য যে সেখানে অনেক ক্ষেত্রে অনেক নূতন নূতন শিল্প গড়ে উঠবে। তারপরে বলা হয়েছে এ্যাসেটের নেট ভ্যালুর ৭৫ ভাগ পর্য্যন্ত দেবেন। সেখানে বক্তব্য যে এতে অনেক নূতন নূতন শিল্প গড়ে উঠবে—৩ হাজার টাকা ম্যাক্সিমাম এ্যাসেট যার আছে তার ব্যবস্থা সম্ভব হবে, এবং এইভাবে ছোটখাট তাঁতশিল্প গড়ে তুলতে পারা যাবে কিন্তু মাঝারি শিল্প যেখানে ২০।২৫ হাজার বা ৫০ হাজার টাকা মূলধন দরকার সেখানে ১০ হাজার টাকা নিয়ে কিছুই কাজ করতে পারবে না। সেজন্য আমার সাজেশান যে বোর্ডের উপর অধিকার দেওয়া দরকার যে শিল্পের গুরুত্ব বুঝে, প্রয়োজনীয়তা বুঝে অবেক অর্থ মঞ্জুর যাতে করতে পারেন সে ব্যবস্থা থাকা দরকার। তারপরে এই বিলে ঋণদান সম্পর্কে যা বলা হচ্ছে সেখানেও সন্দেহ প্রকাশ করতে চাই। গভর্ণমেণ্টের বিভিন্ন খাতে যে ঋণ দেওয়া হয় বিশেষতঃ কৃষিঋণ দানের যে পদ্ধতি আছে তাতে জানি যে কৃষির জন্য যে লোন দেওয়া হয়—তা বহুদিন ঘোরা ঘুরির পরে এবং দশ ঘাট দেওয়ার পরে যদি হয়ত ১০।১৫ টাকা কোরে ঋণ তারা পায়। এসেমব্লিতে বড় বড় কথা বলা হয় যে লাখ লাখ টাকা ঋণ দিচ্ছেন। কিন্তু বেচারারা পায় ১০।১৫ টাকা। শিল্প সংক্রান্ত ব্যাপারেও যদি সেই রকম ঋণের ব্যবস্থা হয়, তাহ'লে কিছু দিন ঘোরা ঘুরির পরে শেষ পর্য্যন্ত শিল্প নষ্ট হবে, শিল্পের প্রসার হবে না, এবং ঋণ গ্রহণ যে করবে তাকে বহুপ্রকার অর্থ ব্যয় করতে হবে। কাজেই ঋণ সম্পর্কে গভর্ণমেণ্টের সাবধান হওয়া দরকার এবং কোণ খাত থেকে ঋণ দেবেন সেও পরিষ্কারভাবে বলা এবং জানান দরকার।

[5-20—5-30 p.m.]

শেষে আর একটা কথা বলতে চাই। কথাটা হচ্ছে এই যে এই ইণ্ডাষ্ট্রীয়াল বোর্ডের সিনিয়ারিটির খানিকটা অভাব রয়েছে। সে জিনিষটা আমি বলতে দ্বিধা বোধ করব না। আপনারা শিল্পের খাতে ধরেছেন ৮০ লক্ষ টাকা আর কুটীর শিল্পের খাতে ধরেছেন ২১ লক্ষ টাকা কিন্তু সে জায়গায় পুলিশের খাতে বরাদ্দ হয়েছে ৬ কোটি টাকা। কাজেই এক্ষেত্রে শিল্পের প্রসারের জন্য গভর্ণমেণ্ট কতটা কী করবেন সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ রয়েছে। এটা ঠিকভাবে করতে গেলে সরকারের দৃষ্টিভঙ্গী বদলান দরকার। উদাহরণস্বরূপ বলতে পারি--আমার নির্ব্বাচন কেন্দ্র মেদিনীপুর জেলার বাসনগর থানার প্রধান প্রধান ৫টি শিল্প সরকারী সাহায্যের অভাবে এবং অবহেলার ফলে ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। এখানকার শিল্পের মধ্যে মাদুর শিল্পের একটা বিশিষ্ট স্থান আছে। রামনগরের মাদুর এবং চন্দনপুরের বাসন শিল্প বাংলার গৌরবের বস্তু। এই দু'টি শিল্প আজ সরকারের সাহায্যের অভাবে ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে। আমি গর্ব্বের সহিত বলতে পারি যে সেই বাসনে অম্বল পর্য্যন্ত খাওয়া চলে। স্বীকার মহোদয়, আমাদের সেই বাসনের বৈশিষ্ট্য আপনার জানা থাকা উচিত। সেই বাসন মোবাদাবাদী কেন ভারতবর্ষের যে কোন বাসনের সঙ্গে কম্পিট করতে পারে যদি সরকারী সাহায্য পায়।

তাছাড়া তাঁত এখানকার একটা বড় শিল্প। ছোট শিল্পের মধ্যে আর দু'টো--লবণ ও মৎস্য শিল্প। সমস্ত দীঘা সি-কোষ্ট এবং কাঁথি সি-কোষ্ট থেকে হাজার হাজার মণ মাছ ওঠান যেতে পারে এবং সেটা বাংলাদেশে সাপ্লাই হতে পারে। কাজেই এই শিল্প--আমি লবণ শিল্পের কথা, দীঘা-সল্টের কথাই সেদিন বলেছি। সমগ্র বাংলাদেশে যে ৩৫ লক্ষ মণ নুন দরকার হয় সেটা একমাত্র দীঘা সি-কোষ্ট থেকেই উৎপন্ন হ'তে পারে এবং বাংলাদেশের অভাব মেটাতে পারে। আমি আমাদের থানার বড় বড় ৫টি শিল্পের কথা বললাম; সেগুলো সরকারী সাহায্যের অভাবে, মূলধনের অভাবে, ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। তবু আনন্দের সঙ্গে বলতে পারি যে এত উপেক্ষার মাঝখানেও

[Sj. Balailal Das Mahapatra.]

এত বাধা-বিঘ্নের মাঝখানেও আজ পর্য্যন্ত সেগুলো বেঁচে আছে এবং তাদের দ্বারা হাজার হাজার লোক প্রতিপালিত হচ্ছে।

আজ বাংলাদেশের রেশমশিল্প, শঙ্খ, হোসিয়ারী ও অন্য বহুপ্রকার শিল্প ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। মন্ত্রীমহোদয়ের যদি এদিকে সত্যিকারের সদিচ্ছা থাকে তাহ'লে এই শিল্পগুলোকে বাঁচানর জন্য দৃষ্টি দিন। সেইজন্য আমি অনুরোধ করব--এই বিলটিকে জয়েণ্ট সিলেক্ট কমিটির কাছে নিয়ে যান অথবা জনসাধারণের মত সংগ্রহের জন্য প্রচার করুন। ঢেলে সেজে এই বিলটিকে আবার নূতন আকারে আনুন যাতে তার মাধ্যমে বাংলাদেশের কোটি কোটি জনসাধারণের অন্ন-বস্ত্রের ব্যবস্থা হ'তে পারে, দারিদ্র্য দূর হ'তে পারে এবং বেকার সমস্যার সমাধান হ'তে পারে। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Subodh Choudhury:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের দেশে কুটীর-শিল্পের উন্নতির জন্য তাঁরা একুশ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরেছেন। ১৯৩১ সালে যে এ্যাক্ট ছিল সেটা সংশোধন করবার জন্য আমাদের কাছে উত্থাপন করেছেন--যে তাঁরা ব্যয় করবেন ২১ লক্ষ টাকা। কুটীরশিল্পের সংখ্যা ২১ লক্ষের বেশী-ই হবে। সুতরাং সেই ২১ লক্ষ টাকা ব্যয় করে তাদের কতখানি উন্নতি করতে পারবেন সেটা বুঝে দেখা দরকার। গবর্ণমেণ্ট বলছেন বটে যে যে সংশোধনী প্রস্তাব তাঁরা আনতে চাইছেন তার উদ্দেশ্য ভাল। সত্যিকারের আজ যারা কুটীরশিল্পী তাদের অবস্থা খুবই খারাপ, বিশেষ করে গত যুদ্ধের পর থেকে তাদের অবস্থা আরও শোচনীয় হয়ে পরেছে। তাঁতী, কর্ম্মকার, ইত্যাদিকে বিভিন্ন লোন দিলেই এই সমস্যার সমাধান হবে না। এই যে সংশোধন-প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাতে শিল্পীরা যে সমস্ত জিনিষ উৎপন্ন করে সেগুলি কিভাবে বিক্রী করবে তার কোন ব্যবস্থা করা হয়নি। তাঁতীদের আজকে সর্ব্বনাশ হয়েছে--তাদের সূতা নেই, যন্ত্রপাতি নেই--কেনবার সামর্থ্যও নেই; বারবার তাদের উপর খুব বেশী ট্যাক্স চাপানর জন্য যেটুক সামর্থ্য তাদের ছিল তাও আজ গিয়েছে। যে পরিমাণ কাপড় তাদের তৈরী হয় তাও বিক্রী হয় না, কম্পিটিশনে তারা টিকতে পারে না। এইভাবে যদি তাদের কোন লোন দেওয়া হয় তবে সেই লোনে তাদের সমস্যার কোন সমাধান হবে না। সাথে সাথে এ-কথাও বলব যে যাতে তারা অল্প টাকায় বেশী জিনিষ উৎপন্ন করতে পারে সেইরকম ব্যবস্থাও করা দরকার। কুটীরশিল্পের উপযোগী ম্যাসিনারী যথা যৌথ অটোমেটিক চিত্তরঞ্জন মেসিন গভর্ণমেণ্ট থেকে যদি তাদের সরবরাহ করা হয় এবং তাদের উৎপন্ন জিনিষ যদি গভর্ণমেণ্ট কিনে নেন তাহ'লে তারা বাঁচতে পারে। বাঁকুড়া জেলার কাংস্য শিল্প বাংলাদেশের মধ্যে একটা বিরাট স্থান রয়েছে। এবং প্রায় অধিকাংশ স্থানে যন্ত্রপাতির অভাবে এই কাংস্য শিল্প একেবারে নিশ্চিহ্ন হ'তে বসেছে। তাদের জিনিষ আগে যেখানে বিক্রী হ'ত সেই পাকিস্তানে আর যেতে পাচ্ছে না। কারণ আমাদের দেশ বিভক্ত হয়ে যাওয়ার পূর্ব্বে পাকিস্তান কাঁসা-শিল্পের একটা বিরাট ক্ষেত্র ছিল। সেই শিল্পকে অবলম্বন করে শুধু পুরুষরাই নয়, মেয়েরাও জীবিকা নির্ব্বাহ করত। দেশবিভাগের ফলে তারা আজ দুর্ভিক্ষের কবলে পড়েছে, খেতে পায় না। এই সমস্যার যদি সমাধান করতে হয় তাহ'লে পাকিস্তানের সঙ্গে বাণিজ্যিক সম্পর্কের উন্নতি সাধনের জন্য আমাদের কেন্দ্রীয় সরকার পাকিস্তানের কেন্দ্রীয় সরকারকে বলুন যাতে তাঁরা এই আইনটা পরিবর্ত্তন করার ব্যবস্থা করেন। এই ব্যবস্থা যদি করা হয় তাহ'লে কিছু সুফল ফলতে পারে, অন্যথা কুটীরশিল্পগুলিকে শুধুমাত্র কিছু ঋণ দিয়ে বাঁচান যাবে না। আমি আরও একটা ছোট সংশোধন প্রস্তাব দিয়েছি। বড় ব্যবসায়ীরা যেখানে তাদের যন্ত্রপাতি জমা দিলে তার শতকরা ৭৫ ভাগ অথবা তিন হাজার টাকা পর্য্যন্ত লোন পেতে পারে, সেখানে আজকের দিনে যখন তাঁতীদের সংখ্যা প্রায় ২৫ লক্ষ তখন এই রকম ১০ টাকা থেকে ১২ টাকা ঋণও তারা তাদের যন্ত্রপাতি জমা দিয়েও পায় না। সুতরাং এই ধারাটা পরিবর্ত্তন করে তারা যাতে সহজে লোন পেতে পারে, যে উদ্দেশ্য নিয়ে গভর্ণমেণ্ট এই বিলটি এনেছেন সেই উদ্দেশ্য যাতে সফল হয়--তার জন্য এই বিলটিকে পরিবর্ত্তন করা দরকার। কুটীরশিল্প যাতে বাঁচতে পারে তার সত্যিকারের ব্যবস্থা এইভাবে করা দরকার। অবশ্য এই আইনের ষ্টেটমেণ্ট অফ অবজেক্টে যা বলা হয়েছে সেটাই যদি সত্যিকারের কারণ হয়, যদি আমাদের সরকারের এবং তার সমর্থকদের কুটীর-শিল্পের প্রতি বিন্দুমাত্র সহানুভূতি থাকে, কুটীর-শিল্পীদের প্রতি দয়া থাকে তাহ'লে তারা এই ধারাটা পরিবর্ত্তন করবেন এবং তারা যাতে সহজে লোন পেতে পারে তার ব্যবস্থা করবেন।

[5-30—5-40 p.m.]

Dr. Jatindra Nath Basu: In supporting the State Aid to Industries

(Amendment) Bill, 1954, I wish to say a few words from my experience of the engineering industry. I think that we Bengalees are traditionally and temperamentally quite suited for the smaller industries. Besides, we Bengalees have special aptitude to learn the skill to manage small industries and cottage industries. Rather I would say that we are still backward with respect to our qualities and qualifications to manage bigger industries which require a particular type of temperament, a particular type of education and association and tradition that we have not acquired as yet.

Secondly, I think that help to small and cottage industries is necessary especially in Bengal. This will greatly relieve the present unemployment which is a very crucial problem with every one in these days. These small-scale industries require financial help. The maximum financial help of Rs. 3,000 is not quite adequate, and the amendment given notice of by the Chief Whip of the Congress Party raising the figure to Rs. 7,000 is quite right and will, I hope, be accepted by the Minister-in-charge.

Mr. Speaker: Amendments are not being discussed yet.

Dr. Jatindra Nath Basu: Sir, this help to the smaller industries, though it may be considered to be humble, will greatly help many of the industries to continue their work and to earn the livelihood of many of the families in West Bengal.

Different amendments have been moved especially for the formation of the Board. Section 3 of the main Act has been replaced by a new one and clause 2 of this Bill is a great advancement. Besides, there is also a provision for the removal of any member of the Board who for some reason or other should not be allowed to continue to remain in the Board. Here also the amendment for the removal of any member of the Board is quite adequate. Secondly, the suggestion as contained in clause 6 of this amendment Bill—

Mr. Speaker: We are not discussing now the Bill clause by clause.

Dr. Jatindra Nath Basu: I support this clause.

I think these amendments are specific improvements on the original Act, for which I support the Bill.

Sj. Dharani Dhar Sarkar:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের সামনে যে বিল মন্ত্রীমহাশয় রেখেছেন, সেই বিলে আমরা দেখতে পাচ্ছি যে কুটীরশিল্পের উন্নতি করার জন্য যে ব্যবস্থা হয়েছে, ছোট ছোট কুটীরশিল্পে যারা নিজ হাতে কাজ করে তাদের কোন উপকার হবে না। ছোট ছোট কুটীরশিল্প যেমন, বাসন তৈরী, মাটির বাসন তৈরী, ধাতুর বাসন তৈরী, রেশম শিল্প, তাঁত শিল্প, ইত্যাদিতে যারা নিজ হাতে কাজ করে, পরিশ্রম করে, তাদের এই সমস্ত কুটীরশিল্পে বিশেষ কোন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ব্যবহৃত হয় না, এখানে ছোট ছোট লোহার যন্ত্রপাতি যেমন, হাতুড়ি ইত্যাদি ব্যবহৃত হয়ে থাকে, তাঁতীরা ছোট ছোট লোহার তাঁত ব্যবহার করে থাকে। এই সমস্ত জিনিস ও যন্ত্রপাতির মূল্য খুব সামান্য, কাজেই এর মূল্য ধরে যখন টাকা দেবার ব্যবস্থা করছেন তখন এরা মোটেই টাকা পাবে না। কাজেই এই বিলের দ্বারা ছোট ছোট শিল্পগুলির কোনই উপকার হবে না। সেইজন্য আমার কথা হচ্ছে যে, এই ধরণের শিল্পকে উন্নত করতে গেলে, দেশের কুটীরশিল্পকে বাঁচিয়ে রাখতে গেলে এই বিলের ধারা পরিবর্ত্তন করে যাতে তারা বিনা সিকিউরিটিতে লোন পায় তার ব্যবস্থা রাখতে হবে। আর এ যদি না করেন তবে এই শিল্পকে বাঁচিয়ে রাখা যাবে না। আমরা দেখছি রেশম শিল্প যেখানে তৈরী হয় সেই রেশম শিল্পে যারা রেশম চাষ করে অর্থাৎ গুটিপোকা বসিয়ে রেশম তৈরী করে এবং এই গুটিপোকার খাদ্য তুঁত পাতার চাষ করে—এইভাবে যারা যারা রেশম শিল্পের সঙ্গে নিযুক্ত আছে, এই লোকদের আজকে এমন অবস্থা হয়েছে যে এদের ঘরে খাদ্য নাই, তাদের কোন ক্যাপিটাল নাই যা দিয়ে এরা এই শিল্পকে উন্নত করতে পারে কিন্তু আজকে এই বিলে টাকা দেবার জন্য যে

[Sj. Dharani Dhar Sarkar.]

প্রভিসন রাখা হয়েছে তাতে তাদের নিজস্ব ক্যাপিটাল না থাকার ফলে, যন্ত্রপাতি না থাকার ফলে তারা এই লোন পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। কাজেই শিল্পের উন্নতি করতে হলে এই ব্যবস্থার পরিবর্ত্তন না করলে এই সব শিল্পের উন্নতি হবে না।

দ্বিতীয়তঃ যারা স্বহস্তে এই শিল্প তৈরী করছে তাদের বাজার না থাকায় এবং বিদেশী মাল ও অন্য শিল্পজাত মাল আমদানী হওয়ায় কম্পিটিশনে পেরে উঠছে না। সেইজন্য বাইরের আমদানী জিনিষ যদি বন্ধ না করা হয় এবং গভর্ণমেণ্টের তরফ থেকে খরিদ করবার যদি কোন ব্যবস্থা না করা হয় তাহ'লে শুধু টাকা দিয়ে এই কুটীরশিল্পের উন্নতি করা যাবে না। এবং তাদের বৈজ্ঞানিক যন্ত্রপাতি দিয়ে সাহায্য করতে হবে তবে এই শিল্পের উন্নতি করা যাবে নচেৎ নয়।

[5-40—6-5 p.m.]

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় ডেপুটী স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে আমি দু'টি শিল্পের মধ্যে বিশেষ কোরে দর্জি শিল্প সম্বন্ধে কিছু বলতে চাই। এই শিল্প পৃথিবীর মধ্যে কেবল বাংলাদেশে দর্জির যাবতীয় সেলাইয়ের কাজ যত সস্তায় পাওয়া যায় এত সস্তায় এইরকম কাজ আর কোন দেশে পাওয়া যায় বলে আমার জানা নাই। কিন্তু এই শিল্পে নিয়োজিত লোকেরা কি অবস্থায় এবং কি অসুবিধায় যে কার্য্য পরিচালনা করেন তা আমরা অনেকেই জানি না। লক্ষ লক্ষ দর্জি তারা অনশনে অর্দ্ধাশনে দিন কাটায়। তাদের মধ্যে অনেকেরই সামান্য মেসিন বা কাঁচি পর্য্যন্ত নাই। তারা ওস্তাগরদের মেসিনে কাজ করে এবং অভাবের তাড়নায় সর্ত্তাধীনে টাকা ধার নেয় ফলে সেই ওস্তাগরদের কাজ না থাকলেও অন্য স্থানে কাজ করতে পারে না। সেই সময় তারা কোনরকম মজুরী পায় না। এবং তাদের সঙ্গে ক্রীতদাসের ন্যায় ব্যবহার করে। সরকারের উচিত এদেরকে ঋণ দেওয়া এবং তারা যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা করা। ইতিপূর্ব্বে সরকার এদের প্রতি নজর দিয়েছেন বা টাকা দিয়ে সাহায্য করেছেন বলে আমরা জানি না। সরকার যদি এদের রিলিফ দেওয়ার ব্যবস্থা না করেন তাহ'লে এই শিল্পীরা কিছুতেই বাঁচতে পারে না।

তারপর আমি পিতল শিল্পের কথা আলোচনা করব। জাপান থেকে আমদানী হওয়ায় এই শিল্পের অবস্থা দিনের পর দিন অত্যন্ত খারাপের দিকে চলেছে। আমার কথা জাপান থেকে মাল আসুক কিন্তু যেন প্রতিযোগিতায় যাতে এই সব শিল্পীদের ধ্বংস করতে না পারে তার জন্য সরকার যেন এই সমস্ত শিল্পীরা ন্যায্য দামে যাতে কাঁচামাল কিনতে পারে তারজন্য সুযোগ সুবিধা করার ব্যবস্থা করেন। তারপর আমাদের দেশে ইলেকট্রিকের ব্যবহার এই শিল্পে না হওয়ার জন্য খরচও বেশী পড়ে। তারজন্য ইলেকট্রিকের ব্যবস্থা করা সরকারের উচিত; তা যদি না হয় তাহ'লে তারা যাতে সস্তায় পেট্রোল পায় সেদিকে সরকারের নজর দেওয়া উচিত। তাদের ঋণের ব্যবস্থা সরকারের এখুনি করা উচিত।

তারপর আর একটি শিল্পের উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করবো। আমাদের দেশে যে জালের কাঁঠি তৈরী হয়—যারা এই জাতীয় শিল্পী তারাও আজ দুরবস্থায় পতিত হয়েছে, কারণ তাদের পূর্ব্ববঙ্গে এই সমস্ত জালকাঁঠি চালান যেত, তা এদের বন্ধ হয়ে গেছে। এবজন্য তাদের যে ছোট ছোট লোহার টুকরা দরকার হয় যাদিয়ে জালকাঁঠি তৈরী হয় তা পাওয়ার জন্য কোন সুবন্দোবস্ত নাই। আমার সরকারের কাছে অনুরোধ যে যত শীঘ্র সম্ভব তাদের এই কাঁচামাল পাওয়ার সুবন্দোবস্ত যেন করেন এবং তাদের যাতে ভাল মার্কেটিংয়ের বন্দোবস্ত হয় তার দিকেও যেন সরকার বিশেষভাবে নজর দেন। তা নাহলে এই সমস্ত শিল্পগুলি অচিরে আমাদের দেশ থেকে লোপ পেয়ে যাবে।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(*After adjournment*)

[6-5—6-15 p.m.]

The Hon'ble Jadabendra Nath Panja:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সদস্য সুহৃদ্বর সুধীর বাবু বলেছেন যে, যে বিল আনা হয়েছে তাতে বোর্ড অফ ইণ্ডাষ্ট্রীজের গঠনে বিশেষ কোনো পরিবর্ত্তন হয়নি। আমি বলি পূর্ব্বেকার বোর্ড অফ ইণ্ডাষ্ট্রীজেতে কারা মেম্বর ছিলেন সেটা দেখলে ভাল হয়। সেখানে ছিলেন

one member from the Bengal Chamber of Commerce, one from the Marwari Chamber of Commerce, one member from the Calcutta Trading Association.

আপনি জানেন বেঙ্গল চেম্বার অফ কমার্স কাদের দ্বারা গঠিত; সেটা সম্পূর্ণভাবে ইউরোপিয়ান্স দ্বারা গঠিত। বর্ত্তমান বিলে ওইসকল এ্যাসোসিয়েসনের

নাবগদ্ধও নেই। আগে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীজ, কটেজ ইণ্ডাষ্ট্রীজ থেকে কোনো রিপ্রেজেণ্টেটিভ থাকত না, এবারে তাদের রিপ্রেজেণ্টেটিভ থাকবে একথা এই বিলে আছে। তারপরে টাকাকড়ির পরিমাণের কথা বলা হয়েছে। মাত্র তিন হাজার টাকায় হবে, সেটা ঠিক নয়, তার পরিবর্ত্তন করা হয়েছে। সেটা আপনারা দেখে থাকবেন। আমাদের চিফ হুইপের এ্যামেণ্ডমেণ্টে সাত হাজার টাকার কথা বলা হয়েছে, যারা এ্যাসেটস অফ দি ইণ্ডাষ্ট্রীজের ৭৫ পার্সেণ্ট টাকা পাবেন তাদের পক্ষে সাত হাজার টাকা। তাছাড়া যাদের ৫০ হাজার বা লাখ টাকা আছে তাদের যে সাত হাজারে লিমিটেড তা নয়। ৫০ পার্সেণ্ট সকলের পক্ষে সেটা আছে। কাজেই যাদের বেশী ক্যাপিটাল আছে তারা ৫০ পার্সেণ্টে হাজার পর্য্যন্ত পেতে পারে। আইন ভাল করে দেখলে দেখবেন ১৯(এফ্)তে আছে—

"(f) the grant on favourable terms of land, raw material, fire-wood, water or any other property of the local Government."

তারপর কেউ কেউ শুধুমাত্র ক্যাস দেবার কথা বলেছেন। আইনটা ভাল করে দেখবেন তাতে ১৯ ধারায় আছে

"provision for raw material supply."

তাহ'লে এই ক্যাস ছাড়া র মেটিরিয়ালের কথা এই এ্যাক্টে প্রোভাইড করা আছে। আর একটা কথা সুধীর বাবু বলেছেন ৯ নম্বরে "ষ্টেট গভর্ণমেণ্ট মে একসেট্"।

এই পাওয়ার এজন্য নেওয়া হয়েছে যাতে স্পিডি ডিস্পোজাল হয়। কারণ গভর্ণমেণ্টের কাছে এলে পর নানারকম ডিপার্টমেণ্টের ভিতর দিয়ে যেতে হয়। তাতে কাজের নিষ্পত্তি হতে দেরী হয়। কেন না প্রত্যেক বারেই ফাইন্যান্স ডিপার্টমেণ্টের কাছে যেতে হবে, এই সব করতে গেলে অনেক দিন চলে যাবে। আপনারা এখন দেখতে পাচ্ছেন তাড়াতাড়ি হলেও ৬ মাসের কম নয়। যেগুলি কম টাকার ব্যাপার সেখানে স্পিডি ডিস্পোজাল করতে হলে সামারিলি না করার ব্যবস্থা থাকলে স্পিডি ডিস্পোজাল করবার কোন উপায় থাকবেনা।

তারপরে বাজেটে ১৮ লক্ষের টাকার কথা অনেকে বলেছেন। সেটা চিরকাল থাকবে এটার কোন মানে নাই। সেকেণ্ড ফাইভ-ইয়ার প্লানে কোটি টাকা হতে পারে। পার্মানেণ্ট পজেসনে এখনই আনা যেতে পারে না—প্রেজেণ্ট বাজেটের কথা ভাবলেই চলবে না। আসলে দেখতে হবে পার্মানেণ্ট কি ব্যবস্থা করা হচ্ছে। সেদিক থেকে এই এ্যাক্টে কি প্রভিসন আছে সেদিকে লক্ষ্য করা দরকার। অবশ্য বলছি না সম্পূর্ণ ব্যবস্থা হয়েছে কিন্তু এ্যামিলিওরেসন যে খানিকটা হয়েছে এটা অস্বীকার করা চলবে না। খানিকটা এগিয়েছে কোন সন্দেহ নাই। বিশেষ করে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীগুলির বিশেষ সুবিধা হয়েছে এবং ২০।২৫ হাজার ক্যাপিটাল আছে সেরকম ব্যাপারেও অসুবিধা হবে না। এই হ'ল মোটামুটি কথা।

তারপরে অন্যান্য যে সব কথা উঠেছে যেমন, কক্ষ সেল, প্লাই উড, এসমস্ত ডিটেলসের কথা। আজকে এসমস্ত বিষয়ে যে আপনারা ইণ্টারেষ্ট নিচ্ছেন সেজন্য ধন্যবাদ। আপনারা যে সব কথা বলেছেন সেতো ঘরের কথাই বলেছেন—আপনাদেরই প্রতিবেশী ছুঁতার, কামার, তাঁতী এদের ব্যাপার—এবিষয়ে যে দৃষ্টি দিয়েছেন এবং সে সম্বন্ধে যা বলেছেন সেটা অন্যায় বলে মনে করি না। যেখানে পাঁচ সের দই আছে এবং হাজার লোকের নেমন্তন্ন সেখানে তা দ্বারা সকলকে সরবরাহ করতে গেলে যে অবস্থা হয়, এও হচ্ছে তেমনি। তবে উন্নতি কিছুটা হবে। কিছুটা এ্যামিলিওরেসনএর ব্যবস্থা হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই কথা বলে আমার এই বিল আপনাদের সমর্থনের জন্য রাখছি।

The motion of Sj. Tarapada Bandopadhyay that the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1954, was then put and lost.

Mr. Speaker: Amendment No. 2 for circulation falls through.

The motion of the Hon'ble Jadabendra Nath Panja that the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1954, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*a*), line 4, for the word "scientist" the word "technologist" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*a*), in line 4, after the word "scientist" the word "both" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*b*), in line 1, after the words "scheduled bank" the words "having its head office in the State" be inserted.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 2, the proposed section 3(*1*)(*c*), be omitted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*d*), in line 3, for the word "two" the word "four" be substituted.

Sir, I also beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*d*), in line 3, for the word "one" the word "two" be substituted.

Sir, I further beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*d*), in line 4, after the word "other" the word "two" be inserted.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*g*), lines 1 and 2, for the words beginning with "two members" and ending with "Assembly" the words "six members to be elected, on the basis of single transferable vote by the West Bengal Legislative Assembly" be substituted.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 2, the proposed section 3(*1*)(*h*) be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*h*), in line 4, the word "or" be omitted.

Sir, I also beg to move that in clause 2, in the proposed section 3(*1*)(*h*), in line 4, after the words "Deputy Minister" the words "or a Parliamentary Secretary" be inserted.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 2, after the proposed section 3(*1*)(*h*), the following new clause be added, namely:—

"(*i*) one member from the Bengal National Chamber of Commerce to be nominated by the Chamber."

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 2, for the proposed sub-section 3(*2*), the following be substituted, namely:—

"(*2*) The Director of Industries shall be the Secretary to the Board."

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in clause 2, for sub-section (*2*) of the proposed section 3, the following be substituted, namely:—

"(*2*) An officer appointed in this behalf by the State Government shall be the Secretary to the Board."

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে আমি সাইন্টিষ্টের জায়গায় টেক্নোলজিষ্ট সাবষ্টিটিউট করতে বলছি। এজন্য এটা বলতে চাই এই সাইন্টিষ্ট কথাটা অত্যন্ত ভেগ টার্ম। এখানে সত্যসত্যই টেক্নোলজিষ্টের প্রয়োজন আছে। একটা ইণ্ডাষ্ট্রীকে সত্যসত্যই রিহ্যাবিলিটেট করতে গেলে তার গোড়ায় যে ডিফেক্ট, ড্রব্যাক--র' মেটিরিয়ালের যোগাড় করতে হবে, মার্কেটিংয়ের ব্যবস্থা করতে হবে এই সমস্ত ব্যাপার দেখতে গেলে শুধু সাইন্টিষ্ট বল্লে ইনয়্যাডিকোয়েট হয়, সেজন্য একজন টেকোলজিষ্টের কথা বলতে চাই। মন্ত্রীমহাশয় লক্ষ্য করলে দেখতে পাবেন এই রিপোর্টে যে যে রেকমেণ্ডেসন করা

হয়েছে সেই রেকমেণ্ডেসনের কিছু কিছু তাঁরা নিয়েছেন কিছু কিছু তাঁরা বাদ দিচ্ছেন। সেই রেকমেণ্ডেসনের ব্যাপার দেখতে যেয়ে তারা বলেছেন এই এ্যাক্ট যেটা হয়েছিল এই এ্যাক্টের উদ্দেশ্য ছিল ছোট ইণ্ডাষ্ট্রীকে মানুষ করে তোলা, নূতন ইণ্ডাষ্ট্রীকে ফাইনান্স করা এবং সঙ্গে সঙ্গে মার্কেটিংয়ের ভাল ব্যবস্থা করা। এই করতে গেলে বোর্ডে একজন সাইণ্টিষ্ট থাকবে এটা ঠিক নয়। সেজন্য টেক্নোলজিষ্টের কথা আমি বলতে চাই।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এ্যামেণ্ডমেণ্টের উদ্দেশ্য হচ্ছে এইখানে এই ক্লজ থ্রিতে আছে

"two members, not being officers in the service of Government to be appointed by the State Government, one of whom shall be an economist and the other a scientist of standing and repute."

আমি সেখানে এ্যাড করতে চাই

"A scientist both of standing and repute."

ইকনমিষ্টএর উপর ইণ্ডাষ্ট্রী নির্ভর করছে। শুধু ইকনমিষ্ট হলেই হবেনা--ইকনমিষ্ট অফ ষ্ট্যাণ্ডিং এণ্ড রেপিউট হওয়া চাই। এবং সেটাই আমি এ্যাড করতে চেয়েছি। কেননা ইকনমিষ্টের উপরেই নির্ভর করছে ষ্টেট ইণ্ডাষ্ট্রী। যখন দেখছি গভর্ণমেণ্টের প্রায় সবটাই লোকসান যেখানে হচ্ছে যাতে সাহায্য বা হেলপ করবেন তাতে প্রকৃত কি হবে না হবে, সেজন্য একজন রেসপন্সিবল ইকনমিষ্ট গ্রহণ করা হোক। সেজন্য বলছি যে আমার এই এ্যামেণ্ডমেণ্টটা গ্রহণ করলে ভাল হবে।

[6-15—6-25 p.m.]

সেই কারণে আমি বলি এটা এ্যাকসেপ্ট করা উচিত। আমার আর একটা এ্যামেণ্ডমেণ্ট আছে স্যার।

Mr. Deputy Speaker: That is out of order.

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমার বলবার উদ্দেশ্য হচ্ছে যে দু'জন মেম্বার নেয়া হবে এই এ্যাসেমব্লি থেকে, তাদের মধ্যে একজন হবেন গভর্ণমেণ্ট যাঁরা রান করছেন তাঁদের মধ্য থেকে; আর একজন সব অপোজিসন দল--কমিউনিষ্ট, ফরওয়ার্ড ব্লক, প্রজা সোসালিষ্ট ও ইণ্ডিপেণ্ডেণ্ট প্রভৃতি সকল দল মিলিয়ে তার মধ্য থেকে। এতে ফল হবে এই যে এটা পুরাপুরি রিপ্রেজেণ্টেটিভ হবে--আমাদের কমিটি প্রভৃতিতে যেমন নেয়া হয় সেইরকম ভাবেই নেওয়া উচিত, এবং গভর্ণমেণ্টের এটা স্বীকার করা উচিত। তাহ'লে অল পার্টির রিপ্রেজেণ্টেটিভ থাকার ফলে ভবিষ্যতে গভর্ণমেণ্টকে কেউ বলতে পারবেনা যে এতে আমাদের কেউ নেই।

Sj. Subodh Banerjee:

মাননীয় ডেপুটী স্পীকারমহাশয়, আমার সংশোধন প্রস্তাব খুব সহজ; ২নং ধারার 'বি' উপধারায় বলা হয়েছে যে, বোর্ডের সভ্যদের মধ্যে একজন একটা সিডিউল্ড ব্যাঙ্কের প্রতিনিধি হবেন--

"one member associated with a scheduled bank and conversant with conditions of industrial finance of the State."

এই কথা যেখানে বলা হয়েছে আমি সেখানে 'সিডিউল্ড ব্যাঙ্ক' কথাটার পর

"having its head office in the State."

এই কথা যোগ করেছি। বিলটার 'ষ্টেটমেণ্ট অফ অবজেক্ট এণ্ড রিজন্স' যদি পড়েন তাহলে দেখতে পাবেন তাতে বলা হয়েছে ছোট ছোট কটেজ ইণ্ডাষ্ট্রী ও মাঝারি ধরণের শিল্পগুলিকে সাহায্য করাই এর উদ্দেশ্য। আমাদের তিক্ত অভিজ্ঞতা এই যে, এই রাজ্যের সিডিউল্ড ব্যাঙ্ক অধিকাংশই অবাঙ্গালীদের হাতে এবং বড় বড় পুঁজিপতিদের দ্বারা চালিত তাই তারা এইরকম শিল্পগুলিকে সাহায্য করেনা--

The Hon'ble Jadabendra Nath Panja: I accept that amendment.

Sj. Subodh Banerjee:

সুবুদ্ধির পরিচায়ক।

By accepting my amendment you are depriving me of the opportunity of inflicting a speech on you.

(হাস্য) আমাকে বক্তৃতা দেয়া থেকে বিরত করলেন। যাক, আমার আর দুটো সংশোধন আছে। তারমধ্যে ১৫নংটা যদি দেখেন তাহলে প্রস্তাবিত সেক্সন থ্রি, ক্লজ ওয়ান, সাব-ক্লজ এইচ-এতে চতুর্থ লাইন, যেখানে বলেছেন

"(*h*) one member to be elected by the West Bengal Legislative Council from among the members of the Council, not being a Minister, a Minister of State or a Deputy Minister of the Government of West Bengal."

এখানে আমি পার্লিয়ামেণ্টারি সেক্রেটারিজ যোগ করতে চাচ্ছি। একথাটা আগের আইনে ছিল এখনো থাকা উচিত। পার্লামেণ্টারী সেক্রেটারী

[Sj. Subodh Banerjee.]

মন্ত্রীদের সমগোত্রীয়। যদি মন্ত্রী, উপমন্ত্রীদের বোর্ডের সভ্য হতে বাধা থাকে তাহলে পার্লামেণ্টারী সেক্রেটারীদের বেলায়ও আপত্তি থাকা উচিত বলে মনে করি।

Mr. Deputy Speaker: Dr. Narayan Chandra Ray will now speak.

Sj. Canesh Chosh: I will speak on my amendment and I will cover Dr. Narayan Chandra Ray's amendment also.

The Hon'ble Jadabendra Nath Panja: I accept amendments Nos. 7, 8 and 9.

Sj. Cangapada Kuar: I want to speak on amendment No. 16.

Mr. Deputy Speaker: Let Mr. Ganesh Ghosh speak now.

Sj. Canesh Chosh:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী যাদবেন্দ্র বাবু অনেক ভাল ভাল কথা বলেছেন ও এই আইনের ভিতর দিয়ে অনেক আশা প্রকাশ করেছেন। যেভাবে বোর্ড করা হয়েছে তাতে কিছু হবে বোলে মনে হচ্ছেনা। বোর্ড যেভাবে করা হয়েছে--(এ), (বি), (সি), (ডি), (ই), এই ভাবে না লিখে যদি লিখা হ'ত--

"Government shall establish a Board to be called the Board of Industries which shall consist of one member Dr. B. C. Roy and which shall consist of one President Dr. B. C. Roy."

এই হ'লেই ঠিক হ'ত। কারণ যা আছে তাতে থ্রি(এ)তে দেখা যাচ্ছে--

"(*a*) Two members to be appointed by Dr. B. C. Roy.

(*b*) One member to be appointed by Dr. B. C. Roy.

(*c*) Four members to be appointed by Dr. B. C. Roy."

Sj. Jogesh Chandra Cupta: কি আছে লেখা? এখানে আছে ষ্টেট গভর্ণমেণ্ট।

Sj. Canesh Chosh:

তার মানে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট, তার মানে ডাঃ রায়।

(ডি)তে আছে--

"Two members to be appointed by Dr. B. C. Roy"

(ই)তে আছে--

"One member to be appointed by Dr. B. C. Roy."

আমি সেইজন্য বলছি যে ১৯৩১ সালে বিলটা করা হয়েছিল আর তারপরে যাদব বাবু এই এ্যামেণ্ডিং বিল আনছেন। ১৯৩১ সালে যে আইন ইংরাজেরা করেছিল, তারা কি চেয়েছিল যে আমাদের দেশে শিল্প গড়ে উঠুক? তারা তা চায়নি। সে কথা আপনারা আমরা সবাই জানি। সেই বিলের শুধু একটা টেকনিক্যাল চেঞ্জ করা হচ্ছে, কোথাও কোথাও ২।১ জনকে নেওয়া হবে। ইংরাজের বিলটা পরিপূর্ণভাবে বদলে নেওয়া চাই--একথা ফাষ্ট রিডিংয়ে সবাই বলেছেন। যে আশা যাদব বাবু প্রকাশ করেছেন, সেই আশার ভিত্তিতে যদি বিল নিয়ে আসতেন, যদি সত্য সত্যই চাইতেন যে শিল্প গড়ে তুলতে হবে, শিল্পকে রক্ষা করতে চাই, তাহলে এভাবে তা হবেনা। যেভাবে সংশোধনী আনা হচ্ছে তাতে কিছুই হবেনা। সত্য কথা বলতে গেলে এই কথাই বলতে হয় যে কংগ্রেস পার্টির সদস্যেরা মনে মনে চান যে দেশে শিল্প গড়ে উঠুক, কিন্তু কংগ্রেসের যাঁরা নেতা তাঁরা যে চান তা বোলে মনে হয় না। ২,০৬৯ কোটি টাকা খরচের ব্যাপার নিয়ে পরিকল্পনা। তাতে ১৮ লক্ষ টাকা মাত্র বিধান বাবু বা হাত দিয়ে যাদব বাবুকে দিচ্ছেন--শিল্প গড়ে তোলবার জন্য সুতরাং কংগ্রেস পার্টি না হউক, কংগ্রেসের বড় নেতা যাঁরা তাঁরা যে শিল্প গড়ে তুলতে চান তা বিশ্বাস করিনা। কাজেই ষ্টেট গভর্ণমেণ্ট অর্থাৎ বিধান বাবু করবেন তা বিশ্বাস হয় না। এসেম্বলি মেম্বররা বা সাধারণ সদস্যেরা চান যে শিল্প গড়ে উঠুক, ইংরাজের পুঁজির চাপ কমে থাক, কিন্তু কংগ্রেস পার্টি থেকে বোর্ডে গেলেই শিল্পকে সাহায্য করতে পারবেন না।

[6-25—6-35 p.m.]

কারণ যখন ডাঃ বিধানচন্দ্র রায় করবেন এটা হবেনা তখন আপনারা কেহই সে কথার প্রতিবাদ করতে পারবেন না। আমি সেজন্য বলতে চাই যে ৬ জন নেওয়া হোক--এ্যাসেম্বলি থেকে ৬ জন। কংগ্রেস থেকে তো যাবেনই, নিশ্চয় যাবেন; আমরাও কেন যেতে পারিনা। আমাদের মতটাও কেন প্রতিফলিত হোক না। আমরাও শিল্প গড়ে উঠুক এটা চাই। আমাদের মত প্রতিফলিত হোক

এবং এ্যাসেমব্লি থেকে ৪ জনের জায়গায় ৬ জন নেওয়ার ব্যবস্থা করা হোক। ট্রান্সফারেবল ভোটে অন্ততঃ আমরা যেতে পারি। দুই জন মেম্বরকে নেবার ব্যবস্থা হয়েছে যাঁরা

"not being officers in the service of Government, to be appointed by the State Government, one of whom shall be appointed to represent cottage industries and the other to represent small-scale industries"

—এটার কোন মানে হয়না। এমন লোককে নির্বাচিত করা হয় কুটীর শিল্প ও তাঁত শিল্পের জন্য যারা কোনদিন তা দেখেনি। কাজেই এ্যাসেমব্লি থেকে ৬ জন নেওয়া হোক। যাদব বাবু, এটা আপনি ভেবে দেখুন, এটা না মানবার কোন কারণ নেই, যুক্তি নেই। কংগ্রেস পার্টি থেকে যাক এবং অপোজিসন পার্টি থেকেও যাক। তা নাহলে যে বোর্ড গঠন করা হয়েছে, সে বোর্ডের ভিতর দিয়ে কোন কাজ হবেনা। আর একটা কথা হচ্ছে ব্যবসা বাণিজ্য বাড়ানোর জন্য মার্কেটিংয়ের ব্যবস্থা করতে হবে। মার্কেটিংয়ের ব্যবস্থা না হোলে, কুটীর শিল্পের জন্য যতই টাকা দেন না কেন তাতে কোন ফল হবে না। দক্ষিণ ভারতের মার্কেটিং সেন্টার হয়ে যাচ্ছে। সেজন্য আমার একটা এ্যামেণ্ডমেণ্ট আছে যে চেম্বার অব কমার্স ও ন্যাশানাল চেম্বার অব কমার্স থেকে একজন নেওয়া হোক।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Deputy Speaker, as I have already stated and many of my friends on this side have complained, the Board proposed to be constituted under the provisions of this amending Bill would be wholly subservient to the Government. It would not be a democratic body but a subservient and irresponsible body. But in order to make this Board really effective and in order to serve the purposes of this Bill through this body, there should be at least some independent men on the Board, but it has been proposed that two members from this Assembly should be elected by the members of this Assembly. Now, as this House is at present constituted, there is every likelihood that these two members must be from the Congress side and, therefore, as we call in Bengali ঘোল কলা পূর্ণ —that will be effected. Every man will be subservient to the Congress party and the Congress Government —there will be no independent man. Therefore, I have proposed that this provision should be modified so that of the two members that are to be elected by the members of the Assembly, one of them should be elected from the Congress group or the ruling group and the other from the Opposition group. I should say, of course, that all the members will combine to elect these two members, but the condition would be that one of them should be from the Congress side or the Government side and the other from the opposite side, otherwise I should say, Sir, nobody would place any reliance upon the Board that is going to be constituted under this amending provision. (Interruption from the Government benches.) They won't take any member of the Opposition. They will make it a ঘরোয়া ব্যাপার—a completely ঘরোয়া ব্যাপার of their own. Still they would say that they are a democratic body.

Again, Sir, by my amendment No. 13 I have proposed that in clause 2, the proposed section 3(1)(*h*) be omitted. In 3(1)(*h*) it has been said "one member to be elected by the West Bengal Legislative Council from among the members of the Council, not being a Minister, a Minister of State or a Deputy Minister of the Government of West Bengal". So, another member is being proposed by this clause of the amending Bill to be elected from the Legislative Council and you can at once see, Sir, that that man—that fortunate man —who is going to be elected under this provision will also represent the Government side—he also would be a member who would have to dance to the tune of the Ministerial benches, to the tune of the Government party. Therefore, he would not be an independent member. So, on this very principle I say that this clause should be omitted—no member need be elected from amongst the members of the Legislative Council because, Sir, we have often on the floor of this House proposed

[Sj. Tarapada Bandopadhyay.]

that the Legislative Council has no necessity to exist. It is a body hanging on the Assembly with no function, so to say, to perform. It is a burden on the exchequer doing no useful service. This has been always our contention from this side of the House. And you know, Sir, the members of the Legislative Council are not elected directly from the masses on adult suffrage. Some of them are elected from amongst us and some of them are elected from some special categories or special classes of people. Therefore, they are not, truly speaking, representative of the people. They are thus an essence, as I have said, of something else—of some other essence and quintessence is going to be extracted out of this essence. I must say that this essence would mean nothing—it would vanish into thin air. The person who would be elected under this clause would be impotent, so to say, for all practical purposes. Therefore, I should say that there is no necessity for keeping this clause here and allowing another cringing man to be elected under the guise of this amending provision. This is my submission, Sir.

The Hon'ble Jadabendra Nath Panja:

বীরেন বাবু সায়েণ্টিষ্টের জায়গায় টেক্নোলজিষ্ট সাবষ্টীটিউট করতে চান, সেটার উত্তরে আমি বলতে চাই যে সায়েণ্টিষ্ট কথাটা

is a more comprehensive term than technologist.

সেইজন্যে আমি তাঁর তিন নম্বর এ্যামেণ্ডমেণ্টটা এক্সেপ্ট করতে পারি না।

চার নম্বরে জ্ঞানেন্দ্রবাবুর এ্যামেণ্ডমেণ্টটা হচ্ছে একেবারেই আননেসেসারী। পাঁচ নম্বরে সুবোধ বাবুরটা এক্সেপ্ট করেছি। ছ'নম্বরে নারায়ণ বাবুরটা এক্সেপ্ট করবার কোন কারণ নাই। আর সাত, আট নম্বরে গঙ্গাপদ কুয়ার মহাশয়ের যে দুটো এ্যামেণ্ডমেণ্ট আছে তা এক্সেপ্ট করেছি। গনেশ বাবু দশ নম্বরে যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন সেটা হচ্ছে টু মাচ আনডিভ্; সুতরাং সেটা অপোজ করছি। পনেরোর বেশী সংখ্যা বাড়াতে গেলেই গোলমাল হয়। তারাপদ বাবু বলেছেন যে আপার হাউস থাকাই উচিত নয়, তাতে দু'জন মেম্বার কেন, একজন মেম্বারও থাকা উচিত নয়। তিনি যেসব কথা বলেছেন সে কথার তাৎপর্য্য আমি বুঝতে পারলাম না। সুতরাং তাঁর তের নম্বর এ্যামেণ্ডমেণ্ট আমি অপোজ করছি। সুবোধ বাবুর চৌদ্দ ও পনের নম্বর এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে আমি বলতে চাই তিনি যে বলেছেন পার্লামেণ্টারী সেক্রেটারী এণ্ড ষ্টেট মিনিষ্টার--শুধু তারাই নয়, মিনিষ্টার সবাইকেই বাদ দেওয়া হয়েছে। পার্লামেণ্টারী সেক্রেটারীদের পেনালাইজ করা ঠিক হবে না।

[6-35—6-45 p.m.]

Dr. Srikumar Banerjee: May I know the amendments which have been accepted by the Hon'ble Minister. We have not been able to follow him. We ought to know the amendments which have been accepted by the Hon'ble Minister.

Mr. Deputy Speaker: Amendment Nos. 5, 7, 8, 9 and 16A are accepted.

The motion of Sj. Biren Banerjee that in clause 2, in the proposed section 3(*1*)(*a*), line 4, for the word "scientist" the word "technologist" be substituted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 2, in the proposed section 3(*1*)(*a*), in line 4, after the word "scientist" the word "both" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proposed section 3(*1*)(*b*), in line 1, after the words "scheduled bank" the words "having its head office in the State" be inserted, was then put and agreed to.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 2, the proposed section 3(*1*)(*c*), be omitted, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that in clause 2, in the proposed section 3(*1*)(*d*), in line 1, for the word "two" the word "four" be substituted, was then put and agreed to.

The motion of Sj. Gangapada Kuar that in clause 2, in the proposed section 3(*1*)(*d*), in line 3, for the word "one" the word "two" be substituted, was then put and agreed to.

The motion of Sj. Gangapada Kuar that in clause 2, in the proposed section 3(*1*)(*d*), in line 4, after the word "other" the word "two" be inserted, was then put and agreed to.

The motion of Sj. Ganesh Ghosh that in clause 2, in the proposed section 3(*1*)(*a*), lines 1 and 2, for the words beginning with "two members" and ending with "Assembly" the words "six members to be elected, on the basis of single transferable vote by the West Bengal Legislative Assembly" be substituted, was then put and a division taken with the following result —

AYES—55.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Dr. Srikumar
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Jana, Sj. Kumar Chandra
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Lutfal Hoque, Janab
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Pal, Dr. Radhakrishna
Panda, Sj. Rameswar
Panigrahi, Sj. Basanta Kumar
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Surendra Nath
Ray, Sj. Jyotish Chandra (Falta)
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Shaw, Sj. Kripa Sindhu
Tah, Sj. Dasarathi

NOES—93.

Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bejoy Lal
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Dutta Gupta, Sjkta. Mira
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Khan, Sj. Sasibhushan
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Mal, Sj. Basanta Kumar
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar

Mukherji, Sj. Pijush Kanti
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa-Sandeshkhali).
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Singha Sarker, Sj. Jatindra Nath
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

The Ayes being 55 and the Noes 93, the motion was lost.

[6-45 - 6-55 p.m.]

The motion of Sj. Tarapada Bandopadhyay that in clause 2, the proposed section 3(*1*)(*h*) be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proposed section 3(*1*)(*h*), in line 4, the word "or" be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proposed section 3(*1*)(*h*), in line 4, after the words "Deputy Minister" the words "or a Parliamentary Secretary" be inserted, was then put and lost.

The motion of Sj. Ganesh Ghosh that in clause 2, after the proposed section 3(*1*)(*h*), the following new clause be added, namely:—

> "(*i*) one member from the Bengal National Chamber of Commerce to be nominated by the Chamber."

জেনারাল এ্যাড্‌মিনিষ্ট্রেশন-এর মধ্যে দেখছি যে উপ-মন্ত্রী বাড়ান হচ্ছে অথচ জেনারাল এ্যাড্‌মিনিষ্ট্রেশন যদি দৈনিক লক্ষ্য করেন তাহ'লে আমরা লক্ষ্য করি যে পুলিশরা তাদের কাজকে অবহেলিত করে। আমরা দেখেছি যে বাস ষ্ট্যাণ্ডএ মেয়েরা ও পুরুষেরা যখন বাস-এর জন্য অপেক্ষা করে তখন তাদের টেনে হেঁচড়ে বাসে তুলে দেয় ক্যানভাসারগণ, এবং সেটা যদি তাদের কাছে রিপোর্ট করা হয় তাহ'লে তার কোন প্রতিকার করা হয় না। এখানে রাস্তার উপর অবাধে গুণ্ডামী চলেছে, যার জন্য অনেকে সন্দেহ করেন যে এখানে কোন শাসনব্যবস্থা আছে কিনা। অথচ কাঁথি থানায় আমরা দেখেছি যে এই শাসন-ব্যবস্থা চালাবার জন্য দরিদ্রদের উপর কিভাবে অত্যাচার চালান হচ্ছে। তাদের যে লোন দেওয়া হয়েছিল তা কিভাবে পুলিশ দিয়ে আদায় করা হচ্ছে। ১৯৪২ সালে যখন সাইক্লোন হয় তখন যে সমস্ত লোককে টাকা লোন দেওয়া হয়েছিল তা আদায় করবার জন্য সার্টিফিকেট জারী করা হয়েছে। তা প্রায় তামাদি হয়ে গিয়েছিল কিন্তু

all on a sudden penal interest

সহ এই টাকা আদায় করা হচ্ছে। এরা সেখানে অবর্ণনীয় অত্যাচার চালিয়েছে। এই জেনারাল এ্যাড্‌মিনিষ্ট্রেশন লোকের উপকার করতে পারে না খালি অত্যাচার করতে পারে। এভাবে দেশের সমস্যা সমাধান হবেনা ও এই জেনারাল এ্যাড্‌মিনিষ্ট্রেশনকে সমর্থন করতে পারিনা। আমি অনুরোধ করছি যে দরিদ্রদের উপর এইরকমভাবে সার্টিফিকেট জারী করে টাকা আদায় করা বন্ধ করুন। কংগ্রেসী শাসনে এই রকম ব্যবস্থা থাকা উচিত নয়। আপনারা মন্ত্রীদের জন্য পারসন্যাল এ্যাসিস্‌টেণ্ট বাড়াচ্ছেন অথচ গরীবদের দিকে লক্ষ্য করছেন না।

Mr. Speaker: Personal assistant এর সঙ্গে সার্টিফিকেট জারী করার কি সম্পর্ক আছে?

Sj. Sudhir Chandra Das:

না স্যার, পারসোন্যাল এ্যাসিটেণ্টএর জন্য টাকার খরচ বাড়ছে অথচ গরীবের ঋণের রেহাই নাই। এই সার্টিফিকেট সম্বন্ধে কিছু করা দরকার সেইজন্যই আমি বিশেষভাবে আবেদন জানাচ্ছি যে এই সার্টি-ফিকেট দিয়ে লোন আদায় করা বন্ধ করুন এবং যে সুদ-সহ টাকা আদায় করছেন সেটা মকুব করে দিন। তাঁরা জেনারাল এ্যাড্‌মিনিষ্ট্রেশনএ ভাল নীতি গ্রহণ করবেন এই দাবী করেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমি দু'টা বিষয়ের উপর বলবো। প্রথমে দেখা যাচ্ছে রেজিষ্ট্রেশন- বিভাগের জন্য ৬৩ হাজার টাকা চাওয়া হচ্ছে। কারণ দেখান হয়েছে যে, দলিল রেজিষ্ট্রী করা বহুগুণ সম্প্রতি বেড়ে গিয়াছে যার জন্য অস্থায়ী লোক নিতে হয়েছে এবং তাদের মাইনের জন্য এই ৬৩ হাজার টাকা দিতে হচ্ছে। আমি পূর্বে একটা প্রশ্ন করেছিলাম আমাদের এষ্টেটস এ্যাকুইজিশন বিল আইন হওয়ার পর থেকে আজ পর্য্যন্ত কত জমি হস্তান্তরিত হয়েছে। এ থেকে দলিল রেজেষ্ট্রি করার একটা সংখ্যা পাওয়া যেত কিন্তু সেই প্রশ্নটা আপনি নামঞ্জুর করেছেন। আমি জানি রেজিষ্ট্রেশন ডিপার্টমেণ্টের এমন একটা খাতা রাখা হয় যাতে সে খাতার শুধু ঘরগুলি যদি তুলে দিতেন তাহ'লেই আমার প্রশ্নের জবাব পেতাম। আমি যতদূর রেজিষ্ট্রি অফিসগুলি হতে জেনেছি তাতে জোর করে বলতে পারি যে, প্রায় সমস্ত জোতদার ও জমিদার এষ্টেটস এ্যাকুইজিশন আইনকে ফাঁকি দেবার উদ্দেশ্যে তাদের বহু জমি অন্যের নামে হস্তান্তরিত করেছে। যখন এই বিধান সভায় এষ্টেটস এ্যাকুইজিশন বিল আলোচিত হচ্ছিল তখন এই বেআইনী হস্তান্তর বন্ধ করার কথা এবং কেমন করে তা করা যায় সে কথা আমি বিশদভাবে বলেছিলাম। কিন্তু প্রধানমন্ত্রী মহাশয় আমার সে কথার উত্তরে তখন বিদ্রূপ করে বলেছিলেন "আমরা সুবোধবাবুর কাজীর বিচার এখানে চালু করতে পারি না"। সেই কাজীর বিচারই মন্ত্রীদের চালু করতে হয়েছে অথচ মাঝখান থেকে বহু জমি জমিদার জোতদাররা আইনকে ফাঁকি দিয়ে হস্তান্তর করে নিল - সেই অসাধু হস্তান্তরের চাপকে সামলাবার জন্য এই ৬৩ হাজার টাকা খরচ করতে হচ্ছে একটা বাড়তি লোক নিয়োগ করে। এই টাকা দিতে আমরা রাজী নই। সরকারের দূরদৃষ্টির অভাবের জন্যই এই বাড়তি খরচ করতে হয়েছে, এরজন্য সরকারের প্রাপ্য হ'ল নিন্দা। যখন যে টাকা দরকার অর্থমন্ত্রী সরকারের তহবিল থেকে ইচ্ছামত সেই টাকা নিয়ে নিচ্ছেন। কিন্তু আমরা এই রকমভাবে টাকা খরচ করতে দিতে রাজী নই। তাই আমরা এই টাকা দেব না। মন্ত্রীদের দূরদৃষ্টির অভাবের জন্য শুধু যে ৬৩ হাজার টাকা ক্ষতি হয়েছে তাই নয়, তার জন্য সঙ্গে সঙ্গে সমস্ত পশ্চিম বাংলার গরীব চাষীর এবং খেতমজুর যাদের জমি দেবার কথা হয়েছিল সে পরিকল্পনা বানচাল হয়ে গিয়াছে। এষ্টেটস এ্যাকুইজিশন বিল যে উদ্দেশ্যে আনা তা ব্যর্থ হয়ে গিয়েছে এই ভুলের জন্য। তাই মন্ত্রীদের ভুল নীতি পরিচালনা করার জন্য এবং দূরদৃষ্টির অভাবের জন্য যে খরচ করতে হয়েছে, সেই ৬৩ হাজার টাকা, আমরা কিছুতেই দিতে প্রস্তুত নই।

তারপর আমার বক্তব্য হল জেনারাল এ্যাড্‌মিনিষ্ট্রেশন সম্বন্ধে। অরিজিন্যাল বাজেটে এই খাতে অপরিমিত টাকা দেওয়া হয়; তারপর অতিরিক্ত বাজেটে আরও

[Sj. Subodh Banerjee.]

টাকা দেওয়া হয় এবং এ্যাকচুয়াল এক্সপেন্ডিচার প্রকৃত খরচ তার চেয়ে আরও কম হয়। প্রথমে খরচ কম দেখিয়ে বলা হল রাজস্বের শতকরা ২০ ভাগ খরচ করা হ'ল; কিন্তু প্রকৃত খরচের হিসাব নিলে দেখা যায় যে তা নয়, রাজস্বের শতকরা ২০ ভাগের চেয়ে অনেক বেশী খরচ করা হয়েছে। এইভাবে দেশের জনসাধারণকে ধাপ্পা দেওয়া হচ্ছে। এইভাবে জেনারাল এ্যাডমিনিষ্ট্রেশন, জেল, পুলিশ, প্রভৃতি বিভাগ বজেটে বরাদ্দ টাকার চেয়ে বেশী করে খরচ করা হচ্ছে। শিক্ষা খাতে এর তুলনায় ঢের বেশী টাকা এইসব বিভাগে খরচ করছেন মন্ত্রীরা। এইভাবে সাপ্লিমেণ্টারী বাজেট নিয়ে আসা নীতির আমরা তীব্র নিন্দা করছি। যদি জেনারাল এ্যাডমিনিষ্ট্রেশনএর বাড়তি খরচ যে কারণে চাওয়া হয়েছে সে দিকে তাকান তাহ'লে দেখতে পাবেন হোম ডিপার্টমেণ্টএ নূতন করে অফিসার নিয়োগ করা হচ্ছে এবং তাঁদের কাঁড়ি, কাঁড়ি টাকা মাইনে দেওয়া হচ্ছে। এই হোম ডিপার্টমেণ্টের প্রতি পশ্চিম বাংলার জনসাধারণের মোটেই আস্থা নাই। সাংবাদিকদের উপর পুলিশের যে হামলা হয়েছিল এবং তা অনুসন্ধান করার জন্য যে কমিশন বসেছিল তার রিপোর্ট বেরিয়েছে, সে রিপোর্ট পড়লে তাকে নিরপেক্ষ বিচারক কমিশনএর রিপোর্ট বলে মনে হয়না, সেটা পুলিশ কমিশনারএরই রিপোর্ট এতদিন আমরা শুনে আসছি

"A Danial has come to judgment". কথাটা এখন পশ্চিম বাংলার শিক্ষিত সম্প্রদায়ের মুখে

"A. P. B. has come to judgment". কথাটা চলেছে। তবে আগের কথাটা প্রশংসা হিসাবে উচ্চারিত হয় কিন্তু শেষের কথাটা শ্লেষ হিসাবে চলছে।

[11-40 to 11-50 a.m.]

এই হোম ডিপার্টমেণ্ট ট্রামভাড়া বৃদ্ধির উপরে যে রায় তা প্রকাশ করলেন না।

Mr. Speaker: Please do not make a compensatory speech for your absence. Please confine your speech to the Supplementary Estimates.

Sj. Subodh Banerjee:

যেটা মন্ত্রীদের স্বার্থে যায় সেটা তারা ঠিক প্রকাশ করেন, আর যেটা তাদের বিরুদ্ধে যায় তা কোনদিন প্রকাশও হয় না। এই যে সাংবাদিকদের মারপিট করার ব্যাপারে যে রিপোর্ট, যেটাকে পলিশ রিপোর্ট বলা যায় সেটা প্রকাশ করেছেন, একজন পুলিশকর্ত্তার মুখ হতে শুনেছি যে, এরকম রিপোর্ট কোন পুলিশ অফিসার দিতেও লজ্জা বোধ করতেন। এমন নির্লজ্জভাবে এতে পুলিশকে সমর্থন করা হয়েছে।

Mr. Speaker: Not a single pice has been asked for under police. Why are you talking about it?

Sj. Subodh Banerjee:

আমি ঠিক আসছি। হোম ডিপার্টমেণ্টের অধীনে প্রচার বিভাগ বলে একটা বিভাগ রয়েছে। তারা rural broadcasting scheme, folk entertainment scheme ইত্যাদিতে টাকা খরচ করে। তারজন্য সংশোধিত বজেটে টাকা চাওয়া হয়েছে। কিন্তু আসলে এটা কংগ্রেসী প্রচার যন্ত্র। সত্যিকারের জনকল্যাণে এক পয়সাও এরা ব্যয় করেন না। মন্ত্রী প্রভৃতির এটা মনে রাখা দরকার। বুঝা দরকার যে, কংগ্রেস প্রতিষ্ঠান আর কংগ্রেস সরকার এক নয়। পশ্চিম বাংলায় অনেক মাঠ-ময়দান আছে ডাঃ রায় সেখানে গিয়ে যতখুশী বক্তৃতা দিন, সভা করুন, কিন্তু সরকারী পয়সায় যেন এসব না হয়। আমি যখন বর্গাদার এ্যাক্ট সম্পর্কে সুন্দরবন এলাকায় এক্সপ্ল্যানেটরী ক্যামপেন চালাচ্ছিলাম বর্গাদার আইনের বিভিন্ন ধারাগুলি পরিষ্কারভাবে জনসাধারণকে বুঝাচ্ছিলাম, তখন সরকারী পয়সায় প্রচার বিভাগ মারফৎ আমার বিরুদ্ধে প্রচার কার্য্য চলে, বলা হয় সুবোধবাবু যা বলছেন সব মিথ্যা। ২৪-পরগণার জেলা ম্যাজিষ্ট্রেট, ডায়মণ্ড হার্বারএর এস, ডি, ওকে এ বিষয় আমি বলেছি। কোন ফল হয়নি। এই রকম প্রচার বিভাগকে আমরা টাকা দিতে পারিনা। এরপরে আসছে পাব্লিক সার্ভিস কমিশনএর ব্যাপার। আমরা দেখেছি কোন এক ভদ্রমহিলাকে চাকুরী দেওয়া হয়েছে লিগ্যাল এ্যাডভাইজার হিসাবে, পাব্লিক সার্ভিস কমিশনএর অনুমোদন না নিয়েই। পাব্লিক সার্ভিস কমিশন মারফৎ এই সব নিয়োগ হওয়া উচিৎ, কিন্তু সরকার যে নীতি অনুসরণ করেন সেটা অন্যায়। ভদ্রমহিলা, যাকে নেওয়া হয়েছে তাঁকে ব্যক্তিগতভাবে আমি চিনিওনা, জানিওনা, তিনি ভাল কি মন্দ তা আমার বিচার্য্য বিষয় নয়। আমার বক্তব্য হ'ল সরকার কর্ত্তৃক অনুসৃত নিয়োগ-নীতির সম্বন্ধে। পাব্লিক সার্ভিস কমিশনকে ফাঁকি দিয়ে লোক নিয়োগ করার নীতি অত্যন্ত ঘৃণ্য। এই ভদ্রমহিলার ব্যাপারে এই কারচুপি? শুনেছি ডাঃ রায় যখন বিদেশে ছিলেন তখন তাঁকে টী-পার্টিতে নিমন্ত্রন করে আপ্যায়ন করেন ঐ ভদ্রমহিলা। তারই পুরস্কার স্বরূপ এই চাকরী তিনি পেয়েছেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is not correct.

Sj. Subodh Banerjee:

আপনি সব কথায় না বলে দিলেই তো হবেনা। পশ্চিম বাংলা সরকারকে ইণ্টারন্যাশানাল ল সম্বন্ধে উপদেশ দেবার জন্য এই ভদ্রমহিলাকে নিয়োগ করা হয়েছে। আন্তর্জাতিক আইন কেন্দ্রীয় সরকারের ব্যাপার, পশ্চিম বাংলার নয়। তাছাড়া হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি পশ্চিম বাংলা সরকারের অধীনে লিগেল এ্যাড্‌ভাইজার হিসাবে চাকরী নেওয়া সত্ত্বেও, তাঁর মত একজন আইনজ্ঞ লোক থাকা সত্ত্বেও এই ভদ্রমহিলাকে কেন নেওয়া হ'ল? এই নিয়োগ সম্বন্ধে এত উৎসাহের কারণই বা কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is absolutely untrue.

Sj. Subodh Banerjee:

বাংলাদেশের লোক এতটা অন্যায় সহ্য করবেনা। তারা আপনার বিধান সভার ব্রুট মেজরিটিকে সমর্থন করেনা। এরচেয়ে ডাঃ রায়ের যদি সাহস থাকেত বলুন "আমার যাকে খুশী তাকে চাকরী দেব।" তিনি আমাদের বলুন যদি কোন বিশেষ কমিশন মারফৎ এই নিয়োগ হয়ে থাকে তাহলে সেই কমিশনএ কে কে ছিলেন তার কোনও সভ্যের সঙ্গে এই ভদ্রমহিলার কোন সম্পর্ক ছিল কিনা। সাহস থাকে তিনি তা এখানে বলুন।

এছাড়া আর একটি গুরুতর ব্যাপার হয়েছে। একটি বিশেষ কলেজে ৬৪ জন মেয়েকে তাড়িয়ে দেবার ব্যবস্থা হয়েছে। এই কলেজকে সরকার টাকা দেন।

Mr. Speaker: How is it relevant?

Sj. Subodh Banerjee:

আমি জানি যে এটা আউট অফ্ পয়েণ্ট তবুও বলব প্রয়োজন বোধে। ৬৪টি মেয়েকে, যাদের বেশীর ভাগই প্রথম বর্ষের ছাত্রী, এক্সপেল্ করে দিয়েছে, এরকম কলেজকে কেন সরকার থেকে সাহায্য করা হয়? আজ এতগুলি মেয়ের জীবন নষ্ট করে দেবার যে চেষ্টা চলেছে সরকার কেন তাতে ইণ্টারভীন করছেন না? অন্ততঃ যাতে মেয়েরা ট্রান্সফার সার্টিফিকেট নিয়ে অন্য কলেজে যেতে পারে তার ব্যবস্থা করুন। কলেজ থেকে বলছে বার্ষিক পরিক্ষা না হয়ে গেলে ট্রান্সফার সার্টিফিকেট দেবেন না। এর উদ্দেশ্য মেয়েগুলির একটি বছর একেবারে নষ্ট করে দেওয়া। অধ্যক্ষটির ব্যবহার প্রতিহিংসা-মূলক। মেয়েগুলিকে জব্দ করাই তাঁর একমাত্র লক্ষ্য। আপনারা এই কলেজকে টাকা দেন। এই রকম গুরুতর ব্যাপার যাতে ৬৪ জন ছাত্রীর জীবন নষ্ট হতে চলেছে সে বিষয় সরকারের করণীয় কি কিছু নেই? আমার অনুরোধ আপনারা সময় থাকতে হস্তক্ষেপ করুন যাতে তারা সময়মত অন্য কলেজে যেতে পারে এবং যাতে কোন ডিসিপ্লিনারি এ্যাক্শন, প্রতিহিংসা-মূলক পন্থা না নেওয়া হয় তার ব্যবস্থা করুন।

Sj. Madan Mohan Saha:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাজ কিরকমভাবে চলে তার নমুনা দিচ্ছি। ১৯৪৮ সালে খানাকুল থানা থেকে টাকা জমা দেওয়া হ'ল কিন্তু হেল্থ সেণ্টারএর যে বিল্‌ডিং সেটা আজ পর্য্যন্ত হলনা, এবং আমি জানি সেটা হতে আরও বহুদিন কেটে যাবে। যদি একটা হেল্থ সেণ্টার তৈরী করতে এত সময় লাগে তাহলে কি বুঝতে হবে? বহু জায়গায় স্থানীয় লোকের দেয় টাকা জমা দেওয়া হয়েছে কিন্তু দেখতে পাচ্ছি হেল্থ সেণ্টার সুরু হয়নি। তাছাড়া কোন কোন স্থানে বিল্‌ডিং হয় পড়ে আছে যেমন হরিণখোলায় কিন্তু সেখানে সেণ্টার কবে খোলা হবে তার ঠিক নেই। এছাড়া খানাকুল থানায় যে হস্‌পিটাল আরামবাগে যে এ, জি, হসপিটাল সেখানে যারা কাজ করত তাদের ছাঁটাই করে দেওয়া হয়েছে। হেল্থ সেণ্টার আগে হোক তারপর সেই হিসাবে কাজকর্ম করলে চলতে পারে। তাই আমার অনুরোধ ছাঁটাই যাতে না হয় সেদিকে যেন নজর রাখা হয়, এবং যেখানে অব্যবস্থা রয়েছে তা যেন দূর করা হয়। তাছাড়া আজকে বিভিন্ন জায়গায় এ্যাণ্টি-ম্যালেরিয়া সেকশন থেকে ট্রেনিং সরকার থেকে দেওয়া হয়েছিল, কিন্তু দেখতে পাচ্ছি প্রত্যেকে যারা ট্রেনিং পেয়েছেন তাদের প্রমোশন দেওয়া হয়নি, দেওয়া হয়েছে শুধু নিজেদের বাছাই করা লোকদের। তাছাড়া দেখছি হাসপাতালে জল সরবরাহ ব্যবস্থা একদম ভাল নয়।

এ, জি, হস্‌পিটালএর কথা বলছি।

Mr. Speaker:

টাইম তো হয়ে গিয়াছে।

Sj. Madan Mohan Saha:

কিন্তু এ, জি, হসপিটালএর অবস্থার কথা বলছিলাম।

[11-50—12 noon.]

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকারমহাশয়, আপনার মারফৎ আমি বলতে চাই যে প্রধানমন্ত্রীমহাশয় যে টাকা চেয়েছেন তার চেয়েও বেশী দিতে রাজী আছি যদি তাঁরা কিছু কাজ করেন।

জেনারাল এ্যাডমিনিষ্ট্রেশন সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে মেদিনীপুরে গভর্ণমেণ্ট প্রপার্টি কিরকম মিসইউজ

[Sj. Madan Mohon Khan.]

হয় সে সম্বন্ধে কয়েকটি ঘটনা বলছি। সেখানে

Additional District Magistrate, Mr. Kushery, Government weapon carriers 319, 28th October, 1953.

ত মিস্‌ইউজ করেছেন এবং

weapon carrier No. 304, 14th January 1953 to 27th January 1953

পর্য্যন্ত মিস্‌ইউজ করা হয়েছে। তিনি ঐ গাড়ী করে মেদিনীপুর হতে বাহিরের কয়েক জন মহিলা ও ভদ্রলোকদের নিয়ে দিঘায় আমোদ করতে যান। কোনও কাজ না থাকায় কয়েকদিন নিজে ও সরকারী মটরের অসদ্ ব্যবহার করেন। এইরূপ অকর্ম্মণ্য অফিসারের বিষয় তদন্ত করা হোক।

Mr. Speaker: That cut motion is out of order.

Sj. Madan Mohon Khan:

আর একটা বলছি।

Scheduled Castes and Scheduled Tribes

দের গভর্ণমেণ্ট সার্ভিসএ নিয়োগ সম্বন্ধে। ৫ই ফেব্রুয়ারী ১৯৫৩ তারিখে সরকারী গেজেটে বলেছে যে ১৫ পারসেণ্ট ও ৫ পারসেণ্ট যথাক্রমে চাকুরিতে নেওয়া হবে। কিন্তু জিজ্ঞাসা করি গত এক বছর কেটে গেল কজন সিডিউল্‌ড কাষ্টস এবং কজন সিডিউল্‌ড ট্রাইবস্ কাজ পেয়েছে। আপনার মারফৎ জিজ্ঞাসা করি শিক্ষামন্ত্রীকে মেদিনীপুরে দুইটি

Basic Teachers Training Schoools

ছিল --একটি মেদিনীপুর সহরে আর একটি তমলুকে। প্রতিটি স্কুলে ৪০ জন করে শিক্ষককে ট্রেনিং দেওয়া হত। প্রতি বছর ৬০০ শত শিক্ষক শিক্ষা নেবারজন্য দরখাস্ত করে থাকে কিন্তু সীট কম বলে কম শিক্ষককে ট্রেনিং দেওয়া হয়। কিন্তু দুঃখের বিষয় এর মধ্যে যে বিদ্যালয়টি মেদিনীপুরে অবস্থিত সেই বিদ্যালয়টি তুলে ঝাড়গ্রামে নিয়ে যাচ্ছেন। এতে বেসিক্ ট্রেনিং মোটেই স্প্রেড করবে না বরং প্রকৃত উদ্দেশ্য ব্যহত হচ্ছে। কারণ বেসিক ট্রেনিং স্কুলএর সংখ্যা বাড়ান দরকার যেখানে ৬০০ জন দরখাস্ত করেছে সেখানে মাত্র ৪০+৪০=৮০টি শিক্ষকের শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সেজন্য এই স্কুল দুইটি যাতে তুলে না দেওয়া হয় তার আবেদন করছি।

স্পীকার মহাশয়ের মারফৎ স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই যে মেদিনীপুর সদরে যে এ, জি, হাসপাতাল আছে তার ম্যানেজিং কমিটিতে স্থানীয় ডাঃ রায়কে রাখা হয়েছে আবার তিনিই হাসপাতালের অনারারী সার্জেন এই একজনই এই দুটো পোষ্টে কি করে থাকেন আমি বুঝতে পারিনা। আগে সেখানে যতগুলি বেড ছিল তার সংখ্যা প্রায় ১৫০টি কমিয়ে দেওয়া হইতেছে এমনকি এমার্জেন্সী ডিপার্টমেণ্ট এবং পেয়িং বেড যা ছিল তারও সংখ্যা কমিয়ে দেওয়া হচ্ছে। এই যদি করা হয় ডিষ্ট্রিক্ট হেড কোয়ার্টারস্‌এ তাহ'লে লোক চিকিৎসা করতে পাবেনা, বিনা-চিকিৎসায় বহু লোক মারা যাবে এবং ইতিমধ্যেই এ ধরণের কেস শোনা যাচ্ছে যে কয়েকজন এডমিশন হবার আগেই মারা গেছে।

স্পীকারমহাশয়, আপনার মারফৎ মুখ্যমন্ত্রীকে বলতে চাই রেজিষ্ট্রী অফিসএ যে সমস্ত কর্ম্মচারী কাজ করে তাদের বেতন ও ভাতা প্রভৃতি অন্যান্য অফিসএর কর্ম্মচারীদের সমান কেন হবেনা যখন তারা একই ধরণের কাজ করে ও একই সরকারের কর্ম্মচারী।

Mr. Speaker: That motion is out of order.

Sj. Madan Mohon Khan:

না স্যার, এই গ্রাণ্টএই আছে।

Mr. Speaker: That grant is under other head.

Sj. Madan Mohon Khan:

আর একটা কথা বলবো। কল্যাণীতে কংগ্রেস অধিবেশনকে কেন্দ্র করে একজিবিসন হয়েছে— কত টাকা খরচ হয়েছে আমরা জানিনা, আশাকরি মন্ত্রীমহাশয় এ বিষয়ে আলোকপাত করবেন।

Sj. Sambhu Charan Mukherjee:

মাননীয় স্পীকার, স্যার, মাননীয় বন্ধু ও বিধান সভার সদস্য কানাইলাল ভট্টাচার্য্য মহাশয় হাওড়া ডিষ্ট্রিক্ট এর স্পেশ্যাল কেডারএর ক্যাণ্ডিডেট সিলেক্‌শন ব্যাপারে যে খবর আপনাদের কাছে পরিবেশন করেছেন, আমি জানি সেই খবর সম্পূর্ণ ভুল। কারণ যে সিলেক্‌শন বোর্ড হয়েছে সেই সিলেক্‌শন বোর্ডে আছে

Howrah District School Board

এর

Chairman as Chairman, District Inspector of Schools as Secretary, District Board

এর চেয়ারম্যান একজন সদস্য, ডিষ্ট্রিক্ট সোস্যাল অফিসার একজন সদস্য এবং অপর দুজন এডুকেসনিষ্টকে নিয়ে এই বোর্ড গঠিত।

(Dr. KANAILAL BHATTACHARYA: নাম করে বলুন, লজ্জা কেন—আপনার কারেজ যদি থাকে এক্সপোজ দি নেমস হীয়ার) এই সিলেক্‌শন বোর্ডএর মেম্বার কংগ্রেসীও আছে এবং নন্-কংগ্রেসীও

আছে। সবাই কংগ্রেস কর্মী এবং কংগ্রেসকর্মীদের কেবল সিলেক্‌শন করা হয়েছে এটা ভুল কথা—(এ ভয়েস: অত্যন্ত সত্যকথা) (নয়েজ) সেখানে প্রায় ১৫০০ হাজারের উপরে দরখাস্ত হয়েছিল এবং সেই বোর্ড তাদের প্রত্যেকের সঙ্গে ইণ্টারভিউ করে যোগ্যতা দেখে তাদের সিলেকশন করা হয়েছে। আমি একথা জোর করে বলতে পারি, যে কোন অযোগ্য ব্যক্তিকে সিলেক্‌শন করা হয়নি। যে সমস্ত ব্যক্তিকে সিলেক্‌শন করা হয়েছে তাদের মধ্যে কোন অনুপযুক্ত বা অযোগ্য ব্যক্তি আছে, সেকথা কানাইবাবুর যদি প্রমাণ করার সাহস থাকে তবে তিনি সেটা প্রমাণ করতে এগিয়ে আসুন। আমি এইকথা বলবো কানাইবাবু তাঁর পার্টি স্পিরিটএ একথা প্রচার করেছেন (নয়েজ)।

দ্বিতীয় কথা হচ্ছে ২৯২ জন ক্যাণ্ডিডেট সিলেক্‌টেড হয়েছে—দুটো ইন্‌ষ্টলমেণ্টএ হয়েছে। এখন এবিষয়ে তিনি যে সমস্ত কথা বলেছেন তাতে আমার মনে হয় তিনি ইন্‌সাফিসিয়েণ্ট ইন্‌ফরমেশনএর উপর বলেছেন—তিনি একজন ডাক্তারের ছেলে, ইন্‌সাফিসিয়েণ্ট ইন্‌ফরমেশনএর উপর ভিত্তি করে বিধান সভায় এরকম বলা উচিত হয়নি।

তারপর ডিষ্ট্রিবিউশন অব ম্যানিওর সম্বন্ধে বলেছেন ওনলি টু জোতদার্স (নয়েজ)। বুঝতে পাচ্ছি গায়ে খুব লাগছে। জোতদারই হোক বা বর্গাদারই হোক তাদের ম্যানিওর সরবরাহ করা হয়েছে তিনি যে বলেছেন কেবল জোতদারদের দেওয়া হয়েছে এটা ধাপ্পাবাজী আমি চ্যালেঞ্জ করে বলতে পারি এসমস্ত ভুল কথা, তিনি ইন্‌সাফিসিয়েণ্ট ইন্‌ফরমেশনএর উপরে এসব কথা বলেছেন। কারণ সেখানে জোতদার এবং বর্গাদার নির্বিশেষে ম্যানিওর দেওয়া হয়েছে (নয়েজ)। জানি এসমস্ত গায়ে লাগবে কারণ এসমস্তই ভুল কথা, মিথ্যা কথা এবং প্রমাণ অপনারা করতে পারবেন না। তাই গায়ে লাগছে।

Sj. Bankim Mukherji: On a point of order, Sir. The point of order is that in English the words "false-hood" and "lie" are unparliamentary.

মিথ্যা কথা—কথাটা আনপার্লামেণ্টারী কি না?

Mr. Speaker:

মিথ্যাবাদী আনপার্লামেণ্টারী, মিথ্যা কথা নয়।

[12—12-10 p.m.]

Sj. Bankim Mukherji:

মিঃ স্পীকার, স্যার, এই সাপ্লিমেণ্টারী বাজেট বিশ্লেষণ করে দেখা যায় যে এই বাজেট সম্বন্ধে গভর্ণমেণ্ট খুব সিরিয়াসলি ভাবেননি। সেটাই প্রথমেই প্রতিবাদ করছি। কারণ এই বাজেটে দেখতে পাচ্ছি একটা জায়গায় "৬৩এ এক্সট্রা অডিনারী চার্জেস্.....

Mr. Speaker:

কোন জিনিষটা সম্বন্ধে বলছেন?

Sj. Bankim Mukherji:

গরীবের টাকা আদায় হেডস থেকে আসে এ্যাকাউনট্যাণ্ট-জেনারেল এই সম্বন্ধে আপত্তি করেছেন এবং পাব্লিক এ্যাকাউণ্টস কমিটি ঘোরতর আপত্তি করেছে কিন্তু এঁরা ফ্র্যাঙ্কলি বলছেন যে আদার হেডস থেকে যে সেভিংস হবে সেই সেভিংস দিয়ে বাকী ১০ লক্ষ টাকা মীট করবে। এই যদি হয় সমস্ত বাজেট নালিফায়েড হয়ে যায়।

যদি একটা হেড থেকে আর একটা হেডএ খরচ করা হয় তাহলে বাজেটের কোন মানে হয়না, হোল বাজেটটাই তাহলে নালিফাই হয়। আদার হেড থেকে যদি নেবেন তাহ'লে বোঝা যাবে হোল এসেম্‌ব্লিকে অবজ্ঞা করার ও উপেক্ষা করার জোর দেখাবেন, এসেম্‌ব্লির কোন মাহাত্ম্যই থাকছেনা। এটা যে কত বিধিবহির্ভূত ও বেআইনী, এই কেস যদি কেউ টেষ্ট করেন কোর্টে, তাহলে কি হয় আমরা বলতে পারি না।

দ্বিতীয়তঃ এই গভর্ণমেণ্টকে আমি সেদিন এ্যাপ্রোপ্রিয়েশন বিলএর সময় বলেছিলাম যে এই এ্যাডমিনিষ্ট্রেশনটাকে পার্টির কাজে লাগাবেন না অর্থাৎ নিজস্ব পার্টি র কাজে লাগাবেন না। কিন্তু যে ঘটনা ঘটেছে তাতে দেখা যাচ্ছে সমস্ত এ্যাডমিনিষ্ট্রেশনটাই নিজস্ব পার্টির কাজে তাঁরা লাগাচ্ছেন। বির্লাপুরে আমাদের একটা ইউনিয়ন আছে, সেই ইউনিয়নে হটাৎ ১০ দিন আগে কতকগুলি লোক----

Mr. Speaker: Is this item in the Budget?

Sj. Bankim Mukherji:

আপনি যদি জিজ্ঞাসা করেন—

If you want relevancy it is in "Grant No. 13, Sub-head A—Heads of States and Ministers" এবং এখানে বলা হচ্ছে টোটাল গ্রাণ্ট সেটা হচ্ছে for pay of establiment (voted).

যেদিন সেই ঘটনা ঘটে, তার পরের দিন আমি ডাঃ রায়ের কাছে লিখিতভাবে জিনিষটা উপস্থিত করি। ডাঃ রায়, দুর্ভাগ্যক্রমে অসুস্থ হয়ে পড়েন, সেইজন্য ৮।১০ দিনেও তার কোন জবাব পেলাম না। ডাঃ রায় অসুস্থ হলেই যদি গভর্ণমেণ্ট অচল হয়ে যায় তাহ'লে এতগুলি মন্ত্রী, এ্যাসিষ্ট্যাণ্ট প্রভৃতি রেখার কি দরকার

[Sj. Bankim Mukherji.]

সেইটেই হচ্ছে পয়েণ্ট অব রেলিভ্যান্সী। এখন সেই ঘটনার কথা, সেই কতকগুলি লোক জোর করে গিয়ে আমাদের ইউনিয়নটা দখল করল, পরের দিনই আমরা পুলিশে এজেহার দিলাম যে এই রকম বে-আইনী দখল হয়েছে। এবং ডাঃ রায়কে সেটা জানিয়ে দিই। আমাদের সেখানকার লোকেরা, ওয়ার্কাররা, বলেছিল ওরা জবরদস্তী করে আমাদের ইউনিয়নটা নিয়ে নিল, ওরাত লাল ঝাণ্ডার দল নয়, ওরা হচ্ছে গান্ধীবাদী অহিংস কংগ্রেসওয়ালা, ওরা এইরকম ভায়োলেন্স করবে? যাব সেখানে পাব্লিক মিটিং করতে, যাবার আগে ম্যাজিষ্ট্রেট্ সাহেবের সঙ্গে কথা হতেই তিনি বল্লেন, একি আপনাদের উপর যে সেখানে ১৪৪ ধারা হয়ে গেছে। আমরা স্থির করলাম, পাশের এলেকায় মিটিং করব। এবং সেখানে যখন গেলাম, গিয়ে শুন্লাম সেখানেও, দুপুর বেলায় খবর পেয়ে ঢেড়া দিয়ে ১৪৪ সঙ্গে সঙ্গে জারি করা হয়েছে। এইভাবে আলিপুরের ম্যাজিষ্ট্রেট্ থেকে সুরু করে লোকাল্ থানার সকলেই এমন কংগ্রেসভক্ত ও ইউ, এন, টি, ইউ, সির ভক্ত হয়ে উঠেছেন। তার উপর বীর্লাপুরের ম্যানেজার মহাবীর প্রসাদ সাহেব ইলেকশনে হেরে গিয়ে ক্ষিপ্ত হয়ে আছেন তিনি এই রকম পুকুর চুরি চালাচ্ছেন আজ ১০ দিন।

তারপর শুনেছি প্রফুল্ল হাজরা বলে একটী ভদ্রলোক, ও কুঞ্জবিহারী কর্ম্মকার নিজেরাই একটা মিটিং করেছেন; কবে সেখান থেকে বঙ্কিম মুখার্জিকে তাড়ানো হয়েছে। এই তারা মিটিং করে আমাকে তাড়ালেন, অথচ সে মিটিংএর কথা এবং তারা প্রেসিডেণ্ট ও জেনারেল সেক্রেটারীকে কিছু জানিয়েই মিটিং করেছে। আমরা সেখানে গিয়েছিলাম পর জিনিষটা পিসফুলি হয়ে যেতো। কিন্তু সেখানকার এস, ডি, ও, পুলিশ অফিসারকে তদন্ত করতে দেন। তিনি রিপোর্ট করলেন কিনা

"I beg to report that I enquired into the matter loyally and ascertained that the allegations made in the petition against the O.P. (other party) are true. The illegal acts of the second party are likely to cause an imminent breach of the peace and disturbance of peace and tranquillity in the locality....."

এই রিপোর্ট তিনি দিয়ে দিলেন অথচ আমাকে জিজ্ঞাসা পর্য্যন্ত করলেন না। সেদিনে ঘটনাটা, ব্যাপারটা কি হয়েছিল। আমাদের এড্‌জোর্নমেণ্ট মোসান আপনি এ্যাক্সেপ্ট করেন নাই। সুতরাং আমার পারফেক্ট রাইট আছে এসব বলবার। আমি শুনেছি জামান সাহেব সেখানে একটা কন্‌স্পিরেসী করে এসেছেন, সেখানে কালি মুখার্জিও তার সঙ্গে আছে। আমি জানিনা লেবার মিনিষ্টারেরও পরামর্শ এবং ইঙ্গিত রয়েছে কিনা, না থাকলে পরে এতবড় সাহস সেকেণ্ড অফিসারের? লোকাল থানার সেকেণ্ড অফিসার--আমি এজাহার দিয়েছি, আর সে তদন্ত করে বলে কিনা আমি অপজিট্ পার্টি সম্বন্ধে অনুসন্ধান করে জেনেছি যে এজাহার সত্য। সেই সেকেণ্ড অফিসার এস, কে, গাঙ্গুলি আবার তদন্ত করে মাসি দেখিয়েছেন— "আমি দুই পার্টিরই লোকদের উপর ১৪৪ দিয়েছি। আমাকে যদি আলিপুর কোর্ট খবর না দিত আমি জানতেই পারতাম না—এই সমস্ত ব্যাপার ঘটছে যদিও আমি জানি ডাঃ রায় অসুস্থ না হ'লে পর ব্যাপারটাতে এতদূর ঘটনা ঘটত না; এইটুক বিশ্বাস তাঁর উপর আমার এখন ও পর্য্যন্ত আছে। কিন্তু আর এক সপ্তাহ পরে থাকবে কিনা জানিনা, কিন্তু প্রশ্ন হচ্ছে অফিসারদের যদি এই রকম ধৃষ্টতা ও সাহস বেড়ে যায়, আমি একজন এসেম্বলির মেম্বর আমার সম্বন্ধেই সেই বর্গীর আমলের পাসিয়ালিটি অবলম্বন করে এই রকম অর্ডার ইস্যু করতে পারে, এই রকমে রাতারাতি খামখেয়ালি আইনজারি করতে পারে তাহ'লে সাধারণ লোক যদি পুলিশের কোপ নজরে পড়ে, তার দুরবস্থাটা কি পরিমাণ হতে পারে? সেইটাই দৃষ্টান্ত স্বরূপ এখানে নিয়ে এসেছি। ডাঃ রায় না থাকলে যদি কিছুই না হয়, তাহ'লে মিনিষ্টারের সংখ্যা বাড়িয়ে, তাঁদের এসিষ্ট্যাণ্টদের সংখ্যা বাড়িয়ে, জনসাধারণের ট্যাক্স বৃদ্ধি করায় কি লাভ হয়? এইযে অভিযোগ, এ কেবল মগের মুলুকেই হতে পারে, কোন সভ্য দেশে হওয়া উচিত নয়।

(The Hon'ble PRAFULLA CHANDRA SEN:

রাশিয়ায় কি হয়?)

what do you know of Russia?

যে বিষয় কিছু জানেন না, এবং জানবার চেষ্টা নেই সে বিষয়ে কথা বলবেন না।

what do you know of Russia? Would you give me one hour's time to give a lecture on Soviet Russia?

[12-10 to 12-20 p.m.]

(জনৈক কংগ্রেস-সদস্য: জানাটা তো আপনাদের মনোপলি।) আমি সেদিন বলেছি যে আমরা কনষ্টিট্যুশন্যাল প্রসিডিওর য়্যাক্সেপ্ট করেছি ; আমরা রাজী আছি

to play the game in a constitutional way.

আমরা ভায়লেণ্ট পন্থা গ্রহণেও রাজী আছি। কিন্তু আমরা কনষ্টিট্যুশন্যাল ওয়েব ভেতর দিয়ে যাবার জন্য প্রস্তুত হ'য়েছি। সেইভাবে এই হাউসের ভিতরে এবং বাইরে প্রচারও ক'রে যাব কিন্তু কোন অন্যায়ই আমরা সহ্য করব না। সেদিক থেকে ভায়লেন্সকে পরাস্ত করবার মত শক্তি আমাদের যথেষ্ট আছে। ডু ইউ ওয়ান্ট যে আমরা ল'এণ্ড অর্ডারের ভেতর দিয়ে যাব অর্ ডু ইউ ওয়াণ্ট যে আমরা বিবেলিয়াস্ ভায়লেন্সের পথে অগ্রসর হব? কী আপনারা চান। সেই জিনিষটা আমরা জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it appears to me that my friends opposite, or rather many members of the Assembly, have not realised the scope and purpose for which the Supplementary Estimates are placed before the House. In article 205(*1*) of the Constitution it is laid down that if the amount authorised by any law made in accordance with the provisions of Article 204 to be expended for a particular service for the current financial year is found to be insufficient for the purposes of that year or when a need has arisen during the current financial year for supplementary or additional expenditure upon some new service not contemplated in the annual financial statement for that year, then you bring in a demand for that purpose. In this case it is clear—and this is the reason why I ask you for the purpose of laying down a convention in this House as to what extent it is open to any member of the Assembly to refer to matters of policy which are involved in the items of the Supplementary Estimates—it is clear that if there is a particular item or demand for grant which has already been voted upon by the Legislature in the usual Budget session, then if there is an extra demand made on that particular issue, no question of policy can arise. Of course, as I have just mentioned, if there is a new demand made after the Budget estimates have been passed, then the question of policy comes in. This is essential, because otherwise you become unrealistic so far as our discussion of the Budget is concerned.

My friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri has raised the issue that there is no purpose in having supplementary estimates when the revised estimates in the course of the year which are given in the Budget when the Budget is presented to the House have already been accepted by the House. Probably he is not aware that no Demand in excess of that which has been passed in the Budget of the particular year would be admissible by the Accountant-General unless a demand for Supplementary Estimate is made before the House and accepted by the House. Mere inclusion of a particular item in the revised estimates does not give it any validity so far as the demand on the Consolidated Funds of the State is concerned. Take the whole of the Supplementary Estimate—and if you look at page 1—my friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri said that the total amount of demand made is Rs. 7 crores 84 lakhs 93 thousand 702—probably he overlooked or he is careful enough not to mention it, that the largest item in this Budget estimate is a demand for Rs. 5 crores 97 lakhs and 4 thousand, which is under the head Public Debt—Floating Debt. He mentioned the question of the total demand under Revenue Account which was made when the Budget Estimate of 1953-54 were placed before the House, but this demand of Public Debt is not part of the Revenue

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

Account at all. It is an amount which is necessary for the purpose of carrying on the present arrangement of purchase of rice in order to keep up the prices in the various areas in Bengal. As the rice has to be purchased during the harvesting season, but as the rice will be sold throughout the rest of the year, we have got to purchase a very large quantity before the end of April or the beginning of May, in order that we might be able to spend the rice for the rest of the year. In order to purchase we have got to pay for it, and therefore we had to ask for the permission of the Reserve Bank and of the Government of India in the Finance Ministry for the purpose of increasing our Ways and Means Advance with the Imperial Bank of India. That is the amount that is shown there.

With regard to the Extraordinary Charges in India about which I have heard several remarks made by my friends opposite, the amount of Rs. 59 lakhs 98 thousand of the 76 lakhs under this head of Grant is for the purpose of loss on sale of subsidised food to Government servants. This is, as the note will show, an amount which had to be put in in adjustment of arrears on account of the sale of subsidised food which was not brought up in time at the time the Budget was framed. It is perfectly relevant for a member of the Assembly to suggest that no item should be included in the Supplementary Estimates which could be foreseen at the time of preparing the original estimates. As regards this item of the loss on sale of subsidised foodstuff for Government servants, it was known that food had to be given but unless the debit is raised it is impossible to know what the amount is.

There is another item under this head about which several friends have made remarks, viz., the question of Rs. 15 lakhs which has been provided for for the purchase of storage godown. It has been suggested by Sj. Bankim Mukharji that we have reappropriated this amount and, therefore, the budget becomes unrealistic. May I inform my friend that it is not open to the Government to take money from one major head for which a grant has been given to any other major head. The rules do not permit it and the Accountant-General and Auditor-General will prevent us from doing it. The only thing we could do is to try and adjust so far as a particular grant head is concerned. Take, for instance, the question of provision of Re. 1 under the head "Agriculture" about which suggestions have been made. This Re. 1 is an amount which was put in as a token sum in order that the transactions under the head "Agriculture—Agriculture" which is involved in the matter of Sonarpur-Arapanch Drainage Scheme could take place. The money that was necessary is not asked for from the Assembly at all. It is only under the same head "Agriculture" that we had surplus out of which the money has been paid for the purpose for which it was given. This godown is one which we are now occupying. At the present moment we are assured by the Land Acquisition Department that the value we are giving to the area is more than what it had estimated for the same area. Its sale value is very much more than Rs. 25 lakhs. So that from the business point of view it is not an unfair proposition to have the godown. It has been suggested, why have a godown when you are not making procurement. Our view is that we shall keep a godown for the purpose of storing grains every year—as we have done this year—in order to stabilise prices in the rest of Bengal. For that purpose godowns are necessary.

[12-20—12-30 p.m.]

Today we have not got enough space in our godowns and we have got to hire godowns from outside. That explains this particular point under that head.

Sir, it has been suggested, what about the employees who are being retrenched? I may tell Sj. Jyoti Basu and Sj. Hemanta Kumar Basu that we are as much concerned—if not more—as they are with regard to the question of retrenchment. As I told Sj. Jyoti Basu, we have appointed special staff and a special department whose duty it is to see not merely what new posts are being created in the different departments but also what vacancies are there or are likely to be there in any other department on account of some posts not being filled up in that department. It is that department's job to see that the men who are found to be surplus in one department are put in some other department so that they do not suffer, particularly in the case of those who are serving in the department for years. It is our incumbent duty—in fact, it is our responsibility and liability—to see that these men are not thrown out into the street.

With regard to the block-sarkars, about whom Sj. Jyoti Basu has mentioned, the matter is this. There are under the Construction Department jobs that are taken up—we call them work jobs. We take in a certain number of people on those particular jobs. They are not parmanent employees of the Government. But as soon as a new job comes in, the men again are taken over in the new job. It has been the system all along in the Government to have, what we call, work jobs in cases where we have not got a permanent staff who could be employed for the purpose of doing the work. But in this case also it is the duty of the department to see that the men who are out of job are re-employed when a new job is created.

Sir, Sj. Jyoti Basu has said something about civil liberties of citizens. I thought civil liberties of not merely of those citizens who create disturbance and violence are to be considered, but the liberties of the remaining part of our people who do not want to take part in any form of violence or movement of any particular type should be protected. It is essential for the Government to see that people, who want to go about doing their business and do them without let or hindrance, could do so. So long as the administration is to continue its work, it is essential that such liberties of the people in general are protected.

Sir, he has been talking about the Chief Presidency Magistrate—how he had worked. He himself talks in one breath, let there be separation between the Judiciary and the Executive, and then he talks about the Chief Presidency Magistrate. The Chief Presidency Magistrate—although he is not a Magistrate—comes under the High Court and, therefore, his action has nothing to do with the Government. (Sj. Jyoti Basu: It has.) In order to find out an excuse for talking about this, he takes up the question—since the Ministers' salary is proposed to be increased, since the Ministers are responsible for appointing the Magistrates, therefore let us criticise the Magistrates. (Sj. Jyoti Basu: He is transferred by the Government.)

A question has been raised by Sjkta. Mani Kuntala Sen about social education. Sir, I find here that in the year 1950-51 Rs. 4,77,000 was spent for social education, in the year 1951-52 Rs. 7,28,000 was spent and this year 1953-54 we have already spent Rs. 12,50,000. What we have done is under the Government, we have some complete centres about 250 in 1951-52 and 350 in 1953-54 and we have got literary centres—408. We have got some centres which are run by voluntary organisations to which we give help—250 in 1953-54—and there are some literary centres to which we pay money. The number of adults made literate in Government centres in the year 1952-53 is 28,729 and the number of adults made literate in private centres mentioned above is 3,308. Sir, also along with that, educational films are exhibited—about

The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

300 of them in 1952-53—there were a large number of folk recreational performances—594 of them —there are 619 radio sets provided for the adult recreation groups and there are many camps which are helped from time to time.

Sir, I have not much time to go into any further details. I just wanted to point out to my friend Sj. Subodh Banerjee that he is suffering from an obsession. Of course, Sj. Subodh Banerjee never indulges in anything except in hyperbole or in various forms of untruths. For instance, he said the Public Service Commission should appoint all persons. That is not so. If he looks at the Constitution, Article 320, proviso under (3)(*e*), he will find that there are certain cases and certain classes of cases which can be, under the orders of the Governor, set apart as not necessary for us to refer to the Public Service Commission for their judgment. As regards the instance that he has mentioned, he is absolutely wrong —there is no truth in it. Of course, I do not expect anything better from Sj. Subodh Banerjee. He indulges and revels in being a purveyor of untruth.

As regards Publicity, it is true that the Publicity Department has spent money. I am glad and I am proud that this is so. It so happens that the administration is run by the Congress. The Congress has done some work. It is necessary that people should know what the Congress has done—not merely to show what the Congress administration has been able to do but also to give self-confidence to the people of the country that these things can be done by us so that in future further work can be done and further development can proceed.

Sir, with these words, I oppose all the amendments and move my own motion.

DEMANDS FOR GRANTS.

Major Head: 8—State Excise Duties.

The Hon'ble Syama Prasad Barman: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,74,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "8—State Excise Duties" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 9—Stamps.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 75,000 be granted for expenditure under Grant No. 4, Major Head: "9—Stamps" during the current year.

The motion was then put and agreed to.

[12-30—12-35 p.m.]

Major Head: 10—Forest.

The Hon'ble Hem Chandra Naskar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,61,000 be granted for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" during the current year.

Mr. Speaker: All the cut motions are out of order.

The motion was then put and agreed to.

Major Head: 11—Registration.

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to move on the recommendation of the Governor that a sum of Rs. 63,000 be granted for expenditure under Grant No. 6, Major Head: "11—Registration" during the current year.

Mr. Speaker: All the cut motions are out of order.

The motion was then put and agreed to.

(At this stage the guillotine fell.)

Major Head: 25—General Administration—General Administration.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,70,000 be granted for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration—General Administration" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 37—Education.

The Hon'ble Pannalal Bose: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 41,64,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "37—Education" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 38—Medical.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,73,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "38—Medical" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 40—Agriculture—Agriculture.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 22, Major Head: "40—Agriculture—Agriculture" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 55—Superannuation allowances and pensions.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 10,49,000 be granted for expenditure under Grant No. 35, Major Head: "55—Superannuation allowances and pensions" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 56—Stationery and Printing.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,01,000 be granted for expenditure under Grant No. 36, Major Head "56—Stationery and Printing" during the current year.

The motion was then put and agreed to

Major Head: 57—Miscellaneous—Miscellaneous, etc.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,27,001 be granted for expenditure under Grant No. 37, Major Heads: "57—Miscellaneous—Miscellaneous" and "82—Capital Account of other State works outside the Revenue Account" during the current year.

The motion was then put and agreed to.

Major Head: 63—Extraordinary Charges in India.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 74,98,000 be granted for expenditure under Grant No. 40, Major Head: "63—Extraordinary Charges in India" during the current year.

The motion was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 12-35 p.m. till 3 p.m. on Monday, the 29th March, 1954, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Monday, the 29th March, 1954.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 29th March, 1954, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE), in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 177 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Hijli Co-operative Transport Society, Contai.

***95. Sj. Rameswar Panda:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Commerce Department be pleased to state if it is a fact that the Hijli Co-operative Transport Society of Contai (district Midnapore) obtained licence for supplying electricity to the town of Contai?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) on which date they obtained the licence; and

(*ii*) how far has the society proceeded in this work?

Minister-in-charge of the Commerce Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Yes.

(*b*)(*i*) 16th April, 1951.

(*ii*) The progress has not been satisfactory and steps are being taken to revoke the licence.

Held-over questions.

Sj. Jyoti Basu: Sir, let the held-over questions be held over till tomorrow, so that we can come prepared for them.

Mr. Speaker: Let them be taken up tomorrow.

Age of superannuation of non-Covernment Secondary School teachers.

***115. Sj. Raipada Das:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) if it is a fact that the age of superannuation in the case of non-Government Secondary School teachers is fixed at 60 years, and that they get no pension on retirement;

(*b*) if so, whether Government consider the desirability of fixing the age at 65 years instead of 60 years; and

(*c*) if so, when?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (*a*) Yes.

(*b*) The matter concerns the Board of Secondary Education. In suitable cases the Managing Committees of the schools may, with

the permission of the Secondary Education Board, extend services of teachers by one year at a time up to 65 years.

(c) Does not arise.

Sj. Raipada Das: Instead of leaving the matter to the Managing Committee, will Government give a clear direction that where a teacher is found medically fit his services will naturally be extended to 65 years?

The Hon'ble Pannalal Bose: That is a matter for the Secondary Education Board.

Sj. Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে সেকেণ্ডারী টীচারদের কোন পেন্সন দেওয়া উচিত কি না বৃদ্ধ বয়সে ?

Mr. Speaker: That is not the subject-matter of the question The subject-matter is the age-limit

Sj. Nepal Chandra Roy: Sir, it is stated in the question that they get no pension on retirement.

রেলিভ্যান্সী আছে স্যার, এই সমস্ত টীচারদের পেন্সন দেওয়া উচিত বলে মনে করেন কি না ?

Mr. Spaker: That is a matter of opinion.

Sj. Raipada Das: Instead of leaving the matter to the Managing Committee, will Government give a clear direction that if a teacher is found medically fit his services will be extended up to 65 years

Mr. Speaker: He has answered the question. He said this is a matter for the Secondary Education Board.

Sj. Raipada Das: Will the Minister give a direction to the Board?

The Hon'ble Pannalal Bose: There is a regulation passed by the Board of Secondary Education that if a teacher is alert and is in good health, his services will be extended up to 65 years with the approval of the Executive Council, one year at a time.

Chandreswar sluice in Daspur police-station, Midnapore district.

***116. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার দাসপুর থানার অন্তর্গত চন্দ্রেশ্বর পুল নির্মাণের জন্য বরাদ্দ সীমেণ্ট-এর মধ্যে প্রায় ২০০ শত বস্তার কোন হিসাব পাওয়া যায় নাই;

(খ) এ সম্বন্ধে কোন তদন্ত হইয়াছিল কিনা;

(গ) তদন্ত হইয়া থাকিলে, তদন্তের ভার কাহার উপর ছিল এবং তিনি তদন্তের কোন রিপোর্ট পেশ করিয়াছেন কিনা;

(ঘ) এ পুল নির্মাণ করিতে নির্ধারিত খরচের অতিরিক্ত কত খরচ হইয়াছে; এবং

(ঙ) এই পুলের জন্য মোট কত টাকা ব্যয় হইয়াছে ?

Minister-in-charge of the Irrigation Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) ইহা সত্য নহে।

(খ) উক্ত কার্য্যে নিযুক্ত ঠিকাদার দ্বারা সরকার-প্রদত্ত ইট ও সীমেণ্ট চোরাবাজারে বিক্রয় করিয়া খারাপ মালমসলা দ্বারা কাজটি সম্পন্ন হইয়াছে বলিয়া অভিযোগ সম্বন্ধে তদন্ত হইয়াছিল।

(গ) ওয়েষ্ট মেদিনীপুর ডিভিসনের নির্বাহী বাস্তকারের উপর তদন্তের ভার ছিল। তিনি রিপোর্ট পেশ করিয়াছেন।

(ঘ) ৭২,৭১৯৲ টাকা।

(ঙ) ৯৯,৭১৯৲ টাকা।

Sj. Mrigendra Bhattacharjya:

এই যে অভিযোগ পেয়েছেন যে সরকারপ্রদত্ত ইট ও সিমেণ্ট চোরা বাজারে বিক্রয় করিয়া খারাপ মালমসলা দ্বারা কাজটি সম্পন্ন হইয়াছে এই অভিযোগ কাদের কাছ থেকে পেয়েছিলেন ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই এখনি বলতে পারবনা।

Sj. Mrigendra Bhattacharjya:

এই যে অভিযোগ পেয়েছেন--দোষ কাদের ছিল ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলতে পারব কি করে?

Sj. Mrigendra Bhattacharjya:

তাদের সাক্ষী প্রমাণ গ্রহণ করেছেন কিনা ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সে রিপোর্ট না দেখে বলতে পারব না।

Sj. Nepal Chandra Roy:

অভিযোগের কোন রিপোর্ট পেয়েছেন ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হ্যাঁ একটা পেয়েছি।

Sj. Nepal Chandra Roy:

সে রিপোর্টটা কি ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রিপোর্টএ আছে যে ঐরকম কোন সিমেণ্ট চুরি যায়নি।

Sj. Mrigendra Bhattacharjya:

এই চন্দ্রেশ্বর পুলটা কি বসে গিয়েছে ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বসে যায়নি, ফেটে গিয়েছে।

Sj. Mrigendra Bhattacharjya:

কেন ফেটেছে ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাটীর দোষ ছিল।

Sj. Mrigendra Bhattacharjya:

এটা কি আগে ধরা পড়েনি ? পুল করতে গিয়ে ফাটল ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাটীর দোষ থাকলে ওরকম ফাটে।

Dr. Srikumar Banerjee:

এর উত্তরে দেখতে পাচ্ছি অরিজিন্যাল যে এষ্টিমেট করা হয় তার চেয়ে বেশী খরচ হল ৭২,৭১৯ টাকা। আর পুল তৈরী হ'তে লেগেছে ৯৯,৭১৯ টাকা, তাহ'লে দেখা যাচ্ছে যেখানে ৯৯,৭১৯ টাকা খরচ হবে, সেখানে অতিরিক্ত লাগতে পারে ৭২,৭১৯ টাকা এই বিরাট টাকা অতিরিক্ত লাগলো এর কারণ কি ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

প্রথমে এষ্টিমেইট হয় ১৯৪৫ সালে ২৭,০০০ টাকা। তাতে কাজ হয়নি। তারপরে রিভাইজড এষ্টিমেট হয় ১৯৪৮ সালে। এই ৩ বছরে জিনিষপত্রের দাম, মজুরীর ইত্যাদির মূল্য অনেক বেড়ে যায়। তারপরে দ্বিতীয় এষ্টিমেটএ ৬৩,৮৬৮ টাকা ধরা হয়। তারপরে কাজ আরম্ভ হইলে মাটি খারাপ দেখে এ্যাডিশনাল কংক্রীট বেস করতে হয় তাতে আরও অতিরিক্ত টাকা লাগে এবং সেই জন্যই মোট খরচ এত লেগেছে।

Sj. Ambica Chakrabarty:

এই যে এখানে বলা ছিল ২ শত বস্তা পাওয়া যায়নি তার উত্তরে আপনি বলেছেন এটা সত্য নয়, কিন্তু যে এর উত্তরে দিয়েছেন চোরাবাজারে বিক্রয় করিয়া খারাপ মালমসলা দ্বারা কাজটি সম্পন্ন হইয়াছে--এই অভিযোগের তদন্ত হয়েছে, চোরা বাজারে মালমশলা কেনা হয়েছিল এটা সত্য কিনা ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি বলিনি, চোরা বাজারে বিক্রয় হয়েছে। এই রকম অভিযোগ ছিল, সে অভিযোগ সত্য নহে। ভাল করে পড়ে দেখুন—চোরা বাজার থেকে ক্রয়ের কোন প্রশ্ন নাই।

Sj. Ambica Chakrabarty:

কেন এই (ক) প্রশ্নে বলা আছে মেদিনীপুর জেলার দাসপুর থানার অন্তর্গত চন্দ্রেশ্বর পুল নির্ম্মাণের জন্য বরাদ্দ সিমেণ্টএর মধ্যে প্রায় ২০০ শত বস্তার কোন হিসাব পাওয়া যায় নাই--

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এটা সত্য নয় বলেছি।

Sj. Ambica Chakrabarty:

প্রশ্নোত্তরে আছে দেখুন--আপনি বলেছেন নিযুক্ত ঠিকাদার দ্বারা সরকারপ্রদত্ত ইট ও সিমেণ্ট

চোরা বাজারে বিক্রয় করিয়া খারাপ মালমসলা দ্বারা কাজটি সম্পন্ন হইয়াছে এরূপ অভিযোগ সম্বন্ধে তদন্ত হইয়াছিল কিন্তু এই দুই শত বস্তা মালমসলা সম্বন্ধে কিছু নাই। আপনি তদন্তের যে রিপোর্ট পেয়েছেন সেটা কি?

[3-10—3-20 p.m.]

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তদন্ত সমস্ত সম্বন্ধেই হয়েছে, তাতে প্রশ্নের যে অংশটা তাও ছিল। সেটা "ঠাকুর ঘরে কে" সেরকম ভাবে নয়। তদন্তের রিপোর্ট থেকেই আমি বলছি। রিপোর্টে ওকথা ছিল না।

Sj. Ambica Chakrabarty:

দু'শো বস্তার যে কোন হিসাব পাওয়া যায় নি এ কথা সত্য নয় বলেছেন, কিন্তু চোরাবাজার থেকে খারাপ মালমসলার দ্বারা কাজ সম্পন্ন হয়েছিল এ কথা সত্য কিনা সেইটাই জিজ্ঞাসা করছি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, ও সত্য নয়।

Sj. Tarapada Bondopadhyay:

ঠিকাদারের নামটা কি বলবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই।

Sj. Tarapada Bondopadhyay:

সে কি কংগ্রেস কর্মী?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই। হিন্দুসভার লোকও হতে পারে।

Balighai-Solapatta Road, Midnapore.

*117. **Sj. Basanta Kumar Panigrahi:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Works and Buildings Department be pleased to state if it is a fact—

(*i*) that Balighai-Salapalla Road in the district of Midnapore was enlisted in the First Five-Year Plan; and

(*ii*) that the proposal for metalling of the said road was subsequently abandoned?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the reason for such abandonment?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) Whether there is any proposal for metalling this road in the Second Five-Year Scheme;

(*ii*) if not, when the metalling of the road will be taken up;

(*iii*) whether there is any priority list of roads to be taken up for development on subdivisional or district basis; and

(*iv*) if not, what is the criterion followed in selection of roads to be taken up for development?

Minister-in-charge of the Works and Buildings Department (the Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*)(*i*) Balighai-Solapatta (and not Baiighai-Salapalla) Road was not included in the First Five-Year Plan.

(*ii*) and (*b*) Do not arise.

(*c*)(*i*) It is now too early to speak of the Second Five-Year Scheme.

(*ii*) No specific time can be given

(*iii*) No.

(*iv*) Communication needs of the State as a whole are the primary consideration.

Sj. Basanta Kumar Panigrahi:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এটা একটা ইণ্টার-প্রভিনসিয়াল রোড?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

জানি না।

Sj. Basanta Kumar Panigrahi:

এ রাস্তা কি উড়িষ্যা পর্য্যন্ত গিয়াছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ'তে পারে?

Sj. Balailal Das Mohapatra:

মেদিনীপুরের সহস্র সহস্র চাষীর বালেশ্বর যাওয়ার এইটাই কি প্রধান রাস্তা?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

হতে পারে।

Sj. Balailal Das Mohapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে এই রাস্তাটা মেদিনীপুরের জনসাধারণের বালেশ্বরের সহিত ব্যবসা-বাণিজ্যের প্রধান পথ?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

বলতে পারি না।

Sj. Balailal Das Mohapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে এ রাস্তাটা উপযুক্ত মেরামত হলে ট্রান্সপোর্ট এবং ব্যবসা-বাণিজ্যের মারফত সরকারী রাজস্ব বেড়ে যাবে?

Mr. Speaker: That is rather problematic. That is a matter of opinion.

The Hon'ble Khagendra Nath Das Cupta:

ঠিক বলতে পারি না। মটরকারও গরুরগাড়ী চলার দরুন রাস্তা খারাপ হতে পারে।

Sj. Balailal Das Mohapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এই রাস্তা বর্ষাকালে ৬ মাস যাতায়াত বন্ধ থাকে?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

জানি না।

Withdrawal of order under section 144 of Cr. P. C. issued by the Commissioner of Police, Calcutta.

*118. (Short Notice.) **Sjkta. Manikuntala Sen:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state if he is going to withdraw immediately the order under section 144, Cr. P. C., issued by the Commissioner of Police and which is in force now under notification, dated the 17th February, 1954?

(*b*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state the reasons for continuance of such order?

Minister-in-charge of the Home Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) The order was withdrawn with effect from the 18th March, 1954.

(*b*) Does not arise.

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Bolpur-Palitpur Road, Birbhum.

46. Sj. Provash Chandra Roy: Will the Hon'ble Minister-in-charge of the Works and Buildings Department be pleased to state—

(ক) বীরভূম জেলার অন্তর্গত বোলপুর-পালিত পুর রোডের কাজ সুরু হইয়াছে কিনা, হইয়া থাকিলে, কত পূর্বে সুরু হইয়াছে;

(খ) এই রাস্তা নির্মাণকার্য্যে আজ পর্য্যন্ত মোট কত ব্যয় হইয়াছে; এবং

Sir, with regard to the other points which have been raised by my friends, I may tell them that while the scope of this Bill is limited the question of giving financial aid to certain types of small industrialists, the question of finding out how to develop industrial potential of this State is a matter which is engaging our earnest attention. I may say at once that I for one would not like that the State Government should invest in any big industry unless that big industry is prepared to help small industries. For example, if I am to develop a cotton mill, I would like to have the cotton mill agree to produce sufficient yarn for my handloom industry. If I have got a steel mill I would like the steel mill to give sufficient pig iron for my foundry works. It is only when I can integrate big industries with small industries that we cannot only secure the quality and quantity of the raw material necessary for the cottage industries but also we can develop the big industry as an aid to the small industries. Personally I am of opinion that the safety of this province lies in our developing small and cottage industries and probably medium-type industries rather than going in for big industries. At any rate, in these matters the profit that one earns, although the profit may not be very big, is a profit which is distributed among a large number people instead of being accumulated in the hands of a few capitalists, and secondly if you have big industry you always run the risk of competing with other production agencies and perhaps also with foreign competition whereas a small and cottage industry would be such as would be utilised and consumed within the country itself which will mean that the production is increased so far as ordinary consumer goods are concerned and to that extent it is helpful in our present economic condition.

Sir, I do suggest that the gentlemen who had commented upon this particular Bill, although their comments are helpful, they do not really apply to the particular Bill that we are now considering.

[4-30 to 4-40 p.m.]

The Hon'ble Jadabendra Nath Panja:

মাননীয় স্পীকারমহোদয়, সৌহার্দপূর্ণ পরিবেশের মধ্যে বিশেষ আগ্রহের সঙ্গে দু'দিন ধরে এই বিলের যে আলোচনা চলেছে সেই আলোচনা আজ

শেষ পর্য্যায় এসে পৌছেছে। এখানে যাঁরা আলোচনা করেছেন তাঁরা সকলেই বলেছেন যে এর দ্বারা স্মল-স্কেল ইণ্ডাষ্ট্রীজএর উন্নতি সাধিত হবে সে বিষয় সন্দেহ নেই। তাছাড়া তিন হাজার টাকার জায়গায় সাত হাজার টাকা করে কিছু সুবিধা দেওয়া হয়েছে। তবে আইন ভাল হইলেই যে ফল সব সময় ভাল হয় তা নয়, এটা কার্যকরী করার উপর নির্ভর করে এর সাফল্য। এই বোর্ড অব ইণ্ডাষ্ট্রীজএর যাঁরা মেম্বার হবেন তাঁরা আশা করেন দরখাস্ত ভাল দরদ দিয়ে বিবেচনা করবেন। টাকা দেবার উপযুক্ত বা অনুপযুক্ত এটা যাতে তাড়াতাড়ি ঠিক করা যায় সেদিকে তাঁরা আশা করি, নজর রাখবেন, কারণ,

"Justice delayed is Justice denied."

তাই আজকে যে নোতুন বোর্ড বসছে সেখানে যেন কুটীরশিল্পের প্রতি দরদের সঙ্গে এটা যেন বিবেচনা করেন। এই বিলে আমি আমার বিল এ্যাক্সেপ্ট করবার জন্যে সকলকে অনুরোধ করি।

The motion of the Hon'ble Jadabendra Nath Panja that the Bengal State-Aid to Industries (Amendment) Bill, 1954, as settled in the Assembly, be passed, was then put and agreed to

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1954.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1954.

(The Secretary then read the short title of the Bill.)

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1954, be taken into consideration.

This amending Bill has been brought in, as the Statement of Objects and Reasons will show, to remove some lacuna in the present Motor Vehicles Act. When the Original Act was passed in 1932 there was levied and realised a tax which was for carrying goods according to the loading capacity, but when the new Amendment Bill was passed in 1951 the original position was changed and motor vehicles were taxed for carrying goods according to the unladen weight, and tractors were included in the category of such vehicles. But now we see that tractors have no laden weight; they were excluded from taxation through oversight. Similarly, trailers were inadvertently omitted from schedule at the time of amending the Bill in 1951. Therefore although an ordinary lorry which carries goods has got to pay a tax, a tractor which pulls a heavy quantity of goods is not liable to tax according to the present Motor Vehicles Act. Similarly, if a car which pays tax has got a trailer attached to it, which carries a large amount of luggage, that is not taxable. Therefore, the present amendment has been brought in, in order to cover these defects that were in the original Act.

Sj. Subodh Choudhury: Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1954, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1954.

মাননীয় স্পীকারমহাশয়, প্রধান মন্ত্রীমহাশয় মোটর ভিকিলস ট্যাক্স এ্যাক্টকে এমেণ্ডমেণ্ট করে ট্রাক্টারএর উপর ট্যাক্স আদায় করার জন্য ক্ষমতা চেয়েছেন। মোটর ভিকিলস ট্যাক্সএর অরিজিনাল আইনে যা আছে এ সম্বন্ধে সুবিবেচনা করে আনা উচিত ছিল এবং স্থানীয় লোক্যাল বডি এবং ডিষ্ট্রীক্ট বোর্ড যে সমস্ত দাবী উত্থাপন করেছে সেগুলিও বিবেচনা করবার পর এটা আনা উচিত ছিল।

আমরা জানি যুদ্ধের আগে মোটর ভিকিলস ট্যাক্স যা ছিল তার চেয়ে কত গুণ বেশী করে দেওয়া হয়েছে। সে সমস্ত রাস্তার উপর দিয়ে মোটর যাতায়াত করে তাদের উপর ট্যাক্স আদায় করা হয় অনেক সময় ডিষ্ট্রিক্ট বোর্ড জানতেও পারে না। যে সমস্ত ডিষ্ট্রীক্ট বোর্ডগুলি কংগ্রেসদের করতলগত তারাই কিছু আদায় করে অন্যেরা কিছুই পায় না। বাকীগুলিকে বলা হয় ষ্টেটই রাস্তার জন্য ব্যয় করছেন,

আমার দ্বিতীয় কথা হচ্ছে আমি কতকগুলি রাস্তার কথা উল্লেখ করবো। বর্দ্ধমান জেলার কয়েকটি রাস্তা ষ্টেট গ্রহণ করেছিল কিন্তু এ পর্য্যন্ত কিছুই করা হয় নাই, এবং এবারের বাজেটেও কিছু স্যাংসান করা উচিত ছিল কিন্তু তা করা হয় নাই। আমাদের ডিষ্ট্রীক্ট বোর্ড যা টাকা পায় তাতে তাদের যে ইউজড রাস্তাগুলি আছে তা মেনটেন করা সম্ভব

[Sj. Subodh Choudhury.]

নয়। যাদের নিজেদের দলীয় লোক থাকেন তারা কিছু কিছু টাকা পায়। আমি একটা উদাহরণ দিয়ে বলছি বর্ধমান ১০ লক্ষ টাকা লোন হিসাবে চেয়েছিল, এবং ১৯৪২ সালে একবার মোটর ভিকিলস ট্যাক্স বাবদ কিছু পেয়েছিল কিন্তু তাদের আর দেওয়া হয় নি। তারা তখন বলেছিল ট্যাক্স বাবদ না দেন এমনি ধার হিসাবে দেন না হলে রাস্তাঘাট সারানো যাবে না। কিন্তু সরকার থেকে কোন কিছুই করা হয় নি। সরকার বলেছেন ডিষ্ট্রীক্ট বোর্ডএর যে আয় তাতেই তাদের চালাতে হবে, তাতে চলুক আর না চলুক সে দিকে সরকার দেখবেন না। আমাদের দাবী হচ্ছে যে সমস্ত রাস্তা দিয়ে মোটর ভিকিলস রান করবে তাদের সেই সমস্ত ট্যাক্স বাবদ টাকা সেই সব জেলাতেই ডিষ্ট্রীবিউট করতে হবে। তাহ'লে লোক্যাল বডির যে সমস্ত দায়িত্ব আছে তারা ফুলফিল করতে পারবে। আর ষ্টেট যে সমস্ত নেবে তার বেভিনিউ ষ্টেটএ দেবে।

আর একটা জিনিষ দেখা যায় ট্যাক্স এত বেশী বেড়ে গেছে যে ছোট ছোট ব্যবসায়ীরা অত্যন্ত ক্ষতিগ্রস্থ হচ্ছে, সে দিকেও সরকারের দৃষ্টি দেওয়া উচিত

Mr. Speaker: There is only one section bringing the trailers and tractors within the purview of the Act. The whole Act is not open to amendment.

Sj. Subodh Choudhury:

হোল এ্যাক্ট সম্বন্ধে বলছি না। আমরা দেখতে পাই যে বিভিন্ন জায়গায় মোটরের শ্রমিকদের মধ্যে ভীষণভাবে আনএমপ্লয়মেণ্ট বেড়ে যাচ্ছে।

Sj. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকারমহাশয়, ডাঃ রায় বলেছেন যে 'ট্রাক ট্রেলার'এর উপর ট্যাক্স বসবে। এমনিতো জানেন আজকে লরী ব্যবসা কি রকম অবস্থায় দাঁড়াচ্ছে। আগে লরী রেখে মাসে হাজার টাকা রোজগার করতো। আর এখন দেখতে পাচ্ছি সেই জায়গায়, জোর মাসে মহাজনদের টাকা দিয়ে মাত্র ১০০ কি ২০০৲ টাকা রোজগার করতে পারে। অনেক সময় মোটর ভিকিলস ট্যাক্স ছাড়া, গাড়ী চলেছে --চুটিয়ে চলেছে। একটা একজাম্পল দেখাচ্ছি, কারও একটা জীপ আছে বৎসরে দুই একবার মাত্র ব্যবহার করেন সেখানে ডাঃ রায় কি করবেন। সেটাকে যদি প্রাইভেট গাড়ী ধরেন তাহ'লে যেহেতু ভাড়া খাটায় না কাজেই ট্যাক্স থেকে রেহাই পেয়ে যাবে। অনেক লোক আছে তারা বছর দুই-একবার গাড়ী ব্যবহার করেন তাদের উপর হেভি ট্যাক্স করলে অন্যায় করা হবে। ডাঃ রায়কে বলছি যারা প্রাইভেট ওনার্স তাদের উপর ট্যাক্স যদি করা হয় তাদের খুব ক্ষতি হবে, অবশ্য যারা ব্যবসা করে তাদের উপর ট্যাক্স ধরলে তাতে কোন ক্ষতি নাই। কারণ তারা অনেক টাকা পেয়েছে বড় বড় লরী ডবল মাল ক্যারী করছে সেখানে ৫ টাকার জায়গায় ১০ টাকা করুন কিন্তু প্রাইভেট ওনারদের উপর এত ট্যাক্স ধরা উচিত হবে না। তাই আপনার মারফৎ এটা বিবেচনা করতে বলছি।

[4-40—4-50 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The gentleman who spoke first probably had not read the booklet that was circulated in which we had set apart a particular amount for bus route roads. The idea is that the increased income that comes from the Motor Vehicles Tax Act which was passed in 1951 should be utilised for developing bus routes. Sir, we realise that if the buses ply on roads which cannot maintain the number of buses running on them, then it is not possible for the owner of the buses or of the trucks to pay the taxes. Therefore, the special provision has been made. Here it is not a question as to what the destination of the additional taxation proposed in this Bill will be. In the original Act of 1932 which was amended in 1951 we moved from the original method of a particular vehicle being taxed in a particular manner; we did it regarding laden-weight; tractors and trailers having no laden weight escaped taxation. With a view to bringing them within the purview of the Act we have proposed this amendment.

The motion of Sj. Subodh Choudhury that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1954, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1954, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

Sj. Jnanendra Kumar Chaudhury: I beg to move that in clause 1(*2*), lines 1 to 3, for the words "such date as the State Government may by notification in the *Official Gazette* appoint" the words "the 1st April, 1954" be substituted.

মাননীয় স্পীকারমহাশয়, আমার এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে যেখানে আছে

"It shall come into force on such date as the State Government may by notification in the Official Gazette appoint".

আমি বলছি যেখানে এই ডেটটা বাড়িয়ে দেওয়া উচিত এবং সেটা

"shall come into force from 1st April 1954."

সে কথাটাই আমি বলছি যে গভর্মেণ্ট সেটা ফিক্স করে দেবেন। সকলেই জানেন ষ্টেট এ্যাকুইজিসন 'বিল'এর বেলায় যেমন হয়েছিল চীফ মিনিষ্টার আমাদের সাজেসন এ্যাক্সেপ্ট করে ১৩৬২ সনের ১লা বৈশাখ ফিক্স করেছিলেন। তাই আমি বলছি যে এটা ১৯৫৪ সালের ফার্ষ্ট এপ্রিলই যেন কার্য্যকরী করা হয়। আর দেরী করা উচিত নয়, যত শীঘ্র আদায় করা যায়, ততই ষ্টেটএর আয় বাড়বে। সেজন্য আমি মনে করি

"date 1st April 1954."

করা হোক।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

স্যার, আমি এটা আপত্তি করি, দু'টো কারণে—প্রথমতঃ ১লা এপ্রিল দিনটা বড় খারাপ। দ্বিতীয়তঃ কোন নির্দ্দিষ্ট দিন, এ বিষয়ে দেওয়া উচিত নয়। কারণ শুধু এখানে নয়, কাউন্সিলেএও পাশ করাতে হবে, সেজন্য ফার্ষ্ট এপ্রিলএ মুস্কিল হতে পারে। তবে আমি এই অঙ্গীকার করছি যতশীঘ্র সম্ভব এটা চালু করতে চেষ্টা করবো।

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 1(*2*) lines 1 to 3, for the words "such date as the State Government may by notification in the *Official Gazette* appoint" the words "the 1st April, 1954" be substituted, was then put and lost.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 4(*a*), in the proviso to the proposed item (*4*), in line 1, after the words "if one" the words "and the same" be inserted.

Sir, I beg to move that in clause 4(*b*), in the proposed item (*3*), in line 1, after the words "other than buses" the words "including jeeps" be inserted.

Sir, I beg to move that in clause 4(*b*), in the proviso to the proposed item (*3*), in line 1, after the words "if one" the words "and the same" be inserted.

Sir, I beg to move that in clause 4(*c*), in the proposed proviso to clause (*f*), in line 1, after the words "if one" the words "and the same" be inserted.

আমার এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে সবটা একই

amendment—clause (*4*) sub-section (*3*)—"buses and vehicles other than buses, if used for a trailor"

সেখানে আমি

"If one and the same trailor"

বসাতে চাইছি।

"motor cars used for drawing trailors in addition to the tax payable——"

সেখানে প্রভিসন আছে

"provided that if one trailer is used with more than one motor car only one tax shall be chargeable under item (*4*) in respect of such trailer for all such cars——"

সেখানে আমি

"one and the same trailor"

করতে বলছি। এ দ্বারা জিনিষটা মোর এক্সপ্লিসিট হবে, আর কিছু নয়। আমি জীপটাও ইনক্লুড করতে চাই,

[Sj. Jnanendra Kumar Chaudhury.]

"other than buses including jeep include"

করতে চাইছি সেজন্য শুধু ওয়ান না করে যদি ওয়ান এণ্ড দি সেম করা হয় তাহলে জিনিষটা ক্লিয়ার হয়—সেটাই আমি বলছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I accept amendments Nos. 3, 5 and 6 with regard to "one and the same" I do not accept amendment No. 4.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 4(*b*), in the proposed item (3), in line 1, after the words "other than buses" the words "including jeeps" be inserted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 4(*a*), in the proviso to the proposed item (*d*), in line 1, after the words "if one" the words "and the same" be inserted, was then put and agreed to.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 4(*b*), in the proviso to the proposed item (3), in line 1, after the words "if one" the words "and the same" be inserted, was then put and agreed to.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 4(*c*), in the proposed proviso to clause (*f*), in the line 1, after the words "if one" the words "and the same" be inserted, was then put and agreed to.

[4-50—5 p.m.]

The question that clause 4 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 5.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Motor Vehicles Tax (Amendment) Bill, 1954, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1954.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1954.

(The Secretary then read the short title of the Bill.)

Sir, I beg to move that Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1954, be taken into consideration.

The reason why this amending Bill is put before the House is that there has been a period of 14 and 30 days which are mentioned in the Act and computed from the order made in the demand. It is not possible to issue the notice of demand on the same day when the order of the demand is passed. The present Bill is to provide that the said period should be computed from the date of service of the notice of the demand instead of the date of the order.

The motion was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Bengal Motor Spirits Sales Taxation (Amendment) Bill, 1954, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1954.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1954.

(The Secretary then read the short title of the Bill.)

Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1954, be taken into consideration.

Sir, there have been some doubts felt with regard to the meaning of certain provisions of the Bengal Sales Tax Act of 1941. Loopholes have also been noticed through which evasions are going on. The present Bill seeks to remove these doubts and try to avoid the loopholes. The removal of doubts will make the working of the Act easier and the stoppage of evasion is expected to secure better revenues and therefore I propose that the measures proposed in the Bill be accepted in the House.

Mr. Speaker: As the amendments for circulation of the Bill are not moved Honourable members can speak now.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় স্পীকারমহাশয়, এবারে গত বাজেট ডিসকাসনের সময় মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয়ের সামনে সেলস ট্যাক্স সম্বন্ধে কতকগুলি কথা পেশ করেছিলাম। আমাদের কতকগুলি সংশয় এবং ভয় এখন আপনার মাধ্যমে জানাচ্ছি। এখানে আমরা দেখতে পাচ্ছি তাঁদের কথা থেকে, যে আদায় কমে গিয়েছে, এবং আদায় করার জন্য সরকার পক্ষ বেশী খরচ করছেন, আমরা সেই কথার উপর আমাদের মধ্যে আলোচনা করেছি এবং ঠিক করেছি এবারে লোকেরা যেন তৈরী হয়ে থাকে যে আদায়ের জন্য জুলুম হবার সম্ভাবনা আছে। লোকে যেন তৈরী হয়ে থাকে, সরকার পক্ষ স্বীকার করেছেন, আদায় কমে গেছে, ব্যবসা কমে গেছে

we have reached the limit.

অথচ তা সত্ত্বেও টাকা আদায়ের জন্য বেশী খরচ করেছেন। এবং আমরা অনুমান করছি নতুন আইনের মধ্য দিয়ে আদায় পুথাটিকে ভাল রকম করে ঢু দেবার ব্যবস্থা হচ্ছে। আমরা ত বলছি, সাধারণ মানুষ শুনতে পায়না। তাদের একটু সাবধান হবার দরকার আছে যে তাদের বিপদ আসছে। আজকে নূতন যে বিল এসেছে তাতে লুপহোল কথাগুলি মিষ্টি, এটা সত্যিকারের বোঝা যায়না। কথাটা এইভাব বল্লে তার ভাব বোঝা যায়, আর কমে গেছে, আদায় বাড়াবার জন্য আমরা চেষ্টা করব, যাতে লোকেরা এড়িয়ে যেতে না পারে, তাতে তাদের বাধা দেবার জন্য আমরা আইন করছি। তাই আমাদেরও দরকার হয়ে পড়েছে সেলস ট্যাক্স ডিপার্টমেণ্ট সম্বন্ধে ভাল করে আলোচনা করবার।

আমরা শুনেছি বাংলাদেশের সরকারের বাজেটের দুইটী বড় স্তম্ভ, একটা হচ্ছে সেলস ট্যাক্স, আর একটা এক্সসাইজ। এই দুটোই বাংলাদেশের সরকারের পক্ষে রাজস্ব আদায় সম্পর্কে খুব মূল্যবান। আমরা জানি সেলস ট্যাক্সের মাধ্যমে সরকারের খুব আদায় হবে; কিন্তু তার রূপ কি? বর্ত্তমানে তার রূপ যেন একটা ধারাল অস্ত্র, সার্জ্জনের হাতে পড়লে সে হয় অপারেসনের ছুরি, আর গুণ্ডার হাতে পড়লে হয় সে বুকে বিঁধবার ছোরা। তাই বলে এটা সত্যিকারের ব্যবহারের দরকার আছে। নতুন আইনে যতগুলি ধারা তৈরী হচ্ছে তা মানুষের দেহে ছুরির মতন অপারেশন করবে কিম্বা ছোরা হয়ে বুকে বিঁধলে সেইটে দেখবার দরকার আছে।

সেলস্ ট্যাক্স ডিপার্টমেণ্টের অর্গানাইজেসনের কথা এর আগে বলেছিলাম। প্রথমেই দেখা যাক, ডিপার্টমেণ্টটা কেমন? ডিপার্টমেণ্টের মাথায় বসে আছেন যিনি তাঁকে আজ বলা হয় কমিশনার; তাঁকে দেখে বাংলা দেশের সাধারণ মানুষের কোন ভরষা পাওয়ার উপায় নাই। জানিনা, তিনি সম্প্রতি বদলি হবেন কিনা, তিনি কুচবিহারের সেই বিখ্যাত রায়সাহেব, যিনি নাকি বাংলা দেশের বিদ্রোহ দমনে বীর সেনাপতি। সেই বীর সেনাপতি সেলস ট্যাক্স ডিপার্টমেণ্টের হেডে বসে থাকতে কার শক্তি হবে বা সাহস হবে সেখানে গিয়ে ভরসা পাবার জন্য দাঁড়াতে। আমরা জানি ঐ ডিপার্টমেণ্টের মাথার দিকে এমন লোক নাই যাদের দেখে ব্যবসায়ীরা ভয় না পেয়ে ভরসা পেতে পারে। তারপর আমরা

[Dr. Narayan Chandra Ray.]

জানি ঐ ডিপার্টমেণ্টে আছেন ৫ জন এসিষ্ট্যাণ্ট কমিশনার। তার মধ্যে ৪ জন আছেন ফাষ্ট আপিল কেস শোনবার জন্য আর একজন আছেন ইনভেষ্টিগেশনের কাজ করবার জন্য। আরো যেসব ছোট ছোট অফিসার ও চাপরাসী দারোয়ান পর্য্যন্ত এরা সকলেই এক এক জন লাটসাহেব। এদের দৃষ্টিভঙ্গী কেমন তা দেখা দরকার। এই ডিপার্টমেণ্টটা কিসের জন্য? ফর কলেকসন—আদায়ের জন্য সুতরাং আপনি যে ভাল করেই করবেন এবং ভাল করে আদায় করে যে সুনাম বজায় রাখবেন তাতে আমরা নিঃসন্দেহ সেখানে মায়া দয়ার কোন প্রশ্নই নাই।

[5 to 5-10 p.m.]

ব্যবসায় থাকলো কি গেলো জানবার কোন দরকার নাই, কোন দূরদৃষ্টির প্রয়োজন নাই আদায় করতে পারলেই সে ভাল অফিসার এবং আদায় ধরে হয়ত খাতা কলমে। আজ এই ডিপার্টমেণ্টের মাধ্যমে সাধারণ মানুষ কি পেয়েছে আগে শুনুন—কি পায়? ভবিষ্যতে নূতন আইন হবার আগে বারবার সেটা বিবেচনা করতে হবে। সাধারণ মানুষের অভিযোগের কোন প্রতিকার না ক'রে এই ডিপার্টমেণ্ট আদায় ছাড়া আর কোন কিছুই করেন নি। আমার এই কথার মানে হচ্ছে, এই ধরুন আদায়: সরকারের সেই খবর পাওয়া উচিত তাঁদের কর্মচারীদের মাধ্যমে, কিন্তু তা ডিপার্টমেণ্ট পাচ্ছে না। এই ধরুণ কোন কোন জায়গায় শিল্প ভেঙ্গে যেতে পারে, ভেঙে যাচ্ছেও, কিন্তু তার খবর সরকারের কাছে যাচ্ছে না। কর্ম্মচারীদের মধ্যে যিনি বেশী আদায় করেন সরকারের চোখে তিনিই ভালো; আদায় কম করা কিংবা মায়া দেখানো ডিপার্টমেণ্টের পক্ষে লজ্জার কারণ। এখানে সাধারণ মানুষ অভিযোগ করে যে তারা ষ্টে পিটিশন ক'রে ফল পায় না, ষ্টে পিটিশন ক'রে অনেক অকেশনে তারা প্রতিকার পায় নি। তারা যদি আপীল করে তা লক্ষ্য করা হয় না। অনেক সময় আপীল করেও এপেলেণ্টরা নিজেদের বক্তব্য শোনাবারও সুযোগ পায় না; সেই সব আপীলের বেশীর ভাগই হয় রিজেক্টেড। এখানে বিশেষ করে অভিযোগ হচ্ছে আমাদের এ্যাসিস্ট্যাণ্ট কমিশনার মিঃ বর্দ্ধন সম্বন্ধে। তাঁর সম্বন্ধে অভিযোগ হচ্ছে যে, তিনি সারা দিনে ৩ টার বেশী কেস করেন না। একটা আপীল নিয়ে ডীল করতেই এক পক্ষ দাবী করে এ্যাডজোর্নমেণ্ট দিন, আরেক পক্ষ এ্যাডজোর্নমেণ্ট দেন; অর্থাৎ গড়ে দৈনিক একটা করে কেস হয়। এ হচ্ছে ডিপার্টমেণ্টের যারা ভুক্তভোগী তাদের অভিযোগ। এ সম্বন্ধে গতবছর আমি বলেছিলাম মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে যে, ডিপার্টমেণ্ট যেটা আমাদের ভালোর জন্যই দেন, সেটার যদি ভালো ব্যবহার না হয় তাহ'লে সেটা আমাদের ভালো না ক'রে সাধারণ মানুষের বিরুদ্ধে যেতে পারে। কেমন করে—এই যেমন সেফ কাস্টোডি ব'লে একটা কথা আছে; সেফ কাস্টোডি ভালো জিনিস, কিন্তু সেখানে এত কর্ম্মচারী থাকা সত্বেও যদি সেখানে থেকে দলিলপত্র চুরি যায় তাহ'লে সেটা যেমন আনসেফ কাস্টোডি হ'য়ে পড়ে তেমনি। সার্ভিস কমিশন হয়ে ওয়ার্কিং আওয়ার্স কমে গিয়ে ৬ ঘণ্টা থেকে ৩ ঘণ্টা হয়েছে, কাজেই রেট অফ ডিস্পোজাল অফ কেসেসও কমে গিয়েছে। কাজেই দেখুন এই রকমভাবে সাধারণ মানুষের কতটা ক্ষতি হয়। তিনি বারোটা সাড়ে বারোটায় এসে বেলা তিনটে-সাড়ে তিনটে পর্য্যন্ত থেকে চলে যান।

এই ডিপার্টমেণ্ট সম্বন্ধে বিশেষ করে অভিযোগ আছে নতুন ডিক্লারেশন ফর্ম নিয়ে। ডিক্লারেশন ফর্ম নেয় সাধারণ মানুষ। আমি একটা ঘটনার কথা বলছি। কমিশনারের কাছে একটা পিটিশন গিয়েছে মিঃ নিতাই সুরেব যে এখানে ডিক্লারেশন ফর্ম নিয়ে তারা গোলমাল করছে। তার এখানে যে টাকাটা ছিল, সেই এরিয়ার কালেকশনের সময় কালেক্টর সাহেবকে কিছু জমি দেওয়াব কথা ছিল। এই কালেক্টরের ডিপার্টমেণ্ট সেলস ট্যাক্স ডিপার্টমেণ্ট থেকে একটু স্বতন্ত্র। সেখানে আদায় করা একটা নিজস্ব পৃথায়, নিজস্ব ভঙ্গীতে হয়। এ সম্বন্ধে সেলস ট্যাক্স ডিপার্টমেণ্টে একবার রেফার করলে আর তাদের হস্তক্ষেপ করার সময় থাকে না। এই রকম নতুন ডিক্লারেশন ফর্ম দেবার সময় দেখাতে হয় যে, আমি পুরনো ডিউজ দিয়ে দিয়েছি, এই জন্য কালেক্টরেট অফিসে বহু ব্যবসায়ীর ডিক্লারেশন ফর্ম আটক পড়ে আছে। নিতাই সুরের একটা দরখাস্ত আমার কাছে রয়েছে।

এখানে একটা ঘটনা—একটা জিনিসের কথা আমি বলছি, সেটা হচ্ছে এই: এই কমিশনার অব এ্যাসিস্ট্যাণ্ট কমিশনারের অফিসে শুধু যে কোন কাজে সাধারণ মানুষের ওপর দরদ দেখানো হয় না তাই নয়, সাধারণ মানুষের সঙ্গে অভদ্র ব্যবহার করতে না পারলে যেন ডিপার্টমেণ্টের গৌরব থাকে না। সেই ইংরেজ আমলের কথা: যে যত সাধারণ মানুষের ওপর অবহেলা দেখাতে পারবে সেই শাসক সম্প্রদায়ের তত উপযুক্ত।

সাধারণ মানুষের আর একটি অভিযোগ সেলস্ ট্যাক্স ডিপার্টমেণ্ট সম্বন্ধে। সাধারণ কারবারী হ'তে ছোট ছোট দোকানদার পর্যন্ত অনেক লোক আছে যাদের অল্প পুঁজি, অল্প আয় হ'লেও ডিপার্টমেণ্টাল অফিসারের চাইতে পদে বড়, মর্য্যাদায় বড়, কিন্তু যাদের সেলস ট্যাক্স অফিসে যেতে হয়। তাদের প্রতি কর্মচারীদের যে ব্যবহার তা থেকেই আমরা বুঝতে পারি সাধারণ মানুষকে তাঁরা মানুষই মনে করেন না।

আমি এখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা কথা বলব। তাঁর একটা কথা আমি বুঝতে পারি নি, সেটা তাঁকে আমি জিজ্ঞেস করব এবং আমার একটা বলা কথা উনি বুঝতে পারেন নি, সেইটি আমি ওঁকে বলব। মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় কুটীর-শিল্প সম্বন্ধে কত কথা শোনালেন। আমি বলব কুটীরশিল্প আজকে ভেঙে যাচ্ছে এবং যতগুলো কারণে ভেঙে যাচ্ছে—যার জন্য সরকার হস্তক্ষেপ করতে পারেন তার মধ্যে সেলস ট্যাক্স একটা। এই সেলস ট্যাক্স কেমন ক'রে একেবারে কুটীর শিল্পের মাথার ওপর পাথরের মত চেপে বসেছে, আমি এই কথা বলার সময় আমাকে মুখ্যমন্ত্রী মহাশয় বললেন কুটীরশিল্প ট্যাক্সের মধ্যে পড়ে না। কিন্তু আগেকার মত কুটীরশিল্প আর এমন নেই যে কোন একটা জিনিস যে গ্রামে তৈরী হয় সেই গ্রামের এবং আশেপাশের লোকই কেবল কেনে। কুটীরশিল্পের আজকে অবস্থা হচ্ছে বহু জায়গায় শিল্পজাত দ্রব্য একত্র হ'য়ে বহু জায়গায় চলে যায়। সুতরাং যারা ডীলার, যারা কুটীরশিল্প-জাত জিনিসপত্র নিয়ে কাজ করে তারা জিনিসপত্রের বেশী টার্ন-ওভার যদি স্টপ্ ক'রে দেয় তখনি কুটীর-শিল্প ট্যাক্সের আওতায় এসে পড়ে এবং একবার এসে পড়লে--আমি কণ্টিনিউড লায়বিলিটির কথা বলছি--একবার ট্যাক্সের লিমিট ক্রস্ ক'রে গেলে অর্থাৎ একবার ট্যাক্সেবল্ হ'য়ে গেলে সেই জিনিস তখন থেকে দু'বছর ট্যাক্সেবল্ থাকে। যেই এক বার ট্যাক্সেবল্ হ'য়ে গেল তখন থেকে সেটা তাদের ওপর আরো দু'বছর রয়ে গেল এই ট্যাক্সেবল্ লায়বিলিটির আওতায়। আমি তাঁকে তাই বলছি যে, যদি আপনারা মনে করেন যেখানে গ্রামে তৈরি করে, গ্রামে বেচে সেখানে এই কুটিরশিল্প ট্যাক্সেবল্ আওতায় আসে না তাহ'লে আপনারা ভুল করবেন। কুটীরশিল্প আজ ব্যাপকভাবে প্রসার লাভ করেছে। বড় বড় ডিলারের মারফৎ সে আজ কম্পিটিশনে নেমেছে,--যদিও আজ হেরে যাচ্ছে; কিন্তু কম্পি-টিশনে নামতে বাধ্য হচ্ছে। বড় ব্যাপারীর মারফৎ বড় ব্যবসায়ীর দ্বারা বড় জায়গায় বড় মার্কেটের সামনে এসে নেমেছে এবং সেখানেও ডীলাররা সেলস ট্যাক্স সম্বন্ধে আপত্তি করছে। এই কারণেই সৌরাষ্ট্রে সেলস ট্যাক্স বাদ দিয়েছি; আনপারাও কুটীর-শিল্প সম্বন্ধে সেলস ট্যাক্স সম্বন্ধে সৌরাষ্ট্রের পথ নিন। আমি বলব কুটীরশিল্পকে যদি বাঁচিয়ে রাখতে চান তবে অন্যান্য শিল্প যে সুযোগ-সুবিধা পেয়ে থাকে কটীরশিল্পেকেও তা দিন।

এ ছাড়াও অন্য অভিযোগ আছে কুটীরশিল্প সম্বন্ধে। অতিরিক্ত ট্যাক্সের চাপে কুটীরশিল্প ধ্বংস হ'য়ে যাচ্ছে। কুটীরশিল্পকে যদি বাঁচাতে পারেন, তাহ'লে আপনার আয় এত বেড়ে যাবে যে, ভবিষ্যতে কুটীরশিল্পকে আপনি ট্যাক্সের হাত থেকে একেবারেই রেহাই দিতে পারবেন।

আমি এখানে আরেকটা শিল্পের কথা বলব। সেটা হচ্ছে ময়রাদের কথা। এই ময়রাদের সম্বন্ধে; আমি কলকাতার যে খবর শুনলাম--স্যার, আমাকে ২ মিনিট এক্সটেনশন্ দেবেন—

[5-10—5-20 p.m.]

ময়রাদের একটা বিশেষ অভিযোগ আছে। ময়রার কলিকাতা সহরে যে বেশী সেলস ট্যাক্স দেয় তা নয়, তবে "সন্দেসের" যারা কারবার করে তারা ২০ পারসেণ্ট দেয়। তারা রেজিষ্টার্ড ডীলার, সুতরাং তাদের একটা সেলস ট্যাক্স দিতেই হয়। কিন্তু, আমি পূর্বের যে কথা বলেছিলাম যে কতকগুলি জায়গা আছে যেখানে সেলস ট্যাক্স দিতে মানুষের গায়ে লাগে। যেমন ধরুন সোস্যাল কাষ্টমস গত মহাযুদ্ধের পরে এবং রেশনিং ও পেট কণ্ট্রোল অর্ডার এর ফলে আমাদের সোস্যাল হ্যাবিট্স্ বদলে গিয়েছে। আগে, আগে, যেমন সন্দেশওয়ালারা বড় বড় কণ্ট্রাক্ট পেত এখন আর তা পায় না। এখন অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে একটা প্লেটে বেগুনি, ফুলরী চানাচুর প্রভৃতি সামান্য কিছু দিয়ে ছেড়ে দেয়। সেদিনও আমরা আমাদের এই এসেম্বলি ভবনে তার নমুনা দেখেছি। এবং এর ফলে আজ সন্দেশ-ওয়ালাদের কারবার চলে যাচ্ছে। আজকে বাংলা দেশে ডোর সেলএ বা বিগ সেলএ ১ আনা, ২ আনা থেকে ৮ আনা পর্য্যন্ত পয়সায় তারা খাবার বিক্রয় করে যাচ্ছে। সুতরাং সেখানে আপনারা অনুধান করতে পারবেন এই কলিকাতা সহরে সন্দেশওয়ালা যারা রেজিষ্টার্ড ডীলার্স তারা সাধারনত এক টাকার সন্দেশ বিক্রয় করে এবং এই এক টাকার উপর কারও কাছ থেকে তারা সেলস ট্যাক্স নিতে পারে না ব্যবসাদাররা সেলস ট্যাক্স নেয় না, তার কারণ, নিতে গেলে, যে সমস্ত পাশের দোকানে সেলস্ ট্যাক্স নেই সেই সমস্ত দোকানে খরিদদাররা চলে যায়। এবং

[Dr. Narayan Chandra Ray.]

এমন অনেক ক্ষেত্রে অনেক সন্দেশওয়ালাদের দেখেছি যারা ১১ হাজার ১২ হাজার টাকার খাবার বিক্রয় করে সেলস ট্যাক্স দিচ্ছে, কিন্তু আমি গ্যারাণ্টী দিয়ে বলতে পারি এর একটি পয়সাও খরিদদাররা দেয়নি। কিন্তু যারা ডোর সেল করছে তারা খরিদদারের কাছে থেকে নিচ্ছে, যেহেতু তাদের লাম্প সেল নয়, সেইজন্য এই সেলসট্যাক্স তাদের নিজেদের লট্ থেকে দিতে হচ্ছে। এবং বিভিন্ন অফিসে আজকাল ক্যান্টীন খোলার ফলে দোকানের বিক্রয় অনেক পরিমাণে কমে গিয়েছে। সুতরাং আমার অনুরোধ মাননীয় মন্ত্রীমহাশয় যেন এগুলি কংক্রীটলি বিশেষভাবে, বিবেচনা করে দেখেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট আর একটা ডেপুটেশন আসবে আমি আশা করি তিনি এ বিষয় পুনরায় বিবেচনা করবেন। আপনার নিকট আর দুটো জিনিষের কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। আমরা দাবী করেছিলাম সাধারণ মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিষ, ঔষধের উপর থেকে সেলস ট্যাক্স তুলে দিতে এবং সাধারণ ছেলেদের লেখাপড়া বইয়ের উপর থেকে সেলস ট্যাক্স তুলে দিতে। এই দুটি জিনিষের উপর থেকে সেলস ট্যাক্স আপনারা অনায়াসে তুলে দিতে পারেন। এতে আদায় বেশী হয় না এবং জনপ্রিয়তাও খুব হয় এবং ঔষধের ব্যাপারে ভেজাল বাড়াবার রাস্তা করে দেন।

সেই জন্য আমি দু'টা সাজেসান দিয়েছিলাম এক হচ্ছে ড্রাগস, অর্থাত যেগুলি ফার্মাকোপিক্যাল ড্রাগস, পেটেণ্ট ঔষধ, এবং এসেনসিয়াল ড্রাগস সেগুলি থেকে সেলস ট্যাক্স তুলে দিন, এবং দ্বিতীয় হচ্ছে ছেলেদের বইয়ের উপর এবং সাধারণ মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিষের উপর থেকে সেলস ট্যাক্স একেবারে তুলে দিন।

এই সেলস ট্যাক্স বিলটা নূতন করে আনুন যাতে আমরা মনে করতে পারি এটা শুধু টাকা আদায়ের জন্য নয়, এতে সাধারণ মানুষের কল্যাণের ইঙ্গিত আছে। নইলে আমরা মনে করবো এটা সাজেজনের হাতের ছুরী নয়, এটা শুণ্ডার হাতের ছোরা বলে মনে করবো।

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, আমি এই বিলের বিরোধিতা করতে উঠিনি। তবে এই বিলের মধ্যে যেসব লুপহোল আছে সেই সম্বন্ধেই বলবো। এখানে যাঁরা বাটার করে ট্যাক্স ফাঁকি দিতেন তাদের সেই বাটারএর উপর ট্যাক্স বসিয়ে ভাল করেছেন। কারণ এই সব বাটারকারীরা কেউ কাপড় নিয়ে কাগজ দিচ্ছে ও কাগজ নিয়ে কাপড় দিচ্ছে, তারপর সেগুলি ট্যাক্স ফাঁকি দিয়ে যদৃচ্ছা বিক্রি করছেন। এইভাবে বড় বড় বার্টারকারীরা প্রচুর ট্যাক্স ফাঁকি দিচ্ছিল, এই বার্টারিকারীদের এই বিলের মধ্যে ইনক্লুড করা হচ্ছে, এটা খুব ভাল করেছেন। কিন্তু এই বিলের মধ্যে যে অসঙ্গতি আছে সেটাই বলবো সেটা হচ্ছে এঁদের দৃষ্টিভঙ্গি। বড়লোকদের উপর এঁরা বড় করুণাপ্রবণ এইজন্য আমি পেনাল্টি কুজএর উপর এমেণ্ডমেণ্ট দিয়েছি। এঁরা বড়লোকদের গায়ে হাত দিতে চান না এবং তা বললেও ভীষণ বিরক্ত হন। সুরজমল নাগরমলের কাছ থেকে তার নায্য ট্যাক্স না দেওয়া যখন সার্টিফিকেট জারী করে ট্যাক্স আদায় করতে গিয়েছিল সেলস ট্যাক্স অফিসাররা, তখন ফাইনান্স সেক্রেটারী বলেছিলেন "how long the officers will take this oppressive attitude."

কি সাংঘাতিক কথা। এতে অফিসাররা বুঝেছেন যে বড়লোকদের গায়ে হাত দেওয়া যাবে না। অথচ সভাপাল মহাশয় আপনি জানেন যে এরা সাধারণ মধ্যবিত্ত বাঙ্গালী ব্যবসায়ীকে উৎপাৎ ও অস্থির করে তুলেছেন। যেমন ধরুন গেঞ্জিওয়ালা, লেবেনচুসওয়ালা, বিস্কুটওয়ালা--এদের এরা কোন মতেই নিষ্কৃতি দেবেন না।

তাছাড়া আর একটি জিনিষ বলেছিলাম যে এই সেলস ট্যাক্স যাতে সোর্স থেকে আদায় করা যায় সে সম্বন্ধে প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু সে সম্বন্ধে তিনি কিছুই করেন নি। সেলস ট্যাক্স সোর্সএ আদায় করলে আয় অনেক বাড়ে এবং কর্মচারীদের ঘুস খাবার সুবিধা কমে। কারণ এখানে দেখতে পাচ্ছি এবং এটা এত সত্য যে আমি যেমন এখানে দাঁড়িয়ে কথা বলছি সেই রকম সত্য, যে যেসব অফিসাররা সেলস ট্যাক্স আদায় করে তারা একেবারে দুর্নীতিতে ডুবে আছে তাদের এ্যাসেট দেখলেই এ কথা বুঝতে পারা যায়, তাদের কটা বাড়ী আছে, তাদের কয়জন আত্মীয়কে বিলাতে রেখেছেন, তাদের আমি নাম করে বলে দিতে পারি, ঘুস না খেলে তাঁদের আয়ে এসব করা অসম্ভব। পেটুয়া উকিল মারফৎ ঘুস খাবার সুন্দর রাস্তা আছে। জলপাইগুড়িতে তাদের এক পেটুয়া উকিলকে সঙ্গে নিয়ে যাবার কথা ইতিপূর্বে এখানে আমি বলেছি। আপনাদের এস, বি, আই, বি, Anti-Corruption Department আছে তারা কেন ধরতে পারেনা তার কারণ হচ্ছে বড়লোকের গায়ে হাত দেবার উপায় নেই। অথচ এদের কাছ থেকে অক্লেশে সেলস ট্যাক্স ১৬ কোটি টাকা পেতে পারেন।

তারপর ম্যানুফ্যাকচারারদের আর কোন ভাবনাই নেই। যারা দরিদ্র, ছোট ছোট ব্যবসা নিয়ে আছে তাদের সেলস ট্যাক্স দিতে হবে কিন্তু যারা ম্যানুফ্যাকচারারস তাদের ট্যাক্স দিতে হবে না। এই সমস্ত বিষয় দৃষ্টি দেওয়া উচিত। পান, নেবু, এই সমস্ত থেকে সেলস ট্যাক্স উঠিয়ে দেওয়া উচিত। মাদ্রাজ থেকে নেবু আসে তাকে ক্রেস ফ্রুটস বলে তার উপর সেলস ট্যাক্স ধরছেন। শিশুদের খাদ্য, বই--এই সব জিনিষের উপর সেলস ট্যাক্স থাকবে কেন? রাষ্ট্রকে যদি ওয়েলফেয়ার ষ্টেট করে তুলতে হয় তাহ'লে এই সব জিনিষের উপর সেলস ট্যাক্স থাকবে কেন? তারচেয়ে বড়লোকদের একটু চেষ্টা করে ধরলেই ১৬ কোটি টাকা পেতে পারেন। ইতি পূর্বের আমি একজন এ্যাসিষ্ট্যাণ্ট কমিশনারএর কথা বলেছি তিনি ২৭ লক্ষ টাকা ওরিয়েণ্টাল পেপার মিলসএর উপর সেলস ট্যাক্স ধরতে গিয়েছিলেন এই হ'ল তার অপরাধ। এই অপরাধে তাকে চাকুরী থেকে তাড়ালেন। তাঁর পিয়ারের লোককে দিয়ে ওরিয়েণ্টাল পেপার মিলস্এর মাত্র ৪৮৭ টাকা সেলস ট্যাক্স ধরলেন। এই পেয়ারে লোকটী আর কেহ নয় আমাদের বিচারক শ্রীশম্ভুনাথ বন্দোপাধ্যায় মহাশয়। তিনি এখন ইনকাম-ট্যাক্স এনকোয়ারী কমিটির সদস্য। যাদের ইনকাম-ট্যাক্স ফাঁকি ধরা পড়েছে, সেই বিরলা বাডীর প্রধান শ্রী জি, ডি, বিরলা বিচারক শ্রী শম্ভুনাথ বানার্জিজ এবং আমাদের প্রধান মন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় গত ২৬শে জানুয়ারী রাইটার্স বিল্ডিংএ এক সাথে ঘরের মধ্যে বসে সলা পরামর্শ করেছেন। একথা আমি দায়িত্ব নিয়ে বলছি। এ কথা সম্পূর্ণ সত্য। প্রধানমন্ত্রীর ক্ষমতা নেই তিনি একথা অস্বীকার করতে পারেন। চোর ও তার বিচারককে নিয়ে প্রধানমন্ত্রী রুদ্ধঘরে সলা পরামর্শ করেন পৃথিবীর কোথাও এরূপ দৃষ্টান্ত মিলে না। একটা ষ্টেটএর প্রধানমন্ত্রী তিনি যার ট্যাক্স ফাঁকি দেয় তাদেরই মধ্যের একজনকে ষ্টেট ফাইনান্স কর্পোরেশনএর আবার প্রেসিডেণ্ট করেছেন। এই মনোভাবের যদি পরিবর্ত্তন না হয়, বড়লোকদের উপর যদি হাত না দেন তাহ'লে দরিদ্রদের কল্যান হতে পারে না। এটাকে যদি ওয়েলফেয়ার ষ্টেট করতে হয় তাহ'লে আপনাদের মনোভাব পরিবর্ত্তন করতে হবে। বার্টারকে এরমধ্যে ঢুকিয়ে দিয়েছেন এটার বিরুদ্ধতা করিনা কিন্তু আপনাদের মূলনীতির যদি পরিবর্ত্তন না হয় বড়লোকদের কাছ হ'তে ন্যায্য ট্যাক্স আদায়ের ব্যবস্থা না করেন, দরিদ্রকে অযথা পীড়নের হাত হতে নিষ্কৃতি না দেন, তাহ'লে ওয়েলফেয়ার ষ্টেট তৈরী হবে না। পেনালটির বেলায় বলেছেন যে যদি ট্যাক্স না দিতে পারে তাহ'লে তার পেনাল্টী হবে যে পরিমাণ ট্যাক্স দেয় সেই পরিমাণে। কার্য্যতঃ এই ট্যাক্স যদি দরিদ্র ব্যবসায়ীরা না দিতে পারে তবে তাদের কাছ থেকে পেনালটি নেওয়া হবে কিন্তু বড়লোকদের কাছ থেকে নেওয়া হবেনা এবং এটা ফ্যাক্ট তাদের উপর পেনালটি কুল্ল কোন দিন এ্যাপ্লাইড হবে না। আপনারা রাগ করলে কি করবো। আমি আপনাকে সবিনয়ে বলছি যে, যেসব অফিসার ট্যাক্স আদায় করতে যাবে তাদের যদি ফাইনান্স সেক্রেটারী বলে যে

"how long the officers will take this oppressive attitude"

তাহলে কি করে বড়লোকদের কাছ থেকে টাকা আদায় করবেন এবং একথা বললে যদি আপনারা রাগ করেন তাহ'লে কি করবো। সভাপাল মহাশয় মন্ত্রীরা ওথ নিয়েছেন সকলকে বড়লোক গরীবলোক নির্বিশেষে, সমান দেখবেন। তাঁরা সে প্রতিজ্ঞা রক্ষা করেন না। আমরা ওথ নিয়েছি আমাদের ডিউটি ফেথফুলী করব। তাই অন্যায় দেখলে আমরা সমালোচনা করি। পেনালটি কুল্ল তাই উঠিয়ে দিতে বলছি। এ কুল্ল কেবল গরীবদের উপর প্রযুক্ত হবে।

[5-20—5-30 p.m.]

প্রধানমন্ত্রীর সঙ্গে কোনো বিবাদ নেই, তিনি কন্‌ষ্টিটিউসনাল হ'ন আমার কিছু বলার থাকে না। আমি ডাঃ বিধান রায়কে শ্রদ্ধা করি, প্রধান মন্ত্রীর কার্যকলাপকে নয়। স্যার আমি যখনই উঠে দাঁড়াই তখুনি তিনি আমার মুখ বন্ধ করার চেষ্টা করেন বা অসত্য বলছি বলে ক্রোধ প্রকাশ করেন কিন্তু আমার একটী কথাও অস্বীকার করতে পারেন না। উনি অন্যায় করেন আমরা সমালোচনা করবো না এ হতে পারে না। তিনি গরীবের দিকে নজর দিন আর এখানে আমার এমেণ্ডমেণ্টগুলি মেনে নিন এই অনুরোধ তাঁকে করছি।

Sj. Subodh Choudhury: Mr. Speaker, Sir, sales tax

নির্দ্ধারন নীতি সম্পর্কে কিছু বলছি। পুরান যে সেলস ট্যাক্স নীতি আছে তার উপরে ভিত্তি করে যে সমস্ত লুপহোলস আছে সেগুলি প্রথমে যদি দেখা যায় তাহ'লে অনেক কিছু পরিষ্কার হয়ে যায়। এই যে বিলটায় সেলস ট্যাক্সএর টাকা যাকে বিক্রয়কর বলা হয়, কিন্তু যারা কেনে পার্চেজার্স তাদের জন্য ওখানে সিডিউলএ যে সমস্ত জিনিষ সেলস ট্যাক্সএর মধ্যে পড়ে অর্থাৎ ৪২ নম্বর যে সিডিউল করছেন তার মধ্যে অধিকাংশ দ্রব্য মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিষের মধ্যে পড়ে। সেদিন আবার প্রধানমন্ত্রী বলেছেন খাবারের উপর হয় না। অথচ বিস্কিটের

[Sj. Subodh Choudhury.]

উপরে তাঁরা ট্যাক্স আরোপ করেছেন। এই যে মফঃস্বল সদরে যে সমস্ত খাবারের দোকান আছে তাদের ১০ হাজারের উপরে বিক্রয় হলে সেলস ট্যাক্স ধার্য্য করা হবে বলা হয়েছে। কিন্তু মফঃস্বলের প্রায় কোনো দোকানেই ১০ হাজারের মত সেল হয়না। কাজেই যে সমস্ত অফিসার এবং ইন্সপেক্টরস রয়েছে তারা খেয়াল খুসীমত ট্যাক্স ধার্য্য করে আসেন। আপীল করবার একটা ব্যবস্থা আছে বটে, কিন্তু সেখানকার রায় বেরুতে বহু সময় লেগে যায়। সেই আপীল হ'তে পরে যে সেলস ট্যাক্স হবে, সেই টাকাটা প্রত্যেকটা বছরে জমা দিতে হবে, না দিলে তার দোকান বন্ধ হয়ে যাবে যার ফলে ছোট খাট দোকানদার ব্যবসা করতে পারছে না। এর একটা প্রতিকার দরকার। আইনের একটা ধারায় আছে সাবডিভিসনাল ট্রেজারীতে সেলস ট্যাক্স জমা দিতে পারে। প্রথমে তাদের যে সমস্ত খাতাপত্র আছে তা জমা দিতে হয়, কিন্তু ওখানকার অফিসার তদন্ত করতে যান তা সত্বেও দোকানদারদের হুকুম করে আসেন তোমাদের খাতা নিয়ে যেও। ৩।৪ দিন খাতা বগলে করে তারা হাজিরা দেয়, কখন অফিসারএর সময় হবে খাতা দেখবার বলা শক্ত। অবশ্য এ প্রক্রিয়ায় তাদের কিছু হয়। তাই বলছি নিয়ম তো আছে কিন্তু তা প্রতিপালিত হয়না। গরীব ব্যবসাদারদের উপর জুলুম করে ট্যাক্স বসান হচ্ছে। আমার বক্তব্য সরকারের বিবেচনা করা উচিৎ যে সেলস ট্যাক্সএ যে সিডিউল তাঁরা করেছেন, আমার মনে হয় অনেক ক্ষেত্রে এই ট্যাক্স বন্ধ করা উচিত। কতকগুলি লাক্সুরিয়াস জিনিষের উপর থাকা উচিত। অধীকাংশ নিত্যপ্রয়োজনীয় জিনিষের উপর ট্যাক্স রয়েছে এটা পরিবর্ত্তন করা দরকার। লাক্সুরিয়াস গুডস্এ যদি এ্যাট দি সোর্স ট্যাক্স ধার্য্য করেন তাহ'লে, এবং অতিরিক্ত প্রফিটএর উপর কর ধার্য্য করলে প্রচুর টাকা সরকার পেতে পারেন। এবং তাতে সেলস ট্যাক্স আইনের সুবিধা যারা নিচ্ছে তারা তা নিতে পারবে না। যেমন আইনে আছে রেজিষ্ট্রার্ড ডীলার্স তাদের সেলস ট্যাক্স দিতে হয় আনরেজিষ্টার্ড ডীলারদের সেলস ট্যাক্স দিতে হয় না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কে বলুন?

Sj. Subodh Choudhury:

যাদের ১০ হাজার টাকার উপর সেল তাদের ট্যাক্স লাগে, যাদের তার চেয়ে কম তাদের দিতে হয় না। অনেক ছোটখাট ব্যবসাদাররা বাজার থেকে জিনিষ কিনে নিয়ে যায়। তার খবর রাখেন না। কমিশন ভিত্তিতে কাজ করছে এ খবর আপনাদের বোধ হয় জানা নেই। বিভিন্ন ক্ষেত্রে যার ফলে এদের জন্যে রেজিষ্টার্ড ডীলারদের ক্ষতি হয়, তাদের আবার কর্ম্মচারী রাখতে হয়, যা লাভ হয় খরচ খরচা দিয়ে কিছু থাকে না। যদি তারা প্রোডাক্সনএ ট্যাক্স ধার্য করেন তাহ'লে নিশ্চয়ই এই সমস্ত ফিক্টিসাস কম্পানী যা আছে সেলস ট্যাক্স তারা ফাঁকি দিতে পারবে না। অনেক কম্পানী সেলস ট্যাক্স ফাঁকি দেবার জন্যে রেজিষ্টার্ড হয়ত হ'লেন, কিন্তু ১।১½ বছরের এ্যাকাউণ্টসও দিলে, তারপরে ট্যাক্স রিয়েলাইজেসনএর সময় তাদের কম্পানী লালবাতি জলছে। আর পাত্তা পাওয়া যায় না। কিন্তু প্রোডাক্সনএ ট্যাক্স থাকলে এ রকম হ'তে পারে না। আর একটি কথা যেখান থেকে সেলস ট্যাক্স যে পরিমান রিয়েলাইজড্ হয় তার সার্টেন পোর্সেন সেই জেলার খরচের জন্যে দেওয়া উচিত। সিমিলারলি এগ্রিকালচারাল ট্যাক্স যা আদায় হয় তার সার্টেন পোর্শন সেই স্থানে দেওয়ার জন্যে আমি সরকারকে অনুরোধ করি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not want to speak now. I will speak on the amendments.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Bengal Fiance (Sales Tax) (Amendment) Bill, 1954, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 3(*a*), in the proposed sub-section (*4a*) of section 7 of the Act, lines 1 and 2, for the words "may, for good or sufficient reasons," the word "shall" be substituted.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 3(*a*), in the

proposed sub-section (*4a*) of section 7 of the Act, line 2, after the word "reasons" the words " to be recorded in writing" be inserted.

Sir, I also beg to move that in clause 3(*a*), in the proposed sub-section (*4a*) of section 7 of the Act, line 4, after the word "security" the words "not exceeding rupees five hundred for three months" be inserted.

I further beg to move that in clause 3(*a*), to the proposed sub-section (*4a*) of section 7 of the Act, the following proviso be added, namely:—

"Provided that the application for registration is granted within one month from the date of application"

[5-30—5-40 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, কুজ তিন'এতে "আফটার সেক্সসন ৪," একটা নূতন "সাব-সেকসন সেল বি ইনসারটেড," তাতে বলা হয়েছে—

"The Commissioner may, for good or sufficient reasons, demand from a registered dealer or from a person who has applied for registration under this Act, reasonable security".

এই বিল খানা প্রসঙ্গে সরকার বলেছেন কতকগুলি ক্ষেত্রে ট্যাক্স আদায় হয়না, ট্যাক্স ফাঁকি দেওয়া হয়, সেই ট্যাক্স ইভেসন বন্ধ করবার জন্যই এই বিল আনা হয়েছে। এই এ্যামেণ্ডিং বিল উপলক্ষে সরকার বোলতে চাচ্ছেন যে, কোন কোন ডীলার সেলস ট্যাক্স ফাঁকি দিয়ে কারবার গুটিয়ে দেয় নাম বদলে দেয়। সেটা বন্ধ করবার জন্যই এই ব্যবস্থা করা হয়েছে। তাই যদি করা হয় তাহলে এ রকম কমিশনার'এর ডিসক্রিশন'এর উপর ছেড়ে দেওয়ার অর্থ বুঝিনা। আগেকার আইনে ট্যাক্স ইভেশিন এর সুযোগ সুবিধা ছিল, তাই যদি হয়, তবে এমন একটা আইন করা উচিত যাতে কেউ আর ফাঁকি না দিতে পারে। যদি সিকিউরিটি দেওয়া হয় তাহলে সেলস ট্যাক্স ফাঁকি দেবার চান্স কম হবে। যদি তাই হয় তাহলে আমি বলছি "Commissioner may"র জায়গায় "Commissioner shall demand from the registered dealer reasonable security."

অর্থাৎ এই সিকিউরিটি কম্পালসারী হবে ফর অল ডীলারস যারা রেজিষ্ট্রার্ড হবে। কিন্তু যদি কমিশনারদের ডিসক্রিশনএর উপর ছেড়ে দেওয়া হয় সিকিউরিটি নেওয়া হবে কি না হবে তাহলে করাপসন হবার সম্ভাবনা রয়েছে ডীলারসরা যাতে ট্যাক্স ফাঁকি দিতে না পারে তারই চেষ্টা করা উচিত সেটা ভাল। কিন্তু অপর দিকে দেখা যাচ্ছে সেলস ট্যাক্স ব্যাপারে সরকারী কর্মচারীদের করাপসন বন্ধ করবার কোন প্রচেষ্টা এই আইনের মধ্যে নাই। এইভাবে কমিশনারদের ডিসক্রিশনএর উপরে ছেড়ে দিলে কর্মচারীদের মধ্যে করাপসন হতে পারে। যাতে করাপসন ব্রাইবারীর পথও সঙ্গে সঙ্গে রুদ্ধ হয় তাই করা উচিত। নইলে কতকগুলি ডীলার্স কমিশনারএর পছন্দ মত ডীলার্স সুযোগ সুবিধা পাবে অন্যেরা পাবে না—সেজন্য করাপসন বন্ধ করবার জন্য কমিশনারএর ডিসক্রিশনএর উপর না ছেড়ে সিকিউরিটি কম্পালসারী করা হোক এই আমার বক্তব্য এবং সেজন্য বলেছি "may for good or sufficient reason"এর জায়গায় "shall, etc.," insert করা হোক এবং সিকিউরিটি "obligatory" করা হোক। আশাকরি এটা সরকার গ্রহণ করবেন।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে বলছি রিজনস্ টু বি রেকর্ডেড ইন রাইটিং এটা ইনসার্ট করতে বলা হয়েছে আর এক বন্ধু মিঃ বেরা যেটা বলে গেছেন সেটা হচ্ছে কমিশনারএর পাওয়ার যদি এভাবে ওয়াইড করে ছেড়ে দেওয়া হয় তাদের ডিসক্রিশনএর উপর এবং সেই ক্ষমতার একটা লিমিট না রাখা হয় তাহলে ক্ষতি হতে পারে। সেখানে আমাদের সাজেসন হচ্ছে যে সিকিউরিটি সেটা ৫০০ টাকা করা হোক। আর একটা বলেছেন রেজিষ্ট্রার্ড ডীলার্সদের সম্বন্ধে এণ্ড ফর দ্যাট মন্থসএর জায়গায় ১ মাস করা হোক রেজিষ্ট্রার্ড ডীলার্স যারা দরখাস্ত করবে তাদের যেন ১ মাসের মধ্যে দেওয়া হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I oppose the amendments. In the first place, the amendment of Sj. Sasabindu Bera refers to the language of clause 3, sub-section (*4a*)—he says, "The Commissioner shall for good or sufficient reason demand from a registered dealer". It means that a registered dealer who has been doing good work, for instance, the Bengal Chemicals, the Commissioner shall demand from such a person a reasonable security. That is not desirable or proper. There are good

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

dealers and there are bad dealers. It is only when the dealer is a bad dealer that we shall consider it necessary to ask for a certain amount of security. Sir, the Commissioner is a highly paid officer. Either you depend on his judgment or you do not depend on his judgment. Since you have got to depend on his judgment you have to give him a certain amount of latitude with regard to the cases where such security should be asked for.

As regards the amendments relating to "not exceeding Rs. 500" and "reasons to be recorded in writing", I do not think there is anything in them, because the Commissioner when he issues an order for a security has to put in reasons in writing. I do not think that by word of mouth such action can be taken.

Sir, with regard to the figure Rs. 500, the words "reasonable security" have been put down for a very good reason because the word "reasonable" means if it is a very big show—a concern which is concerned with Rs. 1 or two or five lakhs worth of goods—the reasonable security of Rs. 500 is no good; therefore, we cannot limit the figure by the words rupees five hundred. It only shows that we do not want to give to the Commissioner, who is after all the pivot of the whole tax structure, any freedom to act in the best judgment of the case.

With regard to registration being granted within one month from the date of application, I do not know whether one month will be satisfactory. But I can tell my friends that we can introduce it by way of rules that registration should be done within one month from the date of application or six weeks, whatever is reasonable. I do not think it is necessary to be embodied in the Act.

The motion of Sj. Sasabindu Bera that in clause 3(*a*), in the proposed sub-section (*4a*) of section 7 of the Act, lines 1 and 2, for the words "may, for good or sufficient reasons," the word "shall" be substituted, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that in clause 3(*a*), in the proposed sub-section (*4a*) of section 7 of the Act, line 2, after the word "reasons" the words "to be recorded in writing" be inserted, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that in clause 3(*a*), to the proposed sub-section (*4a*) of section 7 of the Act, line 4, after the word "security" the words "not exceeding rupees five hundred for three months" be inserted, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that in clause 3(*a*), to the proposed sub-section (*4a*) of section 7 of the Act, the following proviso be added, namely:—

> "Provided that the application for registration is granted within one month from the date of application."

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in clause 4(*b*), in proposed sub-section (*4a*) of section 11—

(1) in line 2, after the words "under this Act" the words "after the assessment of such tax has been made and the date for the payment thereof has expired" be inserted;

(2) in line 4, after the words "the amount of arrears" the words "of such tax" be inserted.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that in clause 4(*b*) in the proposed sub-section (*4a*), lines 4 to 5, for the words "a sum not exceeding that amount" the words "a sum not exceeding half that amount" be substituted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 4(*b*), in the proposed sub-section (*4a*) of section 11 of the Act, lines 3 to 6, for the words beginning with "may in his discretion" and ending with "by way of penalty" the words "shall direct that in addition to the amount of arrears, a sum equal to 10 per cent. of the arrear for each month of default, shall be recovered from the dealer by way of penalty" be substituted.

Sj. Haripada Chatterjee: Sir, I beg to move that in clause 4(*b*), in the proposed sub-section (*4a*), line 5, for the words "that amount" the words "rupee one" be substituted.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 4(*b*), to the proposed sub-section (*4a*) of section 11 of the Act, the following proviso be added, namely :—

> "Provided that no penalty under this section shall be imposed till the disposal of pending appeal, if any."

Sir, I also beg to move that in clause 4(*b*), to the proposed sub-section (*4a*) of section 11 of the Act, the following further proviso be added, namely:—

> "Provided further that sufficient notice of the intention of imposition of penalty under this section shall be given to the dealer in default."

স্যার, এখানে আমি বলেছি যা এর আগেও বলেছি যে আপীল করার পরে সেই আপীলএর শুনানী একটা বিরাট ব্যাপার। আপীল করলে ২।৩ বছরেও ডিস্পোজাল হয় না। এটা আশা করি সকলেই রিয়ালাইজ করবেন যে গরীব, মধ্যবিত্ত ব্যবসায়ীর ব্যাপার যদি এভাবে পেণ্ডিং রাখা হয় তাহ'লে তার ব্যবসা গুটিয়ে ফেলতে হবে।

[5-40—6-5 p.m.]

তাই আমার এখানে সাজেসন এই যে,

"no penalty under this section shall be imposed till the disposal of the pending appeal."এর উদ্দেশ্য হচ্ছে সেই লোকটার উপর যাতে চাপ না পড়ে। আর

"sufficient notice of the intention of imposition of penalty under this section shall be given to the dealer in default."

এটা আপনাদের কাছে নিশ্চয় তার অধিকার আছে রেকর্ড ইন রাইটিং তার দাবী করার যদি অধিকার না থাকে তাহলেও ইম্পোজিসন অব পেনালটির নোটিশ পাওয়ার তার অধিকার আছে। এই দু'টো বললাম।

Sj. Haripada Chatterjee:

আমি বেশী কিছু বলব না। যা বলবার পূর্বেই বলেছি। আমার একটা কথা হচ্ছে বড়লোকদের উপর যেন পক্ষপাতিত্ব করা না হয়। যদি সার্টিফিকেট করে পেনালটি আদায় করতে হয় করুন, গরীবদের উপর আর বেশী আদায় করার দরকার নাই। যারা ট্যাক্স না দিতে পারে সেই ট্যাক্সটাই আদায় করা উচিত, আবার ক্ষতিপূরণ কেন? এবং যদি করতেই হয় তাহ'লে আমার বক্তব্য হচ্ছে— a sum not exceeding Re. 1. গরীবের উপর আর বেশী কিছু করবেন না।

Sj. Sasabindu Bera:

অরিজিন্যাল বিলএ ট্যাক্স ডিফল্টার যারা তাদের পেনালটির জন্য একটা নূতন কুজ ইন্সার্ট করা হয়েছে।

"Where a dealer is in default in making payment of tax payable under this Act, the Commissioner may in his discretion direct that in addition to the amount of arrears, a sum not exceeding that amount shall be recovered from the dealer by way of penalty."

সেখানে এই যে ডিস্ক্রিশনারী পাওয়ার সেই ডিসক্রিশনারী পাওয়ার রিমুভ করবার জন্য আমার এ্যামেণ্ডমেণ্ট এই বিলে যে আছে—

"a sum not exceeding that amount."

[Sj. Sasabindu Bera.]

এখানে এই "সামটা ফিক্স" করে দিতে চাই। আমি বলতে চাইছি এইভাবে,

"The Commissioner shall direct that in addition to the amount of arrears, a sum equal to 10 per cent. of the arrear for each month of default, shall be recovered from the dealer by way of penalty' be substituted."

আমার বক্তব্য আর কিছুই নয়। প্রথমে আছে,

"Commissioner may in his direction"

এ একটা ডিস্ক্রিশনারী পাওয়ার again

"a sum not exceeding the amount"

একটা পেনালিটি ফিক্স করা হবে সেখানে, স্যার, এও একটা ডিস্ক্রিশন। অফিসারদের হাতে যদি এই ভাবে ডিস্ক্রিশন এক্সারসাইজ করবার ক্ষমতা দেওয়া থাকে তাতে করাপশন বাড়ে। কিন্তু সেগুলি যতখানি সংযত করা যায় তত ভাল হয় অন্ততঃ আইনের দিক থেকে। তাই এ সম্বন্ধে আমার এমেণ্ডমেণ্ট। Let there be always a penalty for an arrear.

পেনালিটিএর এ্যামাউণ্ট সেখানে যেটা গভর্ণমেণ্ট করতে চাইছেন তার পরিবর্ত্তে আমার কথা

5 per cent. of the arrear for each month of default

কোন ডিসক্রিশন নয় যে

he shall pay that amount in default of payment.

আশা করি এটা যেন কন্সিডার্ড হয়।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার, স্যার, আমি বলছি যত টাকা ট্যাক্স ধার্য্য হয়েছে তার অর্দ্ধেক- পেনালটি হওয়া উচিত, কেননা দেশে যত দোকানদার আছে তার ভিতর বেশীর ভাগই গরীব। তাদের যদি আবার পেনালটি দিতে হয় তাহ'লে প্রত্যেক দোকানদারকেই দিতে হবে। দশ হাজার টাকা বিক্রয় হতে পারে সেই অনুপাতে যদি রেজিষ্ট্রী করতে হয়, তাহ'লে রেজিষ্ট্রী যারা আগে ক'রে বসে আছে তাদের প্রত্যেককেই দিতে হবে। অনেক দোকানদার আছে তারা নিজেরাও লেখাপড়া জানে না, তাদের কর্মচারীরাও জানে না। হঠাৎ তাদের উপর গিয়ে অফিসার যদি বসেন, ইন্স্পেকশন করতে দিতে হবে, এবং তাদের উপর চাপ দেবার জন্য যদি ধরে বসেন ৫ হাজার ট্যাক্স তাহ'লে ছোট ছোট দোকান সমস্তই নষ্ট হয়ে যাবে, সেই জন্য বলি বাদ দিলেই ভাল হয়, কিন্তু সরকার যখন বাদ দেবেন না তখন অন্ততঃ পেনালটি অর্দ্ধেক করা উচিত, এইটে আবার বক্তব্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I may explain to Dr. Narayan Chandra Ray about his difficulties with regard to the penalty clause. The scheme is that an assessment is made, the man is asked to pay within a certain date and he may file an appeal before the last date. Therefore, the question of penalty, as it is put down in this section, is after the last date for payment is gone. Therefore, the penalty question comes in only when the appeal either has been finished or he has not appealed at all. It is only then that penalty comes in. Therefore, Dr Narayan Ray's suggestion that no penalty shall be imposed till the disposal of pending appeal cannot be accepted. The time for imposing penalty will be after the last date is over. When the appeal is pending—supposing by any chance, by any mistake, some officer puts in a penalty or imposes a penalty, then the appellate officer is seised of the case and he stays the order for payment not only of the tax till the appeal is heard but also of the penalty, if there is any. But ordinarily penalties cannot be imposed until the appeal has been finished.

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, অন্যান্য মন্ত্রীমহাশয়গণ যখনই কোন আইন বা বিল আনেন তার মধ্যে কোন কোন জিনিষ ভাল দেখতে পাই এবং বিশেষ আপত্তি না করে কম্প্রোমাইজএর মনোভাব নিয়ে অগ্রসর হই। কিন্তু আমাদের মাননীয় মন্ত্রী জালান সাহেব যখনই কোন বিল আনেন তখন খুবই জ্বালাতন হতে হয়। এর পূর্ব্বে তিনি গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাবার চেষ্টা করেছিলেন, তারপরে গঙ্গাসাগর মেলায় যাত্রীদের উপর ট্যাক্স বসান, এবারেও একটি সেই ধরণের বিল মিউনিসিপ্যালিটির উপর এনেছেন এবং এদ্বারা জনসাধারণকে জ্বালাবার ব্যবস্থা করছেন। তাই আমি অনুরোধ করছি এভাবে জ্বালাবার ব্যবস্থা না করে একটি কম্প্রোমাইজএর মনোভাব গ্রহণ করুন। আমার প্রথম আপত্তি হচ্ছে আত্মসম্মানসম্পন্ন কোন নাগরিক বা লোক এই আইন পাশ হবার পর মিউনিসিপ্যালিটির কমিশনার বা চেয়ারম্যান নির্ব্বাচিত হতে চাইবেন না। তাদের সম্মানের উপর, তাদের বুদ্ধিমত্তার উপরে এই বিলের দ্বারা কটাক্ষপাত করা হয়েছে। চীফ মিনিষ্টার মহাশয় অনেক সময় বলে থাকেন—

"People have elected us; we have a right to do whatever we like and that is what people want."

সেখানে যদি এই মনোভাব হয় তাহ'লে এই মিউনিসিপ্যালিটিতে যাঁরা নির্ব্বাচিত হয়ে এসেছেন কমিশনার এবং চেয়ারম্যান হয়েছেন সেখানে সেটা কেন কার্য্যকরী হবে না, সুতরাং দেখা যাচ্ছে যে এখানে সেই ডেমোক্র্যাসি কবরস্থ হচ্ছে।

তারপর সর্ব্বনাশা ব্যাপার হচ্ছে এক্সিকিউটিভ অফিসারএর এপয়েণ্টমেণ্টএর বেলায়। এর পেছনে কোন নীতি, কোন্ লজিক এর পেছনে রয়েছে?

বলতে পারেন নিজের লোক তাই ট্যাক্স আদায় হয় না সেজন্যই এই এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত করা হচ্ছে, যাতে এই ট্যাক্স আদায় করা যায়। মিউনিসিপ্যালিটির এখন যা অবস্থা তাতে তাদের কাজ চালান কষ্টকর। অনেক সময় টাকার অভাবে বেতন দিতে পারে না। যদি বুঝতাম যে কালেক্শন হয় না এবং মিউনিসিপ্যালিটি ইম্প্রুভমেণ্টএর জন্য তারা চাইছে এক্সিকিউটিভ অফিসার একজন নিয়োগ করা হোক, তাহ'লে কথা ছিল না। কিন্তু যা করছেন তাতে এক্সিকিউটিভ অফিসার গভর্ণমেণ্ট মিউনিসিপ্যালিটির উপর চাপিয়ে দিচ্ছেন এবং তার মাইনেও সেই মিউনিসিপ্যালিটি থেকে আদায় করবার ব্যবস্থা করছেন।

"He shall be paid out of the Municipal Fund."

একেইতো টাকা নাই তারপরে এই মিউনিসিপ্যাল ফাণ্ড থেকেই টাকা দিতেই হবে এবং তার বেতন ও এ্যালাউয়েন্স ইত্যাদি নির্দ্ধারণ করবেন সরকার। এই এক্সিকিউটিভ অফিসারএর নিয়োগ যখন মিউনিসিপ্যালিটির আবেদনে হচ্ছে না, সরকারের প্রয়োজনে হচ্ছে তখন তার বেতন সরকারেরই দেওয়া উচিত।

দ্বিতীয় কথা হচ্ছে, অডিটর সম্বন্ধে এমন ব্যবস্থা করা হয়েছে যেন মাথা কেটে নেবার ব্যবস্থা হয়েছে। কোথাও এমনটি দেখা যায়না যে কোন অডিটর প্রসিকিউট করতে পারবে, সার্টিফিকেট দিতে পারবে এবং যদি কোন সাব কমিটিতে যে সমস্ত মেম্বার আছে তারা যদি কোন রিজোলিউসন করে তার উপর হস্তক্ষেপ করতে পারবে। এটা অত্যন্ত খারাপ। হিসাবের গোলমাল নানাভাবেই তো হতে পারে। কালকে যেমন দেখলাম আমাদের অজয়বাবু বল্লেন পুল তৈরী ব্যাপারে ২৭ হাজার টাকা জায়গায় ৯৯,৭১৯ টাকা লেগেছে কারণ মাটি ফেটেছে। সেজন্য দায়ী কে? কই সেজন্যতো মন্ত্রীমহাশয়কে বা কোন কর্ম্মচারীকে বদলি করা হচ্ছে না। আর কমিশনার অব মিউনিসিপ্যালিটির যত দোষ। এ সব ব্যাপার যা ঘটুক তার জন্য যদি কমিশনারকে দায়ী হতে হয় তাহ'লে কোন মুখে যাদের সেলফ-রেস্পেক্ট আছে তারা কমিশনার হতে যাবে?

[6-25—6-35 p.m.]

সুতরাং সেখানে দেখছি যে এখন সহরাঞ্চলেই মিউনিসিপ্যালিটি গঠিত হয়, আর এই আর্বান এরিয়াতেই যত সব মিউনিসিপ্যালিটি তার শতকরা ৯৯টা কংগ্রেসের অধিকার বহির্ভূত। সেইজন্য সেখানে তাদের অধিকার সঙ্কুচিত করবার জন্য তাদের সুপারসীড না কোরে সরকারী রাজকোষের একটি পয়সাও খরচ না কোরে নিজেদের দলের মিউনিসিপ্যাল ফাণ্ডের উপর কর্তৃত্ব অব্যাহত রাখার জন্য ব্যবস্থা হয়েছে। সেই জন্য এই সংশোধিত আইনের এই ধারার তীব্র বিরোধিতা করছি। এটা অত্যন্ত ক্ষতিকর।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সুপারসীড করলে অনেক টাকা বেশী লাগে—

Sj. Rakhahari Chatterjee:

সেই জন্য তা করছেন না। রিভিউএর ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় যা করছেন তা এক, আর যা বলেছেন তা আর এক। যে ওয়ার্ডের যে কমিশনার; তিনি সেই ওয়ার্ডের রিভিউ কমিটির মেম্বার হতে পারবেন না; অন্যক্ষেত্রে হবেন। যে যার ভোটে এসেছে সে তার স্বার্থ দেখতে পারবে না।

আর ট্যাক্স যে আদায় হয় না তার মূল কারণ কি দেখতে হয়। একদল লোক আছে তারা ট্যাক্স দেয় লজ্জার খাতিরে। না দিলে বিপদ আছে, অসম্মান হবে, ইত্যাদি ভেবে; আর অনেক লোক আর্থিক অসঙ্গতির জন্য দিতে পারে না। আবার এক শ্রেণীর লোক আছে তারা ট্যাক্স দিয়ে মিউনিসিপ্যালিটি থেকে যে এমেনিটিজ পাওয়া উচিত তা পায়না। তারা বলে ট্যাক্স আমাদের কাছ থেকে নিচ্ছে, কিন্তু পাইখানা সাফ হয় না, ময়লা পরিষ্কার হয় না; কাজেই তাদের কাছে আদায় হয় না, রিবেট্ দিলেও হবে না, রিবেট দিলেই যে ট্যাক্স দেবে তা দেয় না; তার মধ্যে খুব কম লোক দেবার চেষ্টা করবে, কিন্তু অধিকাংশ লোক দিতে পারবে না অসঙ্গতির জন্য। তারা জানে এর ফলে তাদের উপর ইণ্টারেষ্ট চার্জ হবে, আবার হয় ত সার্টিফিকেট জারী হ'লে গোলমাল হবে, তার ফলে সমগ্র মিউনিসিপ্যাল এরিয়ায় অরাজকতার সৃষ্টি হবে। এর চেয়ে লোককে, জনসাধারণকে, কর্মের দ্বারা প্রভাবিত করতে হবে; তারা যেন ইন্সিটাস্ পায়, তারা যেন চোখের সামনে দেখতে পায় এবং ভাবতে পারে যে আমরা এই মিউনিসিপ্যালিটি থেকে এই এড্ভানটেজ পাই, আমরা প্রত্যেকে নাগরিক সিটিজেন, আমরা ট্যাক্স না দিলে সে সুযোগ-সুবিধা পাব না, তখন দেখবেন ট্যাক্স না দিয়ে তারা পারবে না। সরকার থেকে চাপ না দিয়ে, তাদের উপর দায়িত্ব দিলে ভাল ফল হবে।

Sj. Jatish Chosh:

স্যার, মিউনিসিপ্যাল আইনের (এ্যামেণ্ডমেণ্ট) সংশোধনী বিলের পক্ষে মন্ত্রীমহাশয় যা বলেছেন শুনে এবং অবজেক্ট এণ্ড রিজন্স পড়ে কথামালার একটা গল্প মনে পড়ছে সেটা হচ্ছে দুরাত্মার ছলের অভাব হয় না। মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় এই

[Sj. Jatish Ghosh.]

লে এ্যাসপার্সন করেছেন। (ইলেক্টেড) নির্ব্বাচিত কমি-নারদের উপর যে তাঁরা আণ্ডারভ্যালুয়েসন করেন, ট্যাক্স ম আদায় করেন অর্থাৎ ট্যাক্স আদায় করতে গিয়ে াক্সদাতাদের অসন্তোষভাজণ হতে চান না ভবিষ্যতে ভাটের আশায়। স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় াজেও নিশ্চয়ই জনসাধারণের ভোটে নির্ব্বাচিত য়েই গদীতে বসেছেন, তিনিও কি তাহা হ'লে রূপ কিছু করছেন ভবিষ্যতের আশায়।

দ্বিতীয়তঃ রিভিউ কমিটীর সম্বন্ধে বলেছেন, তার উত্তরে ামি বলতে চাই প্রত্যেক ওয়ার্ডের জন্য ভিন্ন ভিন্ন ওয়ার্ডের কমিশনার লইয়া যেন একটী করিয়া রিভিউ মিটী করা হয় এবং তার চেয়ারম্যান যেন থাকেন। রেটপেয়ার্স) ট্যাক্সদাতা, এ্যাসেসরএর এ্যাসেসমেণ্টএর রুদ্ধে দরখাস্ত করিলে রিভিউ কমিটি উহা আলোচনা বিচার করেন। সব সময়েই যে ওয়ার্ডের করদাতার ্যাক্স কমাইবার দরখাস্তের বিচার হয় সেই ওয়ার্ডের মিশনার সেই কমিটীতে থাকেন না কারণ থাকা াইনবিরুদ্ধ। আবশ্যক হইলে কমিটীর সভ্যরা য়ং সরজামীন তদন্ত করিয়া শেষ সিদ্ধান্ত গ্রহণ করেন। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি জোরের সহিত বলচি মন্ত্রীমহাশয়ের ঐ যুক্তি সম্পূর্ণ রবাস্তব এবং অযৌক্তিক।

স্পীকারমহাশয়, মন্ত্রীমহাশয় মিউনিসিপ্যালিটীর করদাতাদের আর্থিক অবস্থা মোটেই অবগত নন, ইংরেজ আমলের এ্যাডমিনিষ্ট্রেটিভ কমিটীর রিপোর্ট স্বীকার করে গেছেন,

"We have been told that Genuine property is at the root of many municipalities"

মন্ত্রীমহাশয় এদিক দিয়ে চিন্তা না করেই কেবল ইলেক্টেড কমিশনারদের ঘাড়ে আণ্ডারএ্যাসেস করার জন্য এবং ট্যাক্স আদায় করেন না বলে দোষ চাপিয়েছেন। তারপরের প্রশ্ন হচ্চে এক্সিকিউটিভ অফিসার এ্যাপয়েণ্ট-মেণ্ট সম্বন্ধে—মন্ত্রীমহাশয় চান তার কথিত গলদমুক্ত করার জন্য চাই এক্সিকিউটিভ অফিসার; আমি বলচিনা পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটিগুলির মধ্যে একটীতেও কোনরূপ গলদ নাই, কিন্তু তার জন্য মিউনিসিপ্যাল আইনে যথেষ্ট ব্যবস্থা আছে এবং সেই ব্যবস্থা হচ্ছে সুপারসীড করা, এখানে সুপারসীড করার আইন বাতিল না করেই, স্পীকার মহাশয়, এক্সিকিউটিভ অফিসার এ্যাপয়েণ্ট করার কোন যুক্তি নাই, এ কেবল ছলে বলে পৌরসভাগুলিকে মন্ত্রী-সভার কবলে আনার প্রচেষ্টা ছাড়া আর কিছুই নয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী-মহাশয়কে একটা কথা বলতে চাই। পশ্চিমবাংলার কোন একটী বা কয়টী মিউনিসিপ্যালিটীর উপর দোষারোপ করে সারা পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটী-গুলির স্বাধীনতা বিলোপ করতে, ক্ষমতা হরণ করতে, উদ্যত হয়েচেন, তার মন্ত্রীসভার বিরুদ্ধে মাঝে মাঝে যেসব গলদ বা ত্রুটী দেখা যায়, তাহ'লে পশ্চিমবাংলার এই মন্ত্রীসভাকে আগে লিকুইডেসনএ দিন বা রিসীভার নিযুক্ত করুন।

আর এক কথা—মফঃস্বলে অনেক মিউনিসিপ্যালিটী আছে যাঁরা অর্থাভাবে স্যানিটারী ইন্সপেক্টর রাখতেও পারেন না, আজ তাঁরা এক্সিকিউটিভ অফিসারএর বেতন দিবেন কোথা হ'তে। চন্দ্রকোনা মিউনিসিপ্যালি-টীতে মাত্র পাঁচ হাজার লোক বাস করে, তার অধিকাংশই নিঃস্ব। বর্ত্তমান ট্যাক্সই তারা দিতে পারেন না। ঐ মিউনিসিপ্যালিটী যদি কোন রকমে সরকারের বিবাগ-ভাজন হয়েন তখনই তার ঘাড়ে চাপান হবে এক্সিকিউটিভ অফিসার নামক পর্ব্বতটীকে। এ্যাডমিনিষ্ট্রে-টিভ কমিটীর রিপোর্টেও বলে গেছেন যদি কোন মিউনিসিপ্যালিটীতে কমিশনারদের মতে এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত করা ঠিক হয়, তাকে চেয়ারম্যানএর আণ্ডারএ কাজ করতে হবে, এবং মিউনিসিপ্যালিটীর তহবিল হ'তে অর্দ্ধেক ও গভর্ণমেণ্ট অর্দ্ধেক বেতন দিবেন। এখানে বলেছেন বেতন দিবে মিউনিসিপ্যালিটী আর কর্ত্তৃত্ব করবেন (সরকার) মন্ত্রীমহাশয়। তারপরের প্রশ্ন হচ্ছে,

"appointment of director of local bodies"

এ সম্বন্ধে তিনি বলেছেন কমিশনারের কাজের চাপ জন্য কমিশনার লোকাল বডিগুলিকে ঠিকমত পরিদর্শন ইত্যাদি করতে পারেন না। স্পীকার মহাশয়, ইংরেজ আমলে এ্যাডমিনিষ্ট্রেটিভ কমিটী ১১৩ প্যারাতে স্পষ্ট বলেছেন,

"Post of Commissioners should be abolished"

কমিশনারের অফিস কেবলমাত্র পোষ্টঅফিস ছাড়া কিছুই নয়। কমিশনারের কোন কাজ নাই এবং আবশ্যকতাও নাই। তাই এ্যাবোলিশ করার জন্য সুপারিশ করে গেছেন। তখন অবিভক্ত বাংলা ছিল, আজ বিভক্ত বাংলায় তার অর্দ্ধেকগুলি জেলায় কি এমন কাজের চাপ পড়ল—যার জন্য আজ আবার কমিশনার পদ ও অফিস থাকবে তার উপর,

"director of local bodies appoint-ment"

করতে যাচেচন। আসল কথা এইসব দেখে মনে হয় মন্ত্রীসভা সবত্ত প্রতিষ্ঠানেই তাঁদের,

"administrative and political purpose serve"

করেছেন, এখন মিউনিসিপ্যালিটী বাকি আছে। সেই জন্য ক্ষমতার জোরে মিউনিসিপ্যালিটীগুলির ঘাড়ে এইরূপ জবরদস্ত আইন চাপাবেন। অথচ মিউনিসিপ্যালিটীগুলি গণতান্ত্রিক প্রথায় এ্যাডাল্ট ফ্রানচাইজে নির্ব্বাচন হবার কোন ব্যবস্থা এই আইনে নাই। যাতে সমস্ত শ্রেণীর লোক কমিশনার পদপ্রার্থী হ'তে পারে তার জন্য ১০০৲ টাকা ডিপোজিট দেওয়ার বিধি কমিয়ে দেওয়ার কোন কথা নাই। ১০০৲ টাকা ডিপোজিট সবাই দিতে পারে না—কি আবশ্যক এত টাকার। ১০৲ টাকা দিলেই হ'তে পারে। তারপর

"sweepers and methars, they are the vitals of a municipality"

তাদের মানুষের মত বসবাস, ও বাঁচার মত ব্যবস্থার কোন উল্লেখ নাই। অনেক জায়গায় ক্লীনস এ্যালাউয়েন্স মিউনিসিপ্যালিটি হতে ৫৲ টাকা সরকার হতে মাত্র ৫৲ টাকা সাবভেনসান দিয়া থাকেন। মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি মন্ত্রী-মহাশয় ও তাঁর সরকারকে চিন্তা করতে অনুরোধ করি যদি স্বইপার ও মেথররা বলে যে তারা নাইট সয়েল মাথায় করে বইবে না তাহলে মিউনিসিপ্যালিটীগুলির কি অবস্থা হবে। বড়ই নিন্দার কথা—ওদের অসুখ হ'লে ডাক্তারের সার্টিফিকেট দিলেও তারা অসুস্থতার ছুটি পায় না—চাকরী যায়। তাদের এই দুরবস্থার প্রতিকারের জন্য আইনের সংশোধনীতে কোন একটা কথাও নাই। মাননীয় স্পীকার মহাশয়, শুধু মন্ত্রীমহাশয় তাদের উদ্দেশ্য ফলবতী করার জন্য মিউনিসিপ্যালিটীগুলির ঘাড়ে এই স্বেচ্ছাচারমূলক অগণতান্ত্রিক জবরদস্ত আইন চাপাতে চাচ্চেন।

[6-35—6-45 p.m.]

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, নূতন কথা আর বলব কি? জিনিষটা পুরাণো বললেই হয়। আমি আশা করেছিলাম যে, বিলটা জয়েন্ট কমিটিতে যাবার আগে যখন জালান সাহেব বলেছিলেন যে সমস্ত মিউনিসিপ্যাল এ্যাক্টই একবার বিবেচনা করে দেখা প্রয়োজন তখন তাই বুঝি করা হবে। তার কিছুই করা হয়নি, বিলটি আগেও যা ছিল এখনও তাই আছে। প্রথমতঃ একটা জিনিষ দরকার যে, আমরা আজকের দিনে লোকাল সেলফ-গভর্ণমেণ্ট চালাব কি না। সরকারের যদি এই উদ্দেশ্য হয় যে, ক্ষমতা দেশের লোকের হাতে এসেছে সুতরাং লোকাল সেলফ-গভর্ণমেণ্টের দরকার নেই তাহ'লে পরিষ্কার করে বলে দিন যে কোন মিউনিসিপ্যালিটির দরকার নেই, কোন ইউনিয়ন বোর্ডেরও দরকার নেই। এই সরকারেরই ক্ষুদ্রতরশাখা বিভিন্ন জায়গায় থাকবে। এবং তারা সেখানে শাসনব্যবস্থা চালাবে। আর তা না হ'লে বলুন যে রাষ্ট্রের ব্যবস্থা চালান ব্যাপারে হাত পাকাতে হলে লোকাল সেলফ-গভর্ণমেণ্টের দরকার আছে কারণ ইউনিয়ন বোর্ড, মিউনিসিপ্যালিটি প্রভৃতির মাধ্যমে শাসন ব্যবস্থা পরিচালনার প্রাথমিক শিক্ষা দেওয়া হয়। ইংলণ্ডে যেভাবে ভবিষ্যৎ রাজনীতিবিদ তৈরী করার কাজে লোকাল সেলফ-গভর্ণমেণ্টকে ব্যবহার করছে, আমরাও সেইভাবে করব। তাহ'লে মিউনিসিপ্যালিটিগুলিকে যতখানি বেশী স্বায়ত্ত-শাসন সম্পন্ন করা যায় ততখানি স্বায়ত্ত-শাসনের ক্ষমতা তাদের দেওয়া দরকার। এর যে কোন একটা নীতি গ্রহণ করা দরকার; দ্বৈত-শাসন দ্বারা আসল কাজ হবে না; দলীয় স্বার্থের সুবিধা হতে পারে। কোন মিউনিসিপ্যালিটির কমিশনার বা চেয়ারম্যান কংগ্রেস দলের বিরুদ্ধে চলে গেলে অমনি তার ঘাড়টি মটকে দিয়ে দেওয়া দ্বৈত নীতিতে যায় বটে কিন্তু, এই নীতি, নীতি নয়, এই নীতি শয়তানী নীতি।

Sj. Ananda Copal Mukherjee:

আপনার ইমাজিনেসন ডেভেলপ করছে আস্তে আস্তে।

Sj. Subodh Banerjee:

এই বিলটির মধ্যে একটা দিকে তাকিয়ে দেখুন। (নয়েজ) কংগ্রেসীপক্ষ গোলমাল করবেন, এতে অবাক হবার কিছু নেই কারণ কংগ্রেসী এম, এল, এ হওয়ার মানে কোন বিল না দেখা, বিলটি যদি পড়তেই হয় তাহ'লে কংগ্রেসী এম, এল, এ হয়ে লাভ কি? সুতরাং আমরা জানি আমাদের বিলের ধারাগুলি দেখিয়ে দিতে হবে, পড়িয়ে দিতে হবে, বুঝিয়ে দিতে হবে কংগ্রেসী সভ্যদের। নিজে মাষ্টারী করি আনন্দবাবু শিখতে চাইলে শিখিয়ে দিতে কোন অসুবিধা হবে না। বিলের ৬ নম্বর ধারার দিকে যদি তাকান, এবং তার সাথে আসল আইনের ১৪ নম্বর ধারা পড়েন তাহ'লে দেখবেন চেয়ারম্যানকে ঐপদ হতে সরাবার কথা সেখানে রয়েছে। যেখানে আগে মোট কমিশনারের সংখ্যা কথাটি ছিল সেখানে তৎকালে যত জন কমিশনার থাকবে এই কথাটি বসান হচ্চে—হোল্ডিং অফিস কথাটি বসান হচ্চে কেন? এটা করলে কি লাভ হবে? যদি বলেন কোন কমিশনারের পদ খালি হলে তা নির্বাচন করে ভর্ত্তি করা হয় না, ভোটে হেরে যাওয়ার ভয়ে তাহলে আপনাদের আনা সংশোধন প্রস্তাব সে অসুবিধা দূর করবে না। যতজন কমিশনার তখন থাকবে তাদের ভোটেই চেয়ারম্যানের ভাগ্য নির্দ্ধারিত হবে। খালি পদ ভর্ত্তি করার কোন কথা এতে নেই। সেই জায়গায়

[Sj. Subodh Banerjee.]

আমাদের বক্তব্য হচ্ছে সত্যিকারের যদি তাই হয় হেরে যাওয়ার ভয়ে চেয়ারম্যান শূন্য পদ নির্বাচনের মাধ্যমে যদি নাই চলে তাহ'লে এমন একটা ধারা সংযোজন করেন নি কেন যাতে কোন কমিশনারের পদ যদি শূন্য হয় তাহ'লে ২।৩ মাসের মধ্যে ঐ পদ পূরণ করতে হবে। তার বেশী শূন্য থাকতে পারবে না। সেখানে তাহ'লে নির্বাচন হতে হবে এবং সেই নির্বাচনে নির্বাচিত কমিশনারকে নিয়ে মোট কমিশনারদের সংখ্যার ২।৩ অংশ ভোটাধিক্যের জোরে চেয়ারম্যানকে অপসারিত করা যাবে। তা না করে এই যদি করা হয় যে পদ শূন্য হলে যে শূন্য পদ থেকে গেল তা ভর্ত্তি করা হ'ল না এবং তার অনুপস্থিতিতেই যতজন কমিশনার থাকবে তাদের ভোটে চেয়ারম্যানকে সরিয়ে দেওয়া হল তাহলে যে ওয়ার্ডে পদ শূন্য হয়েছে সেই ওয়ার্ডের করদাতাদের চেয়ারম্যানকে অপসারণ করার মত গুরুত্বপূর্ণ ব্যাপারে অধিকার হতে বঞ্চিত করা হ'ল। সরকার এই ব্যবস্থা করতে যাচ্ছেন। পরিষ্কার বোঝা যাচ্ছে যে জালান সাহেব হাওড়া মিউনিসিপ্যালিটির কথা মনে করে এই ধারাটির প্রভাইশোটি এনেছেন। তার কারণ এখানে দেখাবেন যে ২।৩ কথা বেমালুম চেপে দিয়ে সেই জায়গায় সরকার ক্ষমতা নিয়েছেন। যদি দেখা যায় যে, অর্দ্ধেকের বেশী কমিশনার চেয়ারম্যানের বিরুদ্ধে রয়েছে, তাহ'লে সরকার ইচ্ছা করলে সেখানে চেয়ারম্যান সরিয়ে দিতে পারেন। কোথায় এ ইচ্ছা করবেন আমরা তা জানি। যেই সরকার দেখবেন কোথাও কোন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান কংগ্রেসের লোক হননি, বামপন্থীর লোক হয়েছেন, অমনি সঙ্গে সঙ্গে ঐ রকম সুবিধা পেলে তার ঘাড়টি মটকে দেবেন। এরপর যদি আমরা এই ধারা সংযোজিত করার জন্য মতলব আবোপ করে বলি দলীয় শাসন বজায় রাখার জন্য এটা আনা হয়েছে তাহলে আমরা কি অন্যায় করি? সত্যিকারের যদি দলীয় শাসন না চান তাহ'লে এটা কেন চেয়েছেন। বলে দিন যে, ২।৩ অংশের ভোটাধিক্য সর্বত্র প্রযোজ্য। অর্দ্ধেকের হলেই সরকার চেয়ারম্যানকে সরাতে পারবেন এই ব্যবস্থা এতখানি শক্তি আমরা সরকারের হাতে দিতে রাজী নই। আমাদের দৃঢ় বিশ্বাস এক্ষমতা দিলে সরকার এটাকে দলীয় কাজে অপব্যবহার করবেন।

The Hon'ble Iswar Das Jalan:

না, না, হাওড়া মিউনিসিপ্যালিটি ট্যাগস অন এ ডিফারেণ্ট কুচিং।

Sj. Subodh Banerjee:

হাওড়া মিউনিসিপ্যালিটির ব্যাপার জালান সাহেবকে স্বীকার করতেই হবে। এই প্রভাইশো আনার উদ্দেশ্য এ ছাড়া অন্য কিছু হতে পারে না। এই বিল আনার উদ্দেশ্য হিসাবে বলা হয়েছে যে, ট্যাক্স আদায় হয় না। আদায় না হওয়ার কারণটা কি? কি করে তাঁরা আদায় করবেন? এক্সিকিউটিভ অফিসার দিয়ে--এক্সিকিউটিভ অফিসার কি করে ট্যাক্স আদায় করবেন? সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা তার জীবন ধারণের মান এই গুলো বিবেচনা করে কথা বলুন। আগেকার দিনের সঙ্গে তুলনা করুন, তাহ'লে আজকের অবস্থাটা বুঝতে পারবেন। ১৯৩৭ সালের সঙ্গে ১৯৫৪ সাল তুলনা করলেই ব্যাপারটা সব বুঝা যাবে। আমি গতবার হিসাব করে দেখিয়েছিলাম যে ইন্সিডেন্স অফ ট্যাক্সেসশন এই রাজ্য সরকারের করের ভার মধ্যবিত্ত সমাজের উপরই ১৯৩৭ সালের তুলনায় ১৭৷৷৹গুণ বেড়েছে এবং গরীবদের উপর ৬৷৷৹গুণ বেড়েছে। এটা হ'ল শুধু রাজ্যসরকারের কর। এর উপর সেণ্ট্রাল ট্যাক্স কেন্দ্রীয় সরকারের ট্যাক্স লোকাল স্থানীয় ট্যাক্স আছে। আজ যদি মিউনিসিপ্যালিটির কর দাতাদের কথা বলি তাহ'লে দেখা যাবে যে করদাতাদের মিউনিসিপ্যাল ট্যাক্স ১৯০৭ সালের তুলনায় এখন ৭ গুণের মতন বেড়েছে। আমাদের দেশের যে লোক রাজ্য সরকারের কর দেয়, সেই লোকই কেন্দ্রীয় সরকারের ট্যাক্স দেয় আবার সেই লোকের আবার মিউনিসিপ্যাল ট্যাক্স দিতে হয়। ভাবুন তো তার ঘাড়ে মোট ট্যাক্সের বোঝার পরিমাণ। আয় তার কতগুণ বেড়েছে? আয় বেড়েছে ২ গুণ থেকে ২৷৷৹ গুণ। নেট রীয়েল ইনকাম প্রকৃত আয় নয়, (মনি ইনকাম) আধিক আয় ২ গুণ থেকে ২৷৷৹গুণ বেড়েছ। তার বিরুদ্ধে (কষ্ট অফ লিভিং) জীবনধারণের ব্যয় ৩৷৷৹ গুণ বেড়েছে, তার উপর মিউনিসিপ্যাল ট্যাক্সেসন ৭ গুণ বেড়েছে, রাজ্যসরকারের ট্যাক্স বেড়েছে ১৭৷৷৹ গুণ, কেন্দ্রীয় ট্যাক্সের কথা বাদ দিলাম। কি করে তারা ট্যাক্স দেবে? ট্যাক্স আদায় করবেন কি করে? সার্টিফিকেট জারী করতে পারেন, আপনারা থালা বাটি বাটি সমস্ত কেড়েকুড়ে নিয়ে কর আদায় করতে পারেন। সেটিই কি আপনারা চান? তাহ'লে তা সাফ সাফ বলে দিন। তাতে জনসাধারণকে আরও কষ্টের মধ্যে ফেলবেন। আপনারা ধনিক শ্রেণীর উপর কড়াকড়ি করুন কোন আপত্তি নেই। কিন্তু এই সাধারণ মানুষের প্রকৃত আয় যখন দিন দিন কমছে এবং করের হার উত্তরোত্তর বাড়ছে তখন কড়াকড়ি করলে তারা মারা যাবে। দ্বিতীয় জিনিষ আপনারা বলছেন যে বহু জায়গায়

জমি জায়গা ও বাড়ীর ভ্যালুয়েশন ঠিক ধরা হয় না। আণ্ডার ভ্যালুয়েশন করে মিউনিসিপ্যালিটির কর ফাঁকি দেওয়া হয়। আপনাকে আমি জিজ্ঞাসা করব আপনি কি একবারও মিউনিসিপ্যাল ভ্যালুয়েশন লিষ্ট ১৫ বছর আগেকার লিষ্টের সঙ্গে তুলনা করেছেন? না করে থাকলে একবার তুলনা করুন। ১৯৩৭ সাল থেকে আর আজ পর্য্যন্ত একবার দেখুন। আপনার পাশের মিউনিসিপ্যালটি টালিগঞ্জের কথা একবার বলব। সেখানে আমি হিসাব করে দেখেছি যে, প্রায় ৬ গুণের মত ভ্যালুয়েশন বেড়েছে। জয়নগর-মজিলপুর মিউনিসিপ্যালিটি, যে জায়গা থেকে আমি নির্বাচিত হয়েছি, সেখানে প্রায় ৮ গুণের মত ভ্যালুয়েশন বেড়েছে। সেখানকার চেয়ারম্যান এবং কমিশনারদের জিজ্ঞাসা করেছি, তাঁরা বলেছেন যে এর পরে আর ভ্যালুয়েশন বাড়ানো যেতে পারে না। তারপরে আপনারা ভ্যালুয়েশন কি করে বাড়ান? ভ্যালুয়েশন বাড়াবেন কেমন করে? ভ্যালুয়েশন বাড়ানর অর্থ ট্যাক্স বাড়ান, এমনিতেই ট্যাক্স দিতে পারে না আবার বাড়ান! সরকারের বক্তব্য চেয়ারম্যান, কমিশনার ভ্যালুয়েশন রিভিসন করার সময় কমিয়ে দেন; আপনাদের এই অভিযোগ তর্কের খাতিরে মেনে নিলেও বক্তব্য থাকে—যে আইনের সাহায্যে কমাতে পারতেন সেই ফাঁক তো এখানে রয়ে গেছে। এ্যাসেসার ভ্যালুয়েশন করলেন, তারপর সেটা বোর্ডের কাছে গেল। সেখানে কমিশনারের প্রতিনিধি ২ জনে এবং আর একজন সরকারী লোক ও চেয়ারম্যান থাকবেন। যদি এই কমিটি ভ্যালুয়েশন কমাতে চায় তাহ'লে তারা কমিয়ে দিতে পারে। এ্যাসেসারের নির্দ্ধারিত ভ্যালুয়েশন কেমন করে তাহ'লে ঠিক থাকবে। কমিশনারদের প্রতিনিধি এখানে বেশী, তারা ইচ্ছা করলে ভ্যালুয়েশন কমাতে পারবেন সুতরাং এই বিলের দ্বারা ভ্যালুয়েশন কমানর ব্যাপারে কমিশনারদের ফাঁকি বন্ধ করবেন কেমন করে? ভ্যালুয়েশনে যারা ফাঁকি দেয় তারা সাধারণ মানুষ নয়। ভ্যালুয়েশন বহু গুণ কমান আছে কিছু লোকের। কারা তারা একবার তাকিয়ে দেখুন। তাহলে দেখবেন যে বড় বড় মাণ্ডাওয়ালারা, তাদের ক্ষেত্রে এই সব হচ্ছে, সাধারণের ক্ষেত্রে নয়। আমি জানি কোন একটি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন এক নাম করা ভদ্রলোক (নয়েজ) তার ভ্যালুয়েশন যা হওয়া উচিত ছিল তার শতকরা ৫ ভাগও ভ্যালুয়েশন হয় নাই। ইনি কংগ্রেসী ভাই, অথচ যে গরীব মানুষদের ক্ষেত্রে যা হওয়া উচিৎ ছিল তার চেয়ে কয়েকগুণ বেশী হয়েছে। এর কি ব্যবস্থা করেছেন? এই বিলে কিছু ব্যবস্থাই নাই। বুকতাম যদি বুক ঠুকে বলতেন যে, আপনারা যা ভ্যালুয়েশন ঠিক করাবেন এসেসরকে দিয়ে সেটাই ঠিক থাকবে এবং তা সংশোধন [illegible] দিয়ে নয় একজন বিচারককে দিয়ে বিচার করিয়ে করাতে হবে, তাহলেত বোঝা যেত কিছুটা ফাঁকি বন্ধ করতে চান। তা কোথায়? আসল কথা এই যে, এই সমস্ত কর্ত্তা ব্যক্তিদের অধিকাংশ ঐ কংগ্রেসী দলের (নয়েজ)। এই জন্য সে ফাঁকি বন্ধ করার আপনাদের কোন রকম সদিচ্ছা নেই। যারা সত্যিকারের ফাঁকি দিচ্ছে তাদের ধরবার কোন চেষ্টাই নেই। সে সকল রুই কাতলা করদাতা যারা দীর্ঘ দিন থেকে ফাঁকি মেরে আসছে এই ভ্যালুয়েশনে তাদের আগেকার ফাঁকি আদায় করে নিতেও আপনারা নারাজ, কারণ এতে অনেকেরই গায়ে হাত পড়বে। আমি জানি কংগ্রেস দলে কোন একজন ভদ্রলোক করপোরেশনের বেলায় ঠিক ঐরকম করেছেন। বাড়ীর সামনে মই খাটিয়ে রেখে দিলেন। বছরের পর বছর তাঁর ট্যাক্স ধার্য্যই হ'ল না। সেই বাড়ী সব সময় নাকি বিপেয়ার হবে, আর তার ভ্যালুয়েশন ঐজন্য ঠিক হয় না। এই রকম অবস্থা তাঁরা বছর পর বছর ধরে চালিয়ে যাচ্ছেন। তারপর যে কথা বলব সেটা হচ্ছে এই যে কর ধার্য্য হতে পারেনা যদি না কবের উপযুক্ত কাজ করা হয়। লোকের কাছে ট্যাক্স আদায় করবেন অথচ তাদের একটি সুবিধাও দেবেন না। রাস্তা নেই, আলো নেই, জল নেই, করদাতারা কর দেবে কেন? জানি মিউনিসিপ্যালিটিগুলি মেথরের টাকাই দিতে পারে না। তারা কোথা থেকে রাস্তাঘাট তৈরী করবে? এই সব মিউনিসিপ্যালটিগুলিকে টাকা দিবারও কোন ব্যবস্থা নেই। কেমন করে প্রয়োজনীয় কাজগুলি হবে? আর তা না হলে জনসাধারণই বা কর দেবে কেন? একবার টালিগঞ্জ মিউনিসিপ্যালিটির গোবিন্দপুর নামে এক জায়গায় বর্ষাকালে গিয়ে দেখি সেখানে এক কোমর জল। কোলকাতার এত কাছের জায়গায় এক কোমর জল ভেঙ্গে যেতে হয়। লেকের ধারে যে পার্ক আছে তারই পাশে এক কোমর জল। সেখানে সাংবাদিকরা গিয়েছিলেন, তারা ফটোও তুলে নিয়েছেন। সেখানকার জনসাধারণের এই অসুবিধা দূর করার কি ইচ্ছা করেছেন? সেখানে আলো নেই, চিকিৎসা ও খাবার জলের কোন ব্যবস্থাও নেই। লোকের সুখসুবিধা দিবার কোন ব্যবস্থা নেই। কি করে গরীব সাধারণ মানুষের কাছ থেকে ট্যাক্স নেওয়া যেতে পারে শুধু তারই ব্যবস্থা এই বিলের মধ্যে আছে। যদি মানুষের সুখসুবিধার দিকে নজর রেখে এবং দুর্নীতি দূর করার দিকে সচেষ্ট হয়ে গোটা আইনটাকে বদলাবার জন্য একটা বিল আনিতেন তাহলে আমরা আপনাদের অভিনন্দন করতাম। আপনাদের সদুদ্দেশ্যের কোন চিহ্ন এই বিলে নেই, জালাল সাহেব যত বড় কথাই বলুন না কেন।

[6-45—6-55 p.m.]

Sj. Ajit Kumar Basu:

মাননীয় স্পীকারমহাশয়, এই বিল সভার সামনে আনবার সময় মন্ত্রীমহাশয় যেভাবে পেশ করেছেন তা খুবই আপত্তিকর বলে আমি মনে করি। তিনি মোটামুটি ২।১টি মিউনিসিপ্যালিটির অবস্থা দেখিয়েই, তাদের অযোগ্যতা ও ত্রুটি দেখিয়েই, পাইকারী ভাবে আমাদের দেশে যে সমস্ত মিউনিসিপ্যালিটি রয়েছে তা চালাবার জন্য আমরা অযোগ্য সেইটাই তিনি ইংরাজদের কায়দায় বলবার চেষ্টা করেছেন। অর্থাৎ আজকে যাঁরা বাংলার মিউনিসিপ্যালিটি চালাচ্ছেন তাঁরা এই মিউনিসিপ্যালিটি চালাবার অনুপযুক্ত। সেই জন্য এই যে স্বায়ত্ত-শাসনের অধিকার—যে অধিকার বহুদিন ধরে লড়াই করে ইংরাজদের কাছ থেকে আদায় করা হয়েছিল এবং যেটা কেড়ে নেবার জন্য ইংরাজরা বার বার চেষ্টা করেও সফল হয়নি সেইটা আজ তাঁরা ক্ষুণ্ণ করতে যাচ্ছেন। আমি মনে করি যে আমাদের সমস্ত জাতির এবং দেশের সামনে তাঁরা খুব অসম্মানজনকভাবে এটা বলবার চেষ্টা করেছেন যে আমাদের দেশের লোকেরা স্বায়ত্ত-শাসন চালাবার অনুপযুক্ত এবং তারই জন্য সেগুলিকে সরকার নিজের কণ্ট্রোলএর মধ্যে নিয়ে আসছেন। মোটামুটিভাবে সরকারের যে অর্থনৈতিক নীতি সেইটার সঙ্গে খাপ খাইয়ে এই বিল এনেছেন। মোটামুটি তাঁরা চান আজকে তাঁরা দেশে উন্নয়ন কাজ করবেন কিন্তু তার প্রত্যেকটি পয়সা তাঁরা জনসাধারণের কাছ থেকে চাপ দিয়ে আদায় করে নেবেন। কেন্দ্রীয় সরকারও সেই চেষ্টা করছেন এবং প্রাদেশিক সরকারও সেই চেষ্টা করছেন। গ্রামে ও সহরে যে সমস্ত স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠান আছে তার মারফতে বিবাটভাবে চাপ দিয়ে জনসাধারণের কাছ থেকে যাতে পয়সা আদায় করা যায় তারজন্য কংগ্রেস সরকারের যে নীতি সেই নীতি চালাবার জন্য এই বিল এনেছেন। আমরা দেখতে পাচ্ছি যে গ্রামাঞ্চলে ইউনিয়ন বোর্ড সেস্ যেটা গ্রামের লোকদের পক্ষে দেওয়া খুবই কষ্টকর হয় কিন্তু তাঁরা পঞ্চায়েৎ বোর্ড গঠন করে ট্যাক্স আদায় করবেন এই রকম পরিকল্পনা গ্রহণ করেছেন। এখানেও ঠিক করেছেন যে একজন করে সেক্রেটারী নিযুক্ত হবেন যিনি গ্রামের লোকের কাছে দায়িত্বশীল থাকবেন না, তিনি জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে দায়িত্বশীল থাকবেন। কাজেই গ্রামের লোক যারা ট্যাক্স দেবে তাদেরই নির্ব্বাচিত লোকদের মাথার উপর থাকবে একজন সরকারী আমলা। আজকে যখন লোকে ট্যাক্স দিতে পারছেনা তখন তাদের উপর আরো ট্যাক্স চাপান অত্যন্ত অন্যায় হবে। কাজেই আমরা নীতির দিক থেকে এই রকম একটা সর্ব্বনাশা বিল কোন রকমেই সমর্থন করতে পারি না। জালান সাহেব যে উদ্দেশ্য নিয়ে এই বিল এনেছেন তাতে আমরা এই বিল সমর্থন করতে পারি না। (নতুবা) এই কথা তিনি বলতেন না যে মিউনিসিপ্যাল চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান এবং মিউনিসিপ্যাল কমিশনারদের মাথার উপর একজন এক্সিকিউটিভ অফিসার থাকা উচিত। কাজেই এই রকম একটা দায়িত্বহীন ব্যবস্থার মধ্যে সমস্ত দেশের লোককে নিয়ে যাচ্ছেন আণ্ডার ভ্যালুয়েশনএর কথা বলে কারণ সরকারী কর্তৃত্ব বাড়ানর জন্যই এটা করা হচ্ছে। শুধু তাই নয় মোটা মোটা ট্যাক্স চাপানর জন্য যে একটা ষড়যন্ত্র চলেছে সেইটারই একটা ধাপ হিসাবে এই বিলটা এসেছে।

দ্বিতীয় কথা হচ্ছে, এখানে দেখুন যে এই বিলের দ্বারা চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদের পজিশন কোথায় এনে ফেলা হয়েছে। একজন স্যানিটারী ইন্সপেক্টার-এর যে মর্য্যাদা আছে এদের সে মর্য্যাদাও থাকবে না। একজন স্যানিটারী ইন্সপেক্টারএর বিরুদ্ধে যদি রিপোর্ট করতে হয় বা সাস্পেণ্ড করতে হয় বা তাকে রিমুভ করতে হয় তাহলেও $\frac{২}{৩}$ অংশ মেজরিটি না হ'লে কমিশনার কিছু করতে পারবেন না এবং করলেও সেখানে সরকারের স্যাংশন দরকার। কাজেই একজন স্যানিটারী ইন্সপেক্টারএর যে মর্য্যাদা থাকছে সেই মর্য্যাদা যিনি জনসাধারণের প্রধানতম নাগরিক তাঁর সে মর্য্যাদাও থাকছে না। সরকারের যে এক্সিকিউটিভ অফিসার সেখানে থাকবেন তিনি মোটামুটি ঠিক করে দেবেন যে এঁরা কি কাজ করবেন। মোটামুটি সমস্ত জিনিষটা তাঁরা যে দিকে নিয়ে যাচ্ছেন সেটা হচ্ছে ছিটে ফোঁটা যেটুকু গণতান্ত্রিক অধিকার আমরা পেয়েছি সেটা নষ্ট করে দিতে যাচ্ছেন। গ্রামাঞ্চলে আপনারা পঞ্চায়েৎ বোর্ড গঠন করছেন কিন্তু সেখানেও আপনারা সেক্রেটারী রাখছেন এবং এখানেও এক্সিকিউটিভ অফিসার রেখেছেন। সুতরাং এর দ্বারা জনসাধারণের প্রকৃত দাবী সরকার কোন দিনই মেনে নেবেন না। সেই জন্য গণতান্ত্রিক নীতি চালান বহুদিন আগেই ছেড়ে দিয়েছেন এবং ফ্যাসিষ্ট কায়দায় আমাদের দেশকে শাসন করতে চান এবং সেই উদ্দেশ্যেই এই ব্যবস্থা স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠানের উপরেও আস্তে আস্তে আনতে চাচ্ছেন। স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠানের ভিতর দিয়ে মানুষের যে একটু আধটু প্রতিবাদ করবার অধিকার আছে সেটা আপনারা নষ্ট করবার চেষ্টা করছেন। সুতরাং আমাদের দেশের কোন বিবেকবুদ্ধিসম্পন্ন ব্যক্তি এই বিলকে সমর্থন করতে পারেন বলে আমি মনে করি না।

Hours of sitting.

[6-55 to 7-5 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On a point of information, Sir. Before you call the next speaker, may I know how long you are going to sit tonight? We have started at 3 o'clock though the ordinary time fixed is 4 o'clock.

Mr. Speaker: Is it 4 o'clock?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: That is what is written in the rules that have been supplied to us. We find that the Assembly shall sit at 4 o'clock, but during the budget we waived it to 3 o'clock.

Mr. Speaker: We will finish it.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: You cannot finish it.

Mr. Speaker: One more speaker will be speaking.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: But not, Sir, beyond 7 o'clock. Certain time has to be fixed for it.

Mr. Speaker: I will fix it at 8 o'clock.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: From where do you get it? Some day you fix 7 o'clock, some day 8 o'clock and some day 10 o'clock. There is no fixity of time. Something should be done.

Mr. Speaker: That is entirely for me. I have got to go according to the rules.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: I do not think it is so.

Mr. Speaker: If you do not know, you consult the rules.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: I would like to be shown the rules where it is said that you can sit from 3 to 8 or 3 to 9.

Mr. Speaker: You kindly show me the rules where it is said that I cannot.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, in the rules it is definitely laid down that we start at 4 o'clock.

Mr. Speaker: Mr. Basu, it is very late in the day to say this after we have been sitting for two months by agreement from 3 o'clock. Many times there have been representations to me that 4 o'clock is very inconvenient and this was done for the convenience of the members. Now, after having gone on for two months and when the session is coming to an end, you point out to me that in the rules it is 4 o'clock. This is very unfair.

Sj. Jyoti Basu: May I have the privilege to make an observation?

Mr. Speaker: I always give you privilege, the largest amount of privilege is given to Mr. Jyoti Basu.

Sj. Jyoti Basu: In the rules it is written 4 o'clock, but this was the budget session. So, both we and the Government, I suppose, were interested that the House should sit earlier and should sit till late hours and we did not object to that, in fact, we wanted more time to discuss all the cut motions and so on. Now that the budget is over, we are now discussing Bills and we have from this side of the House pointed out that in a budget session such important amending Bills are not generally brought. You can bring them—I do not say that they are ruled out, but this is not usually done. Not on a single Bill probably have we got sufficient time.

Mr. Speaker: It is an old argument—you have repeated it a hundred times.

Sj. Jyoti Basu: This is an argument that goes by default because nobody listens to it. Therefore, I have to repeat and I shall go on repeating because our rights have to be asserted in this House. My second point is—I do not know whether my information is correct or not—that this hurry with regard to Bills is taking place because I

[Sj. Jyoti Basu.]

hear that Dr. Roy is to go away to Delhi on the 3rd and, therefore, he wants to finish this Bill. This is a most important Bill.

Mr. Speaker: That is not at least my information—that may be your information.

Sj. Jyoti Basu: Yes, that is my information. My fourth point is, I have seen that without Dr. Roy they cannot go on for one day.

Mr. Speaker: The House has gone on for several days when Dr. Roy was not here.

Sj. Jyoti Basu: Yes, that was what I was referring to. When Dr. Roy was not here, when he was ill, I also raised this point at that time and I even prayed to God that he comes back because there are people here, people sitting on those benches——

Mr. Speaker: Why waste time?

Sj. Jyoti Basu: I am not wasting time. It is a very important point. I say, when Dr. Roy is not here, democracy has to wait.

Mr. Speaker: It has not waited.

Sj. Jyoti Basu: You will remember that until Dr. Roy came back, that is, until yesterday, we did not know exactly what would happen to our non-official days and so on. Everybody waited.

Mr. Speaker: Again I have to point out there is no truth in it—that is not correct.

Sj. Jyoti Basu: That is absolutely correct. When he came back, the non-official days were fixed. Therefore, our point is that if serious Bills are to be discussed, we cannot sit for longer hours than we have done already. We have been here since 3 o'clock and it is now 7 o'clock and it should end now. Such amount of pressure should not be brought on the House and on the M.L.As.

Mr. Speaker: I have got only one speaker and I must finish. I will go up to 8 o'clock as usual.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I request Mr. Jyoti Basu not to take my name in vain?

Sj. Jyoti Basu: I do not want to take your name at all, but the difficulty is that there are people here who cannot do without you and democracy had to wait because you were away.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am beginning to suspect that you also cannot go on.

Sj. Bankim Mukherji: People should not take God's name in vain and Dr. Roy wants that his name should not be taken in vain. That is why Sj. Jyoti Basu coupled his name with God.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am very thankful.

Sj. Jyoti Basu: I think there are other speakers on this side of the House. Mr. Bankim Mukherji is not the last speaker so far as we are concerned.

Mr. Speaker: That is not the way. I have got here the list supplied by your party. I have called everyone of them. In addition to them, I have called Sj. Bankim Mukherji.

Sj. Jyoti Basu: The usual practice is not to supply names, but in order that the business might be run properly we have also given you names. But that does not mean that others cannot speak in the course of the debate which arises in the House, specially with regard to a Bill.

Mr. Speaker: There is a limit to the debate.

Sj. Jnanendra Kumar Chaudhury: Mr. Speaker, Sir, I gave my name. So, I think you will call me.

Sj. Bankim Mukherji:

মাননীয় স্পীকার মহাশয়, আমার কাছে সমস্ত জিনিষটা হাস্যকর বলে মনে হয়। ডাইরেক্ট ইলেকসানএ আমরা যে মেম্বররা এসেছি এবং এসেম্বলী নির্ব্বাচিত মন্ত্রীমণ্ডলীরা পৌরসভার নির্ব্বাচিত যারা তাঁদের নিয়ে গোলমাল করছি, এর চেয়ে পুডিক্কাস

ব্যাপার আর কি হতে পারে? আমরা গম্ভীরভাবে আলোচনা করছি যে পৌরসভার কমিশনারস প্রভৃতি তাঁরা কাজ জানেন না, তাঁরা খাজনা আদায় করতে পারেন না, তাঁদের নির্ভর করতে হয় ভোটারদের উপর এই রকম বহু জিনিষ শুনতে পেলাম। কিন্তু আমরা যাঁরা বলছি তাঁরা প্রত্যেকই নির্ব্বাচিত, কেউ ভগবান প্রেরিত নই। তাদের হয়ত অনেক ভুল-ভ্রান্তি হয় তা শোধ্‌রাবার জন্য আমরা একমাত্র যোগ্য ব্যক্তি, যদি এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত করি তাহলে ভুল হবার সম্ভাবনা আরোও বেশী হবে। সমস্ত যুক্তিটার অসারতা যদি আপনারা অনুভব করেন তাহ'লে বুঝতে পারবেন যে কি ষ্ট্যাণ্ড আমরা নিচ্ছি।

[7-0—7-15 p.m.]

কাজেই কি ষ্ট্যাণ্ড নিচ্ছেন—ডেমোক্রাসি না অটোক্রাসি, সে বিষয়ে পরিস্কার ধারণা থাকা উচিত। কারও কারও মতে এরকম ধারণা থাকতে পারে যে গণতান্ত্রিক পদ্ধতিতে শাসন হওয়া উচিত। আবার কারও অনেষ্ট ধারণা থাকতে পারে যে গণতান্ত্রিক পদ্ধতিতে নানারকম দোষ-ত্রুটি থাকায় বিলম্ব হয় এবং অনেক কিছু অসুবিধা হয় অতএব স্বেচ্ছাচারী শাসন বা বেনিভোলেণ্ট ডেসপটিজিম এর পথে শাসন চলা উচিত এ রকম অনেষ্ট ওপিনিয়নও কারও কারও থাকতে পারে। যদি থাকে তাহ'লে তাও স্পষ্ট করে বলা উচিত। মনে হয় প্রধান মন্ত্রীমহাশয় বেনিভোলেণ্ট ডেসপটিজিম এ বিশ্বাস করেন এবং এ বিলে সেই চেহারাই দেখতে পাচ্ছি। তাই দেখতে পাচ্ছি তার বিচরণের জন্য পশ্চিমবাংলা তাকে সামলাতে পারছেন না, এরকম একটা ছোট প্রভিন্স তার বিচরণের পক্ষে যথেষ্ট নয়, আর একটু বিস্তৃত হ'লে ভাল হয়। কোথায় কি সামান্য মিউনিসিপ্যালিটি সেখানে কে যদু, মধু অন্যায়ভাবে কি কাজ করছে অতএব এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত করে যেমন করেই হোক তার শাসন কর্তৃত্ব নিজের হাতে নিয়ে আসতে হবে। কারণ বাংলাদেশের সব মিউনিসিপ্যালিটিতে অন্ততঃ ৫০।৬০ জন এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত করতে পারবে এবং তাতে ক্ষমতা নিজের হাতে এসে যাবে। এ ছাড়া আর কোন ব্যক্তি থাকবে না এবং যারা এদেশের নির্ব্বাচিত প্রতিনিধি এবং নির্ব্বাচিত মন্ত্রীমণ্ডলীতে যেমন গলদ দেখা দিলে পুনরায় নির্ব্বাচন হ'তে পারে তেমনি পৌরসভায় যদি গলদ থাকে তাহ'লে সেটা ডিজল্‌ভ করা হোক এবং আবার নির্ব্বাচন হোক। এইভাবেই করা হ'লে সেটা হবে গণতান্ত্রিক প্রথা, বারবার নির্ব্বাচনের মধ্য দিয়েই সেটা করতে হবে। কিন্তু যা করতে যাচ্ছেন, উপর থেকে যদি জিনিষটা এভাবে করা হয় তাতে আপত্তির কারণ আছে। এই বিল যিনি আনছেন তিনি হয়ত ভাবছেন এই সামান্য ব্যাপার নিয়ে এত বিরোধিতা হচ্ছে কেন? এবং স্বায়ত্ত-শাসন মন্ত্রীমহাশয় বিস্মিত হয়েছেন এবং ভাবছেন কোথা থেকে এই বিরোধিতা আসছে, তিনি তা ভাবতে পারেন কারণ মূলতত্ত্ব সম্বন্ধে তার কোন ধারণা নাই। এই বিলের মধ্যে একটা অগণতান্ত্রিক মনোভাব ডেস্পটিক চেহারা পরিস্ফুট দেখতে পাচ্ছি। আমরা এফিসিয়েণ্ট গভর্ণমেণ্ট চাই না, আমরা চাই লোকাল সেলফ-গভর্ণমেণ্ট। সেকেল-গভর্ণমেণ্ট যদি এফিসিয়েণ্ট হয় ভাল কিন্তু স্বায়ত্ত-শাসনহীন রামরাজ্য আমরা চাইনা। আজ বিংশ শতাব্দীতে লোকে চায় গণতান্ত্রিক পদ্ধতিতে নিজের হাতে অধিকার। পাঁচ হাজার বছর পূর্ব্বের লোকেরা হয়ত রামরাজ্য চাইতে পারে কিন্তু আজ বিংশ শতাব্দীর লোকে চায় গণতান্ত্রিক স্বায়ত্ত-শাসন। (এ ভয়েসঃ রাশিয়ায় কি হচ্ছে?) স্পীকার, স্যার, এইভাবে রাশিয়ার কথা বলা হয় এবং তার উত্তর দিতে হ'লে আমাকে সময় দিতে হবে। আমি রিয়েল ডেমোক্রাসির কথা বলছি। আমাদের কাছে সব চেয়ে বড় কথা হচ্ছে বিংশ শতাব্দীর মানুষেরা চায় স্বায়ত্ত-শাসন। সেই স্বায়ত্ত-শাসনের অধিকার ক্ষুন্ন হচ্ছে এই বিলের দ্বারা এবং সেই খানেই হচ্ছে আমাদের আপত্তি।

এই এসেম্বলির প্রতিনিধিগণের সঙ্গে মিউনিসিপ্যালিটীর তুলনা করা যাক—আমরাও নির্ব্বাচিত মিউনিসিপ্যাল কমিশনারও নির্ব্বাচিত। তাহলে সেখানে মিউনিসিপ্যাল কমিশনার খারাপ এটা আমরা বলছি কি করে? যারা এ বিল সমর্থন করেন তাঁরা অন্ততঃ আমাকে এটা বুঝিয়ে বলবেন কি? এবং যাঁরা এই বিল নিয়ে এসেছেন এবং এই এ্যাসেম্বলিতে পাশ করছেন তারাও নির্ব্বাচিত। অথচ আমরা সেই পৌরসভার নির্ব্বাচনে ত্রুটি দেখছি এবং সেজন্য তাদের উপর (গার্ডিয়ানশিপ) মুরুব্বিয়ানা করতে যাচ্ছি। যদি বলেন আমরা গার্ডিয়ান যেহেতু লারজার নাম্বার ভোটার্স আমাদের নির্ব্বাচন করেছেন তাহ'লে সেই রকম সংশোধন এখানেও আনুন। সেটা মাইনরিটি রিপোর্ট-এও বলা হয়েছে এই এ্যাডাল্ট ফ্রানচাইজ এর কথা। ছোট ছোট ওয়ার্ডএ ভাগ করা দরকার নাই সমস্ত মিউনিসিপ্যালিটিতে প্লুরাল ভোটস্ নেওয়া হোক, এক সঙ্গে দশ বারো জনকে নির্ব্বাচন করুন। সেটা করাসী সিস্টেমএ আছে, পার্টির নাম দিয়ে সেখানে নির্ব্বাচন হচ্ছে, সেখানে টোটাল ভোটারএর সংখ্যায় নির্ব্বাচন হয়। যাতে রিপ্রেজেণ্টসন কিউমুলেটিভ ভোট-এ হয় এবং ওয়াইডার ফ্রানচাইজ দেওয়া যায়, এ বিষয়ে চিন্তা করলে আমাদের ভাল ব্যবস্থা হতে পারে, এভাবে ওয়াইডার ফ্র্যানচাইজ যাতে দেওয়া যায়।

[Sj. Bankim Mukherji.]

সব শেষে অনুরোধ করছি এটা করবেন না। আপনারা যা করতে যাচ্ছেন সাপোজ নিউ দিল্লীর হাউস অব পীপল-এ এই এ্যাটিটিউড নিলে যে বাংলা ষ্টেটএ বহু খারাপ কাজ হচ্ছে সুতরাং কনষ্টিটিউশন চেঞ্জ করে এমন করা হোক যে রাইটার্স বিল্ডিংসএ সেক্রেটারীএটএ এরা যারা কাজ করছেন সেই মিনিষ্ট্রীরা থাকবে না সেণ্টার থেকে ডিক্টেট করা হবে,

"Then how do you feel and how we will feel also."

এ রকম হলে বাংলাদেশে শুধু নয় সমস্ত ভারতবর্ষে একটা অসন্তোষ জেগে উঠবে। এমনিভাবে মিউনিসিপ্যাল বিল দ্বারা সমস্ত পৌরসভার নির্ব্বাচন বাতিল করে দেবার ব্যবস্থা হচ্ছে। ফলে মিউনিসিপ্যাল কমিশনার সার্ভেণ্ট হয়ে পড়বে কারণ এক্সিকিউটিভ অফিসারএর উপর কোন কর্তৃত্ব থাকবে না। সেখানে যা হচ্ছে তাতে কোন আত্মমর্য্যাদাজ্ঞানসম্পন্ন ব্যক্তি আসবে না এবং আমরাও দেখবো এই বিল পাশ করবার পরে সমস্ত বাংলাদেশে মিউনিসিপ্যালিটি নির্ব্বাচনে যাতে কোন লোক না আসে। এই সংশোধিত বিল যদি এখনও প্রত্যাহার করা না হয় তাহলে সমস্ত বাংলাদেশ যাতে এই বিল অনুসারে নির্ব্বাচনে যোগ না দেয়, বয়কট করে তার জন্য প্রবল আন্দোলন তুলব। তাই বলছি এ বিলটা প্রত্যাহার করুন। নূতন সিলেক্ট কমিটিতে নিয়ে যান এবং সমগ্র স্বায়ত্ত-শাসন বিলের মধ্যে লোকাল সেলফ-গভর্ণমেণ্ট সম্বন্ধে চিন্তা করুন এবং সমস্ত ব্যাপার ট্যাক্সেশন ষ্ট্রাকচার ইত্যাদি নিয়ে আসুন তা না করে এই যে খণ্ড খণ্ড ভাবে জিনিষ করে নিয়ে আসছেন এতে আমাদের গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ হচ্ছে, এবং এর আমরা তীব্র প্রতিবাদ করছি।

[7-15—7-22 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhuri:

মাননীয় স্পীকার মহাশয়, বঙ্কিম বাবু যে কথা বলেছেন সেটা উনি ঠিকই বলেছেন; তার সঙ্গে আমার একমত। তবে আমি গুটি কয়েক কথা বলতে চাই, যে ভোটার নির্বাচন করবে সেই ভোটারের কথা এই বিলে আনা উচিত ছিল, যাতে এডাল্ট ফ্র্যানচাইজ্ বা প্রাপ্তবয়স্কেরা ভোট দিতে পারে। যারা মিউনিসিপ্যাল এরিয়ায় বাস করে—প্রাপ্তবয়স্ক মেয়ে বা পুরুষ—তাদের ভোট দেবার বিধান থাকা উচিত ছিল। তা না কোরে এখন যা আছে যে যারা একটা রেটে ট্যাক্স দেবে তারাই ভোট দেবে—এটা ঠিক নয়। আমি বলি যে বিধান সভায় বাংলার প্রাপ্ত বয়স্ক পুরুষ এবং নারী তাদের সবারই ভোট দেবার অধিকার আছে। আর মিউনিসিপ্যালিটির ব্যাপারে মিউনিসিপ্যাল এরিয়ায় যারা বাস করে তারা ভোট দিতে পারবে না—এর কৈফিয়ত কে দেবেন? ব্রিটিশ সরকার যে আইন করেছিল, তারা তু প্রত্যেক পদে পদে বাধা বিপত্তির সৃষ্টি করেছিল; এখনও সেই বিধান রাখবার কি দরকার? যাতে প্রত্যেক লোক যে সেখানে বাসকরে, প্রাপ্তবয়স্ক নরনারী, ভোট দিতে পাবে সেই বিধান থাকা উচিত ছিল। তারা পরে ট্যাক্স না দিলে বা এক কোয়ার্টার কম পড়লে ভোট দিতে পারবে না, এটা ইউনিয়ন বোর্ড এবং মিউনিসিপ্যালিটী থেকে তুলে দেওয়া উচিত। এই জন্য এটা সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দিয়ে মিউনিসিপ্যালিটি বা রেট-পেয়ার্স এসোসিয়েশন (প্রত্যেক মিউনিসিপ্যালিটিতেই রেট-পেয়ার্স এসোসিয়েশন আছে) সেখানে তাদেব অভিমত এই বিল করবাব আগে নেওয়া উচিত ছিল।

তাবপব আমি বলব সেণ্ট্রাল গভর্ণমেণ্টেব অনুমতি নিয়ে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের যেসব প্রপার্টি আছে প্রত্যেক মিউনিসিপ্যালিটিব ভিতব তাব উপর ট্যাক্স যাতে আদায় হয় তার বিধান রাখা উচিত ছিল। তারপবে মিল্‌স্ এণ্ড ফ্যাক্টরিজ অনেক সময় মিউনিসিপ্যাল ট্যাক্স ফাঁকি দেয়; তাব সম্বন্ধেও ব্যবস্থা করা উচিত ছিল।

তারপবে অনেক ছোট ছোট মিউনিসিপ্যালিটি—তাদের জুড়ে এক কোবে দেওয়া উচিত ছিল। যেমন, দমদমাব ভিতব দুটো মিউনিসিপ্যালিটি আছে—একটা নর্থ আব একটা সাউথ। তাব মধ্যে একটা সলভেণ্ট, আর একটা ইন্সলভেণ্ট। এই দু'টোকে জয়েন কোরে দেওয়া উচিত। এই বকম মেদিনীপুর জেলার সম্বন্ধে মাননীয় ডাঃ যতীশ ঘোষ মহাশয় বলেছেন যে চন্দ্রকোনা মিউনিসিপ্যালিটি—সে এককালে ছিল, এখন সে চন্দ্রকোণা আব নাই—সেই মিউনিসিপ্যালিটিটা দাঁড়িয়ে আছে, আয়ে কুলায় না। এই বকম ছোট ছোট মিউনিসিপ্যালিটিকে এক করবাব কথায় ডাঃ বায় আগে একবার বলেছিলেন যে এগুলো এক কোবে দেওয়া উচিত। সেই করলে অনেক সময় খবচ কমে যায়, এবং দেশের লোক উপকারও কিছু পায়।

তারপরে এক্সিকিউটিভ অফিসার নিয়ে ওঁরা যা বলেছেন সে সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না। এখন এক্সিকিউটিভ অফিসাব করলে হাফ দি পে গভর্ণমেণ্টেব দেওয়া উচিত আর হাফ মিউনিসিপ্যালিটির দেওয়া উচিত। আর কতকগুলো মিউনিসিপ্যালিটিকে এক কোরে একটি এক্সিকিউটিভ অফিসার রাখা উচিত।

তারপরে আরও কতকগুলি জিনিষ আছে যার মানে হয় না। কুজ ১৫,১৬,১৭তে দেখুন—(১৫)তে বললেন ষ্টেট গভর্ণমেণ্ট কমিশনারদের বলবেন একজন এক্সিকিউটিভ অফিসার এপয়েণ্ট করাবর জন্য। তাঁরা তা যদি না করেন তাহলে কুজ ১৬ (৪) অনুসারে ষ্টেট গভর্ণমেণ্ট একজন এক্সিকিউটিভ অফিসার করতে পারবেন। তারপরে আবার কুজ (১৭)তে বলছেন—

"Notwithstanding anything contained in section 66 or section 67, the State Government may, if it thinks fit, it in the opinion of the State Government the affairs of a municipality are not properly managed. . . ."

এটা করবার কি দরকার ছিল, এই বিল করবার? আবার জোর কোরে তাদের কিছু না জানিয়ে একটি এক্সিকিউটিভ অফিসার করবেন। তার ভিতরও আবার "ফু" রয়েছে,

"In sub-section (1) of section 82 of the said Act, after the words 'by the Magistrate' the words 'or under 61, by the Magistrate' shall be inserted."

সেখানে যা রিকুইজিশন হবে সেটা ভুলে গেছেন। কুজ (৪)এ রিকুইজিশন আছে; যদি ম্যাজিষ্ট্রেট না করেন তাহ'লে কমিশনাররা অন্ রিকুইজিশন করতে পারবে; সে কথা ভুলে গেছেন।

তারপরে সেক্সন ১০৪ অরিজিন্যাল এ্যাক্ট-এর এটা তুলে দেবার জন্য বলেছেন। সেক্সন ১০৪ একটা পেনাল সেক্সন তাতে,

"personal liability of the commissioners, Chairman or Vice-Chairman or Commissioners will be liable for any waste of money or other property if that is a direct consequence of his misconduct or liable for any expenditure made from municipal fund where such illegal payment has been authorised by him."

এতবড় সেক্সন তুলে দেবার কোন মানে হয় না। এতে তাদের একটা ভয় থাকে, একটা চেক্ থাকে। আমরা যদি ডিফল্ট্ করি বা মিস্য়াপ্রোপ্রিয়েশন করি তাহ'লে আমাদের বিরুদ্ধে সুট হবে এটা তুলে দেবার কারণ দেখিনা।

তারপরে কুজ ২৯তে—কন্ভিক্সন বাই কোর্ট পেনাল অকেন্স না কোরে "It should be convicted by a Court" তাতে ১০০ টাকা জরিমানা লেখা আছে।

Mr. Speaker:

এগুলো কুজের সময় বলবেন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমি এগুলো জেনারেল ভাবে বলছি। এগুলো দেবেন বাবু পরে কোরে দিতে পারেন। এখন অডিটর কারও এগেন্স্টে রিপোর্ট করলে ডিষ্ট্রিক্ট জজের কাছে আপীল করতে পারে তা না কোরে এখানে গভর্ণমেণ্টের কাছে কেন করবেন? কোর্টে জাষ্টিস্ আছে, সেখানে না যাবার কারণ কি? আগে ছিল কেউ পচা মাল মিউনিসিপ্যাল এরিয়ায় যদি বিক্রী করতে যায়—যেমন মাছ—সেধারা তুলে দিচ্ছেন।

Mr. Speaker:

এ সবের এ্যামেণ্ডমেণ্ট আছে; এ্যামেণ্ডমেণ্টের সময় বলবেন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

সেটা তুলে দিয়েছেন; তাতে কস্ট-এর কথা এবং ডেষ্ট্রয় করবার কথা ছিল। সেই ধারার গোটাটা তুলে দিয়েছেন; তার মানে ঐ মাছগুলো সেখান থেকে নিয়ে গিয়ে—ঐ মিউনিসিপ্যাল এরিয়া থেকে অন্য জায়গায় বিক্রী করবে।

Mr. Speaker:

এগুলো আপনি অপোজ করবেন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

এই সব দিক থেকে বলছি যে এগুলো ভাল কোরে সংশোধন কোরে আনা উচিত; এটা সিলেক্ট কমিটিতে আবার যাওয়া উচিত। মিউনিসিপ্যালিটির ওখানে যে বেঙ্গল পেয়ার্স এসোসিয়েশন আছে তাদের কাছেও পুনর্বিবেচনার জন্য যাওয়া উচিত।

Mr. Speaker: Debate on the first reading is closed. Tomorrow Mr. Jalan will speak in reply. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was then adjourned at 7-22 p.m. till 3 p.m. on Wednesday, the 31st March, 1954, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Wednesday the 31st March, 1954.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 31st March, 1954, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 176 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Chandreswar and Solatopa khals, Midnapore district.

***124. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় দাসপুর থানার অন্তর্গত চন্দ্রেশ্বর ও সোলাটোপা জলনিকাশী খালের জন্য জলকর বিলি করা হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, কত টাকা ঐ খাল দুইটি হইতে জলকর বিলি বাবদ সরকারের আয় হয়;

(গ) ইহা কি সত্য যে, খালগুলির পূর্ণসংস্কারের অভাবে মাঠের ফসল নষ্ট হইতেছে;

(ঘ) ইহা কি সত্য যে, ১৯৫৩ সালে চন্দ্রেশ্বর স্লুইস গেটএ পুলিস ফোর্স বসানো হইয়াছে; এবং

(ঙ) কত টাকা উক্ত পুলিস ফোর্সের জন্য খরচ হইয়াছে?

Minister-in-charge of the Irrigation Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) হ্যাঁ, ১৯৫৩-৫৪ সালে খাল দুটিতে মৎস্য ধরার জন্য ইজারা দেওয়া হইয়াছে।

(খ) চন্দ্রেশ্বর—৩৬৮৲ টাকা ও সোলাটোপা—১২৲ টাকা।

(গ) না।

(ঘ) হ্যাঁ, বসানো হইয়াছিল।

(ঙ) ১২৭।৷৹ আনা।

Sj. Mrigendra Bhattacharjya:

এই যে মাছ ধরার ইজারা দেওয়া হয়েছে, সেখানে তারা কি উপায়ে মাছ ধরেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বড় জাল দিয়ে।

Sj. Mrigendra Bhattacharjya:

আপনি কি জানেন যে এই খালের মধ্যে একশোটা বাঁশ জলের মধ্যে গেড়ে বেখে মাছ ধরবার ব্যবস্থা করেছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, আমি তা জানি না।

Sj. Mrigendra Bhattacharjya:

এই ইজারা দেওয়া সম্পর্কে আমি যে কথা পূর্বে আপনার নোটিশে এনেছিলাম সেটা আপনার স্মরণ আছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না।

Sj. Mrigendra Bhattacharjya:

আপনি তখন বলেছিলেন, না। আর এখন বলছেন হাঁ।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি ত এখন বলছি হাঁ। তখন জানতাম না বলে না বলেছি।

Sj. Mrigendra Bhattacharjya:

এইভাবে জাল দিয়ে জল আবদ্ধ করার জন্য ঐ এলাকার বহু ফসল নষ্ট হয়ে গিয়েছে মাননীয় মন্ত্রী-মহাশয় জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, জানি না।

Sj. Mrigendra Bhattacharjya:

আপনি যে বললেন বড় জাল দিয়ে মাছ ধরা হয়েছে, সেই রকম কতগুলি জাল, কতখানি জায়গায় ফেলা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমরা ইজারা দিয়েছি। সেখানে কতগুলি জাল ফেলা হয়েছে তার হিসাব আমরা রাখি না।

Sj. Mrigendra Bhattacharjya:

এই খাল দিয়ে পূর্বে তিন দিনে যে পরিমাণ জল যেত এখন এই খালের জল আবদ্ধ করার জন্য পাঁচ সাত দিনেও সেই পরিমাণ জল যেতে পারে না, এ খবর মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না আমাদের কাছে জানালেই আমরা তার প্রতিকার করবো।

Sj. Saroj Roy:

গত আষাঢ় মাসে ঐ অঞ্চলের কৃষকরা জল পাচ্ছে না বলে আপনার কাছে দরখাস্ত করেছিল কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই। কারণ এটা ফাইলএ থাকতে পারে।

Sj. Mrigendra Bhattacharjya:

সেখানে কোন পুলিস বসান হয়েছিল কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

পুলিস বসান হয়েছিল যখন প্রথম এই স্লুইসটা করবার কথা উঠেছিল, সেই সময় সেখানকার জনসাধারণ দরখাস্ত করেন জলনিকাশের জন্য যে স্লুইস দিয়ে জলনিকাশের ব্যবস্থা হয় সেই স্লুইস দিয়ে আবার নদী থেকে জল ঢোকান যায় না, তার অন্য রকম গড়ন। আমাদের অফিসাররা যখন সেখানে কাজ করতে যান তখন সেখানকার স্থানীয় কতকগুলি লোক তাদের কাজে বাধা দেন এবং জোর করে এই স্লুইস তুলে দিয়ে রূপনারায়ণ থেকে জল ঢোকাবার চেষ্টা করেন, তার ফলে স্লুইসটা ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং সেই জন্যই সেখানে পুলিস বসিয়ে ব্যবস্থা করিতে হয়েছিল।

Sj. Mrigendra Bhattacharjya:

কি ক্ষতিগ্রস্ত হয়েছিল জানাবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জল ভিতরে ঢোকাতে গিয়ে মাটিতে গর্ত হয়ে যায় এবং তার ফলে স্লুইসটা ভেঙ্গে যেতে পারত।

Sj. Mrigendra Bhattacharjya:

এই পুলিস আনার অনুমতি কে দিয়েছিলেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কারও অনুমতি দেবার দরকার হয়নি। স্থানীয় লোকেরা ম্যাজিষ্ট্রেটকে জানালে, তিনি তাড়াতাড়ি ইমারজেন্সির জন্য পুলিস আনতে বাধ্য হ'ন।

Sj. Nripendra Copal Mitra:

অক্সন করে এই ইজারা দেবার বন্দোবস্ত করা হয়েছিল কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হাঁ, অক্সন করেই দেওয়া হয়েছিল।

Sj. Mrigendra Bhattacharjya:

যে খাল ইজারা দেওয়া হয় সেই খালের জল বন্ধ হয় কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জল যাতায়াত বন্ধ করতে দেওয়া হয় না।

Sj. Saroj Roy:

গত আষাঢ় মাসে তারা দরখাস্ত করেছিল যে আপনারা মাছ ধরার জন্য ইজারা দিয়েছিলেন বলেই তারা জল পাচ্ছে না, এবং আপনারা তার কোন ষ্টেপ না নেওয়ার জন্যই তারা সেখানে জোর করে জল নেবার চেষ্টা করেছিল এবং তারজন্যই পুলিস এনে সেখানে বসান হয়েছিল কি না?

Mr. Speaker: That question does not arise out of this.

Sj. Saroj Roy:

হাঁ, স্যার এর কারণ রয়েছে। সেটা হ'ল সেখানে যখন কৃষকরা জল পেল না, জলের অভাবে তাদের জমির ফসল নষ্ট হতে লাগলো তখন তারা জোর করে জল নিতে গিয়েছিল বলেই এই পুলিস ফোর্স বসান হয়েছিল।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

যে স্লুইস দিয়ে জল ঢোকান উচিৎ নয় সেখানে তারা জোর করে জল ঢোকাতে গিয়েছিল এবং তারই জন্য পুলিস ফোর্স ডাকা হয়।

Sj. Saroj Roy:

তারা কেন জোর করে জল ঢোকাতে চেয়েছিল সেটা মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আপনি তাদেরই জিজ্ঞাসা করুন।

Sj. Saroj Roy:

এটা কি সত্য যে এই জলকর বন্দোবস্ত দেওয়ার ফলেই, কৃষকরা সেখানে জল পাচ্ছে না, এবং তারা সেখানে জলটাকে ঘিরে আবদ্ধ করে রেখে দিয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জলকর দেওয়া হয় বর্ষার শেষে ও চাষের শেষে, যখন জলের অভাব হয় না। সুতরাং জলকরের জন্য জল নেওয়ার সময় কোন বাধা হয়নি।

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কতখানি এলাকায় জল নিকাশ হয়?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ দিলে বলবো।

Breach in the Chumkati Bundh of the Bidyadhari river within Canning Thana, 24-Parganas.

***125. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) গত ২৫শে সেপ্টেম্বর রাত্রে বিদ্যাধরীর প্লাবনে ২৪-পরগণা জেলার অন্তর্গত ক্যানিং থানার অন্তর্গত ক্যানিং ইউনিয়নের ঘুমকাঠির যে বাঁধ ভাঙ্গিয়া গিয়াছিল উহা মেরামতের জন্য মোট কত খরচ হইয়াছে;

(খ) নদীর দিকের বাঁধটি (প্রথম বাঁধ) যাহার দ্বারা বর্তমানে জল আটক আছে উহা প্রস্তুত করিতে কত খরচ হইয়াছে;

(গ) ঐ বাঁধের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা কত;

(ঘ) ঐ বাঁধটি প্রস্তুত করার জন্য যে মালমসলা লাগিয়াছে, তাহার পরিমাণ ও মূল্য কত;

(ঙ) বাঁধে মোট কত মজুর খাটিয়াছে;

(চ) প্রত্যেক মজুরকে দৈনিক কত করিয়া মজুরি দেওয়া হইয়াছে;

(ছ) বাঁধ-মেরামত মালমসলা উদবৃত্ত হইয়াছিল কিনা; এবং হইয়া থাকিলে, তাহার পরিমাণ কত ও তাহা দিয়া কি হইয়াছে;

(জ) ঐ উল্লিখিত নদীর বাঁধ (দ্বিতীয়) সম্পূর্ণ হইয়াছে কিনা এবং ঐ বাঁধের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা কত;

(ঝ) ঐ বাধের জন্য মোট কত খরচ হইয়াছে এবং কি কি বাবদ খরচ হইয়াছে; এবং

(ঞ) দ্বিতীয় বাঁধ কেন নির্ম্মাণ করা হইয়াছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

(ক) গত ২৬শে সেপ্টেম্বর রাত্রি ৪ ঘটিকায় বাঁধটি ভাঙ্গে, ২৫শে সেপ্টেম্বর রাত্রে নহে। মোট ৪০,২৫৮৶০ আনা।

(খ) মাটির কাজের জন্য ১২,২৪০৶০ আনা।

(গ) লম্বা ৭৫০ ফুট, প্রস্থ ২০ ফুট ও গড়ে উচ্চতা ১০ ফুট।

(ঘ) তিনটি ভাঙ্গন সারাইবার জন্য ও দুইটি রিং বাধ তৈয়ার জন্য মালমসলা ক্রয় করা হইয়াছিল। সুতরাং এই বাঁধের জন্য পৃথকভাবে হিসাব দেওয়া সম্ভব নহে।

(ঙ) ২৫,১৬৬ জন।

(চ) ১৷০ আনা হিসাবে।

(ছ) হাঁ, হইয়াছিল; এবং সেগুলি নীলামে ৪৩২৲ টাকায় বিক্রয় করা হইয়াছে। উদবৃত্ত মালের বিবরণী এতৎসহ দেওয়া হইল।

(জ) হাঁ, হইয়াছে। দ্বিতীয় বাঁধের দৈর্ঘ্য ২,৩০০ ফুট, প্রস্থ ১০ ফুট ও গড়ে উচ্চতা ৪ ফুট।

(ঝ) ১৫,০০০৲ টাকা শুধু মাটির কাজের জন্য। এ ছাড়া মালমসলার জন্য যাহা খরচ তাহার পৃথক হিসাব দেওয়া সম্ভব নয়।

(ঞ) ভাঙ্গা বাঁধের দিকে বন্যাপ্লাবিত এলাকা হইতে প্রবাহিত জলের গতি বন্ধ এবং বাঁধ তৈরী ও ভগ্নস্থান মেরামতের জন্য নিকটে যাহাতে মাটী পাওয়া যায় তার জন্য ঐ রিং বাঁধ তৈরী করা হইয়াছে।

Statement referred to in reply to clause ছ of starred question No. 125.

উদ্ধৃত্ত মালমসলার পরিমাণ

কুড়াল	... ...	১২ খানা
দা	... ...	১২ খানা
দড়ি	... ...	১৫ সের
বাঁশের ঝুড়ি	... ...	১৫০টি
কাঠের হাতুড়ী	... ...	২৪টি
খালি বস্তা	... ...	১৭৫টি
বাঁশ	... ...	১০০টি
হ্যারিকেন	... ...	৬টি

Sj. Lalit Kumar Sinha:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই বাঁধ মেরামত করবার জন্য ১৫ হাজার টাকারও কম খরচ হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

যা খরচ হয়েছে তা বলেছি, তার চেয়ে কম খরচ হয়নি।

Sj. Lalit Kumar Sinha:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি বাঁধ মেরামতের জন্য খাসমহল অফিসারকে প্রেসিডেণ্ট করে সেখানে যে একটা কমিটি গঠন করা হয়েছিল, তাকে বাতিল করে দিয়ে সেখানকার এস, ডি ও, কংগ্রেস সেক্রেটারীকে প্রেসিডেণ্ট করে তার চার্জ দেওয়া হয়েছিল কি না?

Mr. Speaker:

এ প্রশ্ন ওঁকে করছেন কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এটা খাসমহলের ব্যাপার, এটা কেন করেছিল তা আমি বলতে পারবো না। এটা এস, ডি, ওকে জিজ্ঞাসা করবেন।

Sj. Lalit Kumar Sinha:

এটা কি সত্য যে সেই এস, ডি, ওর সঙ্গে একটা গাগাভাগির ব্যাপার ছিল।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, সত্য নহে।

[3-10—3-20 p.m.]

Sj. Subodh Banerjee:

সাপ্লিমেণ্টারি স্যার, এর মধ্যে খাসমহলেরই বা কত টাকা আর ইরিগেসনএরই বা কত টাকা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সবটাই খাসমহলের।

Sj. Lalit Kumar Sinha:

আপনারা জানেন মোট এই বাঁধের জন্যে দুই হাজারের কম লোক কাজ করে, আপনি ২৫ হাজার বলছেন কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, ২৫ হাজার কাজ করেছে।

Sj. Lalit Kumar Sinha:

আপনার কাছে দরখাস্ত করা হয়, যে ৫০ জন বাঁধ বেঁধে দাম পায়নি এটা জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, বলতে পারি না। নোটিশ দিলে বলতে পারি।

Sj. Lalit Kumar Sinha:

এই বাঁধের যে মালমসলা উদ্বৃত্ত হয়েছিল তা বিক্রী করতে নীলামের নোটিশ দেওয়া হয়েছিল কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নীলাম যেভাবে করা হয় সেইভাবে হয়েছিল।

Sj. Lalit Kumar Sinha:

সাধারণভাবে যে অক্সন সেল হয় সেইভাবে হয়েছিল কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ দিলে বলতে পারি।

Sj. Ambica Chakrabarty:

সাপ্লিমেণ্টারী, স্যার, এই বাঁধ ভাঙ্গার ক্ষতির পরিমাণ কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই।

Sj. Ambica Chakrabarty:

এই বাঁধ রক্ষার জন্যে সরকার থেকে কোন নিযুক্ত করা হয়েছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলতে পারিনে।

Sj. Ambica Chakrabarty:

বাঁধ ভেঙে যাওয়ার কারণ অনুসন্ধান করা হয়েছিল কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

পূর্ণিমার কোটালে জোর ঝড় বৃষ্টি হয়, খুব বান হয়, ফলে ভেঙে যায়।

Sj. Ambica Chakrabarty:

এই বাঁধ রক্ষার জন্যে প্রহরীর ব্যবস্থা করবার মতলব সরকারের আছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বাইশ শত মাইল বাঁধ সুন্দরবনে, আর এক হাজার মাইল অন্যত্র। প্রত্যেক এক মাইলের জন্যে প্রহরী রাখা সম্ভব নয়।

Sj. Nepal Chandra Roy:

প্রাইভেট অক্সন না পাবলিক অক্সন করা হয়?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

অক্সন পাবলিকই হয়, প্রাইভেট হয় না।

Sj. Bibhuti Bhushon Chose:

পূর্ণিমার কোটাল আসবার পূর্বে বাঁধের দুরবস্থা জানান সত্ত্বেও কোনো ষ্টেপ নেওয়া হয়েছিল কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি বলেছি কোটালে ভয়ানক ঝড়বৃষ্টি ও দুর্যোগের ফলে ভেঙে যায়।

Sj. Bibhuti Bhushon Chose:

বাঁধের এই খারাপ অবস্থার কথা পূর্বে জানান হয়েছিল কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, হয়নি।

Sj. Hemanta Kumar Choshal:

মন্ত্রীমহাশয় জানেন কি যে ওই অঞ্চলের জমিদাররা বাঁধ ভেঙে দেয় নেছো ডিঙির পথ করবার জন্যে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, জানি না।

Sj. Lalit Kumar Sinha:

আপনি যে বলেছেন ২৬শে সেপ্টেম্বর চার ঘটিকায়, আবার এদিকে বলছেন পূর্ণিমার কোটালে ভেঙেছিল, তাহলে ২৫শে সেপ্টেম্বর হয় কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমার সংবাদ ২৫শে সেপ্টেম্বর।

Janab A. M. A. Jaman:

আমরা জানতে পেরেছি বাঁধ ভাঙার ব্যাপারে কোনো পলিটিক্যাল পার্টির হাত আছে এটা কি সত্য? (Interruptions.)

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হতে পারে।

Sj. Subodh Banerjee:

কোন রাজনৈতিক দলের কারসাজী বলে মনে হয়?

Mr. Speaker: That question does not arise.

Sj. Subodh Banerjee:

জামান সাহেবের প্রশ্নের জবাবে বলেছেন যে হতে পারে, তাহলে বলুন কোন্ রাজনৈতিক পার্টি এর মধ্যে জড়িত?

Sj. Bibhuti Bhushon Chose:

মন্ত্রীমহাশয় জানেন কি যেখানে বাঁধ ভেঙেছিল সেই বাঁধের সামনে যে জমিদারের কাছারী ছিল তিনি কংগ্রেসের লোক? (Interruptions.)

Mr. Speaker: Order, order, please.

Sj. Hemanta Kumar Choshal:

এটা জিজ্ঞাসা করতে পারি কি, জামান সাহেব বলেছেন.....

Mr. Speaker: How does that question arise? What is the object of a supplementary question? You should put the supplementary on the Minister's answer. You cannot put a supplementary on a member's question. That should not be the supplementary. You have put your supplementary on Mr. Zaman's question. You are not entitled to a supplementary like that. You have to put your supplementary on the Minister's answer.

Sj. Hemanta Kumar Choshal:

আমার নিজের সাপ্লিমেণ্টারী কোশ্চেনএ আমি জিজ্ঞাসা করেছি যেখানে বাঁধটা ভেঙেছিল তার সাবনে যে কাছারী ছিল সে কাছারীর লোক কংগ্রেসের লোক কিনা ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কংগ্রেসের লোক, কি লেফটিষ্ট জানিনে, যে কেউ হতে পারে।

Sj. Bibhuti Bhushon Chose:

বাঁধ ভাঙার কারণ অনুসন্ধান করার ক্ষেত্রে আমাদের থেকে জানান হয়েছিল যে এটা অভিসন্ধিমূলক, এটা আপনি খোঁজ করেছিলেন কি ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না।

Sj. Hemanta Kumar Choshal:

আপনি জানেন কি ওখানকার কংগ্রেসী লোক যারা——

Mr. Speaker: These questions will not be allowed. They are political party questions. That is not the object of supplementary. I will not allow them.

Sj. Lalit Kumar Sinha:

আপনি বলেছেন পূর্ণিমার কোটালে ভেঙেছে, সেটা ২৫শে না ২৬শে সেপ্টেম্বর ?

Mr. Speaker:

একথা তো হয়ে গেছে।

Sj. Lalit Kumar Sinha:

আর একটি কথা, ওখানকার বাঁধ বাঁধার ব্যাপারে ১৫ হাজার টাকা খরচ দেখান হয়েছে, কিন্তু আসলে কম খরচ হয়েছিল এটা জানেন কি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

একথা সত্য নয়।

Sj. Lalit Kumar Sinha:

যদি এটা হয় ?

Mr. Speaker: That is a hypothetical question. I won't allow that. That is not a supplementary.

Sj. Bibhuti Bhushon Chose:

১৫ হাজার টাকার কম হিসাব যদি দেখান হয়, আপনি এবিষয়ে এনকোয়েরী করবেন কিনা ?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Hemanta Kumar Choshal:

এই হিসাব সম্বন্ধে কোন তদন্ত করবেন কি ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তদন্তের দরকার কি ?

Sj. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে সুন্দরবন অঞ্চলের জমিদাররা বাঁধ ভেঙে দেয়——

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জানিনে।

Sj. Provash Chandra Roy:

সুন্দরবন অঞ্চলের বাঁধ ভাঙার ব্যাপারে জমিদাররা——

Mr. Speaker: It is a question relating to Canning Union, Ghumkathi Bundh. You cannot have a roving question over the whole of Sundarbans

Sj. Hemanta Kumar Choshal:

মাননীয় মন্ত্রীমহাশয় কি তদন্ত করবেন যে এই বাঁধ জমিদাররা নেড়ো ডিঙির যাতায়াতের সুবিধার জন্যে ভেঙে দেয় ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

প্রয়োজন হলে করব।

Sj. Subodh Banerjee:

এই বাঁধের অবস্থা খারাপ বলে কোনো দরখাস্ত আপনার কাছে করা হয়েছিল কি ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জবাব তো দিয়েছি।

Sj. Subodh Banerjee:

আপনি কি জানাবেন যে বাঁধ ভেঙে যাওয়ার পর যখন কাজ হচ্ছিল নন-অফিসিয়াল অরগানাইজেসনএর ধুয়ো দিয়ে তখন সেই কাজ বন্ধ করে দিয়ে কাজ করার নাম করে দিনকতক সেই অবস্থায় ফেলে রাখা হয়েছিল কি না ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমার জানা নেই, নন-অফিসিয়াল অরগানাইজেসন কাজ করতে যাবে কেন?

Sj. Subodh Banerjee:

যাবে কেন এটা কোনো জবাব হ'ল না।

Mr. Speaker: Please do not argue over supplementary question. You have got to accept it as it is given whether it is true or not.

Sj. Subodh Banerji: I am not arguing. You please ask the Minister not to put question to me. He asked me a question.

তিনি জিজ্ঞাসা করেছেন নন-অফিসিয়াল অরগানাইজেসন করতে যাবে কেন?

Mr. Speaker: That is the answer which he gave.

Sj. Subodh Banerjee:

নন-অফিসিয়াল-অরগানাইজেসন করতে যাবে কেন,

How can it be an answer?

Mr. Speaker: There have been enough supplementaries. You will be depriving other members of their questions. I won't allow any more supplementaries on this question. There are various other questions. Why are you depriving other members of their right?

Sj. Ambica Chakrabarty:

১৫ হাজার টাকার কম খরচ হয়েছিল এই মর্ম্মে দরখাস্ত স্থানীয় লোকেরা তাঁর কাছে করেছে এটা সত্য কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জবাব দিয়েছি আমি জানিনে, ফাইল দেখে বলতে পারি।

Sj. Provash Chandra Roy:

উনি বলেছেন যে বালসলার পরিমাণ ও বালের পৃথক হিসাব দেওয়া সম্ভব নয়। তিনি তাহলে কি মোট পরিমাণটা বলবেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

Sj. Provash Chandra Roy:

এই যে উত্তরে বলেছেন—(ঘ)তে বলেছেন—তিনটি ডাঙ্গন সারাইবার জন্য ও দুইটি রিং বাঁধ তৈয়ারীর জন্য বালসলা ক্রয় করা হইয়াছিল। সুতরাং এই বাঁধের জন্য পৃথক হিসাব দেওয়া সম্ভব নহে। পৃথক হিসাব দেওয়া সম্ভব না হলেও, বালসলা যা কেনা হইয়াছিল তাতে কত টাকা খরচ হইয়াছিল বলবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

খরচ হয়েছে মোট ৪০,২৫৮৸০; তার মধ্যে নীলাম থেকে ফেরৎ পাওয়া গেছল ৪৩২ টাকা সুতরাং খরচ হয়েছে ৩৯,৮২৬৸০

Imposition of Levy Orders within Sagar and Kakdwip police-station, 24-Parganas.

*126. **Sj. Haripada Baguli:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(ক) ১৯৫২-৫৩ সালে ২৪-পরগণা জেলার সাগর থানা ও কাকদ্বীপ থানায় মোট কতজন ব্যক্তির উপর কত মণ ধান্যের জন্য লেভির নোটিশ দেওয়া হইয়াছিল;

(খ) কতজন লোক মোট কত মণ ধান্য দিয়াছেন;

(গ) কতজন লোক আদৌ ধান্য আদায় দেন নাই; এবং

(ঘ) ধান্য যথাসময়ে না দিতে পারার জন্য কতজন লোকের প্রতি আইনতঃ শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen):

(ক) ২,৪৬৯ জন ব্যক্তির উপর ২৬৫,০৫৫/১১/০ ধান্যের জন্য লেভির নোটিশ দেওয়া হইয়াছিল।

(খ) ২,২৩৬ জন ব্যক্তি মোট ২৩৩,০৬৭।২।০ ধান্য দিয়াছেন।

(গ) ২৩৩ জন।

(ঘ) ২১৮ জন। ১৫ জনের বিষয় পুনর্বিবেচনা করিয়া লেভির নোটীশ হইতে রেহাই দেওয়া হইয়াছে

Sj. Haripada Baguli:

এই যে (ঘ)এর উত্তরে বলেছেন ২১৮ জন, এইসব লোককে, ধান আদায় করবার জন্য কি কোমরে দড়ি বেঁধে বা হাতকড়া দিয়ে চালান দেওয়া

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্ন এখানে উঠেনা।

Sj. Haripada Baguli:

সরকারের খাস জমির ধান সম্পূর্ণ আদায় না হওয়ার জন্য ২৪-পরগণা কালেক্টরের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Nripendra Copal Mitra:

এই যে ১৫ জনের নোটিশ হইতে রেহাই দেওয়া হয়েছে এ বিচার কারা করেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

খুব সম্ভবত: ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট।

Sj. Biren Banerjee:

কি কারণে এই ১৫ জনকে ছেড়ে দেওয়া হল বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা বলতে পারি না।

Employees of Food Department discharged or dismissed for participation in political movement.

***127. Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) if it is a fact that during the period from 1947 to 1951 a large number of employees of the Food Department were either discharged or dismissed;

(*b*) if so, the number of them;

(*c*) if it is a fact that many of these employees were either discharged or dismissed for trade union and political activities;

(*d*) if so, the names and number of such employees;

(*e*) what were the specific charges against them; and

(*f*) whether Government consider the desirability of reinstating persons dismissed or discharged on grounds of political and trade union activities?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) Yes.

(*b*) 4,198.

(*c*) No. Not many, but only 23 employees were either discharged or dismissed for membership of poiltical parties or active participation in political movement in contravention of rule 23 of the Government Servants' Conduct Rules.

(*d*) A statement is laid on the Table.

(*e*) Contravention of rule 23 of Government Servants' Conduct Rules.

(*f*) No one was discharged on grounds of trade union activities.

Statement referred to in reply to clause (d) of starred question No. 127.

(1) Shri Suprovat Mukherji, Sub-Inspector, Rationing.

(2) Shri Suresh Chandra Majumdar, Assistant Accountant, Permit Office (North), Rationing.

(3) Shri Manik Sen Gupta, Sub-Inspector, Rationing.

(4) Shri Upendra Prosad Bhattacharjee, lower division clerk, Rationing.

(5) Miss Nani Sen, lower division clerk.

(6) Shri Adhikesh Banerjee, upper division assistant.

(7) Miss Anjali Gupta, Head Clerk.

(8) Shri Asu Chatterjee, lower division clerk.

(9) Shri Santosh Mukherji, lower division clerk.

(10) Shri Bireswar Bhattacharji, Sub-Inspector, Rationing.

(11) Shri Subodh Bhawal, Sub-Inspector, Rationing.

[The Hon'ble Prafulla Chandra Sen.]

(12) Shri Naranarayan Bhattacharjee, Sub-Inspector, Rationing.

(13) Shri Bimalendu Bikash Sarkar, Patrol Officer, Procurement.

(14) Miss Dolly Bose, lower division clerk, Rationing.

(15) Shri Bijoy Chandra Deb, Sub-Inspector, Rationing.

(16) Shri Krishna Birendra Goswami, Sub-Inspector, Rationing.

(17) Shri Dhirendra Nath Bhowmick, Sub-Inspector (Storage and Transport).

(18) Shrimati Minu Basu Roy, Head Clerk, Employees' Shop Section.

(19) Shri Sarba Bijoy Hazra, Store-keeper, Procurement.

(20) Syed A. Huda, Sub-Inspector, Procurement.

(21) Shri Benoy Chatterjee, Chief Inspector, Rationing.

(22) Janab A. Aziz, upper division assistant, attached to the office of Controller of Finance.

(23) Shri Ranjit Kumar Lahiri, stenographer, Rationing.

[3-20—3-30 p.m.]

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister be pleased to answer what are the reasons for either discharge or dismissal of 4,198—23 persons of the Food Department?

The Hon'ble Prafulla Chandra Sen: The reasons have been stated in my reply to question (*c*).

Sj. Ganesh Ghosh: In your reply to question (*c*), you say why 23 persons were discharged. I want to know why 4,198—23 persons were discharged. You do not give any reason why so many persons were discharged.

The Hon'ble Prafulla Chandra Sen: I think they were considered surplus.

Sj. Ganesh Ghosh: With regard to these 23 persons, what are the specific charges against all these persons? You say, active participation—what sort of active participation and membership of what political party were they accused of for which they were discharged?

The Hon'ble Prafulla Chandra Sen: I could not give him the details, but I can tell the honourable member that they were discharged for contravention of rule 23 of the Government Servants' Conduct Rules.

Sj. Ganesh Ghosh: Twenty-three persons were discharged or dismissed for membership of political parties or active participation in political movement. Which of these 23 persons were discharged on account of being members of political parties?

The Hon'ble Prafulla Chandra Sen: I think all these 23 persons were discharged for membership of political parties or for active participation in political movement.

Sj. Ganesh Ghosh: Was each of them accused of being member of a political party and of taking active participation in political movement?

The Hon'ble Prafulla Chandra Sen: Some were members of political parties and some took active part in political movement.

Sj. Ganesh Ghosh: Who were members of political parties?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice.

Sj. Ambica Chakrabarty: এই যে ২৩ জন এমপ্লইজ তার মধ্যে কংগ্রেস পার্টির কোন মেম্বার আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি তা বলতে পারব না, নোটিশ চাই।

Sj. Provash Chandra Roy:

এই যারা ২৩জন ডিসচার্জ বা ডিসমিসড্ হয়েছে তাদের নাম বলবেন কি?

Mr. Speaker:

নাম তো রয়েছে।

Sj. Nripendra Gopal Mitra:

এদের ২৩জনকে ডিসচার্জ করা হয়েছে, তাদের অপরাধের বিচার কে করেছে?

The Hon'ble Prafulla Chandra Sen: Proceedings were drawn against them and they were found guilty and were discharged.

Sj. Hemanta Kumar Ghoshal:

এই যে পলিটিক্যাল পার্টির মেম্বারএর কথা বল্লেন কোন পলিটিক্যাল পার্টির মেম্বার ছিল?

Mr. Speaker:

সেটা বলা হয়েছে।

Sj. Saroj Roy:

এই যে রাজনৈতিক কর্মী বলছেন কংগ্রেস রাজনীতি করলে তাতে পলিটিক্যাল পার্টির মেম্বার গণ্য করবেন কিনা?

Mr. Speaker: That is a matter of opinion.

Attendance of Government servants at the open session of Congress at Kalyani.

***128. Sj. Subodh Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(*a*) if it is a fact that Government employees were instructed to attend the open session of the Congress at Kalyani in January, 1954; and

(*b*) if so, under what rules?

Minister-in-charge of the Finance Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) No.

(*b*) Does not arise.

Policemen engaged from July, 1953 to October, 1953, in connection with different movements.

***129. Sjkta. Manikuntala Sen:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) number of policemen engaged from July, 1953 to October, 1953, in connection with—

(*i*) movement in Calcutta against tram-fare increase,

(*ii*) movement for food in West Bengal, including the hunger-march on 28th September, and

(*iii*) workers' movement for *puja* bonus, including the general strike on 30th September;

(*b*) how many plain clothed men, if any, were engaged for the purpose;

(*c*) amount of money spent for the purpose;

(*d*) total number of motor vehicles of different categories, such as jeeps, motor bikes, Land Rovers, trucks and lorries used for the purpose;

(*e*) how many gallons of petrol consumed;

(*f*) names of the police officers, with designations of such officers who were in charge of the different units, employed for the said purpose; and

(*g*) the amount of money drawn by these officers as travelling allowance and other emoluments?

Minister-in-charge of the Home (Police) Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy). The information cannot be disclosed in public interest.

Sj. Ganesh Ghosh: What public interest is involved?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Any interest which is not private—which is in the interest of the public.

Sj. Ambica Chakrabarty:

ডাঃ রায় বলেছেন

"the information cannot be disclosed in public interest."

"এ" থেকে "জি" পর্য্যন্ত এর সব পার্টিই কি মনে করেন—

Information cannot be disclosed for the public interest?

Mr. Speaker: Yes, that is the answer.

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকার আপনাকে জিজ্ঞাসা করি....

Mr. Speaker:

আমাকে জিজ্ঞাসা করেন কেন?

Sj. Ambica Chakrabarty:

আপনার মারফৎ জিজ্ঞাসা করছি (ই)তে যে প্রশ্ন "how many gallons of petrol consumed?"

এটার উত্তর পাবলিক ইণ্টারেষ্টএ বাধে বলে মনে করেন?

Mr. Speaker: For the whole question, the answer is there.

Sj. Haripada Chatterjee:

এই যে বলছেন পাবলিক ইণ্টারেষ্টএ বলা যায় না—মিনিষ্টারদের ইণ্টারেষ্টও কি পাবলিক ইণ্টারেষ্ট?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Ministers are Ministers of the public.

Sj. Haripada Chatterjee:

তাই যদি হয় মিনিষ্টারএর "আন্‌ইাবিলিটি যার উপর নির্ভর করছে সেটাও কি পাবলিক ইণ্টারেষ্ট হবে?

Mr. Speaker: That is a matter of opinion—it is not a question of fact. You are enunciating a political theory.

Routes Nos. 35 and 35A of State Transport service, Calcutta.

*130. **Sj. Suhrid Kumar Mullick Chowdhury:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state if it is a fact—

(*i*) that buses Nos. 35 and 35A are not allowed to go to the terminus of Zoramandir due to the road being closed by Calcutta Improvement Trust;

(*ii*) that the fare has not been reduced by the bus-owners for the route being reduced;

(*iii*) that the local people made strong representations for the excess fare charged by the bus-owners; and

(*iv*) that the bus-owners also made representations to the authorities for averting clash between the public and the bus-owners?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps Government propose to take in the matter and when?

Minister-in-charge of the Home (Transport) Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*)(*i*) Yes.

(*ii*) Yes, reduction being temporary.

(*iii*) and (*iv*) No

(*b*) Does not arise.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

প্রায় ১ বছর ধরে এই জোড়া মন্দিরের নিকটস্থ বাস বন্ধ থাকায় বাস চলাচলের অসুবিধা হেতু জনসাধারণও অসুবিধা ভোগ করছে। এটা বিবেচনা করে দুই এক দিনের ভেতর কোন ষ্টেপ নেবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will take cognisance of it and I will enquire into it.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

এই ৩৫ এবং ৩৫এ পাবলিক বাস দুটি বন্ধ করে দেওয়া হয়েছে সেটাও যদি একটু দেখেন ——

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will also look into it.

Sj. Ambica Chakrabarty: On a point of information, Sir. What was the necessity of acceptance of this question if the Minister cannot answer?

Mr. Speaker: That is the answer.

Sj. Ambica Chakrabarty: That is not the answer. He did not reply to a single item.

Role of Damodar Valley Project in Arambag subdivision, Hooghly district.

***131. Sj. Narendra Nath Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার আরামবাগ, খানাকুল ও পুরশুরা থানার দামোদর-বন্যাবিধ্বস্ত অঞ্চলসমূহের উন্নতিসাধনের জন্য দামোদর উপত্যকা করপোরেশনের বর্তমানে কোন পরিকল্পনা নাই; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ সমস্ত অঞ্চলের উন্নতির জন্য সরকার অন্য কোনও পরিকল্পনা করিতেছেন কিনা,

(২) না করিয়া থাকিলে, তাহার কারণ কি, এবং

(৩) অদূর ভবিষ্যতে কোনও পরিকল্পনা গ্রহণ করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

Minister-in-charge of the Development Department (the Hon'ble Ajoy Kumar Mukharji):

(ক) হ্যাঁ।

(খ) (১) দামোদরের দক্ষিণ তীরে অবস্থিত কয়েকটি খালকে আরও দক্ষিণে বাড়াইয়া আরামবাগ থানার উত্তরাঞ্চলকে দারকেশ্বর নদ পর্যন্ত সেচ-সুবিধা দেওয়ার জন্য একটি পরিকল্পনা বর্তমানে করপোরেশন বিবেচনা করিয়া দেখিতেছেন।

(২) ও (৩) প্রশ্ন উঠে না।

[3-30—3-40 p.m.]

Sj. Narendra Nath Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয়, আরামবাগ থানার উত্তর অঞ্চল বাদে অন্যান্য অংশে এবং পুরশুড়া থানায় সেচের ব্যবস্থা করবেন কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

দামোদর থেকে আরামবাগের উত্তরে যাওয়া চলবে না; তাতে এত বেশী খরচ হবে যে আমাদের পোষাবে না। বাকী অংশে পৃথকভাবে কোন স্থানীয় সেচ পরিকল্পনা হয় কিনা সেটা দেখছি।

Sj. Narendra Nath Ghosh:

পশ্চিমবঙ্গ সরকার বহু পরিকল্পনা নিয়েছেন; সবগুলিই কি আয় ব্যয়ের বা লাভ লোকসানের হিসাব কোরে কোরেছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ডি, ভি, সি,র কথা হচ্ছে; অন্যগুলির কথা ওঠে না।

Sj. Narendra Nath Ghosh:

যে সমস্ত ন্যাচারাল খাল সেই আরামবাগ এবং অন্যান্য থানায় যা আছে সেগুলি সেচের খালে পরিবর্তন করা যায় কিনা, সেচ বিভাগে নেওয়া যায় কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সব খাল সেচের জন্য নয়। কোন কোন খালে জলনিকাশ হয়; কোনটা সেচের খাল হতে পারে। কোন্‌টা কি হবে তা বিবেচনা করতে হবে।

Appointment of Executive Officers for Community Development Projects.

***132. Sj. Hemanta Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(*a*) the number of candidates who applied for posts of Executive Officers for the Community Development Projects and the number of those who were selected;

(*b*) how were the selections and on what basis the appointments were made in different zones;

(*c*) if it is a fact that there have been certain disagreements between the State and the Centre on the question of appointment of officers;

(*d*) if so, what are the specific points of such disagreement;

[Sj. Hemanta Kumar Basu.]

(*e*) has work started in all the zones of the project; and

(*f*) if so, what progress has been achieved so far?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) In 1952, 970 applied and seven were selected.

(*b*) The posts of Project Executive Officers were advertised. Selection of candidates was made by a committee appointed under Regulation 35A of the Public Service Commission Regulations subject to confirmation by the Government of India. Appointment of candidates was not made on a zonal basis.

(*c*) Yes.

(*d*) Does not arise.

(*e*) Yes.

(*f*) The honourable member is referred to the statement mentioned in reply to unstarred question No. 23, dated 9th March, 1954.

Sj. Hemanta Kumar Basu: With reference to answer (*b*) will the Hon'ble Minister be pleased to state who are the members of the committee to select the Executive Officers?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I can't give you the names. I want notice.

Sj. Hemanta Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state what are the bases for selection?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The bases are the qualifications required of the candidates. I cannot give you any more information.

Sj. Hemanta Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state if any better qualified candidates were rejected?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot tell you.

Sj. Hemanta Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state how many names were sent to the Government of India for confirmation?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: These seven men were selected by the committee.

Sj. Hemanta Kumar Basu: All of them were confirmed by the Government of India?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot tell you. May be, very likely.

Sj. Hemanta Kumar Basu: In answer to my question No. (*c*) you have said that there were disagreements between the State and the Centre on the question of appointment of officers. And when I asked you the next question as to what are the specific points of such disagreement, you have said "does not arise". What is the reason?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There was no disagreement in the beginning. When the new scheme came into operation, there was some amount of discussion as to whether the Centre will have the final say or whether the State Government will have the final say. Eventually it was decided that the final selection will depend upon the Centre. There is no question of disagreement.

Sj. Haripada Chatterjee:

পাবলিক সার্ভিস কমিশনে না দিয়ে ৩৫এ—রেগুলেশন করবার কি কারণ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Governor under the Constitution has the power to put a class of appointments under 35A Regulation.

Sj. Haripada Chatterjee:

সেটা পাবলিক সার্ভিস কমিশনকে না দিয়ে করবার কারণ কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It was felt necessary that it should be done under 35A Regulation.

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Torchlight procession of Communist Party in connection with Parliamentary election in Calcutta on 27th October, 1953.

50. Sj. Ganesh Ghosh: (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that on 27th October, 1953, police obstructed two torchlight demonstrations in Calcutta (one from Ripon Square and another from Tollygunge) organised by the Communist Party in support of the Communist Party candidate for south-east Calcutta Parliamentary by-election?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) under which Act, Ordinance or rules of the Government of West Bengal police obstructed the torchlight demonstrations for election campaign;

(*ii*) when such "Act" or "Ordinance" or rule (if any) was passed by the State Legislature or promulgated by the Government;

(*iii*) whether before preventing such demonstrations police showed any order of Government to the demostrators; and

(*iv*) if not, why not?

Minister-in-charge of the Home (Police) Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister be pleased to answer as to why a campaign procession which was started from Ripon Square with posters, festoons and party flags asking people to vote for comrade Sadhan Gupta was broken up by the police on the night of the 27th October, 1953, on the ground of carrying torch lights?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Torchlight demonstrations organised by the Communist Party of India were taken out on the 27th October, 1953—one from Charu Avenue, Tollygunge, and another from Ripon Square. The police did not obstruct the torchlight demonstrations and arrested none. In the first procession there were about 100 persons, about twenty-five of whom carried torches. In the second there were also about 100 persons, about ten of whom carried torches. Section 40, clause 10 of the Calcutta Suburban Police Act (Act II of 1866) and section 66, clause 11 of the Calcutta Police Act (Act IV of 1866) provide that "whoever sets fire to or burns any straw or other matter, or lights any bon-fire, etc., in or near any street or thoroughfare except at such times and places as shall from time to time be allowed by the Commissioner of Police shall be liable to a fine not exceeding Rs. 50." The local Police acted upon this provision of the law and warned the organisers of the torchlight procession beforehand not to take out any burning torchlight procession as this was prohibited under the law. They however ignored the warning and took out procession with burning torches both from Charu Avenue and Ripon Square. Two of the torch-light bearers were later on prosecuted under the Police Act. One was acquitted on 5th January, 1954. The Court accepted the statement of the accused, a practising lawyer, that he had no burning torch in his hand. The Court held that the prosecution failed to prove the charge beyond reasonable doubt. The other accused is on trial, the next date of hearing being 20th April, 1954. The opinion of the Magistrate was that the accused is a practising lawyer in the Bankshall court. "Considering the nature of the evidence on record and the status of the accused, to whom mendacity cannot be lightly imputed, I am unable to hold that the charge has

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

been proved beyond all reasonable doubt. I therefore give the accused the benefit of the doubt and find him not guilty and acquit him under section 245, Criminal Procedure Code."

Sj. Ganesh Ghosh: In view of the answer given will the Hon'ble Minister be pleased to explain why the answer to question (*a*) is "no"?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Because the question was whether it is a fact that the police obstructed. The police did not obstruct the torchlight procession. All that the police did was to ask the processionists not to carry burning torches and to arrest two of the torchlight bearers. The procession was not obstructed, but two of the torchlight bearers were arrested because of violating the section of the Police Act.

Sj. Ganesh Ghosh: Is it prohibited by law to take out a torchlight procession?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have read out the law. The law is that whoever burns any straw or other matter—and torchlight is also burning something—in or near the street or thoroughfare except at such times and places as shall from time to time be allowed by the Commissioner of Police commits an offence. In this particular case the Commissioner did not allow it. They were going along the street or thoroughfare; they were burning torches, and therefore they contravened section 66(*11*) of the Calcutta Police Act (Act IV of 1866).

Dr. Narayan Chandra Ray:

মুসকিল আসানকে "এরেষ্ট" করা হয় কি সে জন্য?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আসানকে যদি মুস্কিল করা হয়, তাহলে ধরা হয়।

Sj. Saroj Roy:

ঐ সময় কলিকাতায় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছিল যে ঐ দুটো 'ডেমনষ্ট্রেশন'কে পুলিস 'অবষ্ট্রাক্ট' করে, কিন্তু সরকার থেকে তার প্রতিবাদ জানান হয় নি?

Mr. Speaker: That question does not arise.

Message.

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following message has been received from the West Bengal Legislative Council:—

> "The West Bengal Appropriation (No. 2) Bill, 1954, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 30th March, 1954, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make."

[3-40—3-50 p.m.]

Adjournment motion.

Sj. Hemanta Kumar Basu: On the 27th March Shri Harisadhan Chakravarty and seven others were arrested at 10-30 p.m. without warrant while they were in bed, and their houses were also searched and assaults made on them. As such the action of the police has created a panic in the locality and arrests and searches are made without warrant. I want to make

Mr. Speaker: I refused consent to your adjournment motion. You saw me in my chamber. I said you can mention the matter. No speech can be allowed.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker, Sir, if you permit me I can place the following facts before the House. On the night of the 27th March, 1954, there was a quarrel between two groups of local people over the use of a book. This quarrel had been going on for some time, but it developed into a riot on the day of occurrence. Brickbats, etc., were exchanged between the parties. Up till then police had nothing to do. On receiving information

police arrived on the spot, dispersed the rioters who were about 20 to 25 in number. They chased the rioters and arrested Harisadhan Chakravarty and others for rioting under section 148 of the Criminal Procedure Code under the Explosive Substances Act. Three of the rioters ran to a neighbouring house and were arrested from there. It is not a fact that any of them were arrested while they were in bed. Rioting is a cognisable offence. No warrant is required for arresting a rioter.

Sj. Ganesh Ghosh: Sir, I submitted an adjournment motion ——

Mr. Speaker: You can read your motion.

Sj. Ganesh Ghosh: To discuss about a matter of urgent public importance and of recent occurrence, viz., mass-scale retrenchment in the Food Department of the Government of West Bengal in spite of repeated assurances of "no retrenchment" given by the Chief Minister and the Food Minister on the floor of the Assembly

The Hon'ble Prafulla Chandra Sen: With your permission, Sir, I want to make a statement. It is not correct to say that 18,000 employees of the Food Department have been faced with the problem of unemployment. As a result of the policy of gradual decontrol of food and other controlled commodities, 4,552 persons have been declared surplus to the requirements of the Department. As soon as it became evident that a proportion of the existing staff in the department would become surplus, Government imposed a ban on direct recruitment of staff by other Departments of Government until all possible attempts have been made to find employment for the surplus personnel of this Department. A Special Officer has also been employed in the Chief Minister's Secretariat, whose duty it is to consider the claims of the surplus personnel for alternative employment and keep a watch on the progress of absorption of these employees in other Departments. Endeavour is made to fit these employees in the posts in comparable scales of pay, and it has been decided that where such a person is appointed to a post carrying a scale lower than the scale he was drawing in the Food, Relief and Supplies Department, his initial pay in the new scale will be fixed on the merits of the case at a stage higher than the minimum of the new scale, so that he may not as far as possible suffer reduction in actual pay. This protection of actual pay will be possible where the actual pay is within the limits of the new scale. Up to date 1,919 persons have been absorbed and another 780 persons have been selected and are expected to receive employment in the near future. A large number of persons in inferior service will also be absorbed in the Settlement Department shortly. Government have, however, decided that their undertaking to find out alternative employment for the surplus staff would be satisfied even when appointments carrying lesser scale of pay would be offered to them and the Government's further responsibility would cease in the case of those who refuse to accept them.

Programme.

Sj. Subodh Banerjee:

মিস্টার স্পীকার, স্যার, আমরা এখন পর্য্যন্ত কবে কি হবে না হবে তার কোন প্রোগ্রাম পাইনি। আমার কথা আগে শুনুন। এই যে মেডিক্যাল বিল —রোজ রোজ আমাদের তৈরী হ'য়ে আসতে হচ্ছে অথচ এসে দেখি প্রোগ্রাম বদলে গেছে। তার চেয়ে পর পর কবে কি হবে সেটা আগে থাকতে ঠিক করে যদি আমাদের জানিয়ে দেওয়া হয় তাহলে সকলেরই সুবিধা হয়।

দ্বিতীয় কথা—পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্ট প্রেস করা হ'য়েছে এবং যেহেতু ফর্ম্যালী মুভ করা হ'য়েছে কিন্তু কবে তা ডিসকাস করা হবে আমরা জানি না। কবে পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্ট আলোচনা হবে সেসব আমাদের জানিয়ে দিন।

Mr. Speaker: There is no new programme. Today's programme is there, and Friday is fixed for non-official business.

Sj. Subodh Banerjee: Public Service Commission——

Mr. Speaker: Government will certainly give a date for it.

Sj. Subodh Banerjee: In this session?

Mr. Speaker: In this or in the next session, I do not know.

GOVERNMENT BILLS.

The Bengal Municipal (Amendment) Bill, 1953, as reported by the Joint Select Committee.

Mr. Speaker: Before other members are allowed to speak I am desired to make one observation, because members must have noticed by now that during the last two years and all the four sessions we have generally followed the system of speeches by what is known as time-allocation method instead of the old obsolete system of catching-the-Speaker's-eye method. By this system a tentative arrangement is arrived at between party leaders and the Chair about the number of speakers and approximate time. This system is now in vogue in all modern legislatures and is convenient. It has worked well in this House too as will appear from the simple fact that there was not a single occasion during the last two years to apply closure motion, which shows that everybody was satisfied about time allocated for speeches. In this Bill also from the first reading, similarly a time allocation about speakers was made. I do not want to be rigid in this observance, nor have I ever been rigid. But one thing I must make clear to the members that once an arrangement is arrived at between party leaders and the Chair, I do expect that the same would be scrupulously honoured and observed. So far as this Bill is concerned in view of the importance and the large number of amendments—about 250 received so far—I will allow as a special case some members to speak but that should not be treated as a precedent.

Sj. Biren Banerjee:

আমি দু'একটি কথা বলতে চাই।

Mr. Speaker: There can be no discussion about it.

Sj. Biren Banerjee:

আপনার কাছে আমার সাবমিশন এই যে, সত্যি-সত্যি এইরকমভাবে একটা কনভেনসন যদি আমরা ক্রিয়েট করতে যাই ভাল, কিন্তু যেহেতু এটা ইম্পরটেণ্ট, সেই জন্য এই বিলের ফার্ষ্ট রিডিং এর সময় অনেক বক্তাই বক্তৃতা করতে চান এবং সেটা আপনি য়্যালাউ করেছেন। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে এই রকম বিলে এটা যদি খুব রিজিডলি ফলো করেন তাহলে যেমনভাবে ইউজুয়ালি টাইম য়্যালোকেট করেন তেমনিভাবে টাইম য়্যালোকেট করা যেতে পারে না। সেই জন্য আমরা বলি মিনিটএ আমাদের যে নাম দেবেন এবং টাইম য়্যালোকেশন করবেন তাতে পাঁচ জনের নাম থাকলে ছ'জন বলতে পারবে না।

[3-50—4 p.m.]

Sj. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহোদয়, আপনি হয়ত জানেন যে গত বাজেট আলোচনার সময় বিভিন্ন মিউনিসিপ্যালিটির বহু কেচ্ছার বিষয় মন্ত্রীমহোদয়ের গোচরে আনবার চেষ্টা করেছিলাম এবং তাঁকে একটা নূতন বিল আনতে বলেছিলাম, কারণ বর্তমানে এমন আইন তাঁর হাতে রয়েছে যার দ্বারা তিনি মিউনিসিপ্যালিটির দুর্নীতি দমন করতে পারেন না। এবং তিনি নিজেও এটা স্বীকার করেছিলেন যে এই সমস্ত দুর্নীতি দমন করবার মত ক্ষমতা আমার হাতে নাই। তখন আমরা জালান সাহেবকে আরও ক্ষমতা দেওয়া হোক এই বলে একটা প্রস্তাব করেছিলাম সেটা বোধ হয় আপনার মনে আছে। কিন্তু, জালান সাহেবের হাতে ক্ষমতা দেওয়া হোক বলার মানে এ নয় যে গণতন্ত্রকে হত্যা করবার জন্য সেই ক্ষমতা তাঁর হাতে দিতে হবে। আমরা ভেবেছিলাম জালান সাহেব নিরীহ লোক তাঁর হাতে যদি এই ক্ষমতা দেওয়া যায় তাহলে সেটা অন্তত সাধারণ মানুষের উপকারে লাগাবেন। কিন্তু দেখা যাচ্ছে যে যে বিল তিনি এখন আমাদের সামনে উপস্থিত করেছেন সেই বিল যদি পাশ হয় আমাদের হাউস থেকে তাহলে বাংলা দেশের ৮০টা মিউনিসিপ্যালিটির ভবিষ্যত একেবারে অন্ধকার হয়ে যাবে।

্যার, আপনি জানেন আজকে এই বিল কোন্ উদ্দেশ্য নিয়ে আমাদের সামনে পেশ করা হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের ষ্টেটমেণ্টএ দেখলাম যে তিনি বাংলা-দেশের ১৫টি মিউনিসিপ্যালিটির দুর্নীতির কথা উল্লেখ করেছেন। কিন্তু এই ১৫টি মিউনিসিপ্যালিটির নীতি দমন করতে গিয়ে ৮০টি মিউনিসিপ্যালিটির যে ডিমোক্রাটিক রাইট আছে তাকে হত্যা করা হচ্ছে।

মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে, যারা দুর্নীতিগ্রস্ত তাঁরাই সেই সমস্ত মিউনিসিপ্যালিটিতে দুর্নীতি সৃষ্টি করছেন—যেমন মিউনিসিপ্যালিটির কমিশনার, চেয়ারম্যান এঁরা নিজেদের লোক দিয়েই হোক কিম্বা কাগজ কলমের ভিতর দিয়েই হোক মিউনিসিপ্যালিটির বহু টাকা চুরি করেন। কিন্তু তিনি এ সম্বন্ধে কোন কথাই বলেননি। তিনি কেন এই বিলে এই কথা বলেননি যে, যে সমস্ত দুর্নীতিগ্রস্ত মিউনিসিপ্যাল কমিশনার বা মিউনিসিপ্যাল চেয়ারম্যানরা রয়েছেন তাঁদের বিরুদ্ধে মামলা চালাবো? একথা ত তিনি উল্লেখ করেন নি। স্যার আজকে সকাল বেলায় এক জায়গায় খবর নিয়ে জানলাম যে তাঁরা মিউনিসিপ্যালিটিতে য়্যাডমিনিষ্ট্রেটর, এক্সিকিউটিভ অফিসার নিয়োগ করতে যাচ্ছেন যেটা পূর্বে আমাদের ছিল না, এখন সেইটা আনা হচ্ছে। এবং এখানে দেখা যাচ্ছে যে এই সমস্ত য়্যাডমিনিষ্ট্রেটরদের মাইনের বিষয় কোন কথা তাঁরা উল্লেখ করেন নি। কিন্তু আমি একটা মিউনিসিপ্যালিটির কথা জানি যেখানে য়্যাডমিনিষ্ট্রেটরকে নিযুক্ত করা হয়েছে, এবং তাঁর মাইনে হচ্ছে ৬০০ টাকা। এখানে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের পোষ্ট হচ্ছে অনারারি পোষ্ট এবং সেই অনরারি পোষ্ট নিয়েও তাঁর মিউনিসিপ্যালিটি চালাবার মত ফাণ্ড থাকে না; আর সেইখানে কিনা একজন এ্যাডমিনিষ্ট্রেটরকে বসিয়ে মাসে মাসে ৬০০ টাকা ক'রে দিতে হবে।

আপনি কি বিল এনেছেন এবং কি রকমভাবে এর দ্বারা গণতন্ত্রকে হত্যা করবার চেষ্টা করেছেন সেটা একবার চিন্তা করে দেখুন। আপনি যদি এইটুকু বুঝতে পারতেন তাহলে এই বিল উইথড্র করতেন বলে আমি বিশ্বাস করি। আপনি যে য়্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করতে যাচ্ছেন তিনি আপনাদের আজ্ঞাবহ ছাড়া আর কিছুই হবেন না। অন্যান্য মিউনিসিপ্যালিটিতে যে সমস্ত য়্যাডমিনিষ্ট্রেটররা থাকবেন তাঁরা সবসময়ই কংগ্রেসের এজেণ্ট হিসাবে কাজ করবে। তাই আমি বলছিলাম যে আজকে আপনাদের হাতে ক্ষমতা আছে আপনারা ভাবছেন গণতন্ত্রকে হত্যা করে মিউনিসিপ্যালিটিগুলিকে আপনাদের হাতে নেবেন। কিন্তু যদি টেবল টার্ণ হয়ে যায়, আপনারা যদি অপোজিসনএ থাকেন তখন কি অবস্থা হবে সেটা একটু ভেবে দেখুন। প্রথম ১৯১৯ সালে মিউনিসিপ্যাল আইন হয় তারপর ১৯২৩ সালে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান হন স্যার সুরেন্দ্রনাথ ব্যানার্জি। তখন ইংরাজদের বিরুদ্ধে সারা দেশের লোক বিক্ষোভ প্রদর্শন করেছিল, তখন ইংরাজকে তাড়িয়ে দিয়ে নিজের দেশকে শাসন করবার জন্য আমাদের দেশের লোকরা চেয়েছিল তাই ইংরাজ একটা ভুয়া সেলফ-গভর্ণমেণ্ট নাম দিয়েছিল এই প্রতিষ্ঠানকে। এইভাবে সেলফ-গভর্ণমেণ্ট দেবার নামে একটা প্লাটফরম তৈরী হয়েছিল। সেই প্লাটফরমএর সুযোগ নিয়ে আমাদের দেশের নেতারা পলিটিক্যাল আইডিওলজি সো করবার চেষ্টা করেছিল। আজকে সেই ইংরাজ চলে যাবার পর-মুহূর্তে যে অবস্থার সৃষ্টি হল তাতে ইংরাজরা আমাদের যে সুযোগ দিয়েছিল আমরা কংগ্রেসী সরকার হয়েও সেটা দিতে চাচ্ছি না এটা বড়ই আশ্চর্য্যের কথা। আমি বলবো যে আপনাদের এই য়্যাসেমব্লির ভিতরেই য়্যাডমিনিষ্ট্রেটর ল মেকার রয়েছেন এবং ডাঃ রায়ের ষ্টেটমেণ্টএ বলা যায় যে, যে সমস্ত ডেপুটি মিনিষ্টার রয়েছে, যাঁদের য়্যাপ্রেনটিস মিনিষ্টার বললে ভাল হয় তবুও এখানে এই য়্যাডমিনিষ্ট্রেটর এক্সিকিউটিভ অফিসার নিয়োগ করবার জন্য আপনাদের মাথায় কে এই বদবুদ্ধি ঢুকিয়ে দিয়েছে। এখনও সময় আছে আপনারা একটু চিন্তা করে এই বিলটা উইথড্র করে নিন, তা না হলে বাংলাদেশের মধ্যে এক বিপ্লব, বিরাট আন্দোলন আসবে এবং তখন মিউনিসিপ্যালিটি-গুলিকে কখনই রক্ষা করতে পারবেন না, যে বিরাট গণআন্দোলন হবে সেটা আপনারা রুখতে পারবেন না, আবার হয়ত দেশের মধ্যে একটি কুরুক্ষেত্র বেধে যাবে। তাই আমি বলছি এই বিলটা আপনারা উইথড্র করে নিন।

আর একটা প্রশ্ন হচ্ছে যে আজকে আমরা এটা মেনে নিতে পারতাম, জালান সাহেব যে বক্তব্য পেশ করেছেন তা শুনতাম, যদি না এই মিউনিসিপ্যাল কনষ্টিটুয়েনসির ভোটে ২।১ জন মন্ত্রী এখানে বসতো। স্যার, কতকগুলি মিউনিসিপ্যালিটির কথা যা আজকে বামপন্থীদলের অনেকে উল্লেখ করেছেন আমি তার পুনরুক্তি করতে চাই না, আমি শুধু খড়দা মিউনিসি-প্যালিটির কথা বলতে চাই। স্যার, আমরা দেখতে পাচ্ছি যে য়্যাডমিনিষ্ট্রেটর নিয়োগের উদ্দেশ্য হচ্ছে মিউনিসিপ্যালিটিতে করাপসন বন্ধ করা। সত্যই যদি এই করাপসন বন্ধ করবার জন্য তিনি এই বিল এনে থাকেন তাহলে আমি বলবো তাঁর গোড়াতেই

[Sj. Nepal Chandra Roy.]

ভুল হয়েছে কারণ এইভাবে করাপসন কখনই বন্ধ হতে পারে না। আপনারা এইটুকু দেখুন যে সমস্ত মিউনিসিপ্যাল কমিশনাররা করাপসনএর সঙ্গে জড়িত, আজো শুনিনি যে তাদের বিরুদ্ধে কোন স্টেপ নেওয়া হয়েছে।

(At this stage the red light was lit but the member was allowed to finish his speech.)

মন্ত্রীমহাশয়দের যে সমস্ত সেক্রেটারী আছেন তাঁরা কোনদিনই তাঁদের বিরুদ্ধে কোর্টএ মামলা রুজু করেননি। আপনাদের যাঁরা সেক্রেটারী, এ্যাসিষ্টাণ্ট সেক্রেটারী রয়েছেন তাঁরা যদি নিজেরাই করাপটেড হন তাহলে কি করে করাপসন বন্ধ করা যাবে। আমি বলি আপনি নিজের ঘর আগে সামলান তারপর মিউনিসিপ্যালিটিতে হাত দেবেন। আপনাদের অফিসার সেখানে গিয়ে ঘরোয়া ব্যবস্থা করেছেন। সেখানে অডিট রিপোর্টএ বলা হয়েছে যে মিউনিসিপ্যাল চেয়ারম্যান অসাধু। আমি এই মিউনিসিপ্যাল চেয়ারম্যানকে চোর বলবো না, কেন না. সেটা আনপার্লিয়ামেণ্টারী হতে পারে, তবে চোরের কাছাকাছি বলা যেতে পারে। তাঁদের নামে এই কথা সরকারী অডিট রিপোর্টেই লিখে গিয়েছে। আজ দুই বৎসর থেকে খড়দা মিউনিসিপ্যালিটিতে অডিট রিপোর্ট হতে দেননি। এখানে নিশ্চয়ই আপনাদের ইণ্টারেষ্ট আছে তাই আপনারা চুপ করে বসে আছেন। আমি বলবো আপনারা যদি গণতন্ত্রকে এইভাবে হত্যা করেন তাহলে আমরা কিছুতেই এই বিলকে সমর্থন করতে পারি না। গত বৎসর ওকে আমি ঠুঁটো জগন্নাথ বলেছিলাম কিন্তু এখন দেখছি যে তাঁর হাত পা গজিয়ে একেবারে বাক্সস হয়ে গিয়েছেন। এর চেয়ে ওর ঠুঁটো জগন্নাথ হয়ে বসে থাকাই ভাল ছিল। এইভাবে কখনই ওঁকে বরদাস্ত করবো না। য়্যামেণ্ডমেণ্ট মুভ করার সময় আমি আর অন্য কথা বলবো। এখন আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[4—4-10 p.m.]

Sj. Madan Mohan Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আজ দুই দিন যাবৎ এই বিল উপলক্ষে যে যুক্তি তর্ক চলছে সে সম্বন্ধে বলতে গিয়ে আমার প্রথমে বলতে হয় আমাদের বাংলাদেশে এক কোটি লোক সহরে বাস করে। তাদের শিক্ষার জন্য আপনারা কতটুকু করেছেন। সরকারপক্ষ যা বলেছেন তার মধ্যে সহরবাসীদের মধ্যে ফ্রি এডুকেসন দেওয়ার কোন ইঙ্গিত পর্য্যন্ত দেখতে পাই না।

Mr. Speaker:

আপনি পয়েণ্টএ আসুন।

Sj. Madan Mohan Khan:

এই এক কোটি লোকের মধ্যে কি জনস্বাস্থ্য, কি রোগ নিবারণে, কি জনশিক্ষায় এবং কি রাস্তাঘাট নির্মাণের ব্যাপারে আমরা তেমন কিছু উল্লেখযোগ্য কাজ দেখতে পাই না। আজকের দিনে আমরা দেখতে পাই খাদ্যের মধ্যে ভেজালের পরিমাণ কিভাবে বেড়ে যাচ্ছে এবং সরকার তার জন্য কোন প্রতিকারের ব্যবস্থা করছেন না। এমন কি এই ভেজাল নিবারণের জন্য আইন করবার যে প্রয়োজন আছে তাও সরকার অনুভব করছেন না। শিক্ষার ব্যাপারেও তাদের অবহেলা চরমে পৌঁচেছে। আমাদের মেদিনীপুর জেলায় একটি "বেসিক ট্রেনিং স্কুল" আছে তাও আবার সরকার তুলে দিচ্ছেন। আমাদের সম্মুখে যে বিল উপস্থিত করেছেন তাতেও এই সমস্ত ব্যাপারে কোন প্রতিকারের চেষ্টা দেখতে পাচ্ছি না। তারপর আমাদের বাংলা দেশের মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক অবস্থা খারাপের জন্য তারাও কিছু উন্নতি করতে পারছে না। আমাদের জেলায় আমরা দেখতে পাই আমাদের কাছ থেকে এমিউজমেণ্ট ট্যাক্স হিসাবে, ইলেকট্রিক ডিউটি হিসাবে ইনকাম ট্যাক্স—এইভাবে কত ট্যাক্স নেওয়া হয় মিউনিসিপ্যালিটি তার কিছুই পায় না। তারপর আমাদের সহরের উপর দিয়ে যে সমস্ত টেলিগ্রাফ পোষ্ট, টেলিফোন গেছে তার জন্য মিউনিসিপ্যালিটিকে ট্যাক্স দেওয়া উচিত। এগুলি মিউনিসিপ্যালিটির প্রাপ্য ডিমিষ। তা থেকে বঞ্চিত করলে মিউনিসিপ্যালিটির আর্থিক অবস্থা কিছুতেই উন্নত হতে পারে না। এই বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ণ করছি। তারা যেন এই বিষয়ে বিশেষভাবে চিন্তা করেন।

তারপর আমি আর একটি কথা বলবো যে, এখন লোক্যাল সেলফ-গভর্ণমেণ্টএর প্রয়োজন আছে বলে মনে করি না। আমাদের স্বাধীনতা লাভের পর সমস্তই যখন নির্বাচনের মধ্য দিয়ে হচ্ছে তখন এই লোক্যাল সেলফ্-গভর্ণমেণ্ট এবং ডিষ্ট্রীক্ট বোর্ডএর কি প্রয়োজন আছে আমি বুঝতে পারি না। এ সম্বন্ধে আমাদের বিশেষভাবে চিন্তা করার সময় এসেছে।

Sj. Provash Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের এখানে যে মিউনিসিপ্যাল বিল সম্পর্কে আলোচনা হচ্ছে, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল বলে মনে করি। আমি

মনে করি এই বিল এখানে আনার পূর্বে জনমত সংগ্রহের জন্য প্রেরণ করা উচিত ছিল। কিন্তু আমরা দেখতে পাচ্ছি তা করা হয়নি এমন কি যাঁরা মিউনিসিপ্যালিটি চালান এবং যাঁরা রেট পেয়ার তাঁদেরও কোনরূপ এই বিল সম্বন্ধে মতামত নেওয়া হয়নি। সেইজন্য আমার মনে হয় এই বিল তাড়াতাড়ি পাশ করে নিলে জনস্বার্থ বিরোধিতার কাজ হবে বলে আমার বিশ্বাস। এখানে বলা হচ্ছে আজকে মিউনিসিপ্যালিটিগুলি দক্ষতার সঙ্গে পরিচালনা করতে পারছে না এবং নিয়মিত করও আদায় করতে পারছে না। কিন্তু এর কারণ তারা বুঝতে চায় না। আজকে জনসাধারণ কবের ভারে জর্জরিত হয়ে পড়েছে। তাদের আর্থিক অবস্থা এমনই হয়ে পড়েছে যে তারা কর দিতে পারছে না। তারপর যদি এডাল্ট ফ্রানচাইস-এর ভিত্তিতে যদি নির্বাচন হোত তাহলে সত্যিকারের যারা জনসাধারণের প্রতিনিধি তারাই মিউনিসিপ্যালিটি পরিচালনা করতো। কিন্তু তা হয় না। সেইজন্য দক্ষতার সহিত মিউনিসিপ্যালিটি পরিচালিত হয় না। আমরা বলেছিলাম যে প্রত্যেক মিউনিসিপ্যালিটিগুলিতে গ্রাজুয়েটেড ট্যাক্স আদায় করার সিষ্টেম যদি চালু করা হয় তাহলে আর্থিক অবস্থার কিছু উন্নতি হতে পারতো এবং গরীব জনসাধারণও এই ট্যাক্সের ভার থেকে বাঁচতো। তাঁরা তা করবেন না। তারপর আজকে সরকার তাঁদের নিযুক্ত অফিসার নিয়োগ করে তার মধ্য দিয়ে নিজের দলীয় লোকদের পোষণ করবার জন্যই এই বিল তাঁরা এনেছেন। সেইজন্য এই বিলের আমি তীব্র প্রতিবাদ করছি।

তারপর এসেসমেণ্টএর জন্য যে ট্রাইবুন্যালএর ব্যবস্থা হচ্ছে তাদের সভ্যও সরকার ঠিক করবেন এবং তাদের দলীয় লোকই নিযুক্ত হবেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই, এবং তাঁরাই মিউনিসিপ্যালিটির দণ্ডমুণ্ডের কর্তা হবেন। এটা স্পষ্ট করে বুঝা যাচ্ছে যে জনসাধারণকে ফাঁকি দিয়ে আজকে তাঁরা কায়দা করে শোষণ করবার জন্যই এই বিল আনয়ন করেছেন। আমরা দাবী করছি যে সেলস ট্যাক্স, এমিউজমেণ্ট ট্যাক্স, মোটর ভিহিকল ট্যাক্স প্রভৃতির অংশ এই মিউনিসিপ্যালিটিকে দিতে হবে। এবং রাস্তাঘাট, শিক্ষা, হাঁসপাতাল প্রভৃতির আরও সুব্যবস্থা করতে হবে। প্রকৃত গণতন্ত্র যাতে চালু হয় সেই কাজ করতে হবে। কিন্তু সরকার যা করছেন তাতে জনসাধারণকে ধাপ্পা দেওয়া ছাড়া আর কিছুই নয়। সেইজন্য আমি এই বিলের তীব্র প্রতিবাদ এবং বিরোধিতা করছি।

[4-10—4-20 p.m.]

Sj. Dasarathi Tah:

মাননীয় সভাপালমহাশয়, আমাদের সামনে যে বিল এসেছে—এতদিন চিন্তা করে সিলেক্ট কমিটিতে নানাভাবে আলোচনা করে শেষ পর্য্যন্ত যে অশুভ প্রসব হোলো সেটা আলোচনারই যোগ্য নয়। সেজন্য এই আলোচনা এখন স্থগিত রাখা উচিত ছিল। তবে স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীমহাশয় জালান সাহেব তিনি যদি জ্ঞানের মশাল জ্বালাতেন তাতে কোন আপত্তি ছিল না। আমাদের বিরোধীপক্ষ থেকে এই প্রতিক্রিয়াশীল বিল আনবার পূর্বে সর্বদিক বিবেচনা করতে বলেছিলাম। কোন কোন বক্তা বলেছেন—তিনি এক কথার লোক—একই কথা বলেন। কিন্তু মন্ত্রীমহাশয় এক কথার লোক নন সেজন্য একই কথা বার বার বলতে হচ্ছে। আমরা এটুকু আশা করেছিলাম বিরোধীপক্ষে এই বিলের যে ত্রুটিবিচ্যুতি এবং সর্বনাশকর পরিণতির কথা বলা হয়েছে—যার জন্য কংগ্রেস প্রতিষ্ঠান একেইতো অত্যন্ত নিন্দনীয় হয়েছে এবং এঁরা তার চেয়ে অধিকতর নিন্দনীয় হতে চলেছে—এসমস্ত বিবেচনা করে এই নিন্দনীয় বিলটা আনবেন না। আশা করেছিলাম বিশেষ বিবেচনা করে জালান সাহেব এবং মুখ্যমন্ত্রীমহাশয় প্রথমেই বলতে পারতেন এই অন্যায় বিল আমরা আনব না, এসম্বন্ধে বিশেষভাবে বিবেচনা করে পরে যা হয়, করবো। কিন্তু আজকার কর্মসূচিতে আমাদের সেই আশায় নিরাশ হতে হচ্ছে। সেজন্য বিশেষ করে আমি একথাই বলবো—আমি খুবই আশা করছি এটা অত্যন্ত খারাপ বিল এটা চিন্তা করে এটা স্থগিত রাখুন। আমরা আশা করেছিলাম—অন্ততঃ স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীর কাছে—যখন আমাদের এই স্বাধীন দেশে যে গণতন্ত্র সৃষ্টি হচ্ছে, তখন অন্ততঃ পল্লী উন্নয়নের জন্য গ্রাম-পঞ্চায়েত বিল তিনি আনবেন। গ্রাম পঞ্চায়েত কোথায় ডুবে গেল, গ্রামের উন্নয়ন চুলায় গেল, এখন, মিউনিসিপ্যালিটিগুলিকে নিমতলায় নেবার ব্যবস্থা করছেন। সেজন্য আমার প্রস্তাব হচ্ছে এই সেসনে এটা স্থগিত রাখুন এবং নূতন করে মিউনিসিপ্যালিটিগুলিকে আরও গণতান্ত্রিক ক্ষমতা দিয়ে নূতন আকারে আর একটা বিল আনুন। আমার অনুরোধ যে এই বিল আনবার আগে গ্রাম-পঞ্চায়েত বিল আনুন। এদিকে আমি বিশেষকরে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

অধ্যক্ষমহোদয়, স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীমহাশয় এই আশ্বাসও দিয়েছিলেন বিভিন্ন প্রশ্নের জবাবে যে এই সেসনে তিনি কোন বিতর্কমূলক স্বায়ত্তশাসন বিল আনবেন না। কিন্তু যা দেখছি তাঁর হাত

[Sj. Dasarathi Tah.]

দিয়ে যা হবে সেটাই অন্যায় হবে। এখানেও সেই "মৈত শাসন' এই বিলের মধ্য দিয়ে আনার প্রচেষ্টা। যে গ্রাম-পঞ্চায়েত বিলের কথা খবরের কাগজে এত ফলাও করে বলা হয়েছে তার জায়গায় দেখছি, এখন চেষ্টা হচ্ছে সেখানে একজন সরকারী কর্মচারী বসিয়ে দিয়ে স্বায়ত্বশাসনের মূলে কুঠারাঘাত করার। মিউনিসিপ্যালিটির উপর সরকারী কর্তৃত্ব প্রতিষ্ঠার চেষ্টা চলেছে, সেখানে একজন এক্সজিকিউটিভ অফিসার বসিয়ে দিয়ে যাতে আবার কতকগুলি লোকের চাকুরির ব্যবস্থা করে নিজেদের প্রভুত্ব কায়েম রাখা যায়, সেই চেষ্টা চলেছে। এই ব্যবস্থার প্রবর্ত্তন দেশের লোক কিছুতেই সমর্থন করবে না। এবং আমরাও মনে করি কংগ্রেস পক্ষেরও বহু লোক তা সমর্থন করবে না। তবে অনেক সময় কিছু লোক থাকে যাঁরা সব সময় হাঁ হাঁ করবে,—তাদের কথা ছেড়ে দিন। কিন্তু যা করতে যাচ্ছেন, আজ তারা পাওয়ারে আছেন--একদিন হয়ত থাকবে না--যদি এরকম অগণতান্ত্রিক ব্যবস্থা হয় তাহলে তাঁদের ভবিষ্যতে মাথা গুঁজবার ঠাই থাকবেনা, কোথাও প্রোটেকশন নিতে পারবেন না। সুতরাং বর্ত্তমানে যে সমস্ত স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান রয়েছে তাদের অধিকতর ক্ষমতা দেওয়া হোক। কিন্তু তাদের সর্ব্বনাশ করবার জন্য, তাদের ডকে তুলবার জন্য, এরকম বিল আনবার চেষ্টা বা নীতির অত্যন্ত প্রতিবাদ করছি। জালান সাহেব অনেক কীর্ত্তি করেছেন। গরুর গাড়ীর উপর বিল আনতে চেষ্টা করে চেপে গেলেন--গঙ্গাসাগর যাত্রীদের গঙ্গাযাত্রার পথ বাতলাবার চেষ্টা করেছেন, এবার এই নূতন বিলে মিউনিসিপ্যালিটিগুলিকে গঙ্গাযাত্রার ব্যবস্থা করছেন তাদের ডকে তুলবার ব্যবস্থা করছেন।

সেদিন শুনেছিলাম যে কলকাতাকে আর একটা প্রভিন্স করার চেষ্টা চলেছে। এরকম কত কিছুই যে কুকীর্ত্তি করতে যাচ্ছেন তার ঠিক নাই। যাক সেসব কথা--এখন আর বলবো না। শুধু বলতে চাই মিউনিসিপ্যালিটিগুলিতে যদি গণতান্ত্রিক শাসন চালাতে চান তাহলে এ বিলটাকে ফেলে সাজুন--নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে নূতন বিল গঠন করুন। দরিদ্র যে সমস্ত লোক তাদের কাছে ট্যাক্স আদায় করবার জন্য মোটা মাহিনায় গভর্ণমেণ্ট কর্ম্মচারী রাখার যে রেকমেণ্ড করছেন তাতে একটি কথাই মনে হয় যে "ভাত দেবার মোরদ নাই, মারবার গোঁসাই"--এই যেন হচ্ছে সরকারী নীতি।

Sj. Bibhuti Bhushan Ghose: মাননীয় সভাপালমহাশয়, আজকে যে কুখ্যাত বিল আমাদের স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রীমহাশয় আমাদের হাউসের সামনে এনেছেন আমরা আশা করেছিলাম, আমরা ভেবেছিলাম যে জালান সাহেব সৎলোক, তিনি সৎবুদ্ধিপ্রণোদিত হয়ে এ বিলটি আমাদের এই হাউস থেকে তুলে নেবেন। কিন্তু এই বিলের প্রতি ছত্রে ছত্রে প্রতি ধারায় যে সমস্ত প্রতিক্রিয়াশীল বিধান আছে, সেই সমস্ত এই হাউস যা ডিস্কাস্ড হয়েছে তাতে পরিষ্কার প্রমাণিত হয়েছে অসদুদ্দেশ্য প্রণোদিত হয়ে এই বিল এই হাউসের সামনে নিয়ে আসা হয়েছে--একটা অসাধু উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই বিল পাশ করার জন্য চেষ্টা করা হচ্ছে। আমরা জানি যে ইংরাজ, আমলাতান্ত্রিক ইংরেজ যে ক্ষতি এ দেশের করতে পারেনি, আজ কংগ্রেস সরকার তার চেয়ে বেশী অন্যায় করছে। আজ এটা সূর্য্যের আলোকের মত সত্য যে কংগ্রেসী সরকার সাধারণ মানুষের কাছ থেকে দূরে সরে যাচ্ছে, তাই মানুষের গণতান্ত্রিক অধিকারকে ব্যাহত করে, জবরদস্তমূলক আইনের দ্বারা নিজেদের ক্ষমতা বেঁধে রাখবার চেষ্টা করছে। ইতিহাসে সাক্ষ্য রয়েছে যে মানুষের অধিকার কোন বিলের দ্বারা আইনের দ্বারা খাট করা যায়না। কোন দেশকে জোর করে বেঁধে রাখা যায়না। যদি আজ কংগ্রেস সরকার সেই রকম মনোভাব নিয়ে অগ্রসর হন তাহলে মারাত্মক ভুল করবেন। তাই অনুরোধ করছি স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রীমহাশয়কে তিনি যেন এটা তাড়াহড়া করে পাশ না করে পুনর্বিবেচনা করে দেখেন। এটাকে আজ স্থগিত রাখা উচিত। আবার এই সম্বন্ধে পরিষ্কারভাবে বিস্তারিতভাবে আলোচনা হোক এবং নূতন করে মারাত্মক ধারাগুলি তুলে দিয়ে অন্য একটা বিল আনা হোক--এই যে ধারাগুলি যা মানুষের প্রাথমিক অধিকারকে ক্ষুণ্ণ করছে তা তুলে দিয়ে তারা সুবুদ্ধির পরিচয় দিন। আজকে বাংলাদেশে ৮০টি মিউনিসিপ্যালিটি রয়েছে। তারমধ্যে মাননীয় মন্ত্রিমহাশয় বলে গেছেন ১৫টি মাত্র নাকি ভালভাবে চলছেনা--করাপসনে ভর্ত্তি। কিন্তু ১৫টি মিউনিসিপ্যালিটির জন্য ৮০টি মিউনিসিপ্যালিটি গণতান্ত্রিক অধিকার হতে বঞ্চিত হবে এযদি তিনি বলতে চান তাহলে সেটা অবিবেচনার কথা হবে, অন্যায়ের কথা হবে। এবং এরকম বিলকে জবরদস্তমূলক আইন ছাড়া আর কিছু বলা চলেনা। এ যেন কাজির বিচার হচ্ছে। রামের অপরাধ শ্যামের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে। তাই অনুরোধ করছি এ সমস্ত কথা চিন্তা করে এই বিলটা তুলে নিন।

[4-20—4-30 p.m.]

সেই কথা আমি আর একবার ডাঃ রায়কে এবং মাননীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রীমহাশয়কে চিন্তা কোরে দেখতে আবার অনুরোধ করছি। তাঁরা এটার সম্বন্ধে আর একটু ভেবেচিন্তে, একটু থেকে এটার ব্যবস্থা করবার চেষ্টা করুন। আজকের দিনে অন্ততঃ এটা স্থগিত রাখুন, যাতে কোরে আবার কোন কেলেঙ্কারী কেচ্ছা না হয়,--আবার যেন পশ্চিম বাংলার মানুষকে সংগ্রাম সুরু না করতে হয়--এজন্য হুসিয়ার কোরে দিচ্ছি।

আজকে একটা কথা বলা হয়েছে--ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে। ভাল কথা। ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে, কিন্তু গরীব মানুষ দেবে কি কোরে? যদিও বোঝে তার বাড়ী নিলাম হবে, পুলিশের জুলুম হতে পারে, এসব জেনে শুনেও তারা ট্যাক্স দিতে পারে না। কেন পারে না, তার কারণ অনুসন্ধান করা উচিত।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ট্যাক্স না দিলে মিউনিসিপ্যালিটি চলবে কি কোরে?

Sj. Bibhuti Bhushan Chose:

আমি বলছি মিউনিসিপ্যালিটি ট্যাক্স দিতে হবে। আমি বলছি গরীব মানুষের উপর যে হারে ট্যাক্স চাপান হয়েছে তারা সেটা দিতে পারছে কিনা সেটা দেখুন। উপর তলার অনেক মানুষ ট্যাক্স এর ফাঁক দিয়ে চলে যায়, যেমন জালের ফাঁক দিয়ে অনেক কই কাতলা বেরিয়ে যায়, একথা অস্বীকার কোরে লাভ হবেনা। আমাদের কথা গরীব মানুষ দিতে পারছে কিনা সেটা দেখা দরকার। তারপরে একজন একজিকিউটিভ অফিসার যদি চাপান হয় তার মত মোটা মাহিনার মানুষের বসবার ব্যবস্থা করতে হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

বড় মানুষেরা ট্যাক্সের টাকা ফাঁকি দেয় না।

Sj. Bibhuti Bhushan Chose:

সেটা আপনিই ভাল করে জানেন। আমাকে জিজ্ঞাসা করে লাভ হবে না।

এই বিলের কোন ধারা উপধারার মধ্যে নাই যে মিউনিসিপ্যালিটির কি কোরে উন্নতি করা যায়, কি কোরে রাস্তা ঘাটের উন্নতি করা যায়, কি কোরে জল নিকাশের ব্যবস্থা করা যায়; এমন কি মিউনিসিপ্যালিটির আওয়ারে যে স্কুলগুলো রয়েছে সেই স্কুলের শিক্ষকদের মাহিনা বাড়াবার বা শিক্ষাব্যবস্থার উন্নতি করবার কথা নাই। আছে কেবল সরকারের মনোমত কয়েকটা অভিসন্ধি। দুরভিসন্ধিগুলি পরিষ্কারভাবে রয়েছে। এই বিলের মধ্য দিয়ে যেটা ফুটে উঠেছে সেটা হচ্ছে এই যে, স্বায়ত্বশাসনকে পুলিশ এবং ম্যাজিষ্ট্রেট এবং একজিকিউটিভ অফিসারের হাতে ছেড়ে দিয়ে মানুষের যে সামান্য রকম একটু গণতান্ত্রিক অধিকার আছে সেই অধিকারকে কেড়ে নেবার জন্য এটা আসছে। আমাদের যে হাওড়া জেলা সেখানকার জন্য বিশেষভাবে এই আইন প্রণয়ন করা হচ্ছে। সেই যে দুরভিসন্ধি রয়েছে আমি আবার সেইদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে একথাও জানাতে চাই যে জালান সাহেব যদি আবার আগুন না জ্বালাতে চান, আবার যদি পশ্চিম বাংলার মানুষকে জেলে পচাতে না চান, তাহলে আমি বলি এটা প্রত্যাহার করুন। এই জবরদস্তমূলক আইন পশ্চিম বাংলার মানুষ কিছুতেই স্বীকার করবে না। কারণ, এটা তারা পরিষ্কার বুঝেছে যে লঙ্কায় যে আসে সেই হয় রাবণ। সে সীতাকে হরণ করবার জন্য হাত বাড়িয়ে বসে থাকে।

সেইজন্য জালান সাহেবকে অনুরোধ করছি যে এই কুখ্যাত বিলটা আবার রিভিউ করা হউক, এবং আজকের দিনে এটা পাশ না কোরে, এটা স্থগিত রেখে এসম্বন্ধে বিশদভাবে আলোচনা করা হউক।

Sj. Amulya Ratan Chosh:

মাননীয় স্পীকারমহাশয়, এই মিউনিসিপ্যাল বিল দ্বারা মিউনিসিপ্যালিটিগুলির কোন উন্নতি সাধিত হইবে না। বৃটিশ গভর্ণমেণ্টের সময় দেশের জনসাধারণ আন্দোলন করিয়া যে সামান্য লোকাল সেলফ-গভর্ণমেণ্ট পাইয়াছিল বর্ত্তমান স্বরাজ গভর্ণমেণ্ট তাহার ত কোন উন্নতি সাধন করিতেছেন না বরং তাহার মূলে কুঠারাঘাত করিয়া লোকাল সেলফ-গভর্ণমেণ্টের ধ্বংস করিতেছেন। গভর্ণমেণ্ট অপোজিসন গ্রুপের উপকারজনক কোন এ্যামেণ্ডমেণ্টই গ্রহণ করেন না যেগুলি তাঁহাদের স্বার্থের অনুকূল এইরূপ ২।১টি মাত্র এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করেন। ইহা অত্যন্ত অন্যায় যে এ্যামেণ্ডমেণ্টগুলির জনসাধারণের পক্ষে উপকারজনক অন্ততঃ তাহা গ্রহণ করা গভর্ণমেণ্টের কর্ত্তব্য।

বর্ত্তমান বিলের উদ্বোধনী বক্তৃতায় সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীমহাশয় বলিয়াছেন যে ঠিক মত এ্যামেণ্ডমেণ্ট না হওয়ায় এবং ট্যাক্স আদায় না হওয়ায় মিউনিসিপ্যালিটিগুলির অবস্থা শোচনীয় হইয়াছে এবং তাহার জন্যই একজিকিউটিভ অফিসার, এসেসর ও

[Sj. Amulya Ratan Ghosh.]

অডিটার নিযুক্ত করিবার বিধান করা হইয়াছে। উহা দ্বারা মিউনিসিপ্যালিটিগুলির কোন উন্নতি সাধিত হইবে না। একেই মিউনিসিপ্যালিটিগুলির টাকার অভাব তাঁহাদের যাহা করণীয় যথা রাস্তা, পায়খানা পরিষ্কার, জলের ব্যবস্থা, প্রাইমারী শিক্ষাদির ব্যবস্থা সুচারুরূপে করিতে পারিতেছেন না, তাহার উপর এসব অফিসার্স নিযুক্ত হইলে এবং তাহাদের বেতন মিউনিসিপ্যালিটি হইতে দিতে হইলে যে সামান্য কাজও মিউনিসিপ্যালিটি করিতে পারিতেছিলেন তাহাও করিতে সমর্থ হইবে না।

বর্ত্তমানে মিউনিসিপ্যালিটিতে যে ট্যাক্স ধার্য্য করা হইয়াছে তাহা মিউনিসিপ্যালিটির অধিবাসীদের উপর যতদূর করা চলিতে পারে তাহা করা হইয়াছে। অধিকাংশ মিউনিসিপ্যালিটিতে তদনুরূপ করা হইয়াছে আর বেশী করা আইনানুসারেই চলিবে না। আদায় কম হওয়ার কারণ তাহাদের দিবার ক্ষমতা লোপ পাইতে বসিয়াছে। বেকার সমস্যার জন্য ও দেনার টাকার বৃদ্ধি পাওয়ায় একজিকিউটিভ অফিসার ও এসেসরাদি নিযুক্ত করিয়া ফোর্স করিয়া আদায় করিলেই যে উক্ত সমস্যার সমাধান হইবে তাহা নয়। তাহা হইলে উক্ত অধিবাসীগণের মধ্যে অত্যন্ত অসন্তোষ দেখা দিবে। এমতে মন্ত্রীমহাশয়ের উক্ত দুইটি কারণই ঠিক নহে। আসল উদ্দেশ্য অধিকাংশ মিউনিসিপ্যালিটিতেই কংগ্রেসের দলীয় কমিশনারের সংখ্যা মাইনরিটী হইয়াছে এবং অনেক স্থলে তাঁহারা নিজেদের অভীষ্টসাধন করিতে পারিতেছেন না বা কর্তৃত্ব স্থাপন করিতে পারিতেছেন না। এই দলগত অভীষ্টসাধন ও কর্তৃত্ব করিবার মানসে গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করিয়া একজিকিউটিভ অফিসারাদি নিযুক্ত করিয়া গভর্ণমেণ্ট একরূপ নিজ হস্তে মিউনিসিপ্যালিটিগুলির শাসন ব্যবস্থা করিবেন এই বিল দ্বারা তাহাই সূচিত হইতেছে। এবিল দ্বারা কমিশনারগণের বা চেয়ারম্যানের বিশেষ কোন ক্ষমতাই থাকিতেছে না। তাঁহারা কতকটা puppets in the hands of the Executive Officer হইয়া পড়িতেছেন। এমতে কোন দায়িত্বশীল স্বাধীনচেতা সৎ ব্যক্তি উক্ত কমিশনারপদের জন্য প্রার্থী হইবেন না এবং মিউনিসিপ্যালিটিগুলি অপদার্থ, জো হুজুরের দল বা কংগ্রেসী সভ্যদের দ্বারা পূরণ হইবে। এই বিল দ্বারা অডিটারের উপর সমস্ত ক্ষমতা অর্পিত হইয়াছে এবং তাঁহারও বেতনাদি সমস্ত মিউনিসিপ্যাল ফাণ্ড হইতে দিবার ব্যবস্থা হইয়াছে। এমতে বর্ত্তমান বিল দ্বারা মিউনিসিপ্যাল ফাণ্ডের বহু টাকা গভর্ণমেণ্ট নিযুক্ত একজিকিউটিভ অফিসার, এসেসর, অডিটার প্রভৃতির বেতন বাবদ খরচ হইবে এবং প্রকৃত জনকল্যান কার্য্যের জন্য মিউনিসিপ্যালিটির সামান্য টাকাই থাকিবে। যেরূপ বর্ত্তমানে গভর্ণমেণ্টের শাসন ব্যবস্থা বা গভর্ণমেণ্টের প্রত্যেক ডিপার্টমেণ্টে দেখা যাইতেছে যে মন্ত্রী, উপমন্ত্রী, ডাইরেক্টর, এ্যাসিষ্ট্যাণ্ট ডাইরেক্টর ও সামান্য বড় বড় কর্ম্মচারীদের বেতনাদি বাবদই বহু টাকাই ব্যয় হইতেছে এবং প্রভূত জনকল্যানকারী কার্য্যের জন্য সামান্যই ব্যয় হইতেছে।

মিউনিসিপ্যালিটিগুলির উন্নতি করিতে হইলে এরূপ গণতন্ত্রবিরোধী গভর্ণমেণ্টের দ্বারা শাসন ব্যবস্থা না করিয়া কি করিয়া মিউনিসিপ্যালিটির রিবেট স্যাংসন দিলে ফাণ্ড বাড়িতে পারে এ বিষয়ে গভর্ণমেণ্ট দৃষ্টি দিলে এবং গভর্ণমেণ্ট হইতে সাহায্য দিলে পর মিউনিসিপ্যালিটিগুলির উপকার সাধন করিতে পারিবেন। এই বিল পাশ হইতে চলিয়াছে এবং ভোটের জোরে এই বিল পাশ হইলে মিউনিসিপ্যালিটিগুলিতে ভয়ানক প্রতিক্রিয়া দেখা দিবে। এবং কোন মিউনিসিপ্যালিটিই এই বিল স্বেচ্ছায় গ্রহণ করিবে না, অতএব এখনও এই বিল গভর্ণমেণ্টের উইথড্র করিয়া নূতনভাবে লোকাল সেলফ-গভর্ণমেণ্ট আরও ভালভাবে সম্প্রসারণ করিয়া বিল আনয়নের জন্য অনুরোধ করিতেছি এবং এই বিলের বিরোধীতা করিতেছি।

[4-30—4-40 p.m.]

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপালমহাশয়, ইংরাজিতে একটি প্রবাদ আছে

"Remedy is worse than the disease."

আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী যে বিল এনেছেন, সেটা দেখলে পরে আগে ঐ কথাটাই বলতে হয়। মিউনিসিপ্যালিটিগুলির ত্রুটিবিচ্যুতি নেই এমন কথা কেউ বলছে না। কিন্তু দাওয়াই বলে তিনি যে দাওয়াই দিচ্ছেন, সেটা রাম দাওয়াই, সব শেষ করে ছেড়ে দেবেন। আজকে আমাদের সরকারের ত্রুটিবিচ্যুতিও কম নেই। তাই বলে আমরা মন্ত্রীদের বাতিল করে একজিকিউটিভ অফিসার বসাবার কথা বলি না। কম্পট্রোলার-জেনারাল অফ ইণ্ডিয়া 'ফাইন্যান্স' যেভাবে বাংলা সরকার ব্যয় করছেন তার সম্বন্ধে অনেক কথাই বলেছেন। সরকারের অপব্যয় সম্বন্ধে কম্পট্রোলার-জেনারাল অফ ইণ্ডিয়া বারবার পয়েণ্ট আউট করছেন, মন্ত্রীদের ভীষণ অপব্যয়ের কথাও বলছেন, কিন্তু আপনারা তাঁর কথায় কান দেননি,

া খুশী তাই করছেন। যেসব কৈফিয়ৎ কন্ট্রোলার-জনারাল অফ ইণ্ডিয়া চেয়েছেন তার সম্বন্ধে বারবার রিমাইণ্ডার দিলেও উত্তর দেন না। "পাব্লিক াডিস কমিশন" "গার্জেন অফ সাডিস" তাকে াপনারা গ্রাহ্য করবেন না। প্রত্যেকটা ব্যাপারে য় রেগুলেশন ৩৫এ-তে, না হয় ঐ প্রকার রেগুলেশন নুযায়ী কাজ করবেন, পাব্লিক সাডিস কমিশনকে াহ্য করবেন না। অথচ এই পাব্লিক সাডিস মিশন আপনাদের তাঁবেদার বশংবদ কমিশন। ই পাব্লিক সাডিস কমিশন পর্য্যন্ত আপনাদের াজকে সমর্থন করতে পারছেন না। এইবার ই ডিস্কাসনের সময় দেখাব যে আপনারা তাদের র্য্যন্ত গ্রাহ্য করেন না। আপনারা যাদের ্যাপয়েণ্টমেণ্ট করেছেন তাদের সম্বন্ধে পাব্লিক াডিস কমিশন জিজ্ঞাসা পর্য্যন্ত করেন নি। তাহলে খা যায় যে গণতন্ত্রবিরোধী কাজ আপনারা যথেষ্ট রেছেন। তাই বলে কেউ যদি বলে আপনাদের াতিল করে দিয়ে একজিকিউটিভ অফিসার নিয়োগের খা, তাকে আপনারা বাতুল বলবেন। মিউনি-পিপ্যালিটির বেলায় কথায় কথায় একজিকিউটিভ ফিসার নিয়োগের কথা উঠে কেন? একজিকিউটিভ ফিসার নিয়োগের প্রস্তাবে কোন মিউনিসিপ্যালিটির ত কি নিয়েছেন? আমরা যতদূর জানি তাতে কান মিউনিসিপ্যালিটিই আপনাদের এই প্রস্তাবে াজি হবে না। প্রত্যেকটি মিউনিসিপ্যালিটি, প্রত্যেকটি কমিশনার এই প্রস্তাবের বিরোধীতা করবে। মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েসন' আছে, তাদের মত নিয়েছেন? আপনি তাদের সভায় গিয়ে ইনঅগুরাল এ্যাড্রেস দিয়ে এসেছেন। আপনি তাদের 'ডেলি-গেশন মিট' করবেন বলেছিলেন, কিন্তু তা করেন নি। এই সম্বন্ধে তাঁরা আপনার কাছে রিমাইণ্ডার দিয়েও কোন উত্তর পায়নি। আপনি তাঁদের সঙ্গে মিট-ও করেন নি। তাঁরা এখানে উপস্থিত আছেন, তাঁদের সঙ্গে মিট করবেন বলে করেন নি।

The Hon'ble Iswar Das Jalan: That is incorrect.

Sj. Haripada Chatterjee:

তাঁরা এখানে উপস্থিত আছেন। তাহলে কার ষ্টেটমেণ্ট বিশ্বাস করব?

The Hon'ble Iswar Das Jalan: I personally asked them to send a deputation with whom I was to discuss; they did not write a single letter to me. They may have informed you but not us.

Sj. Haripada Chatterjee:

সাধারণ মানুষকে আপনি মানুষ বলে গ্রহণ করেন না। যাহোক আপনারা তাদের সমস্যার কথা কি একবার ভেবে দেখেছেন?

The Hon'ble Iswar Das Jalan: All right I will deal with it.

Sj. Haripada Chatterjee:

মিউনিসিপ্যালিটিগুলোকে কি উপায়ে ভাল করা যায়, তাকি ভেবেছেন? আপনারা যে দাওয়াই দিচ্ছেন, সেটা দাওয়াই নয়। মিউনিসিপ্যালিটি-গুলোর দিকে একবার চেয়ে দেখুন। সেদিন আমি আপনাকে কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি, প্রিমিয়ার মিউনিসিপ্যালিটির কথা বলেছিলাম। যেখানে আগে ২২ হাজার লোক ছিল, আজ সেখানে দেশ বিভাগের ফলে ৬২ হাজার লোক হয়েছে। তাদের এখনও বাড়ীঘর হয়নি, তারা ট্যাক্সও দেয় না। বহু মাইল বিস্তৃত রাস্তা। তার দৈর্ঘ্য এত অধিক যে রাস্তাগুলিতে মিউনিসিপ্যালিটির দু'ঝুড়ি করে মাটি দেবার ক্ষমতা পর্য্যন্ত নেই। মিউনিসিপ্যালিটি করবে কি? ড্রেনগুলো দেখলে, সভ্যদেশ ধিক্কার দেবে। আপনি স্বায়ত্তশাসনমন্ত্রী হিসাবে একবারও গিয়েছেন কৃষ্ণনগরে, অথচ এদিকে দিল্লী, বম্বে ঘুরে বেড়াচ্ছেন। বাণাঘাট মিউনিসিপ্যালিটির এ,জি,পি, হাসপাতালে কেরোসিন তেলের বাতি জ্বলে, একটা বৈদ্যুতিক বাতি পর্য্যন্ত সেখানে নেই। সেখানে ড্রেনেজের যা অবস্থা যা দুর্গন্ধ, সেখানে হস্পিট্যাল হতে পারে না। মিউনিসিপ্যালিটি কি করবে, আর কমিশনাররাই বা কি করবে? তাদের কতটুকু ক্ষমতা আছে? স্বায়ত্তশাসন মন্ত্রী কোথায় চলে গেলেন, ওঁর এসব বোধ হয় শুনতে ভাল লাগছে না। তাহলে আমি আমাদের প্রধানমন্ত্রীকেই বলি। আমার কথা হচ্ছে এই যে আমি কতকগুলো গঠন-মূলক সাজেশান দোব। বাস্তবিক যদি ভাল করতে হয়, তাহলে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলোকে ডাকুন তাদের কমিশনারদের সঙ্গে আলাপ করুন। তাদের কনভিন্স্ করান। এই যদি ধরতে হয় দেশের সবই লোক খারাপ তাহলে ত কোন কাজই চলতে পারে না। তাদের সঙ্গে একবার আলাপ করুন উনি রাইটার্স বিল্ডিংস থেকেই ফরমাজ করছেন। কোনরকম দেশের লোকের সঙ্গে সংযোগ রাখেননি। তাদের অভাব অভিযোগ কি, তা তিনি কিছুই জানেন না। এই সব মিউনিসিপ্যালিটিগুলো তাদের সাধ্য অনুযায়ী যা পারছে তাই করে যাচ্ছে। তাই আজকে দেখতে হবে কি উপায় অবলম্বন করলে ঐগুলিকে আরো ভাল করা যায়, স্যানিটেশান

[Sj. Haripada Chatterjee.]

সম্বন্ধে কি করবেন? মাননীয় মন্ত্রীমহাশয় নিজে রাস্তা সাফ করুন আমরাও করি। মহাত্মা গান্ধী কি করতেন? সকলের মধ্যে একটা 'সিভিক সেন্স' জাগাতে হবে। বেশী দূরে যেতে হবেনা, এই এসেমব্লি হাউসেই কি হচ্ছে দেখুন। আমাদের লেভেটরীগুলি এখন কি নোংরা। ফ্লাসগুলি ভাল কাজ করে না। আজকে ত মুখ হাত ধোবার জল পর্য্যন্ত নেই। ট্যাপে একফোটা জল নেই। বৃটিশ আমলেও এগুলো অনেক পরিষ্কার থাকত। এটা হচ্ছে আমাদের ওয়ার্কস এণ্ড বিল্ডিংস ডিপার্টমেণ্ট, ঐ যে আমাদের মন্ত্রী বসে রয়েছেন তাঁর অধীনে। সভাপাল মহাশয়ের এতে কোন হাত নেই।

(At this stage the red light was lit.)

স্যার, এ ত তাড়াতাড়ি হবার কথা না।

Mr. Speaker:

আর কত মিনিট চাই।

Sj. Haripada Chatterjee:

আমাকে আর একটু টাইম দিন। এটাত স্যার, ভূমিকা হ'ল। ওঁদের আর চৈতন্য হবে না। আমি কতকগুলো সাজেসান্স দেব। মিউনিসিপ্যালিটিগুলো কি করলে ঠিক হতে পারে তাই চেষ্টা করুন। একজিকিউটিভ অফিসার এ্যাপয়েণ্ট করার প্রস্তাব বাতিল করুন। তার চেয়ে বরং এক কাজ করুন, মিউনিসিপ্যালিটির যত এ্যাপয়েণ্ট সব 'পাব্লিক সার্ভিস কমিশন', 'গার্ভেন অফ সার্ভিস' থেকে আসুক। এক শত টাকার উপরে যা এ্যাপয়েণ্টমেণ্ট আছে, সব ওদের হাতে তুলে দিন। কলকাতা কর্পোরেশনের অভিজ্ঞতা থেকে বোঝা গিয়াছে যে একজিকিউটিভ অফিসারের হাতে সব ক্ষমতা দিলেই সমস্যা মেটে না। আপনি পাব্লিক সার্ভিস কমিশনের হাতে সমস্ত সার্ভিস তুলে দিন। যেভাবে একজিকিউটিভ অফিসার এ্যাপয়েণ্ট করার ব্যবস্থা করছেন সেই প্রস্তাবে কোন মিউনিসিপ্যালিটিই রাজি হবে না। ষ্টেট গভর্ণমেণ্ট এ্যাপয়েণ্ট করবে কেন? অতএব বিলটা ওভারঅল বদলান, না হয় একেবারে ড্রপ করে দিন। যাহোক আসুন সকলে মিলে কোঅপারেট করে মিউনিসিপ্যালিটিগুলোকে কিভাবে ভাল করা যায়, তারই চেষ্টা করি। স্বায়ত্তশাসন ব্যাপারে গভর্ণমেণ্ট অপোজিশান সকলে মিলে লেগে যাই। তাই আমি প্রধানমন্ত্রীকে বলছি, তিনি সকলকে ডাকুন, কি করে ভাল করা যায় তার চেষ্ট সকলে মিলে করা যাক। অতএব বিলটাকে বর্ত্তমানে ড্রপ করে দিন। সেজন্য আমি ৩।৪টি সাজেসান্স দিচ্ছি। ১৭ নম্বর ক্লজে আপনারা এক্সিকিউটিভ অফিসার রাখবেন না। পাব্লিক সার্ভিস কমিশনে ১০০৲ টাকার উপর চাকুরী দেওয়া হবে। পাব্লিক সার্ভিস কমিশন মারফৎ চাকুরীতে নিয়োগ খুব ভাল, তাই করুন। এই গেল এক নম্বর। দ্বিতীয় নম্বর হচ্ছে, এ্যাসেসমেণ্টের সময়, যেটা এ্যাসেসমেণ্ট হয় তার লিষ্ট খবরের কাগজে ও গেজেটে প্রকাশ করুন। লিষ্টটি কেবল টাঙ্গিয়ে দিলেই যথেষ্ট হবে না। টাঙ্গিয়ে দেওয়া লিষ্ট অনেক সময় ছিঁড়ে ফেলে দেওয়া হয়। লিষ্ট প্রকাশ পেলে সঠিক বোঝা যায় এ্যাসেসমেণ্টে কিরূপ ফাঁকি দেওয়া হয়েছে। কমিশনারদের আত্মীয়স্বজনদের কার কি ট্যাক্স ধার্য্য হয়েছে, তাঁরা নিজেরাই বা কি ট্যাক্স দেন লোকে তা বুঝতে পারে। তাঁর নিজের বাড়ীর কত ট্যাক্স আর পাশের বাড়ীর কত ট্যাক্স তাও লোকে জানতে পারে। এতে সহজে কেউ ট্যাক্স ফাঁকি দিতে পারেনা। এবং মিউনিসিপ্যালিটির আয় বাড়ে। খালি টাঙ্গিয়ে দেওয়াই যথেষ্ট নয়। খবরের কাগজে ও গেজেটে সমস্ত এ্যাসেসমেণ্ট লিষ্ট প্রকাশ পেলে চুরির রাস্তা বন্ধ হয়।

The Hon'ble Iswar Das Jalan:

যা হচ্ছে সব ঠিক আছে।

Sj. Haripada Chatterjee:

দ্বিতীয়তঃ, আমি কণ্ট্রাক্ট সম্বন্ধে কিছু বলতে চাই, সেটা একটা চুরির জায়গা। কণ্ট্রাক্ট যেখানে দেওয়া হয়, সেখানে দেখা যায় যে কিছুদিন পরে কণ্ট্রাক্টার বললেন যে সব টাকা ফুরিয়ে গেছে। তিনি তখন বলবেন যে আমি কোলকাতার রেট দিয়েছি, আমি ত মফঃস্বলের রেট দিই নাই। কুলীর একটা কাজে ঠিক এইরকম রেট দিয়ে কণ্ট্রাক্টর টাকা আদায় করে। তখন আবার তার সঙ্গে মিটমাট করে তাকে আবার কিছু টাকা দেওয়া হ'ল। লোয়েষ্ট কণ্ট্রাক্ট দিয়েও কারসাজি করে সে বেশ কিছু লাভ করে নিল। মিউনিসিপ্যাল কণ্ট্রাক্ট নিয়ে প্রায়ই গোলমাল চলে। কণ্ট্রাক্ট দিয়ে সেই কণ্ট্রাক্ট যাতে অবসার্বড হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। এ্যাপয়েণ্টমেণ্ট, এ্যাসেসমেণ্ট ও কণ্ট্রাক্ট এই তিনটি ব্যাপারে বিশেষ নজর রাখলেই সুফল হবে এবং এই হ'ল আমার কনষ্ট্রাকটিভ সাজেসন। সমস্ত মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েসনকে ডাকুন, তাদের সঙ্গে পরামর্শ করে কাজ করুন। সুতরাং এখন যদি বিলটা ড্রপ না করেন, তাহ'লে দেশের ক্ষতি হবে, আপনাদের ক্ষতি হবে। বিলটিকে আপাততঃ চুপ করুন এবং সকলকে ডেকে এক সাথে বসে ভাল করে বিল তৈরী করুন।

[4-40—4-50 p.m.]

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকারমহাশয়, এই বিল সম্পর্কে বহু আলোচনা হয়েছে। এই বিলকে যদি ভাল করে দেখা যায়, তাহলে একটা জিনিষ দেখতে পাই যে এখানে যে কারণ তুলে ধরা হয়েছে তার মূলে বলা হয়েছে যে 'আণ্ডার ভ্যালুয়েশন এণ্ড পুওর কালেকশন'। সেটা বলার মানে হ'ল এবং তা' পরিষ্কার করে এর মধ্যে বুঝিয়ে দেওয়া হচ্ছে যে, যে সমস্ত মিউনিসিপ্যাল কমিশনার্স আছেন তাঁরা অকর্ম্মণ্য এবং সেইটাই তুলে ধরা হয়েছে এই বিলের ভিতর দিয়ে। যেহেতু তাঁরা অকর্ম্মণ্য সেইজন্য তাঁদের উপর আমাদের পশ্চিমবঙ্গ সরকার উপর থেকেই একজন এক্সিকিউটিভ অফিসার চাপিয়ে দিচ্ছেন। এই বিলের সম্পর্ক নিয়ে একটা কথা বিশেষ করে কংগ্রেসী নেতা ও মন্ত্রীদের নিকট উল্লেখ করতে চাই, তাঁদের বিশেষভাবে স্মরণ করা দরকার এবং তাঁরা নিশ্চয়ই আজকেও সেকথা ভুলে যাননি, যে তাঁরা যখন এই গদীতে বসেননি তখন দেশপ্রাণ শাসমল মহাশয় মেদিনীপুর জেলায় ইউনিয়ন বোর্ড নিয়ে ব্যাপক আন্দোলন করেছিলেন। এবং তাতে সাড়া দিয়েছিল সমস্ত মেদিনীপুরবাসী ও বাংলার দেশবাসী। আমরা যদি সেই আন্দোলন মূলতঃ কিসের বিরুদ্ধে ছিল তার কারণ খুঁজি তাহলে দেখতে পাবেন সেই কারণ এই বিলের মধ্যেও আজকে বিদ্যমান আছে। একদিক থেকে বলা হয়েছিল ইউনিয়ন বোর্ডে গণতান্ত্রিক ও স্বায়ত্তশাসন-মূলক প্রতিষ্ঠান আর একদিক দিয়ে ইউনিয়ন বোর্ডে যারা ইলেকটেড হয়ে আসবেন তাদের কোন প্রকৃত অধিকার থাকবে না। অর্থাৎ সমস্ত অধিকার সরকারের হাতেই থাকবে। দেশপ্রাণ শাসমল বিভিন্ন অঞ্চলের পল্লীতে গিয়ে বলেছিলেন যে চৌকিদার রাখবো আমরা, বেতন দেবো আমরা কিন্তু তাদের উপর সমস্ত নেতৃত্ব থাকবে গভর্ণমেণ্টের। যা কিছু আইন করে দেওয়া হচ্ছে সেটা এমনভাবে তৈরী করা হচ্ছে যে যাতে ইউনিয়ন বোর্ডের কোন সভ্যদের কোন অধিকার না থাকে, এবং সমস্ত অধিকার থাকবে সরকারের হাতে। এ'কে গণতান্ত্রিক ও স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান বলা যায় না। শেষ পর্য্যন্ত তিনি বলেছিলেন যে এ হবে বৃটিশ সাম্রাজ্যবাদের তাঁবেদার প্রতিষ্ঠান, তাঁদের হাতেই থাকবে তার মূল অধিকার। সেইজন্য তারা আন্দোলন করেছিলেন এবং ইউনিয়ন বোর্ড বয়কট করেছিলেন।

Mr. Speaker:

এটা হচ্ছে মিউনিসিপ্যাল বিল। আপনি ইউনিয়ন বোর্ডের কথা এখানে বলছেন কেন?

Sj. Saroj Roy:

তিনি আন্দোলন করেছিলেন এই একই কারণে যে কারণে এই বিল আনা হয়েছে। আজ আমাদের সরকার মিউনিসিপ্যালিটিগুলিতে মিউনিসিপ্যাল কমিশনারের সমস্ত অধিকার সম্পূর্ণভাবে নিজ হাতে রাখতে চাচ্ছেন। মিউনিসিপ্যালিটিগুলিতে তার যে ডিমোক্রেটিক রাইটস পেয়েছিলেন সেখানে যদি এইভাবে সরকার হস্তক্ষেপ করতে যান এবং স্বায়ত্ব-শাসনমূলক গণতান্ত্রিক প্রতিষ্ঠানের অধিকার হরণ করতে চান তাহলে তাঁদের স্মরণ করিয়ে দেওয়া দরকার যে, যে ভাবে সারা মেদিনীপুর জেলার মানুষ একদিন দেশপ্রাণ শাসমলের ব্যাপক আন্দোলনে সাড়া দিয়ে সেই আন্দোলনকে গড়ে তুলেছিলেন, ঠিক তেমনি এবারেও সারা বাংলার মানুষ এই মিউনিসিপ্যাল বিলের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলবেন, এবং সেই আন্দোলনের ফল কি হবে সেটা আজ ষ্টেট গভর্ণমেণ্টের চিন্তা করে দেখা দরকার। এখানে একটা কথা আমাদের বিভিন্ন বন্ধুরা বারে বারে বলেছেন যে সরকারের সব চেয়ে বড় করণীয় কাজ ছিল অনুসন্ধান করে দেখা, যে কেন আজকে মিউনিসিপ্যালিটির রেট-পেয়ার্সরা ঠিকমত ট্যাক্স দেন না? কোথায় তার কারণ রয়ে গিয়েছে, এটা তাঁরা খোঁজ করুন। আমি একটা উদাহরণ দিচ্ছি, আশা করি মাননীয় মন্ত্রী-মহাশয় সেটা খোঁজ নেবেন। কিছুদিন আগে মেদিনীপুর জেলার খারার মিউনিসিপ্যালিটি কেন উঠে গেল? এই খারার মিউনিসিপ্যালিটির আয় এত কমে গিয়েছিল, যে শেষকালে এমন অবস্থায় গিয়ে দাঁড়াল যে মিউনিসিপ্যালিটি উঠে যেতে বাধ্য হোল। সেখানে খোঁজ করে দেখা গিয়েছে যে এই মিউনিসিপ্যালিটি উঠে যাবার একমাত্র কারণ ছিল রেট-পেয়ার্সদের অর্থাভাব। সাধারণ মানুষের আর্থিক অবস্থাকে জেনে শুনে অস্বীকার করে নানা ধরণের বাজে কারণ দেখিয়ে এই বিলে এক্সিকিউটিভ অফিসার রাখার যে ব্যবস্থা করা হচ্ছে, তার যে একটি গভীর রাজনৈতিক কারণ আছে, আমাদের সে কথা ভুলে গেলে চলবে না। এইটা যদি আমি এই হাউসের নজরে না আনি, তাহলে আমার কর্ত্তব্যপালন হবে না বলে আমি মনে করি।

এই রাজনৈতিক কারণের কথা বারে বারে এখানে উল্লেখ করা হয়েছে, এবং হয়ত স্পীকারমহাশয় বলবেন রিপিটিশন হচ্ছে। কিন্তু সে কথা পুনরায় বলতে আমি বাধ্য হচ্ছি এই হাউসের সামনে। যখন বাংলাদেশের জনসাধারণ তাদের সমস্যা সমাধানের জন্য নিজেরাই এগিয়ে আসছেন, নিজেরাই

[Sj. Saroj Roy.]

যখন নিজেদের মধ্যে প্রতিষ্ঠান করতে চাচ্ছেন, কন্সাসনেস ডেভেলাপ করছেন এবং তাদের অর্থ-নৈতিক দাবীদাওয়া আদায় ও গণতান্ত্রিক অধিকারকে আরও ব্যাপকভাবে, তখনই একটা জিনিষ দেখা যাচ্ছে যে আমাদের কংগ্রেসী সরকার কিভাবে চেষ্টা করছেন মানুষের ওই সমস্ত ন্যায়সঙ্গত আন্দোলনকে দমন করবার জন্য। কি করে পুলিশি ষ্টেট কায়েম করে জনসাধারণকে কণ্ট্রোল করা যায় সেটা এই সেসনেই আরও পরিষ্কার করে দেখা গিয়াছে।

সাধারণ মানুষের সমস্যাগুলি নিয়ে যখন মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট প্রশ্ন তোলা হয় তখন তিনি জবাব দেন না, বা অত্যন্ত ঔদ্ধত্যের সঙ্গে বলেন "আমি জবাব দেবো না," "আমার খুসী", ইত্যাদি। ষ্টেট গভর্ণমেণ্ট আমাদের স্বাস্থ্যের, শিক্ষার, নিম্নতম ভাবে সুখী জীবনযাত্রার কোন সমস্যাই সমাধান করতে পারেন নাই। যখনই তাঁরা সাধারণ মানুষের সমস্যা সমাধান করতে পারছেন না, তখনই তাঁরা রাজনীতি চালান যে কি রাজনৈতিক চালে সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারকে আরও খর্ব করা যায়। ঠিক যেমন বৃটিশ গভর্ণমেণ্ট আমাদের চারিদিকে নানা পুলিশী আইনের নাগপাশ বেঁধে দিয়ে চলতেন, তেমনি এঁরাও করছেন। কিন্তু আজকে জানা দরকার বৃটিশ সরকার যা করতে চেষ্টা করেও পারেন নি, সেটা যদি এঁরা করতে যান তাহলে অবস্থা ভয়াবহ হয়ে দাঁড়াবে। সেইজন্য আমি ষ্টেট গভর্ণমেণ্টকে সাবধান করে দিচ্ছি, স্মরণ করিয়ে দিচ্ছি যে এই বিল তাঁরা যদি জোর করে পাশ করেন তাহলে তার পরিণাম ভাল হবেনা আমি পুনরায় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তিনি এই বিলটি উইথড্র করে নিন।

Sj. Kumar Chandra Jana:

মিষ্টার স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী-মহাশয়কে আমি একটা কথা বলতে চাই যে স্বাধীনতার পর এই ভোটের ব্যাপারে দেখছি যে আমরা সমস্ত ভারতের প্রাপ্ত বয়স্কদের ভোটে নির্বাচিত হয়ে এলাম; যেখানে গ্রামে শিক্ষিতের সংখ্যা কম আর সহরের শিক্ষিতের সংখ্যা বেশী আজ সেখানে আমরা ভোটকে কণ্ট্রোল করছি, এটা বড়ই কষ্টকর। এইরকম একটা বিল আনা হচ্ছে, কিন্তু গ্রামের ডিষ্ট্রীক্ট বোর্ড ও সহরের মিউনিসিপ্যালিটির দিকে চেয়ে দেখুন—এই সমস্ত মিউনিসিপ্যালিটিতে কেবল জনসাধারণের কাছ থেকে টাকা আদায় করে মেথর, কন্সারভেন্সিকে মাইনে দেওয়া ছাড়া আর কিছু হয়না। কিন্তু এই বিল করতে গিয়ে যেভাবে গণতন্ত্রকে সঙ্কোচ করা হয়েছে সেটা অত্যন্ত ভয়াবহ হয়েছে। এইজন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি যে এই বিলকে আরও ক্রানচাইজ দেওয়া উচিত এবং আরও লিবারাল ভাবে এটা হওয়া উচিত। আজকের দিনে সমস্ত জায়গায় কণ্ট্রোল তাঁরা যেভাবে চালিয়েছেন, তা ঠিকভাবে পরিচালনা করতে পারছেন না। এই কণ্ট্রোল প্রথা বজায় রাখার ফলে দেশের সর্ব্বত্র দুর্নীতি বেড়ে যাচ্ছে। আবার এখানে যদি সেই কণ্ট্রোল আসে তাতে এটা ভাল না হয়ে মুস্কিল আরো বাড়বে। সেইজন্য আমি বলি কণ্ট্রোল আজকের দিনে যুক্তিসঙ্গত হবে না। এতে এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত হবেন এবং সমস্ত কণ্ট্রোল নিজেদের হাতে রাখবেন। মিউনিসিপ্যাল কমিশনারদের কোন হাত থাকবে না। এবিষয় আরো চিন্তা করা উচিত। বিল পাশ করার আগে সবদিকে চিন্তা করে দেখা উচিত বলে আমি মনে করি।

[4-50—5 p.m.]

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকারমহোদয়, এই বিল দেখে এবং সমালোচনা শুনে মনে হ'ল সরকার জনমত উপেক্ষা করে যা খুসী তাই করছেন। মাত্র ৮০টি মিউনি-সিপ্যালিটি পশ্চিমবঙ্গে আছে, সকলের বক্তব্য শুনে তারপর এই বিলে হাত দেওয়া উচিৎ ছিল। মন্ত্রী-মহাশয় সব জায়গায় গিয়ে বলতে পারতেন আমরা এই করছি, আমরা এক্সিকিউটিভ অফিসার নিয়োগ করছি, তোমাদের কি বক্তব্য আছে ভাল করে আমাদের জানাও। তাহলে আজ এই বিলের বিরুদ্ধে কোনো প্রতিবাদ উঠত না। যারা প্রতিবাদ করছেন তাদের অনেকেই গ্রামের লোক, তাদের সঙ্গে ভাল করে আলোচনা করলে সুফল পাওয়া যেত। ইংরাজ সরকারের মত জাতীয় সরকার যদি জনমত উপেক্ষা করেন সেটা খুবই দুঃখের কথা হবে। আমার মনে হয় এই বিলটি আরও কিছুদিন পরে আনলে ভাল হবে। সকল জায়গার লোকের সঙ্গে ইতিমধ্যে আলোচনা করে তাদের অভাব অভিযোগ শুনে সেইভাবে বিল করলে ভাল হয়। আমাদের মাননীয় মন্ত্রী অজয় বাবু এইভাবে জনসাধারণের সঙ্গে মিলেমিশে কাজ করেন। তিনি গ্রামাঞ্চলের হাজার হাজার লোকের সঙ্গে কত খাল কেটেছেন। এইভাবে সকল মন্ত্রীরা যদি গিয়ে মিউনিসিপ্যালিটিতে কোন রাস্তা নেই, কোন জিনিষটার অভাব এবং কিভাবে প্রতিকার হতে পারে এসব

জিনিষ জনসাধারণের সঙ্গে আলোচনা করে ঠিক করেন তাহলে অনেক ভাল ফল হবে। এই যে এক্সিকিউটিভ অফিসারের মাইনের টাকাটা কোথা থেকে আসবে, যেখানে মিউনিসিপ্যালিটির এত দেনা রয়েছে? আমার তাই মনে হয় এই বিলটি সম্বন্ধে ভাল করে জনমত গ্রহণ করা দরকার।

Sj. Mritunjoy Pramanik:

মাননীয় অধ্যক্ষমহোদয়, আজকে এই বিলের প্রয়োজনীয়তা আমি বুঝতে পারছি না। তারপর এই সরকার যে জিনিষেই আজ হাত দিচ্ছেন তাতেই সন্দেহ জেগে উঠছে। এই বিলে মিউনিসিপ্যালিটিগুলির অধিকাংশ ক্ষমতা অপহরণ করবার ব্যবস্থা রয়েছে, এবং একজন অফিসার নিয়োগ করে গভর্ণমেণ্ট এটাকে নিজেদের পার্সোন্যাল অফিসে পরিণত করবার ব্যবস্থা করেছেন। দ্বিতীয় কথা, জনসাধারণের ভোটে নির্ব্বাচিত মিউনিসিপ্যাল কমিশনাররা আছেন তাঁদের অধিকার ক্ষুণ্ন করা হয়েছে, ক্ষমতা কেড়ে নিয়ে এক্সিকিউটিভ অফিসার বলে যে পদ সৃষ্টি হয়েছে সেখানে দেবার ব্যবস্থা হয়েছে। এই এক্সিকিউটিভ অফিসার যদি কোনো অন্যায় করেন তার বিচার, তার ডিসমিস—সব কিছু ষ্টেট গভর্ণমেণ্ট করবেন, জনসাধারণের ভোটে নির্ব্বাচিত কমিশনারদের কিছু করবার ক্ষমতা থাকবে না, এটা কি একটা প্রহসন নয়? এ্যাসেসমেণ্ট করবেন ডি,এম্, আপত্তি নেই, কিন্তু বিভিউ কমিটি থাকবেন এর উদ্দেশ্য কি? এতে কমিশনারকে প্রতিপদে হীন প্রতিপন্ন করা হয়েছে। এতে কোনো ভদ্রসন্তান আর কমিশনার হবার জন্যে দাঁড়াবেন না। আবার নিজেদের দলপুষ্টির জন্যে কতকগুলি ইন্সপেক্টরের পদ রাখা হয়েছে। ট্যাক্স আদায় করবার নোটিশ যা দেওয়া হবে, সিলেক্ট কমিটি সেটার পরিবর্ত্তন করে ভাল কাজ করেছেন। কিন্তু ৪৫ দিনের পূর্ব্বে করলে ভাল হয়। এবারে আমার এ্যামেণ্ডমেণ্টে বলব। নির্ব্বাচিত প্রতিনিধি যদি মামলায় হেরে যায় তারপরে দ্বিতীয় প্রার্থী যিনি থাকবেন তিনি নির্ব্বাচিত বলে গণ্য হবেন, এতে জনসাধারণের ভোট গ্রহণ নিরর্থক বলেই প্রতিপন্ন হয়েছে। অবস্থাটা কি দাঁড়াবে দেখুন। একজন হয়ত খুব প্রভাবশালী ব্যক্তি দাঁড়িয়েছেন, তার চেয়ে কম একটু প্রভাবশালী ব্যক্তি উইথড্র করলেন, তৃতীয় ব্যক্তি যিনি একেবারে অপদার্থ তিনি প্রথমজন যদি কোনমতে মামলায় হেরে যান সেক্ষেত্রে ইলেকটেড বলে গণ্য হবেন। এটার কি অর্থ হয়? এটা ভাল ব্যবস্থা নয়। এই আমার বক্তব্য।

[5—5-10 p.m.]

Sj. Hemanta Kumar Ghoshal:

মাননীয় স্পীকার স্যার, এই যে বিল আনা হয়েছে এসম্বন্ধে এর আগে সকলেই বলেছেন কেন এই বিলের বিরোধিতা আমরা করছি। প্রথমে অনেক লড়াই করার পর যে অধিকার আমরা অর্জ্জন করেছি সেই অধিকারকে আজকে হরণ করার চেষ্টা হচ্ছে। গ্রামে যে মিউনিসিপ্যালিটি আছে সেই মিউনিসিপ্যালিটির অভাব অভিযোগ কি সেগুলি ভাল করে না জেনে হঠাৎ নিজেদের খেয়াল খুসী অনুসারে যে বিল আনা হচ্ছে সেই বিল অত্যন্ত অন্যায়। এবং এভাবে অধিকার ক্ষুণ্ন করে সরকারী লোক বসাবার বন্দোবস্ত হচ্ছে। আমরা জানি মিউনিসিপ্যালিটি হিসাবে এমন মিউনিসিপ্যালিটিও আছে কয়েকটি গ্রামাঞ্চল মিলে সেখানে কিছু একটা গড়ে উঠেছে, যেমন বসিরহাট মিউনিসিপ্যালিটি। সেখানে সারা মিউনিসিপ্যালিটিতে একটু জলের কোন বন্দোবস্ত নাই এবং সেটা কি করে করা যায় সে সম্বন্ধে বন্দোবস্ত করবার চেষ্টাও আজ পর্য্যন্ত করছেন না। এবং সেখানে যারা ধনী মানুষ, যারা বড় বড় লোক, বহু টাকার মালিক, যাতে তাদের উপর বেশী ট্যাক্স বসিয়ে সেখানকার সাধারণ মানুষের অবস্থার উন্নতি করা যায় তার চেষ্টা আজ পর্য্যন্ত করা হয়নি। সেখানে কিছু নিজেদের লোক বসিয়ে নিজেদের স্বার্থ রক্ষা করার চেষ্টা হচ্ছে। সেখানে ধনীদের অবস্থা যাতে আরও উন্নত হয় সেদিকেই তাদের দৃষ্টি। এই বিলের মধ্যে সেই ব্যবস্থাই হচ্ছে। কাজেই আমরা এই বিলের বিরোধিতা করছি। সাধারণ মানুষের দিকে তাকিয়ে জনসাধারণের সামগ্রিক উন্নতির কথা যদি চিন্তা করা হ'ত, তাহলে বিভিন্ন দল ও বিভিন্ন মতের লোকের সঙ্গে আলোচনা করে, সামগ্রিকভাবে চিন্তা করে এবিলটা আনা হ'ত। এবং নিশ্চয়ই আমরা সেই সম্বন্ধে সহযোগিতা করতাম। কিন্তু তা করা হয়নি। নিজেদের ব্যক্তিগত ও দলগত স্বার্থ প্রতিষ্ঠা করবার জন্য এই ব্যবস্থাগুলি করা হচ্ছে। এর আমি তীব্র প্রতিবাদ করছি। এরা সাধারণ মানুষের কথা চিন্তা না করে নিজেদের এজেণ্ট বসিয়ে দিচ্ছেন ক্ষমতা হাতে রাখার জন্য। আমরা দেখছি সাধারণ মানুষকে বাঁচাবার যখনি কোন প্রশ্ন উঠে এবং তাদের যতটুকু অধিকার আছে—গ্রামে বা সহরে—সেই অধিকার সঙ্কোচ করবার জন্য যথেচ্ছ ব্যবহার করেন এবং সেই অধিকার রক্ষা করবার জন্য সাধারণ মানুষকে সহরে এবং গ্রামে সমস্ত জায়গায় অধিকার রক্ষা করবার জন্য লড়াই করতে হয়, আন্দোলন করতে হয়। এবং সেই অধিকার রক্ষা করতে গিয়ে

[Sj. Hemanta Kumar Ghoshal.]

অনেক রক্তপাত করতে হয়। বাংলাদেশের সাধারণ মানুষ যে অধিকার অর্জন করেছে তার উপর হস্তক্ষেপ করে নূতন আন্দোলন জাগ্রত করবার ব্যবস্থা করছে। যদি আপনারা মনে করেন যে এটা ভুল তাহলে সাধারণ মানুষের থেকে সেই চ্যালেঞ্জ গ্রহণ করতে প্রস্তুত আছি। মিউনিসিপ্যালিটির মানুষ যারা সাধারণ মানুষের ভোটে নির্বাচিত হয়েছে তারা সচেতন, এদের চেয়ে অন্ততঃ বেশী সচেতন। এরা এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ দিতে চান না কারণ তার একটা বিপদ আছে। এ বিলের বিরোধিতা করতে গিয়ে অনেকে এই বিলকে স্থগিত রাখতে বলেছেন। আমি মনে করি এই বিলকে এখন সাময়িকভাবে স্থগিত রাখা হবে। কারণ গ্রামের একটা ছোট পাখী আমার কাণে খবর দিয়েছে—আমাদের মন্ত্রী কালীপদ বাবুর আয়ু ফুরিয়ে এসেছে, তাকে নির্বাচনী বৈতরণী পার করাবার জন্য এই বিলকে হয়ত স্থগিত রাখা হবে এবং পরে আবার এই বিলকে আনবার চেষ্টা করা হবে। এইরকম ষড়যন্ত্রই এর ভিতর চলেছে। (এ ভয়েস—কোন্ পাখী বলে গেল আপনার কানে কানে?) ওদের দলের পাখী এসে বলে গেছে। সেই ষড়যন্ত্র হচ্ছে। তাই যদি হয় তারা জেনে রাখুন সাধারণ মানুষের অধিকারে যদি হস্তক্ষেপ করেন তবে সাধারণ মানুষ ধৈর্য্য রাখবে না। দেশের মানুষের সঙ্গে মোকাবিলা করতে হবে। এবং সাধারণ মানুষ তার জবাব দেবে কারণ দেশের মানুষ আজ তাদের অধিকার সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। সেজন্য মনে করি এখন বা পরে যে আকারেই বিল আসুক তার বিরোধিতা হবে—বাইরে হবে—এখানেও হবে এবং সাধারণ মানুষ যেভাবেই হোক অধিকার তাদের রক্ষা করবে—এই বিষয়ে তারাও যেন সচেতন থাকেন।

The Hon'ble Iswar Das Jalan: Mr. Speaker, Sir, I have heard with respect and attention a plethora of speeches—of about 25 persons—singing the same swan song. I searched for light but in vain, I found nothing but froth and foam. It reminds me of a Hindi proverb—Kowa kanle gia—somebody said "the crow has taken away your ears", instead of looking at the ears he runs for the crow. So many speeches have been delivered but it appears that most of the persons who have delivered the speeches have not even read the provisions of the Bill. What is said merely amounts to saying "Oh God, Oh Lord, heavens are falling; Local Self-Government is in danger". But where is the danger? A criticism has been levelled about the Executive Officers and that by the appointment of Executive Officers I am going to take away the rights of the elected people which is their valued privilege. Well, my dear Sirs, the entire Government is elected by the people and if the Government thinks that a local body—a subsidiary body—should be controlled in a particular fashion, there is no question of taking away the rights of the people. (Interruption from the Opposition.) I have heard my friends in the Opposition with an inexhaustible patience here in this House; let them have the patience of hearing me. I am like Abhimanyu—all the persons against one gentleman. At least you should have the courtesy of hearing me. So far as the Executive Officer is concerned, it appears that it has shaken the foundations of democracy and that the entire democracy has got to be protected by the only people who have got the monopoly of protection of democracy. (Interruption from the Opposition.) Please shut up. I will ask you not to interrup me. I have not interrupted you. (Loud protests from the Opposition.)

Sj. Bankim Mukherji: On a point of privilege. The Minister said "please shut up".....

(Noise and interruption.)

The Hon'ble Iswar Das Jalan: I am sorry for the words "shut up".

Mr. Speaker: Thirty Opposition speakers have been allowed to speak uninterrupted by this side but you have not the common courtesy to listen for five minutes to the speech of the Hon'ble Minister. Why did you speak all this time if you did not want to hear the Government point of view? It is an elementary parliamentary etiquette that the Minister's reply should be heard with patience.

Sj. Bankim Mukherji: We were iving uninterrupted attention to he Hon'ble Minister.....

Mr. Speaker: Absolutely incorect.

Sj. Bankim Mukherji: I have ot finished. We were giving uninterrupted attention to the Hon'ble linister.

Mr. Speaker: You were not.

5-10—5-20 p.m.]

Sj. Bankim Mukherji: Then he nade certain remarks on which here was a certain ejaculation.

Mr. Speaker: About that I puled him up and he expressed regret. Vbout that there have been half a lozen interruptions.

Sj. Bankim Mukherji: There vere simply some interjections and ie took objection to them and began o give us a lecture saying "I have istened to people without any nterruption". There was no interuption, but he was so touchy that f there were certain ejaculations, ie thought these were interrupions and he began to give us ecture. After that we started aying something.

Mr. Speaker: You admit that you ave made interruptions.

Sj. Bankim Mukherji: Of course fter that.

Sj. Dayaram Beri:

सुनो, सुनो, बैठो, हमलोग दो दिन से सुन रहें हैं।

Dr. Radhakrishna Pal:

কংগ্রেসের দালাল।

Sj. Dayaram Beri:

* * * * * * *

Mr. Speaker: Order, order. Mr. Beri, please sit down. When Speaker is on his legs, you must sit down. You also must know the parliamentary etiquette.

Sj. Nepal Chandra Roy: He must withdraw that.

(Cries of "withdraw, withdraw" from the Opposition Benches.)

Sj. Hemanta Kumar Ghosal: Sir, he must withdraw that word.

Mr. Speaker: Order, order.

Sj. Nepal Chandra Roy: Sir, what he has said to Dr. Radhakrishna Pal he must withdraw that. He said

* * * * * * *

(Cries of "withdraw, withdraw" from the Opposition benches.)

Mr. Speaker: Order, order, you must maintain the decorum of the House. Why do you take notice of those things?

Sj. Nepal Chandra Roy: Sir, Dr. Pal is saying that he has not said that.

(Again cries of "withdraw, withdraw.")

Mr. Speaker: What have you said, Mr. Beri?

Sj. Dayaram Beri:

उसनें कहा तुम कांग्रेस का दलाल है। उसपर मैं नें कहा तुम * *

Mr. Speaker: You should apologise for that.

Sj. Dayaram Beri:

अगर वह withdraw करते हैं तो हम भी withdraw करते हैं।

Sj. Subodh Banerjee: স্যার, উনি Dr. Radhakrishna Pal কে বলেছেন * * * but Mr. Beri has said that

अगर वह withdraw करते हैं तो हम भी withdraw करते हैं।

How can he withdraw when he has not used that, when he has not uttered that?

Mr. Speaker: He has withdrawn it.

*Expunged by order of Hon'ble Speaker.

Sj. Rakhahari Chatterjee: On a point of order, Sir. I want a ruling whether to call one a *dalal* without naming and retort it by the words *fall under the same category, and whether * * is a parliamentary expression?

Mr. Speaker: I took objection to that word which is unparliamentary and he has withdrawn it. That finishes the matter.

Yes, Mr. Jalan. I hope the members will listen to him without interruption.

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the question of supersession of the rights of Local Self-Government I ask the House to patiently compare the present provisions of the Act with the provisions which are being suggested to be incorporated in the Act and any one, I am sure, will come to this conclusion that instead of taking away their rights, I am restoring to them a large portion of their rights. Under the present law, section 553 says "if in the opinion of the State Government the commissioners have shown their incompetency, to perform or have persistently made default in the performance of the duties imposed on them by or under this Act or by any other law or have exceeded or abused their powers, the State Government may, by an order published with the reasons for making it in the Official Gazette, declare such commissioners to be incompetent or in default and supersede them for a period to be specified in the order". Section 550 says "If in the opinion of the State Government the commissioners have shown their incompetency to perform or have persistently made default in the performance of the duties imposed on them, the State Government may in respect of any Department under their control supersede by declaring them incompetent". Now consider the provisions regarding the Executive Officer which we are going to propose to incorporate in the Act, not in order to take away any supposed right. When a municipality is superseded, all the commissioners have to depart lock stock and barrel and the entire administration will be in the hands of one individual. Now, when I consider the question of supersession, when I consider the question that so many municipalities are involved, and when I think that supersession of so many municipalities will be a retrogade step, I think that it will not be fair to supersede them all. I have therefore suggested a *via media* between supersession and continuance of maladministration and therefore a lesser remedy has been proposed under the Bill. What I have said is this: I am not going to declare them to be incompetent. I do not desire that the feelings of the commissioners should be wounded by the Government declaring them to be incompetent and in default dismissing them over night. What I propose is that let there be some Executive Officers who in case of mal-administion should be delegated such powers as are necessary in the circumstances of the case.

Sj. Sudhir Chandra Rai Chaudhuri: What is the provision?

The Hon'ble Iswar Das Jalan: I shall read out the provision. It runs thus: " ...if in the opinion of the State Government the affairs of a municipality are not properly managed and if the State Government considers it desirable in the public interest to do so, by notification, declare that the municipality shall have an Executive Officer. The Executive Officer appointed by the State shall exercise such powers of the Commissioners as may be conferred on him by notification and on such notification such powers shall cease to be exercisable by the commissioners". Now, may I refer you to the provisions of the Act in section 68 where it is stated —and I am also amending the Act to incorporate the amended section also—"subject to the provisions of

*Expunged by order of Hon'ble Speaker.

sub-section (2) of section 51 the Executive Officer shall act in respect of all other matters under the direction of the Chairman through whom he shall be responsible to the Commissioners.

[5-20—5-30 p.m.]

As a matter of fact there are two methods of appointment which are provided under the Act. Under section 67 it is not a question of mal-administration; it is a question of providing a particular municipality with power for some reason or other the municipal commissioners will be called upon to appoint an Executive Officer and under section 51 of the Act to delegate certain powers to him. What is our provision? With regard to section 67 we are not doing away with that section. What are we proposing? We are simply proposing that in case the Government calls upon a municipality to appoint an Executive Officer and if that municipality does not appoint him, the Government will then be in a position to appoint him. It is not the intention of the Government that the Government should appoint *suo motu* officers from the start irrespective of the question of mal-administration. It is not our intention at all. Our intention is that the malady from which these municipalities are suffering is so long and protracted and supersession as a remedy is so drastic that a lesser remedy than the remedy of supersession should be sought for. How is that remedy to be provided? That remedy is to be provided by appointing an officer who should look after the day to day administration of the municipality. There is nothing derogatory in that to their self-respect. The commissioner of the Calcutta Corporation enjoys the power. Even in the Calcutta Corporation enough power has been given for the day to day administration to the commissioner who is the Executive Officer. It does not mean that the Councillors have lost their self-respect. My friends have spoken about Government. Government cannot appoint an officer even on Rs. 50 a month without the Public Service Commission. The Government is subject to the auditors' remarks and the remarks of the Public Accounts Committee, and all sorts of criticisms are levelled against the Government. Government can be superseded under Article 356, formerly section 93 if it is incompetent to perform its duty. But that is neither here nor there.

The question is how to tackle this problem in the best possible manner—how to remedy the ills from which the municipalities have been suffering not only today, not yesterday, but for a long time past. Some remedy has to be found.

Now coming to the financial position, the pith and substance of the arguments that I have heard since yesterday is—assessment is quite all right, administration is quite all right, collection is quite all right—it is the fault of the Government that it does not give enough. This is the charge. My dear Sirs, it is not possible for me to go into the history of each municipality. I would have shown as to how gross mal-administration is going on. Either let this mal-administration go on and suffer the consequences of it, or you have got to find out a remedy. Time and again I have asked my friends to suggest a remedy. No suggestion has come as to how to improve the collection. My friends say it is the poverty of the people that is responsible for poor collection. I cannot understand it. Burdwan's collection is 97 per cent. and that of Asansol is 50 per cent. Are the people of Burdwan rich and the people of Asansol poor?

(Sj. Nepal Chandra Roy:
স্যার, মিনিষ্টারকে আস্তে বলতে বলুন।)

Sir, Sj. Nepal Chandra Roy blows both hot and cold in one breath; in one breath he says Khardah municipality must be superseded, and in another breath he says Local Self-Government is in danger. If I supersede the municipality how can you avoid the danger to Local Self-Government, I cannot understand.

[The Hon'ble Iswar Das Jalan.]

Now, I wish that the House should really realise its responsibility and not allow the drift to go on one day longer; it has gone on enough. Now, if it is a question of poverty and if it is not possible for the municipality to tax, where is the State Government going to get the money. Is there a *karun ka khajana* or an Aladin's lamp? Without taxation will money rain like water from heaven? Or is it to come from the pocket of my friend Sj. Biren Roy or from the pocket of my friend Sj. Nepal Chandra Roy?

(Sj. RAKHAHARI CHATTERJEE: From your pocket.)

I am a poor man. After all whether it is the State Government or it is the municipality, the money has to come from the people; it is the people who have to foot the Bill.

(Interruption.)

Money is realised from the rich and the poor without regard to whether they belong to the party in power or not. I do not stand for any person whatsoever. Under section 141 if there is a case of hardship, the municipal commissioners are entitled to remit it. Why don't they remit it? Under section 163 if a claim is irrecoverable, why don't they write it off? Neither they will remit under section 141 nor will they write off under section 163. What am I to presume? Am I not to presume that the entire amount is recoverable; or is it a camouflage in order to take loan from the Government? What is it?

Now to come to finance, how to give the finance? My friends have waxed eloquent upon the failure of this Government to provide the necessary finance to these municipalities. I should tell my friends that the proposals which have been made are that the Government should pay a share of the amusement tax and entertainment tax. The total amount which the Government realises out of these two taxes is Rs. 2 crores and the total amount which the Government paid to these local bodies in 1951-52 was Rs. 1 crore ,46 lakhs and 50 thousand. What do you want? Should the Government become bankrupt? Or should it surrender all its recources to the local bodies?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Does that figure include subsidies to the Calcutta Corporation?

The Hon'ble Iswar Das Jalan: Yes, Calcutta Corporation is also a local body to which the Government has to give subsidy.

Government is suffering from lack of finance, and it is fighting with the Central Government in order to get a larger share of the jute duty and a larger share of the income-tax. If you have read the history of finance of this State you will find as to what tremendous odds the Government has to face in order to get its due share from the Central Government. Unless and until the Central Government comes to our rescue, what can the State Government do? With regard to amusements tax, we are paying them more than they would otherwise get. With regard to sales tax, that tax is the pivot upon which the State finance depends. The Local Finance Enquiry Committee even has not said that the sales tax has to be offered to the local bodies. If you read the Constitution of India you will find that there are three lists and there is a list which has been given to the State out of which a portion has to be given to the local bodies and a portion has to be retained. How can Government part with sales tax? If they did part with it, there must be some other taxation to cover it. So far as these, questions are concerned, Government has put forward its claim for a larger share before the Taxation Enquiry Commission.

[5-30—5-40 p.m.]

If the Government gets more money, it is well and good. It being a welfare State, Government will do its best to see that the

administration of the local bodies is carried on efficiently. It does not mean however that the resources at the disposal of the local bodies should not be properly tapped, it does not mean that the administration of the local bodies should not be as good as possible. It does not mean also that until a millenium comes when money will rain from Heaven we should sit idle and lay our hands on our head, as it is not possible to do so. Now, what do we find? Here is the Local Taxation Enquiry Committee Report upon which my friends waxed eloquent. What are the items which have been proposed to be given to the local bodies? Terminal tax on goods and passengers carried by railway, sea and air. But this is a Central subject. The State Government has no control over it. So far as the proposed Howrah Improvement Trust is concerned, we proposed to the Centre to have terminal tax. The Government of India has turned it down by saying that unless the Taxation Enquiry Commission submits the report, they were not in a position to say anything. Is the State Government at fault for that? Next is—the taxation on lands and buildings—it has already been given to local bodies. Taxes on mining rights—this is subject to limitations imposed by Parliament and large income is not expected and with the abolition of Zemindari it is of least significance. Taxes on the entry of goods into local areas—do you want an octroi duty? (Sj. Haripada Chatterjee: No harm). Is it? Taxes on advertisements published in the newspapers—the Calcutta Corporation has been given that power. Taxes on vehicles other than mechanically propelled—this has been given to the local bodies. Taxes on animals, boats, etc.—given to the local bodies. Tolls—this has also been given to the local bodies. Capitation tax—do you want a *Jijia* tax, I think that will be most heartless. I do not think our State will bear capitation tax. Entertainment tax—this is also practically shared by the local bodies as I have stated above. Now there are all the taxes proposed to be given to local bodies. Now, where is the money to come from? Either Government should give grants-in-aid or the municipalities should stand on their own legs and tap their own resources which have been allocated to them. Simply saying that all their ills are due to the State Government for not making money available to them as much as they like, will not do. It is bad politics. Nothing comes out of it.

Sir, with regard to Government property, according to Constitution nobody, not even the State Government, can tax the property of the Centre. The only exception is that those properties which were taxed prior to 1937, will continue to be taxed. We made representation to the Central Government and they agreed that those properties which were liable to taxation prior to 1937, their tax may be increased. But so far as the rest is concerned, unless Parliament makes a law, you cannot tax. There are many other considerations about them also.

Sir, with regard to the Port Trust properties, an agreement has been entered into between the Corporation and the Port Trust to increase the taxes payable by it. We also considered as to whether under the provisions of the Calcutta Municipal Act we could increase the tax on the Port Trust properties in the same way as other properties. We wrote to the Government of India but they turned it down saying that the agreement must be carried out. So far as that agreement is concerned, a Bill is coming in the next session before the House in order to carry out that agreement. There will be similar other agreements with other municipalities having Port Trust properties within their limits. So far as the State Government is concerned, the State Government is advised that even the State Government properties may be immune from local taxation. But

[The Hon'ble Iswar Das Jalan.]

Otherwise they are bound to vote it down because of their not knowing the contents of the Bill. The non-official Bill does not proceed any further because of the very fact that the members do not know what the Bill is like.

Sj. Jyoti Basu: Sir, you have already given your ruling with regard to this, and I think as the ruling stands, it means that in future we have to print as many copies as there are members even before introducing a Bill. That is quite clear from your ruling. But since you gave your ruling I have been trying to ascertain as to what happens in Parliament with regard to non-official Bills. I am told that not even six copies are necessary in order to introduce a Bill by a private member, and it has been done in one case. A member from the Opposition in the Upper House, in the Council of States did move a non-official Bill without giving six copies and he was allowed to make a speech. The Minister also was allowed to make a statement. It was thereafter when the Bill was taken up for consideration that it had to be printed, as many copies as there were members. This is

[Sj. Jyoti Basu.]

the information that I give you. But anyhow as your ruling stands we have to print as many copies of the Bill as there are members.

Sj. Ganesh Ghosh: Sir, Dr. Roy said that non-official members cannot waste public money. I want to know, are the Government members allowed to waste public money? Last year Government brought four Bills and withdrew them. Was it not waste of money? Are the particulars Ministers who brought the Bills prepared to pay the money?

Mr. Speaker: These Bills are carried over to the next session.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If the Government did not waste public money, your occupation will be gone.

Sj. Ganesh Ghosh: You take over the power.

Sj. Bankim Mukherji: My submission was this. I would request you to reopen the question and give your ruling, because whatever Dr Roy may think to be reasonable, as an old member of the Assembly I know that the custom is that non-official Bills——

Mr. Speaker: I find from the record that you yourself circulated copies of many Bills to members.

Sj. Bankim Mukherji: That was the practice.

Mr. Speaker: You know it.

Sj. Bankim Mukherji: This should have been brought to our notice, because we were under the impression that we have not to bring so many copies till the Bill is taken into consideration. I would request you in this session to let us move the Bills and then, in the next session, you have definite rules framed. I would request you therefore that this matter be referred to a Privilege Committee or you kindly frame the rules with regard to the non-official Bills whether copies of these Bills should be printed at Government cost or at private member's cost.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Government will not print them.

Sj. Haripada Chatterjee:

স্যার, আমি আপনাকে স্যার আজিজুল হক-এর একটা প্রিভিয়াস রুলিং দেখাচ্ছি। আমার যতদূর মনে পড়ে তিনি ঠিক এর কণ্ট্রারী রুলিং দিয়েছিলেন। অর্থাৎ ইণ্ট্রোডাক্সনএর সময় সার্কুলেশনএর দরকার নেই, এর পরের ষ্টেজ-এ দরকার। এই সম্পর্কে তাঁর একটি ডেফিনিট্ রুলিং আছে।

Mr. Speaker: That was a ruling given before the present rules were framed and that was in relation to a motion for introduction and not for consideration. Apart from that, as Mr. Basu has said, I have already given my ruling with regard to the question of Sj. Bankim Mukherji but I feel that there is a lacuna in the rules, so far as rule 51 is concerned, on the point. But in any way a Bill is introduced; there is a debate; Government opposes the Bill; and then I have to take the sense of the House. When you want the opinion of the House it is natural that the members should know the contents of the Bill. On that principle I held that the Bill must be circulated.

As regards the point about six copies of the Bill, the six copies have nothing to do with the motion of introduction or consideration by the House. The six copies are essential for the purpose of giving notice of motion and six copies will be accompanied with the notice of motion. That does not mean that if the matter is seriously to be considered by the House—if there is a motion of introduction by a private member and the Government side are opposing it—and if the House has to give a verdict—the members should be deprived of the copies of the Bill and given no opportunity to know what the Bill is. On that point, there is no reason to change my ruling.

Sj. Bankim Mukherji: Sir, the thing is that at the very initial stage the members have not to consider the Bill in its entirety. At the initial stage the mover makes a general speech about the necessity of moving such a Bill and what there is. If the Government feels that the Bill may be circulated for opinion, then the Government would allow it otherwise they would oppose it. So the members have just to decide whether it is a fit subject to be circulated for opinion. At that stage the members need not necessarily go into the details of the Bill.

Mr. Speaker: How they will do it without knowing the Bill?

Sj. Bankim Mukherji: They will know whether the Bill deals with a particular matter or not and whether it should be circulated for opinion or not. That is a simple matter. Otherwise you can frame rules that a copy of the Bill will be laid on the Library table. Otherwise, if you ask that a private member has to print so many copies, it means it is acting as a deterrent on the private member's action in bringing forward any Bill in any session. If you decide otherwise on this point, I would request you to refer it to the Privilege Committee, so that a private member's right of moving a Bill can be considered in all its aspects.

Mr. Speaker: There is also the right of others, of the 240 members —they are entitled not to give their verdict without knowing on what they are to give it.

Sj. Bankim Mukherji: That is why I say you should refer it to a Privilege Committee.

Mr. Speaker: That is not a matter of privilege.

Sj. Bankim Mukherji: It is a matter of privilege if a member can lay a few copies of a Bill on the Library table.

Mr. Speaker: That is a matter for the amendment of the rules.

Sj. Bankim Mukherji: That is why I say either the rules should be amended or it should be referred to the Privilege Committee.

Mr. Speaker: You can move a motion for amendment of the rules.

Next, the resolutions may now be taken up.

Sj. Bankim Mukherji: Sir, what about my suggestion?

Mr. Speaker: I gave the ruling already.

Sj. Bankim Mukherji: What about changing the rules?

Mr. Speaker: That is a matter for the members concerned to move a motion for amendment of the rules.

NON-OFFICIAL RESOLUTIONS.

[4—4-10 p.m.]

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that (*a*) with a view to establish a classless society and village self-government the West Bengal Government should take the following steps:—

(*a*) establishment of village *panchayets* on adult franchise with judicial, administrative and other powers for the improvement of villages;

(*b*) acquisition of land and distribution of land among cultivators making them owners thereof in proportion to their numbers at the rate of 1 acre per head and introduction of co-operative farmings;

(*c*) abolition of rents and irrigation cesses and imposition of income-tax;

(*d*) establishment of cottage industries and other avenues of employment for unemployment relief;

(*e*) removal of agricultural indebtedness;

[Sj. Gangapada Kuar.]

(*f*) giving of loans at a low rate of interest to cultivators;

(*g*) distribution of manure and arrangement for irrigation on a mass scale;

(*h*) introduction of basic education in replacement of the present system of education; and

(*i*) abolition of control system and introduction of open market.

মাননীয় স্পীকার মহাশয়, সুদীর্ঘ কাল ধরে বিদেশী শাসন ও শোষণের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে আমরা বহু-আকাঙ্খিত স্বাধীনতা লাভ করেছি; আমাদের সংগ্রামের মূল লক্ষ্য ছিল নিছক পরবশ্যতা হ'তে মুক্তি লাভ করাই নয়, দেশে শ্রেণীহীন, শোষণহীন সমাজব্যবস্থার প্রতিষ্ঠা করা। তাই আমরা আমাদের সংবিধানে "সোস্যাল ইকনমিক্ এ্যাণ্ড পলিটিক্যাল্ জাসটিস্" এবং "ইকোয়ালিটি অফ ষ্টেটাস এ্যাণ্ড অব অপারচুনিটি"এর পবিত্র সঙ্কল্প নিয়েছি। কিন্তু স্বাধীনতা লাভের পর আজ ৭ বৎসর পূর্ণ হ'তে চল্‌ল--সেখানে আমরা আমাদের মূল লক্ষ্যপথ থেকে বহু দূরে পড়ে আছি ও দেশের কোটি কোটি সাধারণ মানুষ স্বাধীনতার স্পর্শমাত্র অনুভব করে না। আমরা দেখতে পাচ্ছি বহু-আয়াসলব্ধ স্বাধীনতা আজকে মুষ্টিমেয় শাসকগোষ্টি এবং তাদের অনুগত ধনিক ও পুঁজিবাদীদের মধ্যে সীমাবদ্ধ, আজকেও দেখতে পাই কেন্দ্রীয় বহু প্রাদেশিক রাজধানীর নোটিশ প্রাক্-স্বাধীনতার যুগের মতনই নিতান্ত অকল্পিতভাবেই প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে কেন্দ্রীয় ও রাজ্য আইনসভা ও মন্ত্রীসভা গঠিত হলেও আমলাতান্ত্রিক ও স্বৈরাচারী শাসনযন্ত্রের মলতঃ কোন পরিবর্তন দেখা দেয়নি। তার অনিবার্য পরিণাম স্বরূপ অন্যান্য রাজ্যের ন্যায় বাংলাতেও বিশেষ করে পল্লীগ্রাম অঞ্চলে লক্ষ লক্ষ মানুষ আজ ভূমিহীন, সহায়হীন, ঋণে জর্জরিত এবং সর্বস্বান্ত; বেকারী, দারিদ্র্য, অজ্ঞতা এবং ব্যাধি সাধারণ মানুষের কাঁধে কংগ্রেসী মজনবাদের এই অবদান।

গভীর পরিতাপের বিষয় এই যে, কংগ্রেস বিশেষ করে বাংলার কংগ্রেস গণতন্ত্রে বিশ্বাস করলেও যে পঞ্চায়েতী গণতন্ত্র প্রতিষ্ঠার সঙ্কল্প যে করাচী কংগ্রেসে গৃহীত হয়েছিল, আজ ইংরাজ-পরিত্যক্ত আসনে বসে রাষ্ট্রের কংগ্রেসী কর্ণধারেরা তা যেন ভুলেই গিয়েছেন, তাঁরা আজকে পুঁজিবাদী গণতন্ত্র প্রতিষ্ঠার স্বপ্ন দেখছেন, ফলে চলছে ব্যক্তিতন্ত্র সহ গোষ্টিতন্ত্র। বিকেন্দ্রিত শাসনব্যবস্থার কথা তাঁরা মুখেই বলেন; আসলে বিকেন্দ্রিত শাসনব্যবস্থার বাহক এই পঞ্চায়েতী গণতন্ত্র এবং গ্রামীন স্বরাজ তারা প্রতিষ্ঠা করতে চান না। অন্ততঃ ৭ বছরের শাসন পরিচালনার মধ্যে আমরা সেরূপ কোন আভাষ দেখছি না। এই নিরাশাব্যঞ্জক পরিস্থিতির প্রেক্ষিতে আমরা আজকে গ্রামীনস্বরাজ প্রতিষ্ঠার জন্য যে বেসরকারী প্রস্তাব এনেছি, সেটা উভয় পক্ষের সদস্য বন্ধুদের চিন্তা করে দেখতে বলি। পশ্চিমবঙ্গে সমস্যার অন্ত নাই; মুষ্টিমেয় কয়েকজন শাসকের আসনে বসে তার সমাধান করতে পারবেন না। ক্ষমতাকে আজকে দেশের প্রতিটি জনসাধারণের মধ্যে ছড়িয়ে দেওয়ার প্রয়োজন, তাদের মধ্যে সমাজবাদী দৃষ্টিভঙ্গী জাগ্রত করার জন্য এবং অন্ন, বস্ত্র, শিক্ষা, বাসস্থান, রাস্তাঘাট সহ ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ক্ষেত্রে সমস্যা-বলীর সমাধানের জন্য তাদের আত্মকর্তৃত্ব দান করতে হ'লে, সরকারের উচিত অবিলম্বে গ্রামপঞ্চায়েত প্রতিষ্ঠা করা। নিখিল ভারত কংগ্রেস কমিটির বর্তমান সাধারণ সম্পাদক শ্রী এস, এন, অগ্রবাল এ সম্বন্ধে একটি মন্তব্য করেছিলেন। জাতীয় পরিকল্পনাকে সার্থক করতে হ'লে, স্বয়ং-শাসিত এবং স্বয়ংসম্পূর্ণ গ্রাম্য রাজ্য প্রতিষ্ঠা করতে হবে। তাতে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের প্রভাব যতদূর সম্ভব হ্রাস করতে হবে, আমরা নির্বাচনের পর থেকে আইনসভার প্রতিটি অধিবেশনের পূর্বে সংবাদপত্রে দেখতে পাই পঞ্চায়েত বিল আসবে' কিন্তু ঘটনায় প্রমাণ করে দিয়েছে যে সেগুলো ভাঁওতাবাজী মাত্র। পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হ'লে জনসাধারণের উপর কংগ্রেসের প্রত্যক্ষ প্রভাব থাকবে না--এই আশঙ্কাতেই কি বাংলা সরকার এই পথে এগোচ্ছেন না?

আজকে একথা সর্বজনস্বীকৃত যে শ্রেণীহীন শোষণহীন সমাজ প্রতিষ্ঠার জন্য ভূমিব্যবস্থার আমূল পরিবর্তন প্রয়োজন। দেশের যারা উৎপাদক তাদের হাতে জমি দেওয়া উচিত। আজকে কৃষিপ্রধান বাংলায় কে কত বেশী জমি নিজ দখলে রাখতে পারবে, সেটা বড় প্রশ্ন নয় "রুফিং"এর প্রশ্নই আজকে সব চাইতে বড়। প্রতিটি কৃষক যাতে এক একর করে জমি পায় তার জন্য প্রয়োজনীয় সমস্ত প্রকার ব্যবস্থা অবলম্বন করতে হবে; বিনোবাভাবে প্রবর্তিত ভূদান-যজ্ঞ আন্দোলন এই প্রচেষ্টায় যথেষ্ট সহায়করূপে কাজ করবে। সরকারের উচিত উক্ত আন্দোলনকে

সরকারীভাবে স্বীকৃতি দেওয়া এবং জমিদারদের হাত থেকে সমস্ত জমি যাতে কৃষকদের হাতে আসে তার জন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা; বাংলাদেশে মোট ১ কোটি ৪০ লক্ষ লোক কৃষির উপর নির্ভরশীল। এদের মধ্যে ২৯ লক্ষ লোক ভাগপ্রথায় চাষের উপর নির্ভরশীল এবং ৩০ লক্ষ লোক ভূমিহীন কৃষিমজুর। এছাড়াও বহু কৃষক পরিবারের ইকনমিক হোল্ডিং নাই; আমরা যদি এই সকলকে পল্লির ধ্বংসাবশেষ কুটিরশিল্পগুলিকে পুনরায় জীবিত করে তুলতে পারি, তাঁতীকে তার তাঁত ফিরিয়ে দিতে পারি, কুমার, তেলী, ছুতোর এবং জেলে প্রভৃতিকে তাদের পূর্বপুরুষের শিল্প করিয়ে দিতে পারি তাহ'লে জমির উপর চাপ হ্রাস হয়ে যাবে। তার ফলে বর্তমানে কৃষির মোট ১ কোটি ১৭ লক্ষ একর কৃষিযোগ্য অনাবাদী জমি ১২ লক্ষ একর জমি নিয়ে প্রকৃত কৃষকদের মধ্যে মাথা পিছু ১ একর জমি দেওয়া সম্ভব হবে। এই পরিকল্পনার ফলে অবিলম্বে পতিত জমিগুলি দখল করে সমবায়ের ভিত্তিতে চাষের ব্যবস্থা করলে বহু ভূমিহীন কৃষকদের কাজ দেওয়াও সম্ভব হবে।

পশ্চিমবঙ্গে সমগ্র কৃষিব্যবস্থা আজ সংকটের সম্মুখীন। ভূমির বণ্টন এবং সেচের অব্যবস্থা, প্রাকৃতিক দুর্যোগ, শিল্পজাত দ্রব্যের মূল্যের অনুপাতে কৃষিজাত দ্রব্যের মূল্য হ্রাস, মান্ধাতার আমলের অকেজো কৃষিপদ্ধতি এবং সরকারী নীতির ব্যর্থতা প্রভৃতির দরুন সমগ্র কৃষক সমাজ আজ বিপন্ন।

Mr. Speaker: Mr Kuar, will you please allow Shri J. C. Gupta to move his amendment and then you will continue your speech?

Sj. J. C. Gupta: Sir, I beg to move that in resolution No. 3.—

(*a*) the words "a classless society and" in lines 1 and 2 be omitted;

(*b*) paragraphs (*b*), (*c*) and (*e*) be omitted; and

(*c*) in paragraph (*i*), for the words "introduction of open market" the words "revival of normal trade channel" be substituted.

Sj. Gangapada Kuar:

এই শোচনীয় বাস্তব অবস্থার প্রেক্ষিতে আমরা মনে করি যে কৃষককুলকে অনিবার্য ধ্বংসের হাত থেকে বাঁচাতে হলে চাষীকে জমির মালিক করা এবং জমির সুষম বণ্টন করা ছাড়াও (১) ব্যাপকভাবে উৎপাদন বৃদ্ধির উপযুক্ত সেচব্যবস্থার প্রবর্তন এবং কৃষকদের উন্নত ধরণের বলদ, সার ও কৃষিযন্ত্রপাতি সরবরাহ করা উচিৎ। (২) চাষের বলদ, সার, যন্ত্রপাতি এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়ের জন্য অল্প সুদে এবং বিশেষ ক্ষেত্রে বিনা-সুদে পর্যাপ্ত পরিমান ঋণ কৃষিসমবায় ব্যাঙ্কের মারফৎ সরবরাহ করার ব্যবস্থা করা দরকার। (৩) কৃষির পরিপূরক কুটির শিল্পের প্রবর্তনের দ্বারা তাদের সম্প্রসারন করা উচিৎ। (৪) অবিলম্বে জমির খাজনা এবং সেচকর-প্রথা রহিত করে অন্যান্য আয়ের উপর যে প্রকার কর আদায় করা হয় সেইভাবে কৃষি আয়কর প্রবর্তন করা দরকার। নচেৎ দরিদ্র কৃষকদের প্রতি অবিচার করা হবে। (৫) কয়েক বছর যাবৎ পাটের বাজারদর, আলুর দর এবং অন্যান্য তরিতরকারী এবং শাকসব্জীর দর অত্যন্ত হ্রাস পাওয়ায় চাষের খরচ উশুল হওয়া ত দূরের কথা গৃহজাত এবং গোলাজাত করে বাজারে বিক্রী করার মজুরীই পোষাচ্ছে না; ফলে কৃষকরা ক্রমশঃই ঋণগ্রস্ত হয়ে পড়ছে। বন্যাবিধ্বস্ত এলাকার কৃষকদের অবস্থা আরও শোচনীয়, তাদের মধ্যে অনেকেরই ঋণের দায়ে বাস্তুভিটা পর্যন্ত বিকিয়ে যাচ্ছে এবং যাবে। এই শোচনীয় অবস্থার আশু প্রতিকার দরকার। একদিকে যেমন নিত্য-প্রয়োজনীয় দ্রব্য মূল্যের অনুপাতে কৃষিজ দ্রব্যের মূল্য নির্ধারিত

[4-10—4-20 p.m.]

অন্যদিকে তেমন অবিলম্বে কৃষকদের দুর্বহ ঋণভার হতে মুক্তি দেবার জন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা সরকারের একটি আশু এবং পবিত্র কর্তব্য। নচেৎ উদ্বাস্তু-সমস্যা কণ্টকিত বাংলায় নূতন করে বহু উদ্বাস্তুর পুনরুদ্ভব ঘটবে। আমার যতদূর মনে হয়, পল্লীর কৃষকজীবনে ক্রমবর্দ্ধমান ঋণভার যে কি মারাত্মক প্রভাব বিস্তার করছে, সে সম্পর্কে বাংলার মন্ত্রীসভার সঠিক ধারণা বা অনুভূতি নাই। নতুবা ৭ বছরেও কৃষিঋণ মকুবের কোন পরিকল্পনা নাই কেন? সরকার পক্ষ বলবেন এতে গভর্নমেণ্ট চলবে না, আমরা বলি এই যে সরকারী ব্যবসায়ে কোটি কোটি টাকা লোকসান দিয়ে অবাস্তব পরিকল্পনার পিছনে লক্ষ লক্ষ টাকা অপব্যয় করেও যদি গভর্নমেণ্ট চলতে পারে, তাহ'লে যারা দেশের প্রাণস্বরূপ, তাদের বাঁচানোর বেলাতেই সরকার দেউলিয়া হবে এই যুক্তি টিকে না।

জাতির প্রচলিত শিক্ষাপদ্ধতি দেশের প্রগতি বিরোধী এবং অবনতি সূচক। আমাদের প্রচলিত

[Sj. Gangapada Kuar.]

শিক্ষাব্যবস্থা যে কেবল জীবনসমস্যা সমাধানই দিতে পারে না তাই নয়, এই শিক্ষা মানুষকে বেকার ও অকেজো করে দেয়। একথা সাধারন শিক্ষাবিদ থেকে সুরু করে রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদও স্বীকার করেন। তাই শিক্ষা পদ্ধতি এমন ধরণের হওয়া দরকার যার মাধ্যমে বিদ্যার্থীর দেহ, মন ও চরিত্রের পূর্ণ বিকাশ ঘটে। জাতির জনক গান্ধীজী তাই বুনিয়াদী শিক্ষার প্রবর্ত্তন করতে চেয়েছিলেন।

আমাদের বাংলা সরকার যেভাবে বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা গ্রহন করেছেন তাতে লাভের বদলে ক্ষতির সম্ভাবনাই বেশী। সন্ত বিনোবা ভাবে সরকার পরিচালিত বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে বলেছেন, নয়া তালিমকা বানরীকরণ হো রহা হ্যায়—কারণ বুনিয়াদি শিক্ষার জীবন-আদর্শকে বাদ দিয়ে কেবল পদ্ধতিরই অনুসরন করা হয়েছে মাত্র। আমি জানি সরকার-প্রতিষ্ঠিত বাণীপুর শিক্ষক-কেন্দ্র হতে ট্রেনিং নিয়ে অনেক শিক্ষক সরকারী চাকুরির সন্ধানে ঘুরে। এত গেল সমস্যার একটি দিক। এর অপর একটি দিকও আছে। বুনিয়াদী শিক্ষা অযথা এত ব্যয়বহুল করা হয়েছে এবং তার ফলে এর গতি এত মন্থর যে ২০০ শত বছরের মধ্যেও সারা বাংলাদেশে বুনিয়াদী শিক্ষা প্রচলন হবে কিনা সন্দেহ। সুতরাং সমস্ত দিক বিবেচনা করে সরকারের উচিৎ গান্ধীজি প্রবর্ত্তিত বুনিয়াদি শিক্ষাকে ব্যাপক ও অবিকৃতভাবে গ্রহন করা।

উপসংহারে সমস্ত সদস্যবর্গের নিকট আমার অনুরোধ তাঁরা যেন এই প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গ্রহন করে বাংলাদেশের অগ্রগতিকে ত্বরান্বিত করেন।

Sj. Kumar Chandra Jana:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাব বাংলায় যা প্রথমে ছিল--শ্রেণীহীন শোষণহীন ছিল--সেই শোষণহীন কথা উঠিয়ে দেওয়া হয়েছে কেন বুঝতে পাচ্ছিনা। প্রথম থেকে এই শোষণহীন কথাটা বরাবরই চলে এসেছে এবং এই শোষণহীন কথাটা উঠেছে ১৯৩০ সালে। ১৯৩০ সালের লাহোর কংগ্রেসে সেখানে পণ্ডিত জহরলাল নেহেরু সভাপতিত্ব করেছিলেন, মহাত্মা গান্ধীজীর নেতৃত্বে সমস্ত জাতিকে জাগ্রত করবার জন্য যে প্রস্তাব আনা হয়েছিল তাতে একথাটাও ছিল--শোষণহীন কথাটাও ছিল। এই শোষণহীন দিয়ে রাজনৈতিক, অর্থনৈতিক, আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক

political, economical, spiritual and cultural

এই চারিটি বিষয়ে। ইংরেজ রাজত্বে এই যে চার রকম শোষণ চলছিল তা থেকে দেশকে মুক্ত করার জন্য প্রথমে ১৯৩০ সালের ১লা জানুয়ারীতে লাহোর কংগ্রেসে পণ্ডিতজীর সভাপতিত্বে এই শোষণহীন সমাজ গঠনের আদর্শ গৃহীত হয়েছিল। শুধু তাই নয় ২৬শে জানুয়ারীতে জাতিকে এই শোষণ বন্ধ করবার প্রতিজ্ঞা নিতে হয়েছিল এবং সেই থেকে সেই প্রতিজ্ঞা বরাবরই করে আসছে। কিন্তু আজকে এই প্রস্তাব তোলা হ'লে যে প্রস্তাব কংগ্রেস এত দিন করে আসছে--সেই মূল প্রস্তাব শোষণহীন কথা ডিসপিউটেড্ হয়ে উঠল কংগ্রেস বন্ধুদের দ্বারা। কংগ্রেসের যে মূল প্রস্তাব ছিল সেই কথাটাই আজকে উঠিয়ে দেওয়া হচ্ছে। তারপর এই ক্লাশলেস সোসাইটি--শ্রেণীহীন যে কথাটা কংগ্রেস থেকে বরাবরই রাখা হয়েছে সেইটে আজ তুলে দেওয়া হচ্ছে কিন্তু কেন? অর্থাৎ এরা ক্লাশ চাইছেন। যে কথাটা ১৯৩১ সালে করাচী কংগ্রেস থেকে আরম্ভ করে ক্লাশলেস সোসাইটি করবার জন্য প্রস্তাব চলে এসেছে এবং সমস্ত জায়গায় যেটা চলে এসেছে সেটা উঠিয়ে দেবার ব্যবস্থা করছেন। উঠিয়ে দিয়ে শোষণযুক্ত এবং ক্লাশযুক্ত হচ্ছে। যেভাবে এই প্রস্তাব ড্রাফ্ট্ করা হয়েছে শ্রেণীহীন শোষণহীন কথা যদি এই প্রস্তাবের মধ্যে না রাখা হয় তাহলে মূল নীতিটাই বিজেক্ট করে দেওয়া হচ্ছে।

আমি বলতে চাচ্ছি ইংরেজেরা, বিদেশীরা, এসে ৫টী উপায়ে আমাদেরকে সম্পূর্ণরূপে শোষণ করেছিল। ইংরেজরা যখন প্রথম আসে তখন আমাদের এ ভারতবর্ষ ছোট ছোট রিপাব্লিকএ বিভক্ত ছিল সেই সমস্ত রিপাব্লিক কুটীরশিল্পকে ভিত্তি করে আঞ্চলিক স্বয়ংসম্পূর্ণভাবে চলত। এ জিনিষ চিরকাল আমাদের দেশে ছিল--পৃথ্বীরাজের সময়ে বাল্মীকীর রামায়ণে জনক রাজার যুগেও সেরূপ ছিল এবং সেদিন এই শঙ্করাচার্য্যের যুগেও সেটা হয়েছে। এমন কি কৌটিল্যের শাস্ত্রে এ জিনিষটা দেখতে পাই। ইংরাজরা যখন দেখল যে এরা কুটীরশিল্পে এত উন্নত, আর্থিক বিষয়ে স্বয়ংসম্পূর্ণ তখন তারা ভাবল ভারতবর্ষে রাজনীতিক কর্তৃত্ব নিলে কিছু আসে যায়না তাই তারা প্রথমে ৫টী পথে একটি উপায় হিসাবে কুটীরশিল্পকে ধ্বংস করার নীতি গ্রহণ করল। তাই তারা ১৮১২ সালে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর একটা গোপন রিপোর্টএ একথা বলেছে, এই যে দেশে ছোট ছোট রিপাব্লিক আছে এই রিপাব্লিকগুলি

যদি ধ্বংস করা না যায় তাহ'লে দেশ শাসন ও শোষণের কোন ব্যবস্থা করা যাবেনা। তাই তারা প্রথমে কুটীরশিল্পকে নষ্ট করবার ব্যবস্থা করল। তখন টাকা পয়সা অদলবদল করবার ব্যবস্থা ছিলনা কাজেই বার্টার সিষ্টেমএ এখানকার জিনিষপত্র নিয়ে যেতে পারিল না কিন্তু বিলাত হইতে বুলিয়ন এনে জিনিষপত্র নিয়ে যাবে এরূপ আইন তখন ছিল না কাজেই পার্লামেণ্টএ বুলিয়ন আইন পাশ করল যাতে এখান থেকে জিনিষ পত্র নিয়ে যেতে পারে। তারপর ইণ্ডাষ্ট্রিয়াল রেভলিউশন আসার ফলে সেখানে সস্তায় মাল উৎপন্ন হ'তে লাগল এবং সেই মাল নিয়ে এসে এদেশে ছড়িয়ে দিল। ফলে এদেশের কুটিরশিল্প নষ্ট হয়ে গেল। গ্রামের লোক যাতে নির্ভর করে চলত সেই কুটিরশিল্প সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেল। ফলে কুমকরা কুটিরশিল্প দ্বারা যে জীবন চালাত এবং আঞ্চলিক স্বয়ংসম্পূর্ণ রিপাব্লিক সিষ্টেম যা চলে আসছিল সেটা সম্পূর্ন নষ্ট হয়ে গেল। ফলে দেশের জনসাধারণ একমাত্র জমির উপর জীবিকার জন্য নির্ভর করতে বাধ্য হ'ল। তখন ইংরাজ কমিউনিটি রিপাব্লিক এবং যে দায়িত্ব ছিল সেটাকে নষ্ট করে দিয়ে পৃথকভাবে ইণ্ডিভিজুয়ালী রেণ্ট দেবার বন্দোবস্ত করে দিল। যে কাজ কমিউনিটির উপর দেওয়া ছিল সেটাকে প্রত্যেকে ব্যক্তিগত

[4-20 to 4-30 p.m.]

ভাবে চিরস্থায়ী বন্দোবস্ত করে নিল। এইভাবে কমিউনিটি রিপাব্লিক যেটা ছিল সেটাকে নষ্ট করে ব্যাক্তিগত করল। তাতে কি হ'লো? সমস্ত লোক জমির উপর নির্ভর করল। তারপরে যখন জমিদারী সিষ্টেম হ'ল তখন দেশের লোক সম্পূর্ণ ভাবে বেকার হয়ে পড়ল। তখন আর, সি, দত্তমহাশয় বলেছেন,

"one of the saddest results of British rule in India is the effacement of the system of village self-government which was developed earliest and prevailed longest in India among all the countries of the earth."

ইকোনমিক হিষ্টরী অফ্ ইণ্ডিয়াতে এই কথা তিনি বলেছেন। সেই ভিলেজ সেলফ্ গভর্ণমেণ্টটাকে সম্পূর্ণ নষ্ট করে দিয়ে তারা জমিদারীপ্রথা স্থাপন করল, তারপরে যখন মানুষ এই রকমে বিপন্ন হয়ে পড়ল, তখন ব্যবস্থা করল শিক্ষার। সহরমুখীন শাসনব্যবস্থা করল। আমাদের গ্রামে গ্রামে বিচারপদ্ধতি থাকার জন্য অনেক সুবিধা ছিল, তাতে খরচ ছিলনা। কিন্তু ইংরেজ এসে যখন সকলে বেকার হয়ে বসে থাকে, যখন মাত্র এক মাস দুমাস চাষের কাজ করে বাকি ক'মাস নেশা করে ঝগড়া করে কাটায়, তখন তারা করলে কি বিচার এবং শাসনবিভাগ উঠিয়ে সুদূর কেন্দ্রে নিয়ে এল। আগে যেটা ছিল গ্রামের ভিতর সেটা সহরে এসে টাকা পয়সা খরচ করে মোকর্দ্দমা করে আরো ফতুর হতে আরম্ভ করল। তাদের আর কোন কাজ নাই, মদ ও তাড়ি খাইয়ে সর্বনাশের চরম পথে নিয়ে গেল দেশটাকে। তারপরে শিক্ষার জন্যও পরোক্ষভাবে লুণ্ঠন করতে আরম্ভ করল, সে শিক্ষা কি? সে কেরাণী হবার শিক্ষা তাও থিওরেটিক্যাল এ্যাণ্ড নট প্র্যাক্টিক্যাল। সেটা প্রকৃত শিক্ষা নয়, কতকগুলি কেরাণী তৈরী করতে লাগল। সে কেরাণীর পদ যখন আর মিলে না তারপরে দিন দিন লোক আবার বেকার হয়ে পড়ল, আজ আমাদের মধ্যে যারা সেই সিষ্টেমে লেখাপড়া শিখেছি, তাদের শ্রমের প্রতি ঘৃণা জন্মেছে, তাদের পিতা, ভ্রাতারা যদি চাষ করতে যায় তারা জুতা পরে ঘুরে বেড়াবে চাষ করতে যাবেনা। তাদের সম্পূর্নরূপে এই শিক্ষা বেকার তৈরী করেছে। আমরা যে আন্দোলন করে আসছি গত ৩০ বৎসর যাবৎ তখন আমাদের কংগ্রেস থেকে রেজলিউশন করা হয়েছিল যে প্রকারে আমরা শাসিত হওয়ার ফলে আমাদের শিল্প নষ্ট হয়েছে, এর মূল পরিবর্তন করতে হবে। ইংরেজ গভর্ণমেণ্ট প্রথমে আমাদের সমাজ-ব্যবস্থাকে নষ্ট করে ভিলেজ রিপাব্লিক নষ্ট করেছে, সেই ভিলেইজ রিপাব্লিক পুনঃপ্রতিষ্ঠা করতে হবে বিজ্ঞানসম্মত ভাবে প্রাপ্তবয়স্কের ভোটের দ্বারা। সেইটা আমরা আবার প্রতিষ্ঠা করব এবং তার হাতে সমস্ত ক্ষমতা দেব। সেই জন্য গ্রাম্য পঞ্চায়েৎ করবার জন্য যখন মহাত্মা গান্ধী কুইট্ ইণ্ডিয়া প্রস্তাব এনেছিলেন ১৮ই এপ্রিল ১৯৪২ সালে, এবং ২৪শে জুন সেটা সমস্ত ভারতে প্রচার করা হয় এবং ১৯৪২ সালে ২৬শে জুলাই "হরিজনে" পরিষ্কারভাবে বলেছেন আমাদের দেশকে যদি ইংরেজ শাসন মুক্ত করতে হয় তাহ'লে আমাদের গ্রাম্য পঞ্চায়েৎ গঠন করতে হবে। গ্রাম্য পঞ্চায়েৎ মানে নীচের থেকে ভোট দিয়ে নির্বাচিত করে দেয়া--

Mr. Speaker:

সময়ত অনেক নিয়েছেন, এখন শেষ করুন।

Sj. Kumar Chandra Jana:

এখন কংগ্রেস সেই গ্রাম্য পঞ্চায়েৎ আনতে সাহস পাচ্ছেনা। তবে শুনেছি মাখাখানে গ্রাম্য পঞ্চায়েতের কথা বলে ১৫০৲ টাকা করে মাইনে দিয়ে সেক্রেটারী রেখে গ্রাম্য প্রতিষ্ঠানগুলিকে হাতে

[Sj. Kumar Chandra Jana.]

রাখতে চান। আগেকার দিনে যেমন ষ্টেট এড-বিনিষ্ট্রেশনের সাহায্য পুষ্ট ছিল ঠিক সেই রকম-ভাবেই কণ্ট্রোল করার জন্য ঐ পদ সৃষ্টি করে আমাদের ইউনিয়ন বোর্ডগুলির উপর কর্তৃত্ব করবেন গভর্ণমেণ্ট। এটা সত্য কিনা জানিনা, এখন এই কথা জানিয়ে দিতে পারি--এই রকম কর্তৃত্ব জন-সাধারণ স্বীকার করবে না। তাদের উপর তাদের দেশের লোক শাসন করবে এবং তাদেরই ভোটের দ্বারা নির্বাচিত হয়ে।

তারপরে শিক্ষার কথা। মহাত্মা গান্ধী আমাদের বর্ত্তমান শিক্ষাপদ্ধতি পরিবর্ত্তন করতে গিয়েছিলেন। যে শিক্ষার দ্বারা চিরকাল বেকার হয়ে ঘুরে ঘুরে বেড়াবে সে শিক্ষা শিক্ষাই নয়। যে শিক্ষা পেলে নিজেরা নিজের দেশের উন্নতির জন্য কাজ করতে পারে সেই শিক্ষার কথাই মহাত্মা গান্ধী বলেছিলেন। আজকে আমাদের গভর্ণমেণ্ট সে শিক্ষা দিচ্ছেন না। শুনতে পাই সরকার ৩২হাজার টাকা খরচ করে এক একটা স্কুল করবেন। ভারতবর্ষ দরিদ্র দেশ। এখানে এরকম ব্যয়ে স্কুল করে সমস্ত লোককে শিক্ষা দিতে হ'লে বহু টাকার দরকার। তাই আমি বলছি শিক্ষাদানের ব্যাপারে কম টাকা খরচ করেও করতে পারেন। রৌদ্র ও বৃষ্টি হতে রক্ষা পাওয়ার যে ঘরের দরকার সে ঘর তৈরীর জন্য দু'হাজার টাকা হলেই এক-একটা জায়গায় স্কুল হতে পারে। সেই দু হাজার টাকার ব্যবস্থা না করে এবং সেই জিনিষটা না বুঝে কেন যে আমাদের গভর্ণমেণ্ট একটা স্কুলের জন্য ৩২ হাজার টাকা করে ব্যয়ের ব্যবস্থা করছেন জানি না।

তারপরে আমরা ঠিক করেছি লোককে ঋণ মুক্ত হতে হবে। বহুদিন ধরে ভারতবর্ষের কৃষক যারা নাকি জাতির প্রাণকেন্দ্র, তারা ঋনগ্রস্থ। তাদের যদি বাঁচাতে হয় তাহ'লে তাদের ঋণমুক্ত করতে হবে। আজ পর্য্যন্ত সে ব্যবস্থা হয় নাই। শুধু তাই নয়, তার সঙ্গে সঙ্গে পঞ্চায়েৎ সিষ্টেম করতে হ'লে ভূমি সংস্কার করতে হবে। ভূমির উপর চাপ দিয়ে দিয়ে দেশটাকে নষ্ট করা হয়েছে। ভূমির উপর চাপ বন্ধ করে আনইকনমিক হোল্ডিং-গুলিকে ইকনমিক হোল্ডিংএ পরিণত করতে হবে। কংগ্রেস এই প্রস্তাব নিয়েছিলেন, এবং সেটা দেশের সাম্মে এখনো রয়েছে। কিন্তু দুঃখের বিষয় বর্ত্তমান গভর্ণমেণ্ট সে প্রস্তাব নিচ্ছেন না। সেই জন্য আমরা বলছি যে গভর্ণমেণ্ট এই এ্যামেণ্ড-মেণ্ট দিয়েছেন আমরা যে প্রস্তাব দিয়েছি তাহা মূল কংগ্রেস প্রস্তাব দিয়েছিল। কংগ্রেস গভর্ণমেণ্ট নিয়ে বসে আছেন, অথচ মূল প্রস্তাবকে নষ্ট করেছেন। সেই জন্য আমাদের প্রস্তাব আনতে হয়েছে:---

Mr. Speaker:

আর কেন? আপনি ত এ্যামেণ্ডমেণ্ট গ্রহণই করবেন না।

[The member resumed his seat.]

[4-30—4-40 p.m.]

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir, I must first thank the mover and the members of the P.S.P. Group for tabling this resolution drawing attention to many of the vital points which must be tackled if we are to bring in a welfare State. We, from this side of the House, will not doubt the sincerity of the Opposition, though the Opposition thought fit to doubt our sincerity when a resolution was tabled from this side. Let not distrust and prejudice hinder co-operation in any good cause.

Sir, I have tabled an amendment in order to have unanimous approval to the resolution from both sides of the House. I desire omission of the words "classless society" at the first time because it rather admits of a little controversy. What exactly is meant by "classless society?" I do not object to the expression "socially হীন" which has not been translated into English, but in order to admit of no controversy I have given this amendment. Sir, the happier expression is "ensuring equal facilities for all and reduction of inequalities". You will find, Sir, that the present Constitution and the Congress Planning Commission's Report and the Five-Year Plan embody these words "reduction of inequalities and equal facilities for all". I am not one for advocating either class preponderance or class war. So, I hope my friends will not misunderstand me.

With regard to the clause about establishment of village *panchayets*, my friend Sj. Kumar Chandra Jana has very well explained why a village *panchayet* is absolutely necessary. It is well known that brave and honest men suffer at the

hands of corrupt and inefficient among public servants and the crooks and touts among the village-folk. In order to remove this, the only way is to establish village *panchayets*, Government by the people, and to that end Article 40 of our Constitution enjoins that the State should take steps to organise village *panchayets*, because village *panchayets* will be able to tackle the local conditions in an effective manner.

Sir, you will remember that during the consideration of the Estates Acquisition Bill the Chief Minister had made a categorical statement that *gram sabhas* would be established, and we expect that during the next session when the second instalment of land reform is brought in, the question of this establishment of village *panchayets* will be found possible

Sj. Kumar Chandra Jana has also referred to the contemplated amendment of the Local Self-Government Act where village *panchayets* have been contemplated, and they have been assigned two-fold duties—primary duty which means that they will decide disputes instead of having to run to courts and also take up construction of village roads, tube-wells, minor irrigation schemes. They will also form agencies and take up the duty of carrying out educational, medical, political and other programmes that are given by the Government. Sir, some entertain doubt whether the transference of power to villagers will possibly be an effective one. They think that if the villagers are entrusted with these duties, they will spoil everything. I for one do not take a pessimistic view. The villagers will themselves see to it that the people who indulge in subversive tactics are driven out of the villages. I myself feel that the establishment of village *panchayets* on adult franchise with judicial, administrative and other powers as in clause (*a*) will have the support of all.

With regard to clauses (*b*) and (*c*), I have asked for omission, because in clause (*b*) the recommendation is that one acre per head should be given. I am quoting from Sj. Charu Chandra Bhandari's speech: "The area under cultivation and culturable waste is about 14,000,000 acres, and the population here is 2½ crores, besides another half a crore of refugees." Therefore, this recommendation is not feasible. Hence, in order to make it acceptable I have asked for omission.

Then I have asked for omission of clause (*c*)—"abolition of rents and irrigation cesses and imposition of income-tax". You know, Sir, that imposition of income-tax is a Central subject. The Provincial Government cannot do anything there. What I think is in the mind of the mover is that instead of collecting rents, irrigation cesses, etc., a share of the produce is to be taken as rent. If that is so, I have my full sympathy, but that cannot be done until the decentralisation, and village self-government is ushered in, because collection, share of collection, determination as to who has grown and who has not grown, etc., cannot be done while the Central Bureaucratic form of Government continues and can only be effectively done when the village *panchayets* are brought into existence. I have spoken about the removal of rural indebtedness. After the passing of the Bengal Money-lenders Act and the establishment of Debt Conciliation Boards, the question of debts in rupees, annas and pies no longer exists. Today, it is not possible to determine the debt in terms of rupees, annas and pies. Today the cultivators are selling away their land turning themselves into *bargadars*, which is the greatest evil of the time and which has to be stopped. Therefore, Sir, I have suggested abolition of that clause.

The next clause is about "giving of loans at a low rate of interest to cultivators". So far as this is concerned, you are aware, Sir, that on the guarantee of the State through

[Sj. Jogesh Chandra Gupta.]

the West Bengal Co-operative Banks we had distributed rupees seventy-five lakhs of crop loans last year, and this year we are distributing Rs. 1 crore as crop loan. There is also the arrangement for other kinds of loans through Land Mortgage Banks, etc. Therefore, I think that Government is providing the alternative to help agricultural indebtedness.

I will now come to the last clause, namely, abolition of control system and introduction of open market. I have suggested in my amendment "revival of normal trade channel" for the words "introduction of open market". I am sure that is what is intended. I will therefore submit that I am not objecting to the resolution because we do not agree with the principles that have been laid down by Congress resolution and in our Constitution. We want these amendments to be accepted for the purpose of making the resolution acceptable to the whole House and bring it within the purview of the State.

[4-40—4-50 p.m.]

That makes it plain as to why I have given all these things. Cottage industries must be introduced in order to solve the problem of unemployment. Government have got to arrange for supply of raw materials, expert guidance and for marketing facilities. On the other hand, people have got to cultivate the "buy *swadeshi*" spirit and we should prefer goods of local manufacture.

With these words I commend my amendments for the consideration of the House.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, with your permission I want to bring a verbal amendment.

Sir, I beg to move that in resolution No. 3 in line 1 of paragraph (*a*) after the word "franchise" the words "by ballot" be inserted.

ইউনিয়ন বোর্ডের ইলেকসনএর সময় যেমন নাম পড়ে দিতে হয়, সেটা না করে যাই বালট ওয়ার্ডটা ইণ্ট্রোডিইস করা হউক।

Sj. Gangapada Kuar: Sir, I accept the amendment of Sj. Jnanendra Kumar Chaudhury.

Sj. Ganesh Ghosh:

Mr. Speaker, Sir,

এই প্রস্তাবটা যেভাবে এসেছে তাতে আমি খুব খুসী। সরকার যদি এটা গ্রহণ করেন তাহ'লে আমাদের দেশের দরিদ্র শোষিত জনসাধারণের কিছুটা ভাল হবেই। সেইজন্য এই প্রস্তাবের বিরোধীতা করার প্রশ্নই উঠে না। তবে অনেকের কিছু কিছু ভুল ধারণা হ'তে পারে সেই দিক থেকে আমার কিছু বলা দরকার। যদি গ্রাম্য পঞ্চায়েৎ তৈরী হয়, যদি কৃষকরা জমি পায়, যদি রেণ্ট ইরিগেশন সেস বন্ধ হয়, যদি ইন্‌কাম-ট্যাক্স বড়লোকদের উপর বেশী হয়, যদি কটেজ ইণ্ডাষ্ট্রী বাড়ে, যদি আনএম্প্লয়মেণ্ট কমে, যদি বেকারেরা ভাতা পায়, যদি কৃষকদের স্বল্প সুদে কৃষিঋণ দেওয়া হয়, চাষীরা যদি সস্তা দরে সার পায়, যদি বিনামূল্যে ব্যাপক প্রাথমিক শিক্ষা প্রচলিত হয় এবং যদি কণ্ট্রোল সিষ্টেম বাজার থেকে উঠে যায় তাহ'লে সত্যিই দেশের মঙ্গল হবে। কিন্তু এতে কখনই শ্রেণীহীন সমাজ তৈরী হবে না। শোষণও রয়েছে এবং শোষিতও রয়েছে অথচ সেখানে শ্রেণীহীন সমাজ তৈরী হবে—তা কখনও হয় না। বড় বড় যারা মিল মালিক, শিল্পের মালিক, যারা শোষণ করে তাদের নিশ্চিহ্ন করার কোন কথা প্রস্তাবে নেই। আজকে টাটা, বিরলা, বড় বড় কলকারখানার মালিক যারা শোষণ করছে, ইংরাজ মালিক যারা চটকলে শ্রমিকদের শোষণ করছে তারাও থাকবে আবার যারা উৎপাদন করছে, নীচের শ্রেণীর লোক, তারাও থাকবে তাতে কখনই শ্রেণীহীন সমাজ হতে পারে না। সুতরাং এই যে প্রস্তাব এসেছে সেটা যদি সত্য সত্যই সরকার গ্রহণ করে কাজে পরিণত করেন তাহ'লে দেশে পুঁজিবাদ বেড়ে যাবার সম্ভাবনা বৃদ্ধি পাবে। জমিদারী-প্রথা কায়েম থাকলে পুঁজিবাদ বাড়তে পাবে না। কৃষকের হাতে জমি গেলে, কৃষি, বাণিজ্য বেড়ে গেলে, দেশে পুঁজিবাদী ব্যবস্থা ব্যাপকভাবে বৃদ্ধি পাবে; কিন্তু এতে শ্রেণীহীন সমাজ তৈরী হবে না। তাই পুঁজিবাদীর প্রতিনিধিত্ব যারা করে তারা পুঁজিবাদী উঠিয়ে দিতে চায় না। ইউরোপে যখন সমাজ বিপ্লব হয়েছিল ফিউডালিজম যখন ধ্বংস হয়েছিল, তখন বুর্জোয়ারা দেশের শাসনক্ষমতা হাতে নিয়ে জমিদারী-প্রথা উচ্ছেদ করে

কৃষককে জমি দিয়েছিল। কিন্তু কংগ্রেসের নেতারা কি জমিদারী-প্রথা উচ্ছেদ করে কৃষকদের হাতে জমি দিতে পেরেছেন? না, তা পারেন নি। এখানে জমিদার থাকছে, ফিউডালিজম থাকছে। এটা বুঝবার মত বুদ্ধি আজো তাঁদের হয়নি, বুদ্ধি আজও তাঁদের হয়নি যে তাঁদের যা আদর্শ, তাঁদের যা লক্ষ্য, সেই পুঁজিবাদ বিকাশের জন্যই, তাঁদেরই স্বার্থে জমিদারী ব্যবস্থা নিঃশেষ করা দরকার, কৃষকের হাতে জমি দেওয়া প্রয়োজন। তবেই পুঁজিবাদ বাড়বে। [illegible] ও খুব সহজ কথা যে পুঁজিবাদ যদি থাকে [illegible] যদি থাকে তা হ'লে সেখানে শ্রেণীহীন সমাজ তৈরী হতে পারে না। এটা একটা কাল্পনিক ব্যাপার। ২ শত বৎসর আগে যাঁরা শোষণের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন, টমাস মোর, সেণ্ট সাইমন, রবার্ট আওয়েন প্রভৃতি নেতারা, তাঁরাও এই রকমভাবে ক্যাপিটালিজম বা পুঁজিবাদকে বাঁচিয়ে রেখে শ্রেণীহীন সমাজ গঠন করতে চেষ্টা করেছিলেন। কিন্তু তা তাঁরা পারেননি, তাঁদের সমাজতন্ত্রী উপনিবেশ হাওয়ায় মিশে গেল। তাই, যদি শ্রেণীহীন সমাজ গড়ে তুলতে হয় তাহ'লে মূল থেকে আরম্ভ করতে হইবে, শ্রেণীকে ধ্বংস করতে হবে। উৎপাদনের যন্ত্রের উপর ব্যক্তিগত মালিকানা যদি ধ্বংস করা না যায় তাহ'লে শ্রেণীহীন সমাজ গড়ে উঠবে না। জনসাধারণের হাতে উৎপাদনের শক্তি সমূহের মালিকানা স্বত্ত্ব না দিলে শ্রেণীহীন সমাজ গড়ে উঠতে পারে না। এখানে মালিক থাকবে, জমিদার থাকবে, শ্রমিক থাকবে, কৃষক থাকবে অথচ শ্রেণীহীন সমাজ গড়ে উঠবে—তা কখনও হয় না। শ্রেণীহীন সমাজ গঠন করতে গেলে আমূল সমাজ বিপ্লবের প্রয়োজন। এই সমাজ বিপ্লব ছাড়া উৎপাদন সামগ্রীর মালিকানাস্বত্ত্ব জনসাধারণের হাতে আসতে পারে না এবং শ্রেণীহীন [illegible] সৃষ্টি হতে পারে না।

যাই হোক এই প্রস্তাবের বিরুদ্ধে আমার কিছু বলবার নেই শুধু এইটুকু বলতে চাই যে এই প্রস্তাবের বক্তব্যের দ্বারা শ্রেণীহীন সমাজ কখনই আসবে না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, the resolution that has been placed before the House by Shri Gangapada Kuar is quite clear. It has also been amply elucidated by our esteemed friend Mr. Jana.

I want to oppose the amendment as moved by Sj. Jogesh Chandra Gupta. He wants the words "a classless society" to be omitted. If that is omitted, Sir, then the resolution would read that "with a view to establish village self-government the West Bengal Government should take the following steps". He has said something which should have been there in place of a classless society but that is not in his amendment. So, what he wants us to do is to omit altogether the words "a classless society". By doing that he has betrayed the mentality as now prevails in the Congress camp. Sir, we insist that the words "classless society" should be there.

[4-50—5 p.m.]

Sir, we have heard the speech of Shri Ganesh Ghosh. He has said that a classless society cannot be established without revolution. That is a different thing altogether. I wish that he would have placed before this House as to how he wanted to improve on this resolution. Inasmuch as he has not brought in any amendment I do not think that I need discuss that matter at all. With regard to the omissions suggested by Mr. J. C. Gupta of clauses (b), (c) and (e), I cannot follow why he should try to interfere with this resolution in this way. What we have been all wanting and from time to time the Congress also told the country what they were going to implement find place in this resolution but today they are exhibiting an attitude which is not worthy of them. I cannot follow why the words "introduction of open market" should at all be substituted by the words "revival of normal trade channels". These words are quite innocent and innocuous and display what we actually mean. I wish Mr. J. C. Gupta would have explained to the House why he wants a change. Sir, I sternly oppose the amendment moved by Mr. J. C. Gupta.

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে শ্রদ্ধেয় জে, সি, গুপ্ত মহাশয় সংশোধনী প্রস্তাব এনেছেন

[Sj. Nishapati Majhi.]

তার মূল কারণ হচ্ছে শোষণহীন কথাটা না থাকায় শ্রেণীহীন কথাটা কি করে আসে সেবিষয় সন্দেহ জেগেছে।

Sj. Sudhir Chandra Roy Chowdhuri:

শোষণহীন শ্রেণীহীন ছিল, অফিস থেকে বাদ দেওয়া হয়েছে।

Mr. Speaker: You should have sent your resolution in English. There is no procedure to accept a resolution in Bengali. Why did you not check the translation? It was rather a difficult job.

Sj. Nishapati Majhi:

তিনি বোধ হয় জানেন না আমাদের কংগ্রেস প্রেসিডেণ্ট ঘোষণা করেছেন বৈষম্যহীন সমাজ ব্যবস্থা গড়ে তোলবার জন্য এবং তা গড়বার জন্য আমরা ইতিমধ্যে কাজ আরম্ভ করে দিয়েছি। ইতিমধ্যে অধিকাংশ কংগ্রেসকর্মীই পল্লী অঞ্চলের আর্থিক উন্নতির জন্য আত্মনিয়োগ করেছেন। পল্লী পঞ্চায়েতের কাজ ২৩৮টা গ্রাম অঞ্চলে সুরু হয়ে গেছে। আগামী অধিবেশনে তার ফলাফল বন্ধুরা জানতে পারবেন। পশ্চিমবঙ্গে যদি প্রত্যেক লোকের ১ একর করে জমি দেওয়া যায় তাহলে ২৷৷০ কোটি লোকের জন্য ২৷৷০ কোটি একর জমি প্রয়োজন হয়। এখানে আমরা জানি ৭৫ বিঘা উর্দ্ধে জমির মালিক এই দেশে যা আছেন তাদের পরিবারের সংখ্যা হচ্ছে ১৭ হাজার এবং তাদের জমি আছে ৩৫ লক্ষ ৭৩ হাজার বিঘা। তারপর ৩০ থেকে ৭৫ বিঘা পর্য্যন্ত জমির মালিক এই দেশে ১ লক্ষ ৬৩ হাজার; এই পরিবারের জমি আছে ৮৫ লক্ষ ৫৬ হাজার বিঘা। তারপর ১৫ থেকে ৩০ বিঘা পর্য্যন্ত জমি আছে এমন পরিবারের সংখ্যা ৪ লক্ষ ২৬ হাজার এবং মোট জমি ৯৫ লক্ষ ৮৫ হাজার বিঘা। তাহলে আমরা দেখতে পাচ্ছি ৬ লক্ষ পরিবারের ২ কোটি ১০ লক্ষ বিঘা জমি আছে আর ১৭ লক্ষ পরিবারের ১ কোটি ১ লক্ষ বিঘা জমি হয়েছে। সুতরাং আমাদের বিরোধী বন্ধুরা যা বলেছেন তা একেবারে অবাস্তব। বরং জে, সি, গুপ্ত মহাশয় যা বলেছেন সেটা সমর্থনযোগ্য।

আর একটি বিষয় এখানে আমি উল্লেখ না কোরে থাকতে পাচ্ছি না যে আমাদের অনেক বন্ধু বলেছেন যে শ্রেণীহীন শোষণহীন সমাজ সক্রিয় বিপ্লব ছাড়া আসতে পারে না, এবং এ কল্পনাও নাকি অবাস্তব ও অচিন্ত্য। আমার মনে হয় আমাদের অতীতের সংস্কৃতি, শিক্ষা ও ঐতিহ্য বিরুদ্ধেই এই সব কথা বলা হয়েছে। কারণ মহাত্মা গান্ধী যে সমাজব্যবস্থা গঠনের আদর্শ আমাদের সম্মুখে উপস্থিত করেছেন এবং সেই আদর্শকে রূপ দেবার জন্য এবং সেই আদর্শ অনুসারেই আমাদের সংবিধান রচনা করা হয়েছে তা আমাদের বন্ধুরা জানতে চান না। তারা বলেন যে তারা বিপ্লব চান। কিন্তু আমরা তাদের একটা কথা বলতে চাই মহাত্মা গান্ধীর আদর্শে আমাদের যে রক্তহীন বিপ্লব এসেছে তা পৃথিবীর আর কোন রাজ্যে আসেনি। এই বলে আমি শ্রদ্ধেয় জে, সি, গুপ্ত মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। কারণ শোষণ বাদ দিয়ে শ্রেণীহীন সমাজ গড়ে উঠতে পারে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, if one reads the resolution as such one will be struck by the illogical construction of the whole resolution. I do not know how it would have read if it were in Bengali "with a view to establish a classless society distribution of manure and arrangements for irrigation on a mass scale". How can you establish a classless society by distribution of manure and arrangements for irrigation on a mass scale? I fail to understand. The word "classless" may mean many things—it might mean "class" from the social point of view, etc. A man is born to a class and because he is born to a class he should not always remain a neglected person in society. That is one aspect. The other aspect of classless society, as is usually understood, that there should not be a rich class and a poor class—economic classless society. All these have different connotations and the resolution which my friend has moved has got a background without which simply taking the words "classless society" would create confusion. That is why I support the amendment because the word "classless" is a misfit in this resolution.

With regard to the other propositions which have been put forward by Shri Gupta and Shri Gangapada Kuar the question of acquisition of land and distribution of land is a matter which is being considered by

the Government and will be put in the form of a Bill—in the form of a Land Reforms Bill—probably in the next session. The whole construction of that clause gives me the idea that the gentleman who has drafted it has no conception of the reality of the situation. It has been explained by other speakers and I need not go into the question. As to whether under (*a*) to what extent we can go for the establishment of a village *panchayet* on adult franchise with judicial, administrative and other powers for the improvement of villages, this is also a matter which is being considered by the Local Self-Government Department. But still the principle is there and we accept the priciple. Sir, item (c) of the resolution which says, "abolition of rents and irrigation cesses and imposition of income tax" is peculiar.

[5—5-10 p.m.]

I have not understood it at all. Is it meant that the man who pays rent will cease to pay rent but will pay income-tax instead? I do not know exactly what the writer of the original resolution means? There again there is a confusion. I am explaining it. Income-tax is a subject of the Central Government but the sentence itself seems to be rather confusing. You abolish rent, you abolish irrigation cess and you impose income-tax—against whom? And in what ratio, what proportion do you charge income-tax? If so, on what basis? Therefore it is better to avoid in any resolution language which is capable of bearing several meanings.

With regard to the establishment of cottage industries and other avenues of employment for unemployment relief I welcome this part of the resolution because we are working on this. As I have explained to members very many times almost the only method by which we can relieve unemployment in this State, small as it is so far as its area with its dense population is concerned, would be to establish cottage industries. We are doing it in several ways and therefore we accept that particular clause.

Then, Sir, with regard to the removal of agricultural indebtedness, I need not dilate on it. Sj. Gupta has already mentioned the position with regard to it. As a matter of fact I do not see how by removal of agricultural indebtedness you establish a classless society or even establish village self-government by removal of agricultural indebtedness. You neither establish one nor the other.

Sir, with regard to giving of loans at low rate of interest to the cultivators as has been explained by Shri Gupta, it has already been taken up and we are trying to increase the amount of loan and decrease the rate of interest.

With regard to the distribution of manure, arrangement for irrigation on mass scale, the House is aware of the extent to which manure has been given and what arrangements have been made from time to time for small-scale and big-scale irrigation projects.

Introduction of basic education is one of the major subjects to which the Government is committed. We are spreading it. In fact only recently we have approched the Government of India in the Ministry of Education and we have come to a sort of working formula for replacing our primary education centres by basic education centres. It will take a little time but still the principles have been accepted and the methods have also been accepted.

Sir, with regard to the last clause, abolition of control system and introduction of open market, this again is a clause which requires clarification. What probably the mover intends is to remove controls and introduce normal trade channels and if that be his purpose the matter should be properly clarified

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

and that is why Shri Gupta's amendment is clarifying the issue. "Open market" does not convey any constructive idea in the mind of any one. Therefore, Sir, I feel that the amendments are distinct improvements to the original motion. But even so I do not know whether "with a view to establish village self-government we can do the following"—whether that is a very logical way of putting your thoughts on paper?

With these words I support the amendments and I oppose the original resolution.

Sj. Dasarathi Tah:

এটা একটা ইম্পর্টাণ্ট জিনিষ এর সাপোর্ট-এ কিছু বলতে চাই।

Mr. Speaker:

টাইম হয়ে গেছে।

Sj. Dasarathi Tah:

রাইট অব রিপ্লাই তো ওকে বলতে দেবেন?

Mr. Speaker:

রাইট অব রিপ্লাই তো হয়ে গেছে।

Sj. Dasarathi Tah:

না হয়নি, এটা তো ক্লিয়ার যে রেজলিউসন যিনি আনবেন তাকে সব শেষে কিছু বলতে দেওয়া হবে।

Mr. Speaker: There is no right of reply according to rules. Party leaders have already spoken on the amendments. I do not think you want to reply to Dr. Roy.

Sj. Dasarathi Tah:

ডাঃ রায় ডিবেট-এ যোগদান করেছেন, তার জবাবে আমি কিছু বলতে চাই।

Mr. Speaker: That could have been done beforehand.

Sj. Jyoti Basu: At page 24 of these rules, according to rule 42-(*3*), a member who has moved a substantive motion may speak again by way of reply, and if the motion is moved by a private member, the Minister to whose department the mater relates shall have the right of speaking after the mover, whether he has previously spoken in the debate or not. We take it that Dr. Roy has participated in the debate and he has a right to speak again after the right of reply is given to the private member.

Mr. Speaker: Very well, I will allow Mr. Gangapada Kuar to speak.

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রস্তাবের (বি)তে যেখন ছিল যে প্রত্যেক কৃষককে ১ একর করে জমি দেওয়া হবে সেই সম্পর্কে সমালোচনা করেছেন জে, সি, গুপ্ত মহাশয়, ডাঃ রায় এবং নিশাপতি মাঝি। তারা বলতে চেয়েছেন যে বাংলা দেশে লোকসংখ্যা হচ্ছে ২।।০ কোটি। সে জায়গায় এক একর করে জমি দিতে গেলে এত জমি কোথায়? কিন্তু আমার প্রস্তাব তা নয়। আমি বলেছি যে যারা কৃষক সত্যিকারের জমি চাষ করে তাহাদিগকে কৃষিযোগ্য জমি মাথাপিছু এক একর করে দিতে হবে। আমাদের জে, সি, গুপ্ত মহাশয়, শ্রদ্ধেয় চারু বাবুর ভূদানযজ্ঞের নীতি উদ্ধৃত করে বোঝাতে চেয়েছেন যে আমাদের প্রস্তাব অবাস্তব। কিন্তু আমার মনে হয় যেসব থেকে তিনি উদ্ধৃত করেছেন, তাতে তিনি মিস-রিপ্রেজেণ্টেশন করেছেন। আমি জানি ইসাক কমিশন রিপোর্ট-এ দেওয়া আছে ১৪,০০০,০০০ লোক কৃষির উপর নির্ভরশীল। কিন্তু এর মধ্যে বহু লোক পূর্বের কুটীরশিল্পের উপর নির্ভর করত এবং তারা বাস্তবিক কৃষক ছিল না। কিন্তু আজকে কুটীরশিল্প মৃতপ্রায় হওয়াতে সেই সমস্ত লোককেও কৃষির উপর নির্ভর করতে হচ্ছে। সুতরাং আজকে যদি মৃতপ্রায় কুটীর-শিল্পকে পুনরুদ্ধার করা যায়, তাহ'লে আমার মনে হয় প্রকৃত কৃষকদের মাথাপিছু এক একর করে জমি দেওয়া সম্ভব হবে।

Mr. Speaker: You just reply to the points only.

Sj. Gangapada Kuar:

কংগ্রেস থেকে প্রস্তাব নিয়েছেন যে কৃষক পরিবারকে প্রত্যেককে পাঁচ বিঘা করে জমি দেওয়া হবে। আমরা সেটা রেণ্ট ফ্রী করে দেবার কথা বলেছি। ইনকামট্যাক্স, ইস্পোজিসন অব ইনকাম-ট্যাক্স-এর কথা বলা হয়েছে—সে জায়গায় আমরা বলতে চাই অন্যান্য আয়ের উপর যে রকমভাবে ইনকাম-ট্যাক্স ধার্য্য করা হয় একটা লিমিট থাকে তারপর ইনকাম-ট্যাক্স বসান হয় সেই রকম এখানেও একটা লিমিট করে দেওয়া হোক।

এখনকার দিনে যেমন একটা আয়ের লিমিট আছে ইনকাম-ট্যাক্সের বেলায়, সেই রকম যারা কৃষক তাদের একটা নির্দিষ্ট আয়ের সীমা পর্য্যন্ত কর নেয়া হবে না, বাকি কৃষি আয়ের উপর কর ধার্য্য করা হবে এই আমরা চাইছি। এ সম্পর্কে আমার আর কিছু বলবার নাই। আমরা যে প্রস্তাব এনেছি সেই প্রস্তাবটা গ্রহণ করা হোক, অত্যন্ত দঃখের বিষয় যে, যে এমেণ্ডমেণ্টগুলি আনা হয়েছে আমি সেগুলি গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker:

সমস্তগুলিই।

Sj. Gangapada Kuar:

হাঁ, সমস্তগুলিই।

Mr. Speaker:

জ্ঞানবাবুও?

Sj. Gangapada Kuar:

না, না, জ্ঞান বাবুরটা গ্রহণ করেছি।

[5-10—5-20 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am afraid Sj. Gangapada Kuar has not made the position clear with regard to (*i*)(*b*). I did not refer to it purposely because it has been already referred to by others, but I say this that we have already passed an Act which is the Estates Acquisition Act under which we have allowed each cultivator to retain 33 acres of land if he is cultivating his own land, and, moreover, those who are landlords have been allowed to retain 25 acres of land which he can utilise for his own purpose. Therefore, when he is talking of 1 crore 30 lakh or 1 crore 40 lakh acres of land, from that he will have to deduct all these which have already been provided for by an Act of the legislature. If you do that, you will not be able to give one acre of land to the remaining families. The total number of cultivating families is 33 lakhs and taking five persons to be members of each family, it amounts to 1 crore 60 lakh people. Therefore, I say that item (*i*)(*b*) is unrealistic that is what I said. It has been put in without consideration as to how Government is to implement that particular part of the resolution. Government must understand how to do it. Therefore, we have opposed that particular section.

With regard to the imposition of income-tax, I have already said that the question of income-tax is one which is within the purview of the Government of India and, therefore, we need not discuss that at the present moment.

Sj. Jogesh Chandra Gupta: On a point of personal explanation, Sir, Sj. Gangapada Kuar said that I have misrepresented what Sj. Charu Chandra Bhandari had stated. This is what he had stated—I am reading from Sj. Charu Chandra Bhandari's book—he said this:

"পশ্চিমবঙ্গে কর্ষণযোগ্য ভূমির পরিমাণ ১ কোটি ৪০ লক্ষ একর—এইরূপ হইবে। এবং লোকসংখ্যা ২॥ কোটি, ইহার পর নবাগত উদ্বাস্তুরা রহিয়াছে, তাহাতে মাথাপিছু দুই বিঘা জমিও পড়ে না।"

Mr. Speaker: I put the amendments first.

The motion of Sj Jogesh Chandra Gupta that in resolution No. 3,—

(*a*) the words "a classless society and" in lines 1 and 2 be omitted;

(*b*) paragraphs (*b*), (*c*) and (*e*) be omitted; and

(*c*) in paragraph (*d*), for the words "introduction of open market" the words "revival of normal trade channel" be substituted,

was then put and agreed to.

